ক্লেদ নিঃসরণ; সন্তান প্রসবের পর ক্লেদ (Lochia) নিঃসরণ বন্ধ হইয়া জরায়ু প্রদাহযুক্ত হয় (একন্, বেল্); স্তনে দুগ্ধের সঞ্চার বন্ধ হওয়া।

শ্বাসযন্ত্র। স্বর মৃদু, শুনা যায় না এবং তোতলার ন্যায়; রক্তোৎকাশ এবং উহার সঙ্গে সঙ্গে কখন কাশি থাকে, কখন বা কাশি থাকে না; নিশ্বাস কষ্টকর এবং উদ্বেগযুক্ত; অনবরত দীর্ঘনিশ্বাস (ক্যাক্-ফস্, ইগ্নেস্); হিক্কা (সিকুটা, নাক্স্-বম্, হায়োস্, ষ্ট্রামন্)।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎস্পন্দন; নাড়ী ক্ষুদ্র, দ্রুতগামী এবং সঙ্কুচিত এবং অনেক সময় অসম (Intermittent) (কোনায়াম্, ডিজিট্, ক্যালী-কার্ব্ব্, নেট্রাম্-মিউর); নাড়ী কম্পমান্, মৃদুগতি বিশিষ্ট এবং লুপ্ত।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশ এবং কোমরের পশ্চাৎদেশে বেদনা (বেল্, সিমিসিফ্, নাক্স্-বম্, পাল্স্); পৃষ্ঠদেশে অবশবোধ এবং টন্‌টনানি যাহা হাত এবং পায়ের আঙ্গুল পর্য্যন্ত বিস্তৃত হয় (একন্)।

অঙ্গ প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গের আক্ষেপিক সঞ্চালন (সিকুটা, বেল্, হায়োস্, ষ্ট্রামন্); হাত পায়ের পাতা এবং আঙ্গুলের সঙ্কোচন; অঙ্গ প্রত্যঙ্গে ভারিবোধ এবং উহার কম্পন; উষ্ণ জলে অনেকক্ষণ ভিজাইয়া রাখিলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গ সেরূপ ঠাণ্ডা, শিটা এবং কোঁকড়া হয়; অঙ্গ প্রত্যঙ্গে অবশবোধ এবং উহাতে স্পর্শজ্ঞান রহিততা ও ঠাণ্ডাবোধ, হাত পায়ের অগ্রভাগেই যাহা অধিক অনুভূত হয়; অঙ্গ প্রত্যঙ্গে কষ্টদায়ক অসাড়বোধ; পা বাহু, হাত এবং পায়ের আঙ্গুলে খিল ধরা; অঙ্গ প্রত্যঙ্গে হামা দেওয়ার ন্যায় সুড়্সুড়্ এবং কুট্ কুট্ করা (একন্); অঙ্গ প্রত্যঙ্গে কসিয়া ধরার ন্যায় বেদনা; হাত পায়ের পাতায় জ্বালানুভব (আর্স্, সাল্ফ্); অঙ্গ প্রত্যঙ্গে ঝিঁঝিঁ ধরা; অঙ্গ প্রত্যঙ্গে পচা লাগা (Gangrene) (আর্স্, আন্থ্রাক্স্)।

চর্ম্ম। চর্ম্ম শীতল এবং শুষ্ক; সমুদয় শরীরেই অসাড়বোধ; কোন প্রাণী হামা দিয়া গেলে যেরূপ হয়, চর্ম্মের নীচে সেরূপ অনুভূত হয়; গাত্র হামের ন্যায় ফুস্কুড়ী (আর্স্, আর্ণিকা, রুস্); শরীরের স্থানে স্থানে লোমচ্ছা যাওয়া (Ecchymoses) (আর্ণিকা, রুস্); শরীরের নানা স্থানে পচাযুক্ত ফোস্কা পড়া (আর্স্)।

জ্বর। সমুদয় শরীর ঠাণ্ডা, বিশেষতঃ হাত পা, এবং মুখমণ্ডল;

সমুদয় শরীরে প্রচুর পরিমাণে শীতল চট্‌চটিয়া ঘর্ম্ম (আর্স্‌, ক্যাম্ফার, মার্ক্‌, ফস্‌)।

ব্যবহার। রক্তস্রাব, বিশেষতঃ জরায়ু হইতে স্ত্রীলোকের শেষ রজঃরোধের সময় রক্তস্রাব; গর্ভস্রাব; অনিয়মিত, আক্ষেপিক, মৃদু প্রসব বেদনা অথবা প্রসব বেদনা আরম্ভ হইয়া একবারেই থাকে না; সন্তান প্রসবের পর ক্লেদ (Lochia) নিঃসরণ বন্ধ হওয়া বা উহা বিকৃত হওয়া; সন্তান প্রসবের পর পেটে বেদনা (ভাদালিয়ার কামড়,-After pains); সন্তান প্রসবের পর জরায়ুর মধ্যে ফুল (Placenta) লাগিয়া থাকা; আক্ষেপ বা কন্‌বাল্‌সন্‌স্‌ (Convulsions); পক্ষাঘাত; পচা ঘা বা গ্যাংগ্রিণ্‌ (Gangrene); ক্ষত; দুষ্টব্রণ বা পৃষ্ঠাঘাত (Carbuncle); সামান্য এবং সাংঘাতিক আকারের ওলাউঠা; কসেরুকা মজ্জায় রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার উত্তেজনা ইত্যাদি অসুখে সিকেল্‌ কর্ণুটাম ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা, বলক্ষয় এবং অস্থিরতা (আর্স্‌); অতি শীঘ্র শীঘ্র বলক্ষয় (আর্স্‌, ক্যাম্ফার, কার্ব্বো-বেজ্‌); আক্ষেপ বা কন্‌বাল্‌সন্‌স্‌; মৃগীরোগের ন্যায় আক্ষেপ বা খেঁচনী; লিম্ফেটিক্‌ গ্রন্থির ফোড়ার ন্যায় স্ফীতি; ওলাউঠার ন্যায় রোগের পতনাবস্থা; রজঃস্রাবের সময়; উত্তাপে অসুখের বৃদ্ধি এবং ঠাণ্ডা বাতাসে, অথবা সর্দ্দি লাগিলে বা বস্ত্র হইলে অসুখের উপশম; শীর্ণ, লম্বা, তল্‌তলে এবং শিথিল পেশী বিশিষ্ট দুর্ব্বল এবং রুগ্ন ও বৃদ্ধ অঙ্গের পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী ইত্যাদি সিকেল্‌ কর্ণুটামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণবিশিষ্ট ঔষধ। জরায়ুর উপর সিকেলের কার্য্য অনেকটা কলোফিলামের ন্যায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক, বেলাডোনা, ক্যামোমিলা, কলচিকাম্‌, লাইকোপডিয়াম্‌, পাল্‌সেটিলা, রাস্‌-টক্স্‌ এবং সাল্‌ফারের কার্য্যের ন্যায়।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, ওপিয়াম্‌।

ডাইলুশন বিচার। ৩য় এবং ৬ষ্ঠ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার গারেন্সি, ডাক্তার লেডাম্‌ এবং ডাক্তার ক্রোসে-

ম্বিগার মতে এই ঔষধের ১২ এবং ৩০ ডাইলুশনে প্রসব বেদনা বৃদ্ধি করিয়া সন্তান প্রসবের বিশেষ সহায়তা করে। কোন কোন চিকিৎসক সন্তান প্রসব উপলক্ষে এই ঔষধের ২০০ ডাইলুশনও ব্যবস্থা করিয়া থাকেন। আবার কোন কোন চিকিৎসক প্রসব বেদনা প্রবল করার অভিপ্রায়ে মূল আরোক এবং ১ম বা ২য় দশমিক ডাইলুশন, ১ ফোঁটা মাত্রায় সেবনের ব্যবস্থা দিয়া থাকেন।

স্পাইজেলিয়া আন্থেল্‌মিয়া,—স্পাইজেল্‌

(SPIGELIA ANTHALMIA,—SPIGEL.)

দক্ষিণ আমেরিকা, ব্রেজিল এবং ইউনাইটেড্‌ ষ্টেট্‌সের দক্ষিণ এবং দক্ষিণ পশ্চিমাংশে এই গাছ জন্মে। এই গাছের শুকনা পাতা, ডাঁটা যথা নিয়মে রেক্‌টিফাইড্‌ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। শুকনা পাতা, ডাঁটা গুঁড়া করিয়া যথা নিয়মে উহাতে স্নগার অব্‌ মিল্ক্‌ মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইতে পারে।

সাধারণ ক্রিয়া। শরীরের সমুদয় অংশ এবং বিশেষ বিশেষ ইন্দ্রিয়ের স্নায়ু এবং চক্ষু ও হৃৎপিণ্ডের আঁশাল অংশ ও পেশীর উপর ইহার কার্য্য থাকা হেতু গতি উৎপাদন শক্তির সহায়কারী স্নায়ু উত্তেজিত হইয়া মুখমণ্ডলের পেশীর আক্ষেপিক সঞ্চালন, পেশীর অগ্রভাগের স্পন্দন (Subsultus Tendinum) এবং আক্ষেপ (Convulsions) হইয়া থাকে। জ্ঞান উৎপাদন শক্তির সহায়কারী স্নায়ু উত্তেজিত হওয়ার দরুণ মুখমণ্ডল এবং মস্তকের ট্রিজিমিনাই বা ট্রাইফেসিয়াল্‌ (Trigemini or Trifacial) নামক বৃহৎ স্নায়ুশূল, হৃৎস্নায়ুশূল, উৎপন্ন হয়। উক্ত প্রকারের স্নায়ুশূল এবং চক্ষু ও হৃৎপিণ্ডের বাতাক্রান্ত হওয়ার অবস্থা উৎপাদন করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। স্মরণ শক্তির দুর্ব্বলতা বা হ্রাস; কোন প্রকারের মানসিক পরিশ্রমে অনিচ্ছা।

মস্তক। উচ্চ স্থান হইতে নিম্ন দিকে তাকাইলে মাথা ঘোরা, যাহার দরুণ রোগী মনে করে যেন সে পড়িয়া যাইবে ; মাথার ঢিমা বোধ এবং উহার সঙ্গে সঙ্গে কপালে চাপিয়া ধরার ন্যায় বেদনা যাহা মধ্য হইতে আরম্ভ হইয়া বাহির্দ্দিকে বিস্তৃত হয় বলিয়া অনুভূত হয় ; একগাছি ফিতা কসিয়া বাঁধিয়া রাখিলে যেরূপ হয়, মাথায় সেরূপ আঁটাবোধ (আন্টি-টার্ট, জেল্‌স্‌, ক্যালী-আয়োড্‌), মাথা হেট করিয়া উপুড় হইলে যাহা অধিক অনুভূত হয় ; কপাল এবং কপালের দুই পার্শ্বে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা যাহা চক্ষুর পানে বিস্তৃত হয় এবং নড়া চড়া, বিশেষতঃ চলিবার সময়, পা যথা স্থানে না পড়িয়া পা হঠাৎ সরিয়া পড়িলে যাহার বৃদ্ধি হয় ; মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা যাহা কপালের ডাইন পার্শ্বেই অধিক অনুভূত হয় এবং তদ্দরুণ ডাইন চক্ষুও আক্রান্ত হয়, নড়া চড়া, গোলমাল, ঝাঁকি লাগা অথবা মলত্যাগের সময় কোঁথ পাড়িলে বৃদ্ধি হয় ; মাথা যেন ফাটিয়া খণ্ড খণ্ড হইয়া পড়িয়া যাইবে এরূপ অনুভূত হয় (ব্রাই, ক্যাপ্‌স্‌) ; নির্দ্দিষ্ট সময়ে (Periodical) শিরঃপীড়া ; মস্তিষ্কের কাঁপনি, মাথা নাড়িলে বা তাড়া তাড়ি চলিয়া বেড়াইলে যাহা অধিক অনুভূত হয় (বেল্‌, নাক্স্‌-মস্ক্‌, রাস্‌ টক্স) ; স্পর্শ করিলেও মাথার হাড়ে টাটানি (একন্‌. চায়না, মার্ক, নেট্রাম্‌-মিউর, সাইলিসি, সাল্‌ফ্‌)।

চক্ষু। চক্ষু উহার কোটর অপেক্ষা বড় হইলে যেরূপ হয়, চক্ষু সঞ্চালনে সেরূপ অসুখ বোধ (প্রাণাম্‌, ফস্‌-আস্‌) ; চক্ষে খোঁচা বিঁধা বা কর্ত্তনবৎ প্রবল বেদনা যাহা চক্ষে আরম্ভ হইয়া চতুর্দ্দিকে বিস্তৃত হয় ; চক্ষুর গোলকে চাপিয়া ধরার ন্যায় বেদনা, চক্ষুর গোলক ঘুরাইলেই যাহা অধিক অনুভূত হয় (ব্রাই, স্পাইজিলি) ; বাতাক্রান্ত চক্ষু প্রদাহ (Rheumatic Opthalmia) এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু দিয়া প্রচুর পরিমাণে জল পড়া, চক্ষে কখন বেদনাদি থাকে, কখন বা বেদনাদি থাকে না ; চক্ষুর উপরের পাতা পড়িয়া যায় বা চক্ষু মেলিবার শক্তি থাকে না (Ptosis) ; চক্ষে বেদনা যাহা চক্ষুর কোটরের গভীরতম অংশে অনুভূত হয় (আলোজ, সিমিসিফ) ; চক্ষু প্রদাহ এবং তদ্দরুণ চক্ষুর শ্বেতাংশ লাল বর্ণ।

কর্ণ। কোন নির্দ্দিষ্ট সময়ে (Periodical) বধিরতা ; অনেক দূর

হইতে যেন কানে টন্ টন্ শব্দ প্রবেশ করে, যাহার দরুণ মনে হয় যেন কান টন্ টনে করিয়া বন্ধ করিয়া রাখিয়াছে; কর্ণশূল এবং কানের মধ্যে ডেলার ন্যায় কোন পদার্থ লাগিয়া রহিয়াছে এরূপ অনুভূত হওয়ার দরুণ কানে চাপিয়া ধরার ন্যায় যাতনা।

নাসিকা। নাসিকার গোড়ার পশ্চাৎ ভাগ হইতে প্রচুর পরিমাণে শ্লেষ্মা নির্গমন, যাহার দরুণ রাত্রিতে নাক বন্ধ হইয়া থাকে; লোম নড়িলে বা বাতাস মধ্যে প্রবেশ করিলে যেরূপ হয়, নাসিকার পশ্চাৎ দেশে সেরূপ সুড়্ সুড়্ করা।

মুখমণ্ডল। মুখমণ্ডলে বেদনা বা স্নায়ুশূল, যাহা বাম পার্শ্বেই অধিক অনুভূত হয় (একন্) এবং তদ্দরুণ আক্রান্ত স্থানে ছিঁড়িয়া ফেলা, খোঁচা বিঁধার ন্যায় বা জ্বালাযুক্ত বেদনা, যাহা গালের হাড়, নিম্নমাড়ি, চক্ষুর ভ্রুর উপরিভাগ এবং চক্ষুর গোলকেই অধিক অনুভূত হয়; কোন নির্দ্দিষ্ট সময়ে উক্ত প্রকারের স্নায়ুশূল; বেদনা প্রাতঃকাল হইতে আরম্ভ হইয়া সূর্য্যাস্ত পর্য্যন্ত অবস্থিতি করে; বেলা দুই প্রহরের সময় বেদনাদির বৃদ্ধি; নড়া চড়া বা গোলমালে বেদনাদির বৃদ্ধি (চায়না, কোইনাইন্)।

মুখগহ্বর। দন্ত শূল, যাহার দরুণ মনে হয় যেন দাঁত বহির্দ্দিকে ঠেলিয়া বাহির হইতেছে; দাঁতের গোড়ায় ছিঁড়িয়া ফেলার ন্যায় বা দপ্ দপিয়া বেদনা, বিশেষতঃ যে দাঁতে ছিদ্র হয় (মার্ক্); ঠাণ্ডা জল লাগিলে দাঁতের বেদনার বৃদ্ধি (আণ্টি-ক্রু৬, গ্রাফ্, ষ্টাফিস্, সাল্ফ্); ঠাণ্ডা বাতাসে দাঁতের বেদনার বৃদ্ধি (একন্); আহারের পর দাঁতের বেদনার বৃদ্ধি (আণ্টি-ক্রুড্, ল্যাক্); জিহ্বা ফাটাযুক্ত (ব্যাপ্ট্, বেল্, রাস্-টক্স্); জিহ্বার ডাইন পার্শ্বে সূচী বিঁধানের ন্যায় বেদনা।

পাকস্থলী এবং উদর। কোন কঠিন পদার্থ চাপিয়া থাকিলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ চাপিয়া থাকার ন্যায় বেদনা বা যাতনা (ব্রাই, ক্যালী-কার্ব্ব, মার্ক্, নাক্স্-বম্, সিপিয়া)। কসিয়া ধরিলে যেরূপ হয়, উদরে সেরূপ বেদনা বা পেটকামড়ানী এবং উহার সঙ্গে সঙ্গে মনের অত্যন্ত উদ্বেগ ও শ্বাস কষ্ট; উদরে সূচী বিঁধানের ন্যায় প্রখর বেদনা।

মল এবং মলদ্বার। বারম্বার বাহ্যের বেগ, কিন্তু বেগ দিলে মল

নির্গত হয় না (অ্যানাকার্ড, কষ্টি, লাইকোপ, নাক্স-বম্); মলের সঙ্গে কৃমি পড়ে; গুহ্য এবং গুহ্য দ্বারে চুলকানি, কুট্ কুট্ করা এবং সুড় সুড় করা; গুহ্য দ্বারে লম্বা গোল-কৃমি; অণ্ডকোষ এবং গুহ্য দ্বারের মধ্যবর্ত্তী স্থানে (Perineum) সূচী বিঁধাইয়া ছিদ্র করার ন্যায় অনুভূত হওয়া।

মূত্রযন্ত্র। মূত্রনালী দিয়া ধাতু নিঃসরণ।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গ খাড়া হয় এবং স্ত্রীসহবাস সম্বন্ধে মনে নানা প্রকারের কাল্পনিক ভাবের উদয় হয়, কিন্তু স্ত্রী সহবাসের ইচ্ছা হয় না; পুরুষাঙ্গ এবং ডাইন অণ্ডকোষে চুলকানি এবং সূচী বিঁধানের ন্যায় অনুভূত হয়, যাহা পশ্চাৎ দিক হইতে সম্মুখদিকে বিস্তৃত হয়।

পৃষ্ঠদেশ। বিশ্রাম কালীনও মেরুদণ্ডে থেঁত্‌লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা।

শ্বাসযন্ত্র। বুকে আঁটা বোধ এবং উহার সঙ্গে সঙ্গে মনের অত্যন্ত উদ্বেগ এবং শ্বাস কষ্ট; বুকে সূচী বিঁধানের ন্যায় বেদনা, সামান্য, নড়া চড়া অথবা শ্বাস প্রশ্বাসে যাহার বৃদ্ধি হয় (ব্রাই, ক্যালী-কার্ব্ব); বিছানায় শয়নাবস্থায়, নড়াচড়াতে এবং বাহু উপরদিকে উঠাইলে শ্বাস কষ্ট এবং নিশ্বাস বন্ধ হওয়ার উপক্রম হয়, যাহার দরুণ রোগী ডাইন পার্শ্বে বা মাথা উঁচু করিয়া শয়ন করিয়া থাকিতে বাধ্য হয়।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎস্পন্দন (ক্যাক্‌ট, ক্যাল্‌ক্-কার্ব্ব); প্রবল হৃৎস্পন্দন যাহা অন্যলোকেও দেখিতে পায় এবং যাহার শব্দ রোগীর নিকটবর্ত্তী লোকে শুনিতে পায় (গ্লোনয়েন্, ক্যালী-নাইট্রিক্, থুজা, বিরেট্-অ্যাল্‌ব); প্রাতঃকালে ঘুম ভাঙ্গিবার পর বিছানায় বসিয়া সম্মুখ পানে হেলিয়া পড়িলে হৃৎস্পন্দন; দীর্ঘ নিশ্বাসে বা নিশ্বাস বন্ধ করিলে হৃৎস্পন্দন; হৃৎস্পন্দন এবং উহার সঙ্গে সঙ্গে বুকে অত্যন্ত কষ্টানুভব (একন্, সাল্‌ফ্, বিরেট্-অ্যাল্‌ব); হৃৎপিণ্ডে সূচী বিঁধানের ন্যায় যাতনা (আর্ণিকা, অ্যাফি-পিয়াস্, ক্যাক্‌ট, ব্রাই, ক্যালী-কার্ব্ব) এবং কখন কখন নাড়ীতেও এক সময়ে এইরূপ অনুভূত হয়; স্নায়বিক হৃৎস্পন্দন এবং উহার সঙ্গে সঙ্গে নাড়ী অসম; নাড়ী দুর্ব্বল, কম্পমান এবং অনিয়মিতরূপে স্পন্দন করে।

অঙ্গপ্রত্যঙ্গ। হাত ইত্যাদি ঊর্দ্ধশাখার কম্পন; অঙ্গ প্রত্যঙ্গ

এবং সন্ধিতে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা (ব্রাই, লেডাম্); চলিবার সময়ই অঙ্গ প্রত্যঙ্গ অধিক আক্রান্ত হয়।

নিদ্রা। অস্থির নিদ্রা এবং বারম্বার ঘুম ভাঙ্গিয়া যাওয়া; এলো মেলো স্বপ্ন দেখা এবং যাহার দরুন রোগী জাগিয়া পড়িয়া অত্যন্ত শ্রান্তি অনুভব করে এবং জাগিলে স্বপ্ন বিষয়ে কিছুই স্মরণ থাকে না।

জ্বর। সামান্য নড়া চড়াতেই শীতবোধ; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই শীতবোধ; হাতে চট্চটিয়া ঘর্ম্ম।

ব্যবহার। মুখমণ্ডলের এবং মস্তকের ট্রিজিমিনাই বা ট্রাইফেসিয়াল্ (Trigemini or Trifacial) নামক বৃহৎ স্নায়ুশূল এবং হৃৎপিণ্ডের বাত জনিত বেদনা এবং হৃৎ স্নায়ুশূল; হৃৎপিণ্ডের যান্ত্রিক অসুখ; বাতাক্রান্ত চক্ষু প্রদাহ; কৃমি জনিত রোগ ইত্যাদি রোগে স্পাইজেলিয়া ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। স্পর্শ করিলে বা ঝাকি লাগিলে আক্রান্ত স্থানে অত্যন্ত বেদনার উদ্রেক হয়; অত্যন্ত দুর্ব্বলতা, যাহা প্রাতঃকালেই অধিক অনুভূত হয়; রক্তাল্পতা ধাতুবিশিষ্ট দুর্ব্বল রোগী এবং গণ্ডমালা ধাতুবিশিষ্ট বালক বালিকাগণ যাহাদের কৃমির ধাতু থাকে, তাহাদিগের পক্ষে বিশেষ উপযোগী; নড়া চড়া, গোলমাল, নিশ্বাসে, স্পর্শনে, চক্ষু ঘুরাইলে অসুখের বৃদ্ধি ইত্যাদি স্পাইজেলিয়ার বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। স্পাইজেলিয়ার কার্য্যের সঙ্গে একোনাইটের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। কৃমি রোগে ইহার কার্য্যের সঙ্গে সিনার কার্য্যের বিশেষ সম্বন্ধ আছে। ডাক্তার গারেন্সি (Dr. Guernsy) বলেন যে, নাভি প্রদেশে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে হৃৎস্পন্দন স্পাইজেলিয়ার এক বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে কোন কোন বিষয়ে বেলাডোনা, ব্রাইওনিয়া, ক্যাল্কেরিয়া কার্ব্ব্, সিমিসিফিউগা, ডিজিটালিস্, ক্যালী-কার্ব্ব্, লরোসিরেসাস্, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, ফস্ফরাস্, পাল্সেটিলা, রাস্-টক্স্, সিপিয়া, সাল্ফার এবং জিঙ্কামের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। অরাম্, ককিউলাস্, ক্যাম্ফার, পাল্সেটিলা।

ডাইলুশন বিচার। স্নায়ুশূলে ১২ বা ৩০ ডাইলুশন ব্যবহার্য্য। হৃৎপিণ্ডের অসুখে ১ম হইতে ৬ষ্ঠ ডাইলুশন উপকারী। হানিমানের মতে ৩০ ডাইলুশন বিশেষ উপকারী।

স্পঞ্জিয়া টোষ্টা,—স্পঞ্জ

(Spongia Tosta,—Spong)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে স্পঞ্জের আদত গুঁড়া ক্রয় করিয়া উহাতে যথা নিয়মে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ৩য় শততমিক ক্রম পর্য্যন্ত গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ৩য় শততমিক ক্রমের গুঁড়া হইতে যথা নিয়মে ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। আবার আদত স্পঞ্জ যথা নিয়মে ২০° ডিগ্রী ওবারপ্রুফ্ স্পিরিটে মিশাইয়া মূল আরোকও প্রস্তুত হইতে পারে।

সাধারণ ক্রিয়া। কণ্ঠনালী, বায়ুনল, থাইরয়েড্ গ্রন্থি (Thyroid Gland), হৃৎপিণ্ড এবং অণ্ডকোষের উপর ইহার বিশেষ কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ উক্ত যন্ত্র উত্তেজিত, প্রদাহযুক্ত ও স্ফীত হয় এবং কখন কখন উহাতে ফাইব্রিন্ (Fibrin) নামক পদার্থের সঞ্চার হয়। গ্রন্থির বিবৃদ্ধি ও কঠিনতা এবং কণ্ঠনালী ও বায়ুনলের প্রদাহ উৎপাদন করা বিষয়ে ইহার কার্য্য অনেকটা আয়োডিনের ন্যায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। গান করিবার অনিবার্য্য ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে মনের স্ফূর্ত্তি বা আনন্দ।

মস্তক। বহির্বায়ু হইতে উষ্ণ ঘরে গেলে মস্তিষ্কের ডাইন পার্শ্বে ঘুশ্ ঘুশে বেদনা ; কপালের বাম পার্শ্বে সূচী বিধানের ন্যায় প্রখর বেদনা ; মাথায় রক্তাধিক্য বা রক্তাবরোধ (একন্, বেল্)।

নাসিকা। তরল সর্দ্দি এবং নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎতরল

শ্লেষ্মা নির্গমন ও উহার সঙ্গে সঙ্গে অনবরত হাঁচি দেওয়া (একন্, সিপা); শুষ্ক সর্দ্দি এবং তদ্দরুণ নাক বদ্ধ হইয়া থাকা (আলাম্, নাক্স্-বম্, সিপিয়া, সাইলিসি)।

মুখমণ্ডল। মুখমণ্ডল টল্‌টলে, স্ফীত, লালবর্ণ অথবা নীলের আভাযুক্ত এবং অত্যন্ত যাতনার চিহ্নযুক্ত।

মুখগহ্বর। হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থির (Sub-maxillary glands) স্ফীতি।

গলার মধ্য। থাইরয়েড্ গ্রন্থির (Thyroid gland) স্ফীতি এবং কঠিনত (আয়োড) এবং তদ্দরুণ রাত্রিতে নিশ্বাস বদ্ধ হওয়ার উপক্রম হওয়া; গলার মধ্যে স্চী বিঁধানের ন্যায় বেদনা।

পাকস্থলী। ক্ষুধার অত্যন্ত বৃদ্ধি; মুখে তিক্ত স্বাদ (আস্, ব্রাই, নাক্স্-বম্, পাল্‌স্) যাহা গলার মধ্যেই অধিক অনুভূত হয়।

মূত্রযন্ত্র। বারম্বার প্রস্রাব করার ইচ্ছা বা চেষ্টা।

পুরুষ জননেন্দ্রিয়। অণ্ডকোষের স্ফীতি এবং উহার সঙ্গে সঙ্গে উহাতে চাপিয়া ধরার ন্যায় বেদনা (ক্লিমেটিস্, রডোড্); থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে অথবা নিঙড়াইলে যেরূপ হয়, অণ্ডকোষে সেরূপ কষ্টদায়ক চিন্‌চিনে বেদনা (একন্, আর্জেণ্ট্-নাইট্রিক্, রডোড্); অণ্ড-কোষ হইতে শুক্র নিঃসারক সূত্র (Spermatic Cord) পর্য্যন্ত স্চী বিঁধানের ন্যায় বেদনা বা যাতনা (ক্লিমেটিস্); শুক্র নিঃসারক সূত্র স্ফীত এবং অত্যন্ত বেদনাযুক্ত হয়।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ; স্বর কাটিয়া যায়, অর্থাৎ কথা বলিতে বলিতে স্বর বদ্ধ হয়; বায়ুনলের উপরিভাগে অত্যন্ত শুষ্কবোধ; স্পর্শ করিলে বায়ু-নলের উপরিভাগে বেদনার উদ্রেক হয় (একন্, ল্যাক্); মাথা ঘুরাইলে বা ফিরাইলে কণ্ঠনালীতে বেদনা; কণ্ঠনালী, বৃহৎ এবং ক্ষুদ্র বায়ুনলের প্রদাহ; কণ্ঠনালীর আক্ষেপ (Laryngismus Stridulus); ডেলার ন্যায় কোন একটী পদার্থ লাগিয়া থাকিলে যেরূপ হয়, কণ্ঠনালীতে সেরূপ বাঁধ বাঁধ বোধ এবং উহার সঙ্গে সঙ্গে নিশ্বাস প্রশ্বাসের ব্যাঘাত; বুকের নিম্ন প্রদেশে বেদনা বা টাটানি এবং অনবরত কাশি, বুকের উক্ত প্রদেশ হইতে

যাহার উদ্রেক হয়; খেউ খেউ শব্দ বিশিষ্ট শুষ্ক কাশি (বেল); ঘুংড়ীর ন্যায় গভীর বা সাঁই সাঁই শব্দ বিশিষ্ট এবং হাঁপানির ন্যায় কাশি; দিবা রাত্রি শুষ্ক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বুকের মধ্যে জ্বালানুভব; মাথা নিচু করিয়া শয়ন করিলে, অত্যন্ত উষ্ণ ঘরে, শুষ্ক, ঠাণ্ডা বাতাসে কাশির বৃদ্ধি (একন্, হিপ্-সাল্ফ্) এবং আহার বা পানের পর কাশির উপশম; শ্বাস প্রশ্বাসে, সাঁই সাঁই, হিস্ হিস্ এবং করাতে কাঠ চিরার ন্যায় শব্দ হয় ও শ্বাস প্রশ্বাসে অত্যন্ত কষ্টানুভব, নিশ্বাস টানিলে বা শয়ন করিয়া থাকিলে যাহার বৃদ্ধি হয়; গলা দিয়া হরিদ্রাবর্ণের চট্ চটিয়া আঠা বা কঠিন শ্লেষ্মা নির্গমন; গলা দিয়া লোনতা স্বাদ বিশিষ্ট শ্লেষ্মা নির্গমন; শ্বাস কষ্ট এবং বুকের অত্যন্ত দুর্ব্বলতা, যাহার দরুণ সামান্য শারীরিক পরিশ্রম করিলেই রোগী কথা বলিতে অত্যন্ত কষ্ট অনুভব করে (হিপ্-সাল্ফ্, ষ্টানাম্); শ্বাস রুদ্ধ হওয়ার উপক্রম হইয়া রোগীর ঘুম ভাঙ্গিয়া যাওয়া; কাশিবার সময় বুক এবং বায়ুনলে জ্বালা এবং টাটানি এবং গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয়; এক-খানি শুকনা স্পঞ্জের মধ্য দিয়া নিশ্বাস প্রশ্বাসে যেরূপ অনুভূত হয়, নিশ্বাস প্রশ্বাসে সেরূপ অনুভূত হয়; পুরাতন আকারের কাশি এবং কাশিতে কাশিতে গলা দিয়া কঠিন ক্ষুদ্র স্ফোটক নির্গত হয়; গলা দিয়া প্রচুর পরিমাণে শ্লেষ্মা নির্গমন; রোগী শয়ন করিয়া থাকিতে পারে না; ফুস্ফুস-প্রদাহের সারিয়া যাওয়ার অবস্থা; বাম ফুস্ফুসের স্ফোটক রোগ (Tuberculosis) যাহা ফুস্ফুসের উপরিভাগে আরম্ভ হয়।

হৃৎপিণ্ড এবং নাড়ী। প্রবল হৃৎস্পন্দন (একন্, আর্স, বেল্, লাইকোপাস, স্পাইজেল্, সাল্ফ্) এবং উহার সঙ্গে সঙ্গে বুকে বেদনা এবং শ্বাস প্রশ্বাসে বাঁধ বাঁধ বোধ হওয়া; রাত্রি দুই প্রহরের সময় শ্বাস বন্ধ হইয়া ঘুম ভাঙ্গিয়া যাইয়া রোগীর অত্যন্ত যাতনার ভাবের উদ্রেক হয়। নাড়ী পূর্ণ, কঠিন এবং দ্রুতগামী (একন্, বেল্, বিয়েট্-বিরাইড্); হৃৎস্নায়ু শূল (Angina Pectoris); বুকে সঙ্কোচক বেদনা; বুকে গরম বোধ, শ্বাস রোধ, মূর্চ্ছার ভাব এবং প্রচুর ঘর্ম্ম; এয়র্টা (Aorta) নামক বৃহৎ ধমনির প্রদাহ, স্ফীতি এবং বিস্তৃতি; থাকিয়া থাকিয়া শুষ্ক কাশি, শয়ন করিয়া থাকিলে যাহার বৃদ্ধি হয়; হৃদয়াবরক ঝিল্লীর বাত জনিত প্রদাহ (Rheu-

matic Endocarditis) ; হৃৎপিণ্ডের প্রত্যেকবার স্পন্দনের সঙ্গে সোঁ সোঁ শব্দ হওয়া।

গ্রীবা। গ্রীবা এবং গলার মধ্যের পেশী শক্ত হয় বা উহা নোয়ান যায় না।

অঙ্গ প্রত্যঙ্গ। বাম স্কন্ধের সন্ধির নিকটবর্ত্তী স্থানের পেশীর স্পন্দন ; ডাইন হাতের বৃদ্ধাঙ্গুলীর মাথায় খিল ধরার ন্যায় বেদনা বা যাতনা, নড়াচড়াতে যাহা সমুদয় অঙ্গুলীতে বিস্তৃত হয়।

জ্বর। শরীর উষ্ণ এবং চর্ম্ম উষ্ণ ও শুষ্ক (একন্, আর্স্) ; শরীর উষ্ণ হওয়ার দরুণ অত্যন্ত যাতনা, মুখমণ্ডল লালবর্ণ ; সর্ব্বদা কাঁদ কাঁদ ভাব এবং রোগীকে কোন মতেই সান্ত্বনা করা যায় না ; আন্ত্রিক জ্বর বা জ্বরবিকার।

নিদ্রা। সর্ব্বদা নিদ্রার ভাব, হাই তোলা, শরীরের জড়তা বা অবশবোধ, অপরাহ্নেই যাহা অধিক অনুভূত হয় ; স্বপ্ন দেখিয়া ঘুম ভাঙ্গিয়া যায়।

ব্যবহার। গলগণ্ড (Goitre) ; ঘুংড়ী কাশি (Croup) ; কণ্ঠনালী প্রদাহ (Laryngitis) ; কণ্ঠনালীর আক্ষেপ ; বায়ুনল প্রদাহ ; যক্ষ্মাকাশ ; এক শিরার ব্যারাম্ (Orchitis) ; পোতায় জল হওয়া বা উহার প্রদাহ (Hydrocele) ; হৃৎপিণ্ডের যান্ত্রিক অসুখ ; হৃদভ্যন্তরক ঝিল্লীর বাত জনিত প্রদাহ (Rheumatic Endocarditis) ; এয়র্টা (Aorta) নামক বৃহৎ ধমনির প্রদাহ, স্ফীতি এবং বিস্তৃতি ইত্যাদি অসুখে স্পঞ্জিয়া ব্যবহার্য্য। টেষ্টির (Teste) মতে ইহা হৃদ্বাহ্যাবরক ঝিল্লী প্রদাহ (Pericarditis), ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ (Pleurisy) এবং অন্ত্র বেষ্ট ঝিল্লী প্রদাহে (Peritonitis) ব্যবহার্য্য। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, চিকিৎসার ফল দেখিয়া তিনি টেষ্টির উক্ত মতের পোষকতা করিতে পারেন না।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সামান্য শারীরিক পরিশ্রমে অত্যন্ত দুর্ব্বলতা এবং শরীরে ভারিবোধ ও উহার সঙ্গে মনের অত্যন্ত উদ্বেগ, বমনোদ্বেগ, মুখমণ্ডল শিটা এবং শ্বাস কষ্ট ; শরীরের স্থানে স্থানে দাদের ন্যায় কন্ডূটী স্ত্রীলোক এবং বালক বালিকাগণের অসুখ ; রাত্রিতে, মাথা

নিচু করিয়া শয়ন করিলে, ঘরের মধ্যে থাকিলে অথবা উচ্চস্থানে উঠিলে অসুখের বৃদ্ধি হয় এবং নীচে নামিতে, আহার এবং পানের পর (কাশির), সোজা হইয়া শয়ন করিয়া থাকিলে অসুখের উপশম ইত্যাদি স্পঞ্জিয়ার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। স্পঞ্জিয়ার কার্য্যের সঙ্গে আয়োডিন্, ব্রোমিন্, হিপার সাল্‌ফিউরিস্, ক্যালী-বাইক্রমিকাম্, সেলিনিয়ামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে একোনাইট, বেলাডোনা, ব্রাইওনিয়া, ক্যাল্‌কেরিয়া-কার্ব্ব্, কোনায়াম্, ড্রসিরা, ইগ্‌নেসিয়া, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, নাক্স্‌ বমিকা, ফস্ফরাস্, পাল্‌সেটিলা, রাস্ টক্স্, সিপিয়া, স্পাইজেলিয়া এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, ঘুংড়ীকাশি, কণ্ঠনালীর অসুখে সমুদয় প্রকারের ডাইলুশনই উপকারী। তিনি উক্ত সকল প্রকারের অসুখেই ১ম এবং ২য় দশমিক ডাইলুশন ব্যবহার করিয়া ফল পাইয়া থাকেন। হৃৎপিণ্ডের অসুখে ১২ হইতে ৩০ ডাইলুশন ব্যবহার্য্য। ৬ষ্ঠ ডাইলুশনই আমরা সচরাচর অধিক ব্যবহার করিয়া থাকি। গলগণ্ড এবং একশিরার পক্ষে ১ম এবং ৩য় দশমিক ক্রমের গুঁড়া এক গ্রেইণ মাত্রায় সেবনে বিশেষ উপকার দর্শে।

ষ্ট্যানাম্,-(টিন্),-ষ্ট্যানাম্

(STANNUM,—(TIN),-STANN.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত ষ্টানাম্ ক্রয় করিয়া উহাতে যথা নিয়মে সুগার অব্ মিল্‌ক্ মিশাইয়া ৩য় শতত্তমিক ক্রম পর্য্যন্ত গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ৩য় শতমিক ক্রমের গুঁড়া হইতে যথা নিয়মে ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ গতি উৎপাদনের সহায়কারী যন্ত্রাদির অত্যন্ত বলক্ষয়, পক্ষাঘাত, আক্ষেপ এবং স্নায়ু শূলের ন্যায় বেদনা উৎপন্ন হয়। শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর উপরও ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ উক্ত ঝিল্লী প্রদাহযুক্ত হইয়া গলাদিয়া প্রচুর পরিমাণে পূঁষ মিশ্রিত শ্লেষ্মা নির্গত হয়, বায়ুনল বিস্তৃত হয় এবং শ্বাস যন্ত্রের স্নায়ু গুলির অত্যন্ত বলক্ষয় হয়। হোমিওপ্যাথির আবিষ্কর্ত্তা মৃত মহাত্মা ডাক্তার সামুয়েল্ হানিমান ষ্টানাম্কে ক্রিমিনাশক ঔষধ বলিয়া অনেক প্রশংসা করিয়া গিয়াছেন। তিনি বলিয়া গিয়াছেন যে, অন্ত্রের মধ্যে ক্রিমি হইলে ষ্টানাম্ সেবনে অন্ত্রের মধ্যে সঞ্চিত ক্রিমি মরিয়া যায় এবং কোনং প্রকার রেচক ঔষধ রোগীকে খাওয়াইলে মলের সঙ্গে অন্ত্রের মধ্যে সঞ্চিত ক্রিমিগুলি নির্গত হয়। অন্ত্রে ক্রিমি থাকুক আর না থাকুক যদি পরিপাক কার্য্যের সহায়কারী যন্ত্রের অসুখে ক্রিমির লক্ষণের ন্যায় লক্ষণাদি বর্ত্তমান থাকে, তবে ষ্টানাম্ দ্বারা বিশেষ উপকার দর্শে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অত্যন্ত উদ্বেগ এবং অস্থিরতা; সর্ব্বদা বিমর্ষ এবং নিস্তব্ধভাব ও কাঁদিবার স্বভাব (ইগ্নেস্, নেট্রাম্-মিউর, পাল্স্, রাস্টক্স্); চুপে চুপে বক্ বক্ করা; অনিচ্ছা পূর্ব্বক এবং হঠাৎ প্রশ্নের উত্তর করা।

মস্তক। স্নায়ুশূলের ন্যায় মাথাধরা যাহা আস্তে আস্তে এবং মৃদুভাবে আরম্ভ হইয়া ক্রমে বৃদ্ধি পাইয়া পুনরায় ক্রমে ক্রমে কমিয়া যায়; কপালে চাপা বোধ যাহা মধ্যদেশ হইতে বহির্দ্দেশে বিস্তৃত হয়; মাথার উপরিভাগে এবং কপালে আঁটা এবং চাপা বোধ যাহা আস্তে আস্তে বৃদ্ধি পায় এবং আস্তে কমে; মাথার সম্মুখ ভাগে চাপিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; কপালের বাম পার্শ্ব, কপাল এবং ক্ষুদ্র মস্তিষ্কের (Cerebellum) মধ্য দিয়া ঝাকি লাগার ন্যায় অনুভূত হইয়া উক্ত স্থানে ঘুম্‌ঘুমে চাপা বোধ থাকিয়া যায়, বিশ্রাম কালীন যাহার বৃদ্ধি হয় এবং নড়া চড়াতে যাহার উপশম হয়; কপালের দুই পার্শ্বে দপ্দপিয়া বেদনা।

চক্ষু। বাম চক্ষের নাকের নিকট বর্ত্তী কোণে ফোস্কা বা ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী যাহা নেত্র নালীর (Fistula Lachrymalis) ন্যায় দুই

হয়; আঞ্জনী (Stye) হইলে যে রূপ হয়, বাম চক্ষের নাকের নিকটবর্ত্তী কোণে সেরূপ চাপিয়া ধরার ন্যায় বেদনা; রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় জাঁটিয়া লাগিয়া থাকে (ক্যাল্‌ক্‌-কার্ব্ব, লাইকোপ্‌, মার্ক, সাইলিসি, রাস্‌-টক্স, সাল্‌ফ্‌)।

মুখমণ্ডল। মুখ মণ্ডল শিটা এবং বসিয়া যায়। মুখ মণ্ডল রুগ্ন।

মুখ মণ্ডল এবং গলার মধ্য। জিহ্বা হরিদ্রা বর্ণের শ্লেষ্মা দ্বারা লেপযুক্ত; মুখে অত্যন্ত দুর্গন্ধ (আর্নিকা, হিপ্‌-সাল্‌ফ্‌, ক্রিয়াজ, আয়োড্‌, নাইট্রিক্‌-অ্যাস্‌)। গলার মধ্যে গাঢ়, আটাল, ধূসরের আভাযুক্ত, রক্তমিশ্রিত শ্লেষ্মার সঞ্চার; শ্লেষ্মা তুলিবার সময় বমনের উদ্রেক হয়; গলার মধ্যে অত্যন্ত শুষ্কানুভব এবং ছাল উঠিয়া যাওয়ার ন্যায় চড়্‌চড়ানি বা জ্বালানুভব, গিলিবার সময়ই যাহা অধিক অনুভূত হয় (আলাম্‌, আর্জেন্ট্‌-নাইট্রিক্‌, হিপ্‌-সাল্‌ফ্‌)।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত ক্ষুধা, কিন্তু রোগী যথোচিত পরিমাণে খাইতে পারে না (ব্রাই, ফেরাম্‌, লাইকোপ্‌); আহারের পর তিক্ত স্বাদ বিশিষ্ট উদ্গার উঠা (ব্রাই, চায়না, নাক্স্‌-বম্‌), বমনোদ্বেগ, বিশেষতঃ আহারের পর এবং তৎপর পিত্ত বমন (নাক্স্‌-বম্‌); রক্ত বমন (হামামেলিস্‌, ওপিয়াম্‌, নাক্স্‌-বম, পডোফ্‌); পাকস্থলীতে ভারি এবং চাপা বোধ এবং স্পর্শনে উহাতে টাটানি; পাকস্থলীতে খিলধরা। উদরে খালি খালি বোধ (ফস্‌, সিপিয়া); উদর স্পর্শনেও টাটায় (এপিস্‌, ব্রাই, বেল্‌)।

মল। বারম্বার বাহ্যের বেগ, কিন্তু বেগ দিলে মল নির্গত হয় না; মলের সঙ্গে ক্রিমি নির্গত হয়; শূল বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডল রুগ্ন।

জননেন্দ্রিয়। কোন প্রকারের স্বপ্ন না দেখিয়াই পুরুষের অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক ধাতু নিঃসরণ। স্ত্রীলোকের জরায়ু স্থান ভ্রষ্ট হওয়া (Prolapsus uteri) এবং জরায়ু যেন যোনিদ্বার দিয়া সজোরে ঠেলিয়া বাহির হইতেছে এরূপ অনুভূত হওয়া।

শ্বাস যন্ত্র। স্বরভঙ্গ এবং কণ্ঠনালীতে খস্‌খসে বোধ ও উহার সঙ্গে সঙ্গে বুকে অত্যন্ত দুর্ব্বলবোধ (কার্ব্বো-বেজ, ফস্‌); বায়ুনলের মধ্যে

অতিরিক্ত পরিমাণে শ্লেষ্মার সঞ্চার (আণ্টি-টার্ট্, ইপিকাক, অস্মিরাম্, ফস্) যাহা সামান্য কাশিলেই নির্গত হয়; কাশি এবং তদ্দরুণ গলার মধ্যে চাঁচিয়া ফেলার ন্যায় অনুভূত হয় ও উহার সঙ্গে গলা দিয়া সবুজের আভা-যুক্ত পদার্থ নির্গত হয় (সাইলিসি); গলা দিয়া দুর্গন্ধযুক্ত, মিষ্টস্বাদ বিশিষ্ট পদার্থ নির্গমন (ক্যাল্ক-কার্ব্ব্); সন্ধ্যার সময় শয়ন করিবার পূর্ব্বে কাশির বৃদ্ধি; কাশির দরুণ বায়ুনল এবং বুকে টাটানি (কষ্ট্, নাক্স্-বম্); সন্ধ্যার সময়, বিছানায় শয়ন করিলে, রাত্রি দুই প্রহর পর্য্যন্ত শুষ্ক কাশি এবং গলা দিয়া অল্প পরিমাণে শ্লেষ্মা নির্গমন; বুকের দুর্ব্বলতার দরুণ স্বরভঙ্গ এবং মৃদু স্বর বিশিষ্ট শুষ্ক কাশি; গলা দিয়া হরিদ্রাবর্ণের বিশ্রী স্বাদ বিশিষ্ট শ্লেষ্মা নির্গমন (ক্যাল্ক-কার্ব্ব্); গলা দিয়া ধূসরের আভাযুক্ত শ্লেষ্মা নির্গমন (লাই-কোপ্); গলা দিয়া গাঢ় শ্লেষ্মা এবং রক্ত নির্গমন; গলা দিয়া প্রচুর পরিমাণে সবুজের আভাযুক্ত পদার্থ নির্গমন (সাইলিসি); গলা দিয়া পচা, বা মিষ্ট স্বাদবিশিষ্ট (ক্যাল্ক-কার্ব্ব্), অথবা লোনতা স্বাদ বিশিষ্ট পদার্থ নির্গমন (আম্ব্রা, ক্যাল্ক-কার্ব্ব্, কার্ব্বো-বেজ্, ফস্, সিপিয়া); বুকের মধ্যে শ্লেষ্মা থাকিলে যেরূপ হয়, বুকের মধ্যে সেরূপ সুড়্ সুড়্ করার দরুণ অনবরত খুশ্ খুশে কাশি; উচ্চ স্থানে উঠিবার সময় শ্বাস কষ্ট এবং শ্বাস বদ্ধ হওয়ার উপক্রম হওয়া (একন্, আমন্-কার্ব্ব্, আর্স্, ক্যাল্ক-কার্ব্ব্, ক্যাক্‌ট্); সামান্য নড়া-চড়াতেই শ্বাস কষ্ট বা শ্বাস রুদ্ধ হওয়ার উপক্রম হওয়া; সন্ধ্যার সময় শ্বাসকষ্ট, যাহার দরুণ রোগী গায়ের কাপড় ঢল্ ঢলে করিয়া দিতে বাধ্য হয়; বুকের মধ্যে অত্যন্ত দুর্ব্বল এবং খালিবোধ; খাঁটিয়া ধরিলে যেরূপ হয়, বুকের মধ্যে সেরূপ কষ্টানুভব এবং উহার সঙ্গে সঙ্গে দীর্ঘ নিশ্বাস টানিবার স্বভাব ও মনের অত্যন্ত উদ্বেগ; বুকের মধ্যে অত্যন্ত টাটানি; বুকের বাম পার্শ্বে সূচী বিঁধানের ন্যায় বা কর্ত্তনবৎ প্রখর বেদনা (ক্যালী-কার্ব্ব্, ফস্, সিপিয়া)।

অঙ্গ প্রত্যঙ্গ। বাহু এবং পায় ভারিবোধ ও পক্ষাঘাতের ন্যায় অত্যন্ত দুর্ব্বল বোধ; সন্ধ্যার সময় হাত পায়ের পাতা স্ফীত হয়।

ব্যবহার। ফুস্ফুস এবং কণ্ঠনালী সম্বন্ধীয় যক্ষ্মাকাশ (Pulmonary and Laryngeal Phthisis); বায়ুনল প্রদাহ; রক্তোৎকাশ; বক্ষ শোথ;

পূঁযাদির অতিরিক্ত নিঃসরণের দরুণ জ্বর বা হেক্‌টিক্ ফিবার (Hectic Fever); পক্ষাঘাত; মৃগী রোগ; হিষ্টিরিয়া; মুখ মণ্ডলে বেদনা বা স্নায়ুশূল; কৃমি জনিত অসুখ ইত্যাদি রোগে ষ্টানাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয়, যাহার দরুণ রোগী অনবরত বসিয়া বা শয়ন করিয়া থাকিতে বাধ্য হয় (সাইলিসি); নীচের ঘর হইতে উপরের ঘরে সিঁড়ি ভাঙ্গিয়া উঠিবার সময় মূর্চ্ছার ভাব; সজোরে কথা বলিলে বা পুস্তকাদি পড়িলে রোগী অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়ে (ককিউল্‌); বেদনাদি আস্তে আস্তে আরম্ভ হয়, আস্তে আস্তে অত্যন্ত বৃদ্ধি হয় এবং ক্রমে ক্রমে কমিয়া যায়; সমুদয় শরীরে শীত বোধ; প্রাতঃকালে এবং রাত্রিতে প্রচুর পরিমাণে দুর্ব্বলকারক ঘর্ম্ম (চায়না, ফস্, সাল্‌ফ্-আস্) যাহাতে অত্যন্ত পচা গন্ধ থাকে (নাক্স্-বম্, ষ্টাফিস্; নড়া চড়া, কথা বলা, উচ্চ স্থান হইতে নিম্ন স্থানে নামিতে অসুখের বৃদ্ধি এবং চলিয়া বেড়াইলে ও চীত হইয়া শয়ন করিলে অসুখের উপশম ইত্যাদি ষ্টানামের কতকগুলি প্রধান প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। স্ত্রীলোকের জরায়ুর অসুখে ষ্টানামের কার্য্য অনেকটা সিপিয়ার কার্য্যের ন্যায়। স্নায়ুর উপর ইহার কার্য্য অনেকটা আর্জেন্টাম্, কুপ্রাম্ এবং জিঙ্কামের ন্যায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্য আর্সিনিক, বেলাডোনা, ব্রাইওনিয়া, ক্যাল্‌কেরিয়া কার্ব্ব্, কষ্টিকাম্, চায়না, হেলিবোরাস্, লাইকোপডিয়াম্, পাল্‌সেটিলা, ফস্ফরাস্, রাস্-টক্স্, স্পাইজিলেয়া এবং সাল্‌ফারের কার্য্যের ন্যায়।

প্রতিষেধক ঔষধ। পাল্‌সেটিলা।

ডাইলুশন বিচার। হানিমানের মতে এই ঔষধের ৩য় ক্রমের গুঁড়াতেই যথোচিত ফল পাওয়া যায়। ডাক্তার হিউজ্ (Dr. Hughes), ডাক্তার বেজ্ (Dr. Bayes) এবং ডাক্তার ড্রুরির (Dr. Drury) মতে ১২ এবং ৩০ ডাইলুশন অধিক উপকারী। মৃগি, হিষ্টিরিয়া এবং কাশিতে ৩য় দশমিক ক্রমের গুঁড়া এবং জরায়ুর অসুখে ৬, ১২ এবং ৩০ ডাইলুশন ব্যবহার করিয়া লেখক যথোচিত ফল পাইয়া থাকেন।

ষ্ট্রামোনিয়াম্,-(ধুতুরা),-ষ্ট্রামন্

(STRAMONIUM,—STRAM.)

ধুতুরাগাছ বোধ হয় এতদ্দেশে সকল লোকেই জানেন। ইহা পৃথিবীর প্রায় সমুদয় স্থানেই জন্মে। এই গাছের পাতা, ডাঁটা ইত্যাদি সমুদয় অংশই প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্কের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা মস্তিষ্ককে চঞ্চল করিয়া উহার কার্য্য করার শক্তিকে বিকৃত করে, যাহার দরুণ বমনোদ্বেগ, প্রলাপ এবং নানাপ্রকারের কাল্পনিক বিকটাকার দেখা ইত্যাদি বেলাডোনা এবং হায়োসায়েমাসের ন্যায় মস্তিষ্ক আক্রান্ত হওয়ার কতকগুলি লক্ষণ প্রকাশ পায়। ইহার প্রলাপ বেলাডোনা বা হায়োসায়েমাসের প্রলাপ অপেক্ষা অধিক প্রখর বা উগ্র হয়; ষ্ট্রামোনিয়ামের প্রলাপ এবং উন্মত্ততা বেলাডোনা এবং হায়োসায়েমাস্ অপেক্ষা অধিক উগ্র বা প্রবল। *মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ করা সম্বন্ধে* ইহার ক্ষমতা হায়োসায়েমাস্ অপেক্ষা অধিক প্রবল বা উগ্র বটে, কিন্তু উহা বেলাডোনা অপেক্ষা অনেক কম প্রবল বা উগ্র। ইহা মস্তিষ্কের প্রকৃত প্রদাহ উৎপাদন করিতে পারে না। ইহা গলার মধ্যে এবং চর্ম্মের উপর আরক্ত জ্বরের ফুস্কুড়ীর ন্যায় আগুনের ন্যায় লাল ফুস্কুড়ী উৎপাদন করে। মস্তিষ্কের উত্তেজনা হেতুই ইহা শরীরের অন্যান্য অংশের উপর কার্য্য করিয়া থাকে। উক্ত প্রকারের কার্য্যের দরুণ চক্ষুর তারা বিকৃত হয়, শরীরের সমুদয় অংশের স্পর্শজ্ঞান শক্তির হ্রাস হয়, বিশেষ বিশেষ ইন্দ্রিয় বিকৃত হয়, আক্ষেপ (Convulsions), স্ত্রী বা পুরুষ সহবাসের অত্যন্ত ইচ্ছা, মূত্রাবরোধ ইত্যাদি লক্ষণ গুলি প্রকাশ পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। উগ্র প্রলাপ (বেল্, ক্যান্থ্); অত্যন্ত ভয় (বেল্, বিরেট্-আল্ব্); সর্ব্বদা পলায়ন করার চেষ্টা; বিছানা হইতে উঠিয়া যাওয়ার চেষ্টা (বেল্); অনবরত অসংলগ্ন কথা বলা; হাসি (হায়োস্); মানসিক

এবং শারীরিক শক্তির অত্যন্ত দুর্ব্বলতা এবং উহার সঙ্গে সঙ্গে কোন ক্ষুদ্র দ্রব্য তুলিয়া বা কুড়াইয়া তোলার ভাব যাহা মৃত্যুর কতকক্ষণ পূর্ব্বেই সচরাচর অধিক দেখিতে পাওয়া যায় (বেল, হায়োস্); স্ত্রী বা পুরুষ সহবাসের অত্যন্ত ইচ্ছা; বিদেশীয় ভাষায় কথা বলা; উন্মত্ততা; আলোক দেখা এবং অন্য লোকের নিকট থাকিবার ইচ্ছা (ক্রিয়াজ, হায়োস্); সময়ে সময়ে রাগান্বিত হইয়া লোককে মারা বা মারিবার চেষ্টা করা; সর্ব্বদা অহঙ্কারের ভাব এবং একগোঁয়ামী (প্লাটিনা, ল্যাক্); চীৎকার করা, কামড়াণ এবং নখ দ্বারা আচড়ান; ভয়খাওয়া; উল্লাসিত এবং সন্তোষের ভাব, গান করা এবং নাচা (ক্রোকাশ); ভ্রম দেখা (আনাকার্ড, হায়োস্, ক্যানাবিস্-ইণ্ড), যাহার দরুণ রোগী অত্যন্ত ভয় খায় (আবিসিন্থ); বিকট আকার দেখা, অপরিচিত লোকের মুখ বা আকৃতি দেখা, অথবা রোগী মনে করে যেন ভয়ানক জন্তুগুলি তাহার পার্শ্বের দিকে লাফাইতেছে, অথবা তাহার দিকে দৌড়িয়া আসিতেছে, যাহার দরুণ সে অত্যন্ত ব্যাকুল হয়; জলাতঙ্ক (Hydrophobia) (বেল, হায়োস্); জল বা জলীয় পদার্থ পানে অনিচ্ছা বা ভয়; জল, আয়না, বা কোন প্রকারের চক্চকে দ্রব্য দেখিলেই আক্ষেপের (Convulsions) উদ্রেক হয়; গলার মধ্যের আক্ষেপিক সঙ্কোচন; ভয় খাইয়া পেশীর অনিচ্ছা পূর্ব্বক স্পন্দন বা কোরিয়া (Chorea); মৃগীরোগ; উন্মত্ততা; স্তব্ধ বায়ু (Mealancholia); সমুদয় ইন্দ্রিয়ের জড়তা বা উহার তীক্ষ্ণতারাহিত্য; পর্য্যায়ক্রমে উল্লাস এবং বিমর্ষ ভাব; সকল লোক এবং সকল বিষয়ে উদাসীনতা (বার্ব্বেরিস্, ফস্, ফস্-আস্); রোগীর (ছোট বালক বা বালিকা) ঘুম ভাঙ্গার পর সে প্রথম যে বস্তু সম্মুখে দেখে সে তাহাতেই ভয় খায় (বেল) এবং উক্ত বস্তু হইতে দৌড়িয়া পলায়ন করিতে চাহে; অজ্ঞাতসারে নাক দিয়া গোঁ গোঁ শব্দ করা; মাড়ি নিম্নদিকে ঝুলিয়া পড়ে; হাত এবং পায়ের পাতায় স্পন্দন; চক্ষুর তারা বিস্তৃত (ওপিয়াম্); স্মরণ শক্তির দুর্ব্বলতা বা হ্রাস (আনাকার্ড, ক্রিয়াজ, ল্যাক, মার্ক, নেট্রাম্-মিউর); মনে যে ভাবের উদয় হয় কথা বলিতে বলিতে তাহা ভুলিয়া যাওয়া; রোগী কোন বস্তুরই প্রকৃত নাম বলিতে পারে না।

মস্তক। মাথাঘোরা, যাহার দরুণ রোগী অন্ধকারে চলিতে পারে না এবং চলিতে চলিতে বাম বা পশ্চাৎদিকে টলিয়া পড়ে (বেল্‌); মদ্য পান করিলে যেরূপ হয়, মাথা সেরূপ টলে (আগারিকাশ্‌); মস্তিস্কে প্রবল রক্তাধিক্য বা রক্তাবরোধ (বেল); মাথায় উষ্ণানুভব; মাথার উপরিভাগ এবং কপালে দপ দপানি; মূর্চ্ছা; দৃষ্টি এবং শ্রবণশক্তির বিনাশ; মুখমণ্ডল স্ফীত এবং টল্‌টলে; মাথার আক্ষেপিক সঞ্চালন, বিশেষতঃ ডাইন দিকে বারম্বার মাথা উঠান; অবসন্নতা এবং উহার সঙ্গে সঙ্গে দৃষ্টি এবং শ্রবণ শক্তির বিনাশ ও অচেতনতা (হায়োস্‌, ওপিয়াম্‌); মাথায় পাতলা বোধ; ঝাকিদিয়া বালিস হইতে মাথা তুলিয়া পশ্চাৎদিকে ছাড়িয়া দেওয়া; মস্তিস্কের শোত এবং উহার সঙ্গে সঙ্গে মাথার আক্ষেপিক সঞ্চালন; বাতাক্রান্ত শিরঃপীড়া।

চক্ষু। চক্ষু বিস্তৃতরূপে খোলা, স্থিরভাব বিশিষ্ট এবং বহির্দ্দিকে আকৃষ্ট (আমিল্‌ নাইট্রেট্‌, নেজা, বেল্‌, হায়োস্‌, ওপিয়াম্‌), উজ্জ্বল এবং বিকৃত; চক্ষুর তারা বিস্তৃত (বেল্‌, হায়োস্‌, ওপিয়াম্‌) এবং কখন কখন অচল এবং উহাতে আলোক জ্ঞান থাকে না (সিকুটা, ডিজিট্‌); চক্ষুর যোজক ঝিল্লী কাল্‌চে লাল বর্ণ, যাহার দরুণ মনে হয় যেন চক্ষের রক্তবহা নালীগুলি ময়লা তরল পদার্থ দ্বারা পরিপূর্ণ; সম্পূর্ণ অন্ধতা, অথবা ক্ষণিক অন্ধতা; আলোক চক্ষে লাগে বা সহ্য হয় না; রোগী আলোক দেখিলে পলায়ন করে; উজ্জ্বল আলোক অথবা চকচকে পদার্থ দেখিলেই আক্ষেপের উদ্রেক হয়।

কর্ণ। কানে কম শুনা।

মুখমণ্ডল। মুখমণ্ডল উষ্ণ, লালবর্ণ এবং শোথের ন্যায় টল্‌টলে ও স্ফীত (একন্‌, বেল্‌, ওপিয়াম্‌); চক্ষু পাগলের ন্যায়; মুখাকৃতি ভয় উৎপাদক; মুখমণ্ডলের পেশীর স্পন্দন (আগারিকাশ্‌, আণ্টি-টার্ট্‌, সিকুটা, ইগ্‌নেস্‌); কপাল কোঁচ্‌কান; মনে হয় যেন মুখমণ্ডল স্বাভাবিক অপেক্ষা লম্বা হইয়াছে; মুখমণ্ডলের এক পার্শ্বের বিসর্প (Erysipelas) এবং উহার সঙ্গে মস্তিস্কাবরক ঝিল্লী প্রদাহ (Meningitis); পর্য্যায়ক্রমে পক্ষাঘাত এবং আক্ষেপের লক্ষণাদি প্রকাশ পায়; মুখমণ্ডলের স্নায়ুশূল; যাতনার দরুণ

রোগী পাগলের ন্যায় হয়; সমুদয় শরীরের মধ্য দিয়া আক্ষেপিক ঝাঁকি বা ধাক্কা লাগা; রোগী বাহু উপরের দিকে ছোড়ে; কপালের চর্ম্ম কোঁচকান।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা স্ফীত, শক্ত, শুষ্ক এবং অতিকষ্টে সঞ্চালন করা যায়; তোতলার ন্যায় কথা বলা (কষ্ট, ক্যানাবিস্-ইণ্ড, সেলেন্), অথবা কথা বলিতে একবারে অশক্তি (হায়োস্); মুখগহ্বর এবং উহার পশ্চাৎভাগে অত্যন্ত শুষ্কানুভব; মুখদিয়া চকচকে লাল বহিয়া পড়ে; দাঁতে দাঁতে কড়মড় শব্দ করা; মুখে রক্তমিশ্রিত ফেণা উঠে (আস্, সিকেল)। গলার মধ্যের শুষ্কতা এবং উহার আক্ষেপিক সঙ্কোচনের দরুণ গিলিতে অশক্তি (বেল, হায়োস্, লরোস, প্লাম্বাম্, বিরেট-আল্ব); গলার মধ্যে অত্যন্ত শুষ্ক বোধ (এপিস্, নাক্স-মস্ক, রাস্-টক্স)।

পাকস্থলী এবং উদর। প্রবল পিপাসা এবং টক দ্রব্য পানের ইচ্ছা (আর্ণিট টার্ট, চায়না, ফস্, বিরেট-আল্ব); হিক্কা; বমনোদ্বেগ; বমন; বক্ষ এবং উদর কোটরের মধ্যবর্ত্তী গোল পেশীর প্রদাহ (Diaphramitis); প্রলাপ; ডায়েফ্রামে আগা গোড়া জ্বালানুভব; শ্বাস প্রশ্বাস ঘন ঘন; আক্ষেপ; জল পান করিতে দিলে জল পান করিতে চাহে না; সকল প্রকারের দ্রব্যেই ঘাসের ন্যায় স্বাদ। উদর স্ফীত এবং বিস্তৃত, কিন্তু কঠিন নহে; উদরে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন কেহ নাড়ি সজোরে টানিয়া বাহির করিতেছে; শূল বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে শীত কম্প।

মল এবং মূত্র। মল, মূত্রাবরোধ; শিশুগণের ওলাউঠা; দুর্গন্ধযুক্ত মল ভেদ; টেরা চক্ষে তাকান; ভয় খাইয়া রোগীর ঘুম ভাঙ্গিয়া যায়; মুখমণ্ডল পিটা বা ফিকা; কোষ্ঠবদ্ধ; মূত্র আস্তে আস্তে মৃদুভাবে নির্গত হয় (একন্, কষ্ট); অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মূত্র নির্গমন (আস্, বেল, সিকুটা, হায়োস্, ওপিয়াম্); হস্তমৈথুন, যাহার দরুণ মৃগীরোগ হয়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের পুরুষ সহবাস এবং পুরুষের স্ত্রীসহবাসের অত্যন্ত ইচ্ছা; স্ত্রীলোকের কামোন্মত্ততা (ক্যান্থ, চায়না, প্লাটিনা)। জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে এই ঔষধের মন সম্বন্ধীয় প্রাকৃতিক লক্ষণ বর্ত্তমান থাকা।

শ্বাস যন্ত্র। স্বরভঙ্গ বা স্বর সাঁই সাঁই শব্দ বিশিষ্ট, উচ্চ, চিকণ,

চিঁচিঁ শব্দ বিশিষ্ট এবং অস্পষ্ট ; মাতাল দিগের কাশি ; শ্বাস প্রশ্বাস ঘন ঘন এবং কষ্টকর ; বুকের সঙ্কোচন হেতু শ্বাসরোধ হওয়ার উপক্রম হওয়া (আসাফিটিডা, ইগ্নেস্) ; বুকে লাল ফুস্কুড়ী ; মোহক জ্বর।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎস্পন্দন (একন্, বেল্, স্পাইজেল্) ; নাড়ী দ্রুতগামী, পূর্ণ ও প্রবল ; কোমল, মৃদুগতি বিশিষ্ট ও দ্রুতগামী।

অঙ্গ প্রত্যঙ্গ। বাহু এবং হাতের আক্ষেপিক সঞ্চালন ; বিছানার কাপড়াদি তোকান (খোঁটা) এবং সার্ব্বাঙ্গিক অবসন্নতা ; আঙ্গুল হাড়া বা নখকোণী এবং উহাতে অসহ্য বেদনা ; আক্রান্ত স্থানে পূঁয হইলে উহার যন্ত্রণাদির এই ঔষধে উপশম হয় ; হাত পায়ের স্পন্দন বা ঝাকনি (বেল্, হায়োস্) ; পেশীর অগ্রভাগের স্পন্দন বা ঝাকনি (হায়োস্, ক্যাণী-আয়োড্) ; অঙ্গ প্রত্যঙ্গের কাঁপনি (ককিউল, কোনায়াম্, জেল্স্, মার্ক্) ; অঙ্গ প্রত্যঙ্গ অসাড় হয় ; উরুর মধ্যদেশ স্ফীত এবং লালবর্ণ।

চর্ম্ম। সমুদয় শরীরে উজ্জ্বল লালবর্ণের ফুস্কুড়ী (এপিস্, এরাম্, বেল্, রাস্‌টক্স্)।

নিদ্রা। ঘুমেরঘোরে নাকে গোঁ গোঁ শব্দ হওয়া ; গভীর নিদ্রা (লরোস্, ওপিয়াম্) ; অস্থির নিদ্রা ও বিছানায় বারম্বার এপাশ ওপাশ করিয়া ছট্‌ফট্ করা এবং উহার সঙ্গে সঙ্গে চীৎকার করা ও শরীরের স্পন্দন ; নিদ্রার ইচ্ছা বা ঝিমান, কিন্তু নিদ্রা ভাল হয় না (বেল্, ল্যাক্, ওপিয়াম্) ; চীৎ হইয়া চক্ষু খোলা রাখিয়া এক দৃষ্টে তাকাইয়া ঘুমান (ওপিয়াম্) ; ভয় খাইলে যেরূপ হয়, ঘুম ভাঙ্গিলে সেরূপ জড়সড় হওয়া।

জ্বর। সমুদয় শরীর, বিশেষতঃ অঙ্গ প্রত্যঙ্গ, শীতল ; শীতলাবস্থায় মাথা উষ্ণ ; রোগী গায় কাপড় রাখিতে চাহে না ; মুখমণ্ডল উষ্ণ এবং লালবর্ণ এবং পায়ের পাতা ঠাণ্ডা ; প্রবল জ্বর ; চর্ম্ম শুষ্ক এবং আগুনের ন্যায় গরম, বিশেষতঃ মাথা এবং মুখমণ্ডল (বেল্) ; সমুদয় শরীরে শীতল ঘর্ম্ম (আণ্টি-টার্ট্, আর্স্, কুপ্রাম্, ডিজিট্, বিরেট্-আব্) ; শিশু এবং ছোট বালক বালিকাগণের জ্বর ; ঘুমেরঘোরে কাঁদিয়া উঠা ; ঘুমেরঘোরে চমকিয়া উঠা বা শরীরের ঝাকনি ; চক্ষু অর্দ্ধ খোলা থাকা ; চক্ষুর তারা বড় ও বিস্তৃত ; মূত্রাবরোধ।

ব্যবহার। প্রবল তরুণ উন্মত্ততা; মদোন্মত্ততা (Delirium Tremens); জলাতঙ্ক (Hydrophobia); স্ত্রীলোকের কামোন্মত্ততা (Nymphomania); আক্ষেপ বা কন্‌ভাল্‌সন্‌স্‌; মৃগীরোগ; কোরিয়া (Chorea); হিষ্টিরিয়া; চেতনাশূন্ত আক্ষেপ; ভয় খাইয়া আক্ষেপিক অসুখ; গুহ্যদ্বারের ঠিক উপরিভাগের হাড়ে বেদনা; পক্ষাঘাত; পারার (Mercury) ধুম শরীরে প্রবেশ করার দরুণ অসুখ; আরক্তজ্বর; হাম জ্বর; বা কোন প্রকারের স্ফোটক রোগের স্ফোটক বসিয়া যাওয়া; হুপিং কফ; আরক্ত জ্বরের পর শোথ; পোড়া ঘা, আঙ্গুল হাড়া বা নখকোণী ইত্যাদি অসুখে ষ্ট্রামোনিয়াম্‌ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। প্রায় অসুখেই যন্ত্রণা বা বেদনাদি অধিক অনুভূত হয় না; আক্ষেপের সঙ্গে জ্ঞানের কোনও বৈলক্ষণ্য হয় না; উজ্জ্বল আলোক, স্পর্শন বা সামান্ত আঘাতেই আক্ষেপের পুনরাক্রমণ আরম্ভ হয়; স্বেচ্ছাপূর্ব্বক অঙ্গ সঞ্চালনের সহায়কারী পেশীর স্পন্দন; সমুদয় শরীর শক্ত হয় বা নোয়ান যায় না (সিকুটা, কুপ্রাম্‌, ওপিয়াম্‌); স্নায়ুমণ্ডলীর অতিরিক্ত চেতনা; রোগী আপনাকে আপনি অত্যন্ত লম্বা মনে করে; মল, মূত্র ঘর্ম্ম ইত্যাদি স্বাভাবিক নিঃসরণ রুদ্ধ হওয়া; ভয় খাইলে যেরূপ হয়, সমুদয় শরীরের সেরূপ কম্পন (জেল্‌স্‌); বারম্বার শরীর স্পন্দন (আগারিকাশ্‌, সিকুটা); শরীরের মধ্য দিয়া হঠাৎ ঝাকি বা ধাক্কা লাগার ন্তায় অনুভূত হওয়া; আক্ষেপ হইয়া অঙ্গ প্রত্যঙ্গ অচল হয় এবং তদ্দরুণ অন্তের সাহায্য ব্যতীত রোগী অঙ্গাদি সঞ্চালন করিতে পারে না; জল দেখিলে বা খাইলে আক্ষেপের উদ্রেক হয়; সমুদয় শরীরের অনবরত অস্থিরতা; সংস্পর্শ রোগের পর অঙ্গ প্রত্যঙ্গের পক্ষাঘাত; একাকী থাকিলে, অন্ধকারে, স্পর্শনে, চক্‌চকে বস্তুর পানে তাকাইলে, গিলিবার সময়, বিশেষতঃ জল বা জলীয় পদার্থ গিলিবার সময়, অসুখের বৃদ্ধি এবং ঘরের মধ্যে থাকিলে, উজ্জ্বল আলোকে বা অন্তান্ত লোকের সঙ্গে থাকিলে, শীতল জলে অসুখের উপশম ইত্যাদি ষ্ট্রামোনিয়ামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণবিশিষ্ট ঔষধ। রক্তের উপর ষ্ট্রামোনিয়ামের কার্য্যের

সঙ্গে হায়োসায়েমাস্ এবং বেলাডোনার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন অন্যান্য বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আগারিকাশ্, ক্যামোমিলা, ক্যানাবিস্ ইণ্ডিকা, ইগ্নেসিয়া, আর্সিনিক, ব্রাইওনিয়া, সিকুটা, লাইকোপডিয়াম্, নাক্স্ বমিকা, ওপিয়াম্, প্লাম্বাম্, পাল্সেটিলা, সাল্ফার এবং বিরেট্রাম্ আল্বামের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। বেলাডোনা, হায়োসায়েমাস্, নাক্স্ বমিকা। অধিক মাত্রায় ধুতরা খাইয়া বিষাক্ত হইলে লেবুর রস, বিনিগার (Vinegar) এবং তামাক ব্যবস্থা।

ডাইলুশন বিচার। ডাক্তার আণ্ডারউড্ (Dr. Underwood) বলেন যে, উন্মত্ততা, প্রলাপ ও স্ত্রীলোকের কামোন্মত্ততা বা পুরুষ সহবাসের অত্যন্ত ব্যগ্রতা, মৃগীরোগ, আক্ষেপ বা কন্‌বাল্‌সন্‌স্, স্নায়ুশূল এবং আক্ষেপ বা শূল বেদনা ইত্যাদি আক্ষেপিক অসুখে ১ম, ৩য় এবং ৬ষ্ঠ ডাইলুশন বিশেষ উপকারী। লেখকও ডাক্তার আণ্ডারউডের উক্ত মতের পোষকতা করেন। পক্ষাঘাত বা পক্ষাঘাতের অবস্থা, মাথাঘোরা, অবসন্নতা, মস্তিষ্কের শোথ, পাকস্থলী এবং অন্ত্রের অসুখ, বমনোদ্বেগ, বমন এবং উদরাময়, মল, মূত্র, ঘর্ম্ম ইত্যাদি স্বাভাবিক নিঃসরণ রুদ্ধ হওয়ার দরুণ অসুখে ১২ হইতে ৩০ ক্রম পর্য্যন্ত ব্যবহার্য্য। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, ৩য় এবং ৬ষ্ঠ ক্রম ব্যবহার করিয়া তিনি সকল প্রকার অসুখেই যথোচিত ফল পাইয়া থাকেন।

টিরিবিন্থিনা,—টার্পিন্ তৈল,-টিরেব্

(TEREBINTHINA,—TARPENTINE,-TEREB.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত পরিস্রুত (Distilled) তার্পিন তৈল ক্রয় করিয়া যথা নিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে মিশাইয়া ইহার মিশ্র আরোক (Dilutions) প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মূত্রকোষের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ উক্ত যন্ত্রের উত্তেজনা, রক্তাবরোধ এবং প্রদাহ হইয়া থাকে ও রক্ত মূত্র (Hæmaturia) এবং আল্‌বুমিনুরিয়া (Albuminuria) ইত্যাদি অসুখ হইয়া থাকে। ইহা কতক পরিমাণে শ্লেষ্মা উৎপাদক ঝিল্লীর উপরাংশও আক্রমণ করিয়া উহাতে রক্তাবরোধ এবং শ্লেষ্মা জনিত প্রদাহ উৎপাদন করে। কিন্তু ইহা মূত্রাধার ও মূত্রনালীয় শ্লৈষ্মিক ঝিল্লীই অধিক পরিমাণে আক্রমণ করে এবং তদ্দরুণ উক্ত যন্ত্রদ্বয় প্রদাহযুক্ত হইয়া মূত্রকৃচ্ছ্র হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মানসিক অবসন্নতা; মূত্রাবরোধ হওয়ার দরুণ ঘোর অচেতনতার ভাব (ইউরিমিয়া, – Uræmia) (কুবল্‌)।

মস্তক। মাথাঘোরা; শিরঃপীড়া; মাথায় অত্যন্ত চাপা এবং পূর্ণ বোধ।

নাসিকা। নাকদিয়া অতিরিক্ত পরিমাণে রক্তস্রাব (একন্‌, বেল্‌, ব্রাই, হামামেলিস্‌)।

মুখমণ্ডল। মুখমণ্ডল পিটা এবং মাটির রঙ্গ বিশিষ্ট (আর্স্‌)।

মুখগহ্বর। জিহ্বা লাল বর্ণ, নির্ম্মল এবং চক্‌চকে।

পাকস্থলী এবং উদর। ক্ষুধা শূন্যতা; শ্লেষ্মা বমন; পাকস্থলীতে জ্বালানুভব। উদর অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত (চায়না, গ্রাফ্‌, হিপ্‌-সাল্‌ফ্‌); মনে হয় যেন উদরের মধ্যে একস্থান হইতে অপর স্থানে বিদ্যুতের ন্যায় কোন পদার্থ হঠাৎ আনাগোনা করে (একন্‌, কস্‌-আস্‌); শূল বেদনা।

মল। জলবৎ তরল শ্লেষ্মা ভেদ, যাহা প্রাতঃকালে বৃদ্ধি পায়; অন্ত্রের শ্লেষ্মা জনিত অসুখের দরুণ উদরাময় এবং [illegible] সঙ্গে সঙ্গে মূত্র কোষের প্রদাহ।

মূত্রযন্ত্র। মূত্রকোষ প্রদেশে ভারি এবং চাপা বোধ; মূত্র কোষ প্রদেশে জ্বালাযুক্ত বা কসিয়া ধরার ন্যায় প্রবল বেদনা; মূত্রকৃচ্ছ্র এবং মূত্র ত্যাগের পর মূত্র নালীতে অত্যন্ত জ্বালা, টাটানি এবং চড়্‌চড়ানি (ক্যান্থ্‌); মূত্র পরিমাণে অল্প এবং রক্ত মিশ্রিত (আর্স্‌, ক্যান্থ্‌, কল্‌চ্‌, হামামেলিস্‌); মূত্রে বায়োলেট্‌ (Violet) নামক ফুলের গন্ধ।

শ্বাসযন্ত্র। ফুস্ফুসে রক্তাধিক্য বা রক্তাবরোধ হইলে যেরূপ হয়, সেরূপ শ্বাস কষ্ট; বায়ুনলের শ্লৈষ্মিক ঝিল্লীর অত্যন্ত শুষ্কতা।

নাড়ী। নাড়ী দ্রুতগামী, ক্ষুদ্র, সূত্রবৎ সূক্ষ্ম এবং লুপ্ত প্রায়।

ব্যবহার। মূত্র কোষ প্রদাহ (Nephritis); মূত্র কোষের ব্রাইট্স্ ডিজিজ্ (Bright's Disease of the kidneys); রক্তমূত্র ত্যাগ (Hæmaturia); মূত্রাধার প্রদাহ; মূত্র নালীর প্রদাহ; প্রমেহ রোগ; অন্ত্রের ক্ষত এবং উহা হইতে রক্তস্রাব; কৃমি; উদরাময়; শোথ; শরীর শীর্ণ হওয়া; ওলাউঠার প্রতি ক্রিয়ার পর মূত্রাবরোধ এবং তজ্জন্য ইউরিমিয়া Uræmia) হইয়া বিকারের লক্ষণ ইত্যাদি অসুখে টিরিবিন্থিনা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত বলক্ষয় (আর্স্, চায়না, ফস্); কখন কখন চর্ম্মের নীচে স্পন্দন (হায়োস্, ষ্ট্রামন্); সমুদয় শরীরে ঠাণ্ডা চট্‌চটিয়া ঘর্ম্ম (ক্যাম্ফার, টেবেকাম্, বিরেট্-আল্ব্) ইত্যাদি টিরিবিন্থনার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। ক্যান্থারিস্ এবং কোপেইবা।

প্রতিষেধক ঔষধ। ফস্ফরাস্।

ডাইলুশন বিচার। ৩য় এবং ৬ষ্ঠ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) ১ম হইতে ৩য় দশমিক ডাইলুশনই সচরাচর ব্যবহার করিয়া যথোচিত ফল পাইয়া থাকেন। অনেক চিকিৎসক ১২ এবং ৩০ ডাইলুশন ব্যবহার করিয়া যথোচিত ফল পাইয়া থাকেন।

থুজা অক্সিডেণ্টালিস্,—থুজা

(THUJA OCCIDENTALIS,—THUJA OCC.)

ক্যানেডা এবং ইউনাইটেড্ ষ্টেট্সের অনেক স্থানে এই গাছ জন্মিয়া থাকে। ঐ সকল স্থানে ইহার চাষও হইয়া থাকে। ইহার অঙ্কুর বা কচি

পাতা ডাঁটা যথা নিয়মে ২০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মূত্র যন্ত্র, জননেন্দ্রিয়, গুহ্যদ্বার এবং চর্ম্মের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা উক্ত যন্ত্রাদিকে উত্তেজিত করিয়া উহার স্বাভাবিক নিঃসরণকে পরিবর্ত্তিত এবং উহাকে অম্ল ও ক্ষতকারক গুণ বিশিষ্ট পদার্থে পরিণত করে; উক্ত তরল পদার্থ গুলিকে বিগলনাবস্থায় আনয়ন করিয়া আক্রান্ত অংশগুলিকে বিনাশ করে। চর্ম্ম এবং শ্লৈষ্মিক ঝিল্লীর উপর আঁচিলের স্থায় ফুস্কুড়ী এবং শ্লৈষ্মিক স্রাব্ (Warts and Condylomata) উৎপাদন করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক শক্তি বা গুণ মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অত্যন্ত মানসিক অস্থিরতা এবং অবসন্নতা; সর্ব্বদা কাঁদিবার ইচ্ছা বা স্বভাব (অরাম্, ইগ্নেস্, পাল্স্, ক্রিয়াজ্, রাস্-টক্স্); সকল বিষয়েই অসন্তুষ্টি; চিড়্ চিড়্ করা; এক গোঁয়ামি (ব্রাই, ক্যাম্, নাক্স্-বম্); বাঁচিবার অনিচ্ছা (অরাম্); চিন্তা করিতে অশক্তি; আস্তে আস্তে কথা বলা, যাহার দরুণ মনে হয় যেন উপযুক্ত শব্দ স্মরণ হয় না; কথা বলিতে বা লিখিতে ভুল হয়; কথা বলিতে বা লিখিতে দুই এক শব্দ ছাড়িয়া দেওয়া বা বানানাদিতে ভুল যাওয়া (ডাল্ক্, লাইকোপ্); মানসিক পরিশ্রমে অনিচ্ছা (চায়না, ফস্-আস্, নাক্স্-বম্); সমুদয় বিষয়ই সহজে ভুলিয়া যাওয়া বা স্মরণ শক্তির হ্রাস (আনাকার্ড্, নাক্স্-মস্ক্); মনে হয় যেন পেটের মধ্যে কোন জীবিত বস্তু আছে।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; চক্ষু বুজিলে মাথাঘোরা (ল্যাক্); প্রাতঃকালে মাথা ধরা, যাহার দরুণ কখন কখন মনে হয় যেন গালের মেলার অস্থি (Malar bone) এবং উপরের মাড়ি প্রদেশ ফাটিয়া খণ্ড খণ্ড হইবে; আবার কখন কখন মনে হয় যেন মাথার উপরিভাগে যেন একটী কাঁটা দিয়া হানিতেছে; আবার কখন কখন মনে হয় যেন কপাল ফাটিয়া পড়িয়া যাইবে, বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে যাহার

উপশম হয়; কপাল, কপালের দুই পার্শ্ব এবং মাথার পশ্চাৎ ভাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, রাত্রিতে এবং শয়ন করিয়া থাকিলে যাহার বৃদ্ধি হয়; কপালের দুই পার্শ্ব, কপাল এবং চক্ষুর উপরিভাগে ছিদ্র করা বা সূচী বিঁধানের ন্যায় বেদনা; কপালের বাম পার্শ্বের উচ্চ স্থানে এবং মাথায় ডাইন পার্শ্বে কাঁটা বিঁধাইয়া দেওয়ার ন্যায় যাতনা (আর্ণিকা, আগারিকাশ্, আনাকার্ড, কফিয়া); মাথার চুল কঠিন, শুষ্ক এবং জ্যোতিশূন্য হয় ও পড়িয়া যায়; মাথা অত্যন্ত টাটায়, যাহার দরুণ মাথায় সামান্য স্পর্শনও সহ্য হয় না (একন্, বেল্, চায়না, মার্ক্, নেট্রাম্ মিউর, নাইট্রিক্-আস্)।

চক্ষু। চক্ষুর শ্বেতাংশ প্রদাহযুক্ত এবং রক্তের ন্যায় লালবর্ণ (বেল্); বালি প্রবেশ করিলে যেরূপ হয়, চক্ষের মধ্যে সেরূপ চাপা এবং শুষ্ক বোধ (আর্স্, কষ্ট্, হিপ্-সাল্ফ্); চক্ষু এবং চক্ষুর পাতায় জ্বালা এবং হুল ফুটানের ন্যায় অনুভূত হয় (আর্স্); রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকে (ক্যাল্ক্-কার্ব্ব, গ্রাফ্, লাইকোপ্, সাল্ফ্); একখানি সরুকাপড় বা কুয়াশার মধ্য দিয়া তাকাইলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্সা দেখা (ক্রোকোশ্, কষ্ট্, নেট্রাম্-মিউর, ফস্, পিট্রোল্, সিপিয়া); চক্ষুর সম্মুখে তাড়াতাড়ি পাখীর ডানা ঝাড়ার ন্যায় ধড়্ফড়্ করা; আলোক যেন জোনাকী পোকার ন্যায় দৃষ্ট হয় (আগারিকাশ্, সাইক্লেমেন্, মার্ক্); চক্ষুর আইরিসের প্রদাহ (Iritis) এবং উহার সঙ্গে সঙ্গে আইরিসে শ্লৈষ্মিক স্ফোটক (Condylomata); চক্ষুর মধ্যে বাটিয়া ধরা এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষুর উপর ও উহার চতুষ্পার্শ্বর্ত্তী স্থানে অত্যন্ত উষ্ণানুভব; চক্ষুর পাতার উপর আঁচিলের ন্যায় দানা দানা ফুস্কুড়ী (Granular-lids); চক্ষুর পাতার যোজক ঝিল্লির প্রদাহ (*Conjunctivitis*), রাত্রে ভাল ঘুম না হইলে যাহার বৃদ্ধি হয়; চক্ষুর পাতার উপর ভুষির ন্যায় শুকনা ফুস্কুড়ী; চক্ষুর পাতায় আবের (Tumour) পক্ষে বিশেষ উপকারী।

কর্ণ। কান দিয়া পচা মাংসের গন্ধযুক্ত জলবৎ তরল পূঁয নিঃসরণ।

নাসিকা। নাসারন্ধ্রে বেদনাযুক্ত ক্ষত এবং চুমটি পড়া (আলাম্, অ্যাণ্টি-ক্রুড্, ক্যালী-বাই, পাল্স্); নাকের পাতায় স্ফীতি, উহার কঠি-

নতা এবং উহাতে কসিয়া ধরার ন্যায় বেদনা; নাকের পাতায় লাল চুন্‌কালি বিশিষ্ট ফুস্কুড়ী যাহা হইতে কখন কখন কল্‌তানি পড়ে; নাক দিয়া দুর্গন্ধযুক্ত পূঁৰ সংযুক্ত শ্লেষ্মা নির্গমন (গ্রাফ, হিপ্‌-সাল্‌ফ্‌, নাইট্রিক্‌-আস্‌); শুষ্ক সর্দ্দি, যাহার দরুণ নাসারন্ধ্র শুষ্ক এবং বন্ধ হয়, সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয়; নাকের গোড়ায় অত্যন্ত কষ্টদায়ক চাপা বোধ (একন্‌, ক্যালী-বাই, মার্ক্‌-আয়োড্‌)।

মুখমণ্ডল। মুখমণ্ডল এবং গালের হাড়ে ছিদ্র করা বা খনন করার ন্যায় বেদনা, স্পর্শনে যাহার উপশম হয়; উপরের ওষ্ঠে, ওষ্ঠের কোণের নিকট ঝাকি লাগার ন্যায় অনুভূত হয়; মুখ মণ্ডলে মধ্যে মধ্যে দম্‌কা উষ্ণানুভব।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁত কাল্‌চে হরিদ্রা বর্ণ এবং উহাতে টাটানি (আয়োড্‌); জিহ্বায় ক্ষত এবং ফোস্কা (নাইট্রিক্‌-আস্‌); জিহ্বা স্ফীত এবং উহাতে জ্বালা এবং টাটানি; জিহ্বার অগ্রভাগ স্পর্শনে অত্যন্ত বেদনাযুক্ত হয় বা টাটায়; জিহ্বার নীচে ফোড়ার ন্যায় নীলবর্ণের স্ফীতি এবং উহার চতুস্পার্শ্ববর্ত্তী স্থানের শিরার স্ফীতি ও বিস্তৃতি; মুখের মধ্যে ঘা বা ক্ষত; পুড়িলে যেরূপ হয়, মুখের মধ্যে সেরূপ অনুভূত হয় (আইরিস্‌, পাল্‌স্‌,-সাঙ্গুনেরিয়া, সাল্‌ফ্‌-আস্‌); গলার মধ্যে চট্‌চটিয়া আঠা শ্লেষ্মার সঞ্চার যাহা অতি কষ্টে নির্গত হয় (আলাম্‌, আমন্‌-কার্ব্ব, ক্যালী-বাই); গলার মধ্য শুষ্ক এবং খশ্‌খশে।

পাকস্থলী এবং উদর। ক্ষুধাশূন্যতা; উদগার উঠা, পিপাসার অত্যন্ত বৃদ্ধি, বিশেষতঃ রাত্রিতে; পাকস্থলীতে কঠিন বোধ। উদরের পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয়; উদর বৰ্দ্ধিত এবং স্ফীত; গর্ভাবস্থায় ভ্রূণ হাত পা বিস্তৃত করিলে যেরূপ হয়, উদরের স্থানে স্থানে সেরূপ উচু হওয়ার ন্যায় দৃষ্ট হয়; উদরের মধ্যে কোন জীবিত পদার্থ নড়িতেছে এরূপ অনুভূত হয়, কিন্তু উহার দরুণ কোন যাতনাদি অনুভূত হয় না (ক্রোকাশ্‌); আহারের পর উদর অত্যন্ত বড় হয় (চায়না, নাক্স্‌-বম্‌); উদর দূষিত বায়ু দ্বারা স্ফীত এবং বিস্তৃত হয়; উদরের মধ্যে গড়্‌ গড়্‌, কল কল শব্দ হয় এবং উদরের মধ্যে যেন কোন জন্তু ডাকিতেছে এরূপ

অনুভূত হয় (কলোস্); কুঁচ্কির গ্রন্থির স্ফীতি এবং উহাতে অত্যন্ত বেদনা (ক্যাল্ক্-কার্ব্, ক্লিমেটিস্, নাইট্রিক্-আস্, রাস্-টক্স্)।

মল এবং মলদ্বার। গুহ্যদ্বারে শ্লৈষ্মিকস্ফোটক (Condylomata); মলত্যাগের সময় গুহ্য দ্বারের কষ্টদায়ক সঙ্কোচন; গুহ্যদ্বারে ক্ষত ও তদ্দরুণ জ্বালা এবং স্পর্শনে উহাতে অত্যন্ত টাটানি (সাল্ফ্); অর্শরোগ এবং তদ্দরুণ গুহ্যদ্বারে বলী যাহা সামান্য স্পর্শনেই অত্যন্ত টাটায়; গুহ্যদ্বারে অত্যন্ত কষ্টকর সূচীবিঁধানের ন্যায় বেদনা; হিমারয়েডেল্ শিরাকে (Hæmorrhoidal vessels) চাপিয়া ধরার ন্যায় যাতনা বা জ্বালানুভব; গুহ্যদ্বারে চুলকানি (সাল্ফ্, নাক্স্-বম্, সাইলিসি, সিপিয়া); প্রত্যহ প্রাতঃকালে উদরাময় (আলোজ্, রুমেক্স্, সাল্ফ্); প্রাতঃকালে, প্রথম আহারের পর, উদরাময়; দাস্তের সময় কখন কখন পেটে বেদনা থাকে এবং কখন বা বেদনা থাকে না; মল উজ্জ্বল হরিদ্রা বর্ণ (চেলিডন্), জলবৎ তরল যাহা অতি বেগে গুহ্যদ্বার দিয়া নির্গত হয় (ক্রোটন্, গ্রাটিওলা) এবং মলত্যাগের সময় অত্যন্ত প্রবল শব্দে দূষিতবায়ু নিঃসরণ (আলোজ্); পিপার ক্ষুদ্র ছিদ্র দিয়া জল নির্গত হইলে যেরূপ হয়, মলত্যাগের সময় সেরূপ শব্দ হওয়া; কোষ্ঠবদ্ধ (আলাম্, ব্রাই, নাক্স্-বম্, ওপিয়াম্, ফস্, সাল্ফ্)।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্র ত্যাগের ইচ্ছা এবং প্রচুর পরিমাণে মূত্র ত্যাগ, মূত্রত্যাগের পর মনে হয় যেন আরো কয়েক ফোঁটা মূত্র মূত্রনালী দিয়া বহিয়া পড়িতেছে; মূত্র নির্গমনের সময় মূত্রনালীতে জ্বালানুভব (আর্স্, কোনায়াম্, নেট্রাম্-কার্ব্); মূত্র পরিমাণে অল্প, কাল্চে; মূত্র পরিমাণে অধিক এবং জলবৎ; প্রমেহ রোগ এবং তদ্দরুণ শ্লেষ্মা দ্বারা মূত্র নালীর মুখ বদ্ধ হইয়া থাকা; মূত্রনালী দিয়া হরিদ্রার আভাযুক্ত ক্লেদ নিঃসরণ (হাইড্রাষ্ট্, মার্ক্)।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গের মাথার (Glans penis) আবরক চর্ম্মের উপর (Prepuce) আঁচিলের ন্যায় আর্দ্র ফুস্কুড়ী (নাইট্রিক্-আস্, ষ্টাফিস্); প্রিপাসের স্ফীতি; গ্লান্স্ এবং প্রিপাসের চুলকানি (সাল্ফ্); রাত্রিতে পুরুষাঙ্গ খাড়া হয় এবং তদ্দরুণ অত্যন্ত কষ্টানুভূত হয়; ধাতু নিঃসরণ; জন-

মেঢ্রিয়, বিশেষতঃ অণ্ডকোষাধারে এবং গুহ্য দ্বার ও অণ্ডকোষাধারের মধ্যবর্ত্তী স্থানে (Perineum) প্রচুর ঘর্ম্ম (সাইলিসি, সালফ্); পুরুষাঙ্গে গরমীর ঘা এবং তদ্দরুণ মনে হয় যেন পুরুষাঙ্গে একখানি চোঁচ বিঁধিয়া রহিয়াছে; প্রমেহ রোগের ক্লেদ নিঃসরণ বন্ধ হওয়ার দরুণ সন্ধিবাত; প্রষ্টেট্ গ্রন্থির প্রদাহ (Prostatitis); পুরুষাঙ্গে আঁচিলের ন্যায় ফুস্কুড়ী; ধ্বজভঙ্গ। স্ত্রীলোকের যোনি দ্বারাদিতে আঁচিলের ন্যায় ফুস্কুড়ী হইয়া উহা হইতে কল্তানি, রক্ত এবং দুর্গন্ধযুক্ত ক্লেদ নিঃসরণ (নাইট্রিক্-অ্যাসি); যোনি, যোনি দ্বারাদিতে কামড়াণী এবং চুলকানি; শ্বেতপ্রদর এবং তদ্দরুণ যোনিদ্বার দিয়া শ্লেষ্মার ন্যায় ক্লেদ নিঃসরণ; বাম ডিম্বকোষ প্রদাহযুক্ত যাহা প্রত্যেকবার রজঃস্রাবের সময় বৃদ্ধি হয়; ডিম্বকোষে অত্যন্ত কষ্ট-দায়ক জ্বালা এবং বেদনা যাহা চলিয়া বেড়াইলে বৃদ্ধি হয় এবং যাহার দরুণ রোগী শয়ন করিয়া থাকিতে বাধ্য হয়; যোনি, যোনিদ্বার এবং জরায়ু ইত্যাদিতে খাড়া আকারের স্ফোটক বা আব (Tumour) এবং উহাতে জ্বালানুভব; গর্ভসঞ্চারের তৃতীয় মাসে গর্ভস্রাব।

শ্বাস যন্ত্র। শ্বাস প্রশ্বাস ঘন ঘন; হাঁপানি কাশি (আর্স্); আহারের পরই কাশি।

হৃৎপিণ্ড। স্পষ্টতঃ হৃৎস্পন্দন দেখিতে পাওয়া যায় (মোনয়েন্, স্পাইজেল্), কিন্তু উহার দরুণ রোগীর কোন বিশেষ উদ্বেগ হয় না।

পৃষ্ঠদেশ। বসিয়া থাকিলে কোমরের পশ্চাৎদেশের ঠিক নিম্নভাগ, গুহ্য দ্বারের উপরিভাগের হাড় এবং ঊরুদেশে বেদনা; অনেকক্ষণ বসিয়া থাকা বা সোজা হইয়া দাঁড়াইয়া থাকিতে অশক্তি; মেরুদণ্ড বাঁকা হয়, যাহার দরুণ রোগী সম্মুখদিকে বাঁকিয়া দাঁড়ায়; উদর উঁচু হয়।

অঙ্গ প্রত্যঙ্গ। নখ বাঁকান এবং আবড়্ খাবড়্ (অ্যান্টি-ক্রুড্); নখ মট্কা বা কোমল; নখ বাঁকা হইয়া পড়ে (নেট্রাম্-মিউর, সাল্ফ্); হাত এবং পায়ের পাতা কাঁপে। উভয় কুঁচ্কির সন্ধি যেন শিথিল হয়, যাহার দরুণ চলিতে কষ্ট অনুভূত হয়; পায়ের পাতায় ঘর্ম্ম (নাইট্রিক্-অ্যাসি, সিপিয়া, সাইলিসি, সাল্ফ্)।

চর্ম্ম। শরীরের নানা স্থানে, বিশেষতঃ হাত এবং জননেন্দ্রিয়ে,

আঁচলের স্থায় ফুস্কুড়ী (নাইট্রিক্-আস্, ফস্-অস্, ষ্টাফিস্); শরীরের নানা স্থানে অত্যন্ত চুলকানি।

নিদ্রা। অনিবার্য্য নিদ্রাশূন্যতা (সিমিসিফ্, কফিয়া); বাম পার্শ্বে শয়ন করিলে অত্যন্ত উদ্বেগ উৎপাদক এবং অত্যন্ত কষ্টদায়ক স্বপ্ন দেখা।

ঘর্ম্ম। রাত্রিতে প্রচুর পরিমাণে হরিদ্রা বর্ণের ঘর্ম্ম, যাহার দরুণ মনে হয় যেন বিছানার চাদর তৈলে ভিজান হইয়াছে।

ব্যবহার। শরীরের স্থানে স্থানে শ্লৈষ্মিক স্ফোটক (Condylomata); গায় গরমীর ব্যারাম জনিত দাদের স্থায় ফুস্কুড়ী; পুরুষাঙ্গ এবং যোনি দ্বারে অনিবার্য্য গরমীর ঘা; প্রমেহ রোগ; আঁচিল; জিহ্বার নীচে স্ফীতি; মুখে ঘা; মুখমণ্ডলের বেদনা বা স্নায়ুশূল; হাঁপানি কাশি; ইংরেজী টিকা দেওয়ার দরুণ অসুখ (সাইলিসি) ইত্যাদি অসুখে থুজা ব্যবস্থা।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শরীরের উর্দ্ধাংশের নানা স্থানে ঝাকি লাগা; আক্রান্ত স্থান শীর্ণ হয় এবং উহাতে স্পর্শ জ্ঞান থাকে না; সন্ধিতে শোথ; লসিকাধিক্য ধাতুতে (Lymphatic temperament) বিশেষ উপকারী; প্রাতঃকালে এবং পূর্ব্বাহ্নে, অপরাহ্ন ৩টার পর, বিশ্রাম কালীন, বিছানার উষ্ণতাতে, মদ্যপানে, তামাক খাইলে অসুখের বৃদ্ধি এবং বহির্ব্বায়ু ও উত্তাপে অসুখের উপশম ইত্যাদি থুজার কতক গুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। জননেন্দ্রিয় এবং মূত্র যন্ত্রের উপর থুজার কার্য্যের সঙ্গে ক্যানাবিস্ সাটাইবা, ক্যান্থারিস্, কোপেইবা, মার্কিউরিয়াস্, পিট্রোসেলিনাম্ এবং পাল্সেটিলার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। আঁচিলের স্থায় ফুস্কুড়ীর উপর ইহার কার্য্যের সঙ্গে নাইট্রিক্ আসিডের কার্য্যের অনেকটা সাদৃশ্য আছে। এতভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে ষ্টাফিসেগ্রিয়া এবং সাল্ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যামোমিলা, ক্যাম্ফার, মার্কিউরিয়াস্, পাল্সেটিলা, সাল্ফার।

ডাইলুশন বিচার। ১ম হইতে ৩০ পর্য্যন্ত সমুদয় ডাইলুশনই ব্যবহৃত হইয়া থাকে। ৩য় এবং ৬ষ্ঠ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া

থাকে। লেখক ৬ এবং ১২ ডাইলুশনই অধিক ব্যবহার করিয়া থাকেন। ইহার ২০০ ডাইলুশন ব্যবহার করিয়া চক্ষুর পাতার মধ্যদেশ এবং যোজক ঝিল্লীর উপর গরমীর ব্যারাম জনিত শ্লৈষ্মিক স্ফোটকের (Mucous tubercles) ৩।৪টী রোগীর চিকিৎসায় বিশেষ ফল পাওয়া গিয়াছে। থুজার মূল আরোক একটী তুলিতে লইয়া আঁচিলে লাগাইলে আঁচিল মরিয়া বা চুপ্সিয়া যাইতে দেখা যায়। পুরুষ বা স্ত্রী জননেন্দ্রিয়ে উক্ত প্রকারের শ্লৈষ্মিক স্ফোটক বা আঁচিল হইলে উক্ত প্রকারে মূল আরোকের বাহ্য প্রয়োগ দ্বারা বিশেষ উপকার দর্শিতে দেখা যায়।

বিরেট্রাম্ বিরাইড্,—বিরেট্-বির্

(VERATRUM VIRIDE,—VER. VIR.)

আমেরিকার কাদা বিশিষ্ট এবং ভিজা ভূমিতে এই গাছ জন্মে। ইহার শুকনা মূল প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার, বিশেষতঃ নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর (Pneumogastric nerve) উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুর উৎপত্তি স্থান, গতি উৎপাদনের সহায়কারী স্নায়ু এবং রক্তসঞ্চালনের সহায়কারী সমুদয় যন্ত্রের পক্ষাঘাত হইয়া মস্তিষ্ক ও অন্যান্য যন্ত্রে অত্যন্ত রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং তদ্দরুণ প্রদাহ হয়। যে সকল যন্ত্র নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর (Pneumogastric nerve) কার্য্যাধীন, (যথা ফুস্ফুস এবং পাকস্থলী) সে সকল যন্ত্রই উক্ত প্রকারে আক্রান্ত হইয়া থাকে। বেলাডোনা এবং এই শ্রেণীর অন্যান্য ঔষধ মস্তিষ্কে যে প্রকারের রক্তাধিক্য বা রক্তাবরোধ উৎপাদন করিয়া মস্তিষ্কে প্রদাহ উৎপাদন করে, বিরেট্রাম্ বিরাইড্ সেরূপ না করিয়া স্নায়ুমণ্ডলীর পক্ষাঘাত উৎপাদন করিয়া মস্তিষ্কের উক্ত প্রকার অবস্থা আনয়ন করে। ইহা গতিশক্তি উৎপাদনের সহায়কারী স্নায়ুগুলির দুর্ব্বলতা বা বলক্ষয় উৎপাদন করিয়া আক্ষেপ উৎপাদন করার দরুণ শরীরের

নানা স্থানে কোরিয়ার (Chorea) ন্যায় খেঁচনীর উদ্রেক হইয়া থাকে। হৃৎপিণ্ড এবং রক্ত-সঞ্চালনের সহায়কারী যন্ত্রের উপর ইহার কার্য্য অতি প্রবল হওয়ার দরুণ হৃৎপিণ্ডের উচ্চ শব্দ বিশিষ্ট প্রবল স্পন্দন ও নাড়ী দ্রুতগামী হয় এবং শ্বাস প্রশ্বাস মৃদু মৃদু ও বিলম্বে বিলম্বে বহিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা ঝগড়া করার স্বভাব এবং প্রলাপ বলা; মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ হেতু উন্মত্ততা (বেল্)।

মস্তক। মাথাধরা এবং উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা; মাথায় বেদনা যাহা ঘাড় হইতে আরম্ভ হয় (সাঙ্গুনেরিয়া); মাথায় পূর্ণ এবং ভারি বোধ; মাথায় অতিরিক্ত পরিমাণে রক্তাধিক্য বা রক্তাবরোধ (একন্, বেল্); মাথার সম্মুখভাগে অত্যন্ত বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমন (আইরিস্); মস্তিষ্কের আবরক ঝিল্লী প্রদাহ; প্রবল জ্বর; মাথায় প্রবল রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং তৎপর মাথা বারম্বার এদিক ওদিক ঘুরাণ; বমন; অথবা মুখমণ্ডল রুগ্ন এবং শীতল; নাড়ী মৃদুগতি বিশিষ্ট এবং শ্বাস কষ্ট।

চক্ষু। চক্ষুর তারা বিকৃত (এইলান্থ্, বেল্, সিকুটা, ওপিয়াম্, ষ্ট্রামন্); চক্ষে কম দেখা, বসা অবস্থা হইতে দাঁড়াইলে বা দাঁড়াইবার চেষ্টা করিলে বা চলিয়া বেড়াইলে যাহা অধিক অনুভূত হয়; কোন বস্তুর দিকে অনেকক্ষণ তাকাইয়া থাকিলে উক্ত বস্তু ভাল দেখিতে পাওয়া যায় না।

মুখমণ্ডল। মুখমণ্ডল আরক্ত এবং টলটলে (বেল্, ব্যাপ্‌ট্), শিটা, শীতল, নীলের আভাযুক্ত এবং শীতল ঘর্ম্মদ্বারা আবৃত (বিরেট্-আল ব্); মুখমণ্ডলের পেশীর আক্ষেপিক স্পন্দন (আগারিকাশ্, সিকুটা, ইগ্‌নেস্, নাক্স-বম্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখগহ্বর এবং ওষ্ঠ শুষ্ক; মুখে গাঢ় শ্লেষ্মার সঞ্চার; ছাল উঠিয়া গেলে যেরূপ হয়, জিহ্বায় সেরূপ অনুভূত হয় (কলোস্, আইরিস্, প্লাটিনা, সাঙ্গুনেরিয়া, সাল্‌ফ-আস্); জিহ্বা হরিদ্রা বর্ণ এবং উহার মধ্যদেশে লাল দাগ পড়ে। মুখ গহ্বরের পশ্চাৎভাগে

এবং আহারবহা গলনালীতে জ্বালা ও তজ্জন্য অনবরত ঢোক গিলিবার ইচ্ছা; আহারবহা গলনালীর আক্ষেপ এবং উহার সঙ্গে সঙ্গে কখন কখন গলা দিয়া ফেণাযুক্ত রক্ত মিশ্রিত শ্লেষ্মা নির্গত হয়, কখন-বা শ্লেষ্মা নির্গত হয় না।

পাকস্থলী এবং উদর। প্রায় অনবরতই কষ্টদায়ক হিক্কা (সিকুটা, হায়োস্, ইগ্‌নেস্, সাল্‌ফ্-আস্); প্রবল বমনোদ্বেগ এবং বমন ও উহার সঙ্গে সঙ্গে শীতল ঘর্ম্ম (বিরেট্-আল্‌ব্, টেবেকাম্); সামান্য পরিমাণে আহার বা পানীয় দ্রব্য উদরস্থ হইলেই বমন দ্বারা উঠিয়া পড়ে; পাকস্থলীর নিম্নদেশে অত্যন্ত কষ্টদায়ক প্রবল বেদনা; পাকস্থলীতে মোচড়ান বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা। নাভির ডাইনদিকে বেদনা যাহা কুঁচ্‌কি পর্য্যন্ত বিস্তৃত হয়; বস্তিকোটরের উপরিভাগে আড়াআড়ি বেদনা এবং টাটানি; অন্ত্র প্রদাহ (Enteritis) এবং উহার সঙ্গে সঙ্গে প্রবল জ্বর এবং রক্তবহা নালীর অতিরিক্ত উত্তেজনা, বমন এবং কাল্‌চে রক্ত ভেদ।

মল। *আন্ত্রিক জ্বর বা জ্বরবিকারে কাল্‌চে রক্ত ভেদ, রাত্রিতে এবং প্রাতঃকালে যাহা অধিক হয়।*

স্ত্রী জননেন্দ্রিয়। রজঃস্রাব জনিত অসুখ এবং উহার সঙ্গে সঙ্গে মস্তিষ্কে অত্যন্ত রক্তাধিক্য (বেল্); স্ত্রীলোকের সন্তান প্রসবের পর উন্মত্ততা (বেল্, হায়োস্, প্লাটিনা, ষ্ট্রামন্); আক্ষেপ বা কন্‌ভাল্‌সন্স্।

শ্বাস যন্ত্র। শ্বাস প্রশ্বাস কষ্টকর, মৃদু এবং অত্যন্ত চেষ্টাসাধ্য (এই ঔষধ সেবনে শ্বাস প্রশ্বাস প্রতি মিনিটে ৪৯ হইতে ১৬ বারে নামে); বুকে কষ্টানুভব; বুকে রক্তাধিক্য বা রক্তাবরোধ (একন্)।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপ্রদেশে অনবরত জ্বালাযুক্ত ঘুশ্‌ঘুশে বেদনা; হৃৎপিণ্ড উচ্চ শব্দে এবং প্রবলবেগে স্পন্দন করে ও উহার সঙ্গে সঙ্গে রক্ত সঞ্চালনের অত্যন্ত উত্তেজনা (একন্, বেল্)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় এবং স্কন্ধে অত্যন্ত কন্‌কনানি।

অঙ্গ প্রত্যঙ্গ। পা, হাত এবং পায়ের আঙ্গুলে খিল ধরা; অঙ্গ প্রত্যঙ্গে গ্যাল্‌ভানিক্ ব্যাটারী নামক যন্ত্রের ধাক্কার ন্যায় ধাক্কা লাগা।

চর্ম্ম। গায় চুলকুনি; হামজ্বর, আরক্ত জ্বরের ফুস্কুড়ী, বসন্ত এবং

উহার সঙ্গে সঙ্গে প্রবল জ্বর এবং ধমনির অতিরিক্ত উত্তেজনা ও কথন কথন কুস্কুড়ী প্রকাশ পাইবার পূর্ব্বে আক্ষেপ (Convulsions) হয়।

জ্বর। শীতবোধ এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; সমুদয় শরীর শীতল; মুখমণ্ডল, হাত এবং পায়ের পাতায় শীতল ঘর্ম্ম (আর্স, ক্যাম্ফার, টেবেকাম্, বিরেট্রাম্ আল্বাম্); জ্বর এবং উহার সঙ্গে সঙ্গে নাড়ী পূর্ণ, কঠিন এবং দ্রুতগামী (একন্, বেল্); উত্তেজনা জনিত জ্বর এবং উহার সঙ্গে সঙ্গে মস্তিকে রক্তাধিক্য বা রক্তাবরোধ ও তদ্দরুণ আক্ষেপ (শিশু বা ছোট বালক বালিকাগণের); প্রচুর ঘর্ম্ম এবং তদ্দরুণ অত্যন্ত দুর্ব্বলতা বা বলক্ষয় (ফস্)।

ব্যবহার। স্ফোটিক, হাম, বসন্ত ইত্যাদি এবং অন্যান্য প্রকারের জ্বর যাহাতে ধমনির অত্যন্ত উত্তেজনা থাকে; ফুস্ফুস প্রদাহ; ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ; রক্তাধিক্য, রক্তাবরোধ, মস্তিকের নিম্নভাগ, বুক, মেরুদণ্ড এবং পাকস্থলীতে যাহা অধিক হয়; কোরিয়া (Chorea); আক্ষেপ বা কন্বালসন্স্; সুতিকাবস্থায় আক্ষেপ; মৃগীর আক্ষেপ; মস্তিক এবং কশেরুকা মজ্জাবরক ঝিল্লী প্রদাহ; সূতিকাবস্থায় উন্মত্ততা; পক্ষাঘাত; বাতরোগ; হৃৎপিণ্ডের প্রদাহ; হৃদাহ্যাবরক ঝিল্লী প্রদাহ; পাকস্থলী প্রদাহ; পাকস্থলীতে বেদনা ইত্যাদি অসুখে বিরেট্রাম্ বিরাইড্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। মুখমণ্ডল, গ্রীবা, হাত এবং পায়ের আঙ্গুলের আক্ষেপিক স্পন্দন এবং বিকৃতি; কোরিয়া (আগারিকাশ্, সিকুটা, ইগ্নেস্, নাক্স্-বম্); দুর্ব্বলকারক উদরাময়ের দরুণ রক্তাল্পতা জনিত আক্ষেপ; ভয় খাইলে যেরূপ হয়, রোগীর (শিশু) শরীর সেরূপ কাঁপে, যাহার দরুণ মনে হয় যেন তাহার আক্ষেপ হইবে; পক্ষাঘাত; অঙ্গ প্রত্যঙ্গে টন্টনানি; মস্তিষ্কে রক্তাধিক্যের ধাতু; মস্তিকের নিম্নভাগ, বুক, মেরুদণ্ড এবং পাকস্থলীতে রক্তাধিক্য বা রক্তাবরোধ; শোথ এবং উহার সঙ্গে সঙ্গে জ্বর; বসা অবস্থা হইতে দাঁড়াইলে, চলিয়া বেড়াইলে, সন্ধ্যার সময় এবং নড়াচড়াতে অসুখের বৃদ্ধি ইত্যাদি বিরেট্রাম্ বিরাইডের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। বিরেট্রাম্ বিরাইডের কার্য্যের সঙ্গে

একোনাইট্, আণ্টিমোনিয়াম্ টার্টারিকাম্, বেলাডোনা, ডিজিটালিস্, জেলসিমিয়াম্, হেলিবোরাম্, টেবেকাম্ এবং বিরেট্রাম্ আঘাতের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ১ম দশমিক ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন চিকিৎসক ইহার ৩য় এবং ৬ষ্ঠ ডাইলুশনও ব্যবহার করিয়া থাকেন। বিসর্প, বসন্ত এবং সামান্য প্রকারের রক্তাধিক্য এবং প্রদাহে ইহার অমিশ্র মূল আরোক, বা মূল আরোক জলে মিশাইয়া লোশন (Lotion) প্রস্তুত করিয়া আক্রান্ত স্থানে লাগাইলে প্রদাহাদির অনেক হ্রাস হয় এবং ইহা দ্বারা প্রদাহাদি একেবারে সারিয়াও যাইতে পারে।

জিঙ্কাম্ মেটেলিকাম্,—জিঙ্ক্-মেট্

(ZINCUM METALLICUM,—ZINC. MET.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনত জিঙ্কের পরিষ্কৃত গুঁড়া ক্রয় করিয়া উহাতে যথা নিয়মে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ৩য় শততমিক ক্রম পর্য্যন্ত ইহার গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ৩য় শততমিক ক্রমের গুঁড়া হইতে যথা নিয়মে ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ মস্তিষ্ক, মেডালা অব্লঙ্গেটা (Medulla Oblongata) এবং কসেরুকা মজ্জা উত্তেজিত হইয়া মস্তিষ্কের অবসন্নতা এবং স্নায়ুর উৎপত্তি স্থানের দুর্ব্বলতা উৎপাদন করে। মস্তিষ্কের দুর্ব্বলতার পক্ষেই হোমিওপ্যাথিক মতে জিঙ্কাম্ বিশেষ উপকারী। স্ত্রীলোকের মৃত্তিকাপাণ্ডু (Chlorosis) রোগে যেরূপ হয়, এই ঔষধেও রক্তের সেরূপ অবস্থা উৎপাদন করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। স্মরণশক্তির দুর্ব্বলতা, (আনাকার্ড্, ক্রিয়াজ্, ল্যাক্, নাক্স্-মস্, মার্ক্); দিনের বেলা যাহা করা যায়, উহার সমুদয়ই ভুলিয়া যাওয়া; সর্ব্বদা

বক্ বক্ করা, হতাশের ভাব, বিশেষতঃ সন্ধ্যার সময় ; সহজেই রাগান্বিত হওয়া ; বিরক্ত হইয়া দীর্ঘ নিশ্বাস ত্যাগ ; মানসিক চিন্তা কষ্ট সাধ্য (জেল্‌স্, নাক্স্-বম্, ফস্-আস্, থুজা) ; বিবেচনা শক্তির বিনাশ এবং অর্দ্ধচেতনার ন্যায় নিদ্রার ভাব (ওপিয়াম্, নাক্স্-মস্) ; কার্য্য কর্ম্ম করিতে অনিচ্ছা ।

মস্তক । মাথা ঘোরা এবং তদ্দরুণ চলিবার সময় বাম দিকে টলিয়া পড়া ; বারম্বার মাথাঘোরা, যাহার আক্রমণের পূর্ব্বে নাসিকার গোড়ায় প্রবল আকারের চাপাবোধ এবং একগাছি সূতা দ্বারা কসিয়া বাঁধিলে যেরূপ হয়, দুই চক্ষু সেরূপ কসিয়া বাঁধার ন্যায় অনুভূত হইয়া উহার পরক্ষণই অত্যন্ত বমনোদ্বেগ, মূর্চ্ছারভাব এবং হস্তের কম্পন ; নাকের গোড়ায় চাপাবোধ, যাহার দরুণ মনে হয় যেন নাক চাপিয়া মাথার মধ্যে আনিবে (ক্যালী-বাই) ; সন্ধ্যার সময় কপালের কোন এক নির্দ্দিষ্ট ক্ষুদ্রাংশে চাপাবোধ ; একপেশে (আধ্ কপালিয়া) মাথা ধরা (Hemicrania), মধ্যাহ্নে আহারের পর যাহার বৃদ্ধি হয় ; মাথায় ছিঁড়িয়া ফেলা বা হুল ফুটানের ন্যায় বেদনা ; সামান্য পরিমাণে মদ্য পান করিলেই মাথা ধরা (নাক্স্-বম্, রডো-ডেণ্ড্রন্) ; মাথার তালুতে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় চাপাযুক্ত বেদনা ; ছাল উঠিয়া ক্ষত হইলে যেরূপ হয়, স্পর্শ করিলেই মাথার উপরিভাগে সেরূপ টাটানি বা চড়্‌চড়ানি, সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয় ; মাথার তালুর চুল পড়িয়া যাইয়া তালু খালি হয় (ব্যারাইটা-কার্ব্) এবং উহার সঙ্গে সঙ্গে মাথার হাড়ে টাটানি ।

চক্ষু । চক্ষুর যোজক ঝিল্লীর প্রদাহ (Conjunctivitis) এবং উহা লালবর্ণ যাহা নাকের নিকটবর্ত্তী কোণেই অধিক হয় ; বালির কণা প্রবেশ করিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ যাতনা যাহা সন্ধ্যার সময় এবং রাত্রে বৃদ্ধি হয় এবং উহার সঙ্গে চক্ষু দিয়া জল পড়া (আর্স্, কষ্ট্, পাল্‌স্) ; প্রাতঃকালে এবং সন্ধ্যার সময় চক্ষু ও চক্ষুর পাতায় জ্বালানুভব এবং উহার সঙ্গে সঙ্গে উহাতে শুষ্ক ও চাপাবোধ (আলাম্, আর্স্, সাল্‌ফ্) ; শৈশবাবস্থায় চক্ষু প্রদাহের পর চক্ষুর পাতায় দানার ন্যায় ফুস্কুড়ী (Granular lids) ; চক্ষে, প্রধানতঃ ডাইন চক্ষে, চুলকানি, কামড়ানী এবং সুড়্‌সুড়ী ; চক্ষুর নাকের নিকটবর্ত্তী কোণে চুলকানি, সূচীবিঁধানের ন্যায় বেদনা এবং সুড়্‌সুড়ী ও

উহার সঙ্গে সঙ্গে চক্ষে ঝাপ্‌সা দেখা; চক্ষুর উপরের পাতার পক্ষাঘাতের ন্যায় ভারিবোধ (কষ্ট্, জেল্‌স্); রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকা (কষ্ট্, গ্রাফ্, লাইকোপ্, মার্ক্, রাস্‌টক্স্, পাল্‌স্, সাল্‌ফ্) এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে চাপাবোধ এবং টাটানি; চক্ষুর নাকের নিকটবর্ত্তী কোণের মধ্যদেশে পর্দ্দার ন্যায় কুকুড়ী বা কীতি (Pterygium); চক্ষে আলোক সহ্য না হওয়া (Photophobia) (একন্, বেল্, মার্ক্, সাইলিসি, সাল্‌ফ্)।

কর্ণ। ডাইন কর্ণের মধ্যে পটহের (Tympanum) নিকটবর্ত্তী স্থানে শূচী বিধানের ন্যায় অত্যন্ত যাতনা; কর্ণশূল, বিশেষতঃ শিশু বা ছোট বালক বালিকাগণের (পাল্‌স্)।

নাসিকা। নাকের মধ্যে জ্বালা এবং টাটানি; নাক বন্ধ হইয়া থাকে (নাক্স্-বম্, সাইলিসি)।

মুখমণ্ডল। মুখমণ্ডল পর্য্যায়ক্রমে লাল এবং পিটা হয় (একন্); মুখমণ্ডলের হাড়ে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা বা টাটানি; ওষ্ঠ শুষ্ক এবং ফাটাযুক্ত (আর্স্, ব্রাই)।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁতের গোড়ায় কষিয়া ধরা, ছিঁড়িয়া ফেলার ন্যায়, দপ্‌দপিয়া বেদনা; সামান্য স্পর্শ করিলে বা চাপিলেই মাড়ি দিয়া রক্ত পড়ে (কার্ব্বো-বেজ্, মার্ক্, নাইট্রিক্-আস্, ফস্); মুখে প্রচুর লালের সঞ্চার এবং উহার সঙ্গে সঙ্গে গালের মধ্যে হাযা দেওয়ার ন্যায় শুড়্‌শুড়ী। গলার মধ্যে শুষ্কানুভব এবং গলার মধ্যের পশ্চাৎ দেশে শ্লেষ্মার সঞ্চার; গলার মধ্যে ক্ষত, বেদনা এবং টাটানি; গলার মধ্যে ছিঁড়িয়া ফেলা এবং কষিয়া ধরার ন্যায় বেদনা, যাহা গলার মধ্যের পশ্চাৎদিকেই অধিক অনুভূত হয় এবং যাহা কোন দ্রব্য গিলিবার সময় অধিক অনুভূত হয়, কিন্তু ঢোক গিলিতে বিশেষ অনুভূত হয় না।

পাকস্থলী এবং উদর। মুখে লোনতা স্বাদ (নেট্রাম্-মিউর, মার্ক্); দুষ্ট ক্ষুধা যাহা কোন মতেই নিবারণ করা যায় না (ব্রাই, ক্যেল্কা, আয়োড্, লাইকোপ্); ক্ষুধা শূন্যতা (আলাম্, আর্স্); পিপাসা এবং উহার সঙ্গে সঙ্গে হাতের তালুতে জ্বালানুভব; টক বা কাঠ উদ্‌গার (কার্ব্বো-বেজ্, ফস্, নাক্স্-বম্); মিষ্টদ্রব্য খাইলে বুক জ্বালা; বমনোদ্বেগ এবং বমন

(অ্যান্টি-টার্ট, ইপিকাক্, লোবিলিয়া); কাঠবমী হইতে হইতে গলা দিয়া রক্ত মিশ্রিত শ্লেষ্মা নির্গমন; পাকস্থলী হইতে গলার মধ্য পর্য্যন্ত যেন কৃমি বেড়াইতেছে এরূপ অনুভূত হয়, যাহার দরুণ কাশির উদ্রেক হয়; পাকস্থলী এবং উদরোর্দ্ধ প্রদেশে জ্বালানুভব (আর্স, ক্যাম্ফ., আইরিস্)। আহারের পর উদরের দুই পার্শ্বে খিল ধরার ন্যায় বেদনা এবং শ্বাস কষ্ট; উদরের ডাইন পার্শ্বে ঘাটিয়া ধরা (আর্স, ব্রাই, চায়না, মার্ক, সাল্ফ); উদর পূর্ণ, স্ফীত এবং বিস্তৃত; আহারের পর উদরে চাপাবোধ এবং কসিয়া ধরা (কার্ব্বো-বেজ, চায়না, নাক্স্ বম্); অন্ত্রে অধিক পরিমাণে দূষিত বায়ুর সঞ্চার হেতু শূলবেদনা, সন্ধ্যার সময়ই যাহার অধিক উদ্রেক হয়; উদরের মধ্যে গড় গড়, কল কল শব্দ হওয়া বা পেট গুলিয়ে উঠা (আলোজ, লাইকোপ, সাল্ফ); গুহ্যদ্বার দিয়া বারম্বার উক্ত দুর্গন্ধ-যুক্ত দূষিত বায়ু নিঃসরণ (আলোজ, ব্রাই); উদরে ছুরী দিয়া হানার ন্যায় প্রবল বেদনা।

মল এবং মলদ্বার। গুহ্যদ্বারে জ্বালা এবং চুলকানি (সাল্ফ); কৃমি থাকিলে যেরূপ হয়, গুহ্যদ্বারে সেরূপ হামা দেওয়ার ন্যায় সুড়সুড়ী (সিপিয়া, স্পাইজেল); অনিবার্য্য কোষ্ঠবদ্ধ; মল সরু কঠিন শুষ্ক ডাঙ্গা, নেড় (আমন্-মিউর, নেট্রাম্-মিউর) যাহা অতি কষ্টে নির্গত হয় বা সজোরে বেগ না দিলে নির্গত হয় না; কোষ্ঠ পরিষ্কার হয় না (সাল্ফ)।

মূত্রযন্ত্র। বাম মূত্রকোষ প্রদেশে চাপা বোধ; মূত্রাধারে প্রবল চাপ পড়া; প্রাতঃকালেই মূত্র ঘোলাটিয়া, চিক্কণ মাটির রঙ্গের ন্যায়; পশ্চাৎদিকে হেলিয়া বসিলেই কেবল মূত্রত্যাগ করিতে পারা যায়; চলিবার সময়, কাশিবার সময় এবং হাঁচি দেওয়ার সময় অসাড়ে মূত্র নির্গমন (কষ্ট, নেট্রাম্-মিউর, পাল্স)।

জননেন্দ্রিয়। পুরুষের পুরুষাঙ্গ অনেকক্ষণ ধরিয়া খাড়া হইয়া থাকে; অণ্ডকোষে কসিয়া ধরার ন্যায় বেদনা বা যাতনা যাহা শুক্রনিঃসারক সূত্র (Spermatic Cord) পর্য্যন্ত বিস্তৃত হয়; থেঁতলিয়া যাইয়া বা মোচড়াইয়া পড়িয়া একশিরার ব্যারাম (Orchitis); একটী অণ্ডকোষ উপরের দিকে আকৃষ্ট; সহজেই স্ত্রী সহবাসের ইচ্ছার উদ্রেক হয়; স্ত্রীসহবাসের

সময় সামান্য আলিঙ্গনেই ধাতু নিঃসরণ, অথবা ধাতু অনেক কষ্টে নির্গত হয় বা ধাতু একেবারেই নির্গত হয় না; কোন কারণ ব্যতীত প্রচুর পরিমাণে ধাতুনিঃসরণ; শুক্রক্ষরণ (Spermatorrhœa); স্বপ্ন না দেখিয়াও অসাড়ে ধাতু নিঃসরণ, মুখমণ্ডল পিটা, যেন বসিয়া যায় এবং চক্ষু নীলের রেখা দ্বারা পরিবেষ্টিত। রাত্রিতে স্ত্রীলোকের পুরুষ সহবাসের অতিরিক্ত বা বা অনিবার্য্য ইচ্ছা, যাহা সহ্য করিতে না পারিয়া রোগী হস্তমৈথুন করিবার প্রয়াস পায়; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে রজঃস্রাব অথবা একবারে রজঃরোধ; কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা (Painful Menstruation); রজঃস্রাবের সময় বড় বড় রক্তের চাপ নির্গমন; শ্বেত প্রদর এবং তদ্দরুণ যোনিদ্বার দিয়া শ্লেষ্মার ন্যায় গাঢ় পদার্থ নির্গমন; যোনিদ্বার দিয়া রক্ত মিশ্রিত শ্লেষ্মার ন্যায় পদার্থ নির্গমন (আলাম্); রজঃস্রাবের পর ক্ষতকারক শ্বেত প্রদর নিঃসরণ (পাল্স্); যোনির চুলকানির দরুণ হস্তমৈথুনের ইচ্ছা হয়; বাম ডিম্বকোষে ছিদ্র করার ন্যায় বেদনা, চাপিলে যাহার উপশম হয় এবং যাহা কেবল রজঃস্রাবের সময়ই একবারে থাকে না।

শ্বাস যন্ত্র। বুকে জ্বালা এবং টাটানির ন্যায় বেদনা; বুকের ডাইন পার্শ্বে সূচীবিধানের ন্যায় ঘুশ্ ঘুশে বেদনা; বুকে আঁটা এবং কষ্ট বোধ; শুষ্ক আক্ষেপিক কাশি (হায়োস্, সিপিয়া, সাইলিসি, সাল্ফ) এবং উহার সঙ্গে সঙ্গে গলা দিয়া রক্ত মিশ্রিত শ্লেষ্মা উঠা; কাশির সময় রোগী (শিশু) পুরুষাঙ্গ বা যোনিতে হাত রাখে; রজঃস্রাবের সময় এবং উহার পূর্ব্বে কাশি, মিষ্ট দ্রব্য খাইলে যাহার বৃদ্ধি হয়।

হৃৎপিণ্ড। হৃৎপ্রদেশে কসিয়া ধরা বা সূচীবিধানের ন্যায় বেদনা বা যাতনা; হৃৎস্পন্দন, কিন্তু তদ্দরুণ বিশেষ কষ্ট অনুভূত হয় না।

ঘাড় এবং পৃষ্ঠদেশ। ঘাড় এবং পৃষ্ঠদেশের পেশীতে বেদনা ও তদ্দরুণ ঘাড় এবং পৃষ্ঠদেশ সঞ্চালনে অশক্তি; বসিয়া লিখিলে বা অন্য কোন প্রকারের পরিশ্রমে ঘাড়ে শ্রান্তিবোধ; চলিবার সময় কোমরের পশ্চাৎদেশে পেঁচ্লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা; ডাইন স্কন্ধাস্থির নীচে চাপিয়া বা কসিয়া ধরার ন্যায় বেদনা; বসিয়া থাকিলে বা চলিয়া বেড়াইলে পৃষ্ঠদেশ এবং কোমরের পশ্চাৎভাগে যাটিয়া ধরার ন্যায় প্রবল বেদনা।

অঙ্গ প্রত্যঙ্গ। সন্ধি শক্ত হয় বা উহা নোয়ান যায় না এবং সন্ধির ঠিক উপরিভাগে আড়া আড়ি ছুরী বিঁধানের ন্যায় প্রবল বেদনা; অঙ্গ প্রত্যঙ্গে দুর্ব্বল ও শ্রান্তিবোধ এবং মোচড়াইয়া পড়িলে বা থেঁতলিয়া গেলে যেরূপ হয়, সেরূপ অনুভূত হয়; হাত পায়ের পাতা ঠাণ্ডা; সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা (ব্রাই, কলোসি, পাল্‌স্, সাল্‌ফ্); সমুদয় সন্ধিতে অত্যন্ত চুলকানি। লিখিবার সময় হাতে দুর্ব্বল বোধ এবং উহার কাঁপনি (নেট্রাম্-মিউর); স্ত্রীলোকের রজঃস্রাবের সময় অঙ্গ প্রত্যঙ্গে উক্ত প্রকারের বেদনা; হাতের আঙ্গুলের প্রথম সন্ধিতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা। পায়ের শিরার স্ফীতি এবং বিস্তৃতি (হামামেলিস্, পাল্‌স্); পায়ের শোথ (এপিস্, আর্স, রাস্-টক্স্); উরু এবং হাঁটুর পশ্চাৎভাগে চুলকানি; নিম্নাঙ্গে ভারিবোধ; পায়ের টিবিয়া (*Tibia*) নামক হাড়ে জ্বালাযুক্ত বেদনা; পায়ের গোড়ালীর বিসর্পের ন্যায় প্রদাহ; পায়ের অস্থির রকমের স্নায়বিক সঞ্চালন (নেট্রাম্-মিউর); পায়ের পাতার পক্ষাঘাত এবং উহার দুর্ব্বলতা ও কম্পন; পায়ের গোড়ালীতে ক্ষত হওয়া বা ছিদ্রকরার ন্যায় বেদনা (পাল্‌স্); পায়ের আঙ্গুলের ফাঁকে ফাঁকে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ক্ষত (আগারিকাস্, নাইট্রিক্-আস্, পাল্‌স্); পায়ের পাতায় প্রচুর ঘর্ম্ম (নাইট্রিক্-আস্, সিপিয়া, সাইলিসি, সাল্‌ফ্)।

নিদ্রা। নিদ্রা দ্বারা রোগী আপনাকে আপনি সুস্থ মনে করে না; ভয়ানক স্বপ্ন দেখিয়া ঘুম ভাঙ্গিয়া যায়; ঘুমেরঘোরে চমকিয়া বা চীৎকার করিয়া কাঁদিয়া উঠা; ঘুমেরঘোরে অঙ্গ প্রত্যঙ্গে হঠাৎ ধাক্কা লাগার ন্যায় ঝাঁকনি।

জ্বর। পৃষ্ঠদেশের উপরিভাগ হইতে শীত কম্প নিম্নদিকে বিস্তৃত হয়; রাত্রিতে ঘর্ম্ম।

ব্যবহার। রক্তাল্পতা জনিত অসুখ; মস্তিষ্কের অবসন্নতা; স্ফোটক বিশিষ্ট রোগের স্ফোটক সম্পূর্ণ বিকাশ না পাইতে পারিলে; শোথ; পক্ষাঘাত; আক্ষেপ বা কন্‌বাল্‌সন্‌স্; বাত রোগ; পায়ের আঙ্গুলের ফাঁকে ফাঁকে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ঘা; স্ত্রীলোকের পুরুষ সহবাসের অত্যন্ত ইচ্ছা বা কামোন্মত্ততা; শ্বেতপ্রদর; রজঃরোধ; কষ্টকর

রজঃস্রাব এবং বাধকের বেদনা (Painful Menstruation) ; শুক্রক্ষরণ (Spermatorrhœa) ; একশিরার ব্যারাম (Orchitis) ; কোষ্ঠবদ্ধ ; কৃমি ; মেরুদণ্ডের উত্তেজনা ; মস্তিষ্কের অসুখ ইত্যাদিতে জিঙ্কাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শরীরের নানা স্থানের পেশীর স্পন্দন এবং ঝাকনি (আগারিকাশ্, সিকুটা) ; বেদনাদি যেন চর্ম্ম এবং মাংসের মধ্যবর্ত্তী স্থানে অনুভূত হয় ; রাত্রিতে ঘুমের অবস্থায় সমুদয় শরীরে হঠাৎ ঝাকি লাগার ন্যায় অনুভূত হয় ; রক্তাল্পতা ; মস্তিষ্কের অবসন্নতা ; মধ্যাহ্নে আহারের পর এবং সন্ধ্যার কিছুকাল পূর্ব্বে, মদ্যপানে, নাক্স্-বমিকা খাইলে, বিশ্রাম কালীন, বসিয়া থাকিলে, উষ্ণতাতে এবং রজঃস্রাবের সময় অসুখের বৃদ্ধি এবং ক্যাম্ফার খাইলে, বহির্ব্বায়ুতে এবং খাওয়ার সময় অসুখের উপশম ইত্যাদি জিঙ্কামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। জিঙ্কামের কার্য্যের সঙ্গে কুপ্রাম্ এবং প্লাম্বামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে কার্ব্বো-বেজিটেবিলিস্, ইগ্নেসিয়া এবং নাক্স্ বমিকার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, হিপার সাল্ফ্, ইগ্নেসিয়া।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, ইহার নিম্ন (১ম,২য়, ৩য়) ক্রমের গুঁড়াই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। শিশুগণের পীড়ায় ৩০ ডাইলুশন বিশেষ উপকারী ইহা পরীক্ষা দ্বারা দেখা গিয়াছে। ৩য় ক্রমের গুঁড়া, ৬, ১২ এবং ৩০ ডাইলুশনই লেখক অধিক ব্যবহার করিয়া থাকেন।

তৃতীয় ভাগ।

তৃতীয় শ্রেণীর ঔষধ

অর্থাৎ

যে সকল ঔষধ ১ম এবং দ্বিতীয় শ্রেণীর ঔষধ অপেক্ষা

কম ব্যবহৃত হইয়া থাকে।

আসিডাম্ ফ্লুয়োরিকাম্,-ফ্লুয়োরিক্ আসিড্,-ফ্লুয়র-আস্

(ACIDUM FLUORICUM,—FLUORIC ACID,—FLUOR.-AC.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আহৃত ফ্লুয়োরিক্ আসিড্ ক্রয় করিয়া উহা হইতে ১ ভাগ লইয়া ৯ ভাগ চুয়ান জলে মিশাইলে ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হয়। এই নিয়মে দ্বিতীয় এবং তৃতীয় দশমিক ক্রম পর্য্যন্ত চুয়ান জলে প্রস্তুত করিয়া ১ম, ২য় এবং ৩য় ক্রম পর্য্যন্ত গটাপার্চা (Guttapercha) নির্ম্মিত শিশিতে রাখিবে। ৪র্থ ডাইলুশন ডাইলুট্ স্পিরিটে এবং তৎপর রেক্টিফাইড্ স্পিরিটে ডাইলুশন প্রস্তুত করিতে হয়।

সাধারণ ক্রিয়া। সমুদয় শরীরের উপরই ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ শ্লৈষ্মিক ঝিল্লী, গ্রন্থি, অস্থি ইত্যাদি প্রবলরূপে আক্রান্ত হইয়া শরীরের বিকৃত পরিপোষণের স্থায় অবস্থার লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অসাধারণ একগুঁয়েমী; সকল বিষয়েই নির্ভয় এবং স্বচ্ছং

যাহা করা যায় তাহাতেই মনের তুষ্টি ; চিন্তা উৎপাদক ভাবের উদয় এবং সর্ব্বদা ভয়ের আশঙ্কা।

মস্তক। কপালের দুই পার্শ্বে চাপিয়া ধরার ন্যায় বেদনা যাহা মধ্যদেশ হইতে বহির্দ্দেশে বিস্তৃত হওয়ার ন্যায় অনুভূত হয় ; মাথার পশ্চাৎভাগে চিমা এবং চাপাবোধ ; মাথার চুল পড়িয়া যায় ; কর্ণের পশ্চাৎদেশের হাড়ে পোকায় ধরা (Caries) ; মাথার হাড়ের যোড়ে যোড়ে আগাগোড়া বেদনা।

কর্ণ। উভয় কানেই অসহ্য চুল্‌কানি।

চক্ষু। মনে হয় যেন কেহ সজোরে চক্ষুর পাতা খুলিয়া ফেলে, এবং তদ্দণ্ড মনে হয় যেন চক্ষের মধ্যে বিশুদ্ধ বাতাস বহিতেছে ; বালি প্রবেশ করিলে যেরূপ হয়, চক্ষের মধ্যে সেরূপ অনুভূত হয় (সষ্ট, হিপ্‌-সাল্‌ফ্‌, সাল্‌ফ্‌।

নাসিকা। তরল সর্দ্দি এবং নাক দিয়া জলবৎ তরল প্রচুর শ্লেষ্মা নির্গমন, নাসিকা লালবর্ণ, স্ফীত এবং প্রদাহযুক্ত।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁতে উষ্ণানুভব ; মুখে অতিরিক্ত পরিমাণে লালের সঞ্চার ; প্রাতঃকালে জিহ্বা এবং দাঁত শ্লেষ্মা দ্বারা আবৃত ; দাঁত শীঘ্র শীঘ্র পোকায় ধরে (Caries) ; জিহ্বার চতুর্দ্দিক গভীর ফাটাযুক্ত এবং উহার মধ্যভাগে বৃহৎ আকারের পচাযুক্ত ক্ষত। মাথায় ঠাণ্ডা লাগিলেই গলার মধ্য প্রদাহযুক্ত হইয়া উহাতে বেদনার উদ্রেক হয় এবং তদ্দণ্ড কোন দ্রব্য গিলিবার ব্যাঘাত জন্মে ; গলার মধ্যের সঙ্কোচন এবং উহাতে কাঁটাবোধ ; প্রাতঃকালে গলা খেকুর দিলেই গলা দিয়া রক্তমিশ্রিত শ্লেষ্মা নির্গত হয়।

মুখমণ্ডল। দুগ্ধপোষ্য বালক বালিকার মুখমণ্ডলে শুষ্ক খোসা এবং চুলকানি বিশিষ্ট ফুস্কুড়ী ; মুখমণ্ডল এবং কপালের চর্ম্মে সপূঁয ব্রণের ন্যায় ফুস্কুড়ী ; শৈশবাবস্থার গরমীর ব্যারাম (Infantile Syphilis)।

পাকস্থলী এবং উদর। ক্ষুধা সর্ব্বাপেক্ষা প্রবল ; অত্যন্ত পিপাসা এবং ঠাণ্ডা দ্রব্য পানের ইচ্ছা ; বারম্বার উদ্‌গার উঠা ; বমনোদ্বেগ, উদ্‌গার উঠা এবং অনলবোধ ; আহারের সামান্য অনিয়ম হইলেই বমন এবং

অধিক পরিমাণে মল ভেদ এবং দাস্তের পূর্ব্বে পেটকামড়ানী; উদরোর্দ্ধ প্রদেশে পূর্ণ এবং চাপাবোধ; আহারের আভ্যন্তরিক কালে পাকস্থলীতে ভারিবোধ। বারম্বার গুহ্যদ্বার দিয়া দূষিত বায়ু নিঃসরণ এবং উদ্গার উঠা, যাহার দরুণ রোগী অনেক উপশম অনুভব করে; উদরের শোথের ন্যায় স্ফীতি এবং তদ্দরুণ উদরে কসিয়া বা যাটিয়া ধরার ন্যায় অনুভূত হওয়া।

মল। কোষ্ঠবদ্ধ; মল কঠিন; বিলম্বে বিলম্বে মল ত্যাগ (ব্রাই)।

মূত্রযন্ত্র। প্রচুর পরিমাণে ফিকা রঙ্গের পরিষ্কাররূপে মূত্রত্যাগ, যাহার দরুণ রোগী উপশম অনুভব করে; মূত্র ত্যাগের সময় এবং উহার পর মূত্রনালীতে অসহ্য জ্বালানুভব (ক্যাস্থ্)।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের অতিরিক্ত ইচ্ছা এবং রাত্রিতে পুরুষাঙ্গ অত্যন্ত খাড়া হয়; স্ত্রীসহবাসের সময় অত্যন্ত সুখবোধ এবং অনেকক্ষণ ধরিয়া স্ত্রীসহবাসের ইচ্ছা; স্ত্রীসহবাসের সময় ধাতু অনেক দেরীতে নির্গত হয় বটে, কিন্তু সুখবোধ হইলে পরিষ্কাররূপে ধাতু নির্গত হয় এবং ধাতু নিঃসরণের পর কোন প্রকারের অসুখ অনুভূত হয় না। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে রজঃস্রাব; প্রচুর বা অতিরিক্ত পরিমাণে রজঃস্রাব; রক্ত গাঢ় এবং চাপ চাপ, থানা থানা; ক্ষতকারক শ্বেতপ্রদর নিঃসরণ এবং তদ্দরুণ যোনিদ্বারের চুলকানি; স্তনের বোঁটা ক্ষত ও ফাটাযুক্ত এবং উহাতে চুলকানি।

অঙ্গ প্রত্যঙ্গ। ডাইন্ স্কন্ধের সন্ধিতে বেদনা যাহা হাতের আঙ্গুলের দিকে বিস্তৃত হয় এবং তদ্দরুণ মনে হয় যেন বাহুর মধ্য দিয়া বাতাস বহিয়া যাইতেছে; বাম হাতের তর্জ্জনীতে বেদনা; উক্ত অঙ্গুলীর মধ্যদেশে আগাগোড়া বেদনা; নখ মট্‌কা হয় বা সহজে ভাঙ্গিয়া যায়; আঙ্গুলহাড়া (Whitlow); নখকোণী (Onychia)। পা হইতে উদর পর্য্যন্ত স্থানের শোথের ন্যায় স্ফীতি; পায়ের পাতার তলায় জ্বালা এবং উহাতে সূচী বিঁধানের ন্যায় অনুভূত হওয়া; পায়ের পাতা উষ্ণ এবং জ্বালাযুক্ত; পায়ের আঙ্গুলের ফাঁকে ফাঁকে ক্ষত; পায়ের শিরার স্ফীতি এবং বিস্তৃতি।

নিদ্রা। সন্ধ্যার সময় নিদ্রাবেশ বা ঝিমান; নিদ্রাশূন্যতা এবং

নিদ্রার ইচ্ছা শূন্যতা ; অল্প কালের জন্য নিদ্রা হইলেও রোগী আপনাকে আপনি সুস্থ মনে করে ; শেষ রাত্রিতে ভোর হওয়া হওয়া সময়ে স্বপ্ন দেখা।

জ্বর। সমুদয় শরীর উষ্ণ এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ : প্রচুর পরিমাণে টক এবং দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম ; অপরাহ্নে প্রচুর ঘর্ম্ম।

ব্যবহার। শরীরের যে প্রকার পরিপোষণের অভাবে সাইলিসিয়া, ক্যাল্কেরিয়া ইত্যাদি ব্যবহার্য্য, সেপ্রকার অসুখে ফ্লুয়োরিক্ আসিড্ও ব্যবহার্য্য। অস্থি, বিশেষতঃ লম্বা অস্থির অসুখ ; নালী ঘা (Fistula) ; আঙ্গুল হাড়া (Whitlow) ; নখকোণী (Onychia) ; অজীর্ণ রোগ ; বহুমূত্র (Diabetis) ; শিরার স্ফীতি এবং বিস্তৃতি ; পারা (Mercury) এবং সাইলিসিয়ার (Silicea) অপব্যবহার জনিত অসুখ, হুইস্কি (Whisky) নামক মদ্যপানে অত্যাচার জনিত যকৃতের প্রদাহ এবং কঠিনতা ইত্যাদি অসুখে ফ্লুয়োরিক্ আসিড্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ক্লান্ত না হইয়া পেশী সঞ্চালনের ক্ষমতা ; অলসবোধ বা গা মাটিমাটি করা ; শক্তির হ্রাস বা বিনাশ ; কোন ক্ষত শুকাইয়া যাইয়া উহার দাগের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থান লালবর্ণ হয় এবং অত্যন্ত চুলকায়। বৃদ্ধ বয়সের অসুখ ; গরমীর ব্যারাম বা পারাজনিত অসুখের দরুণ অকালে বৃদ্ধাবস্থা প্রাপ্ত হওয়া। প্রাতঃকালে, বিশ্রামে, বসা অবস্থা হইতে উঠিলে, দাঁড়াইলে, বসিয়া থাকিলে অসুখের বৃদ্ধি এবং নড়াচড়া এবং চলিবার সময় অসুখের উপশম ইত্যাদি এই ঔষধের কতক গুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণবিশিষ্ট ঔষধ। সাইলিসিয়া, আর্সিনিক, ক্যাল্কেরিয়া কার্ব্ব, ক্যাল্কেরিয়া ফস্ফরেটা, ফস্ফরাস্, মার্কিউরিয়াস্, সাল্‌ফার ইত্যাদি ঔষধের কার্য্যের সঙ্গে ফ্লুয়োরিক্ আসিডের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ৬ম এবং তত্তোধিক দশমিক ক্রমের আরোক ব্যবহার করিয়া পুরাতন উদরাময়, গরমীর ব্যারাম জনিত জিহ্বা এবং গলার মধ্যের ক্ষত ও অস্থি পোকায় ধরা (Caries) ইত্যাদি পরবর্ত্তী পীড়াতে বিশেষ উপকার পাওয়া যায়। আঙ্গুলহাড়া, নখকোণী, নেত্র এবং দন্তনালী,

শিরার স্ফীতি এবং বিস্তৃতি, মাথার চুল পড়িয়া যাওয়া ইত্যাদি অসুখে ৬ হইতে ৩০ ডাইলুশন দ্বারা বিশেষ ফল পাওয়া যায়।

আসিডাম্ অক্জালিকাম্,-অক্জালিক্ আসিড্,-অক্স্-আস্

(ACIDUM OXALICUM,-OXALIC ACID,- AC. OX.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত চাকা অক্জালিক্ আসিড্ ক্রয় করিয়া উহার এক ভাগ, ৯ ভাগ রেক্টিফাইড্ স্পিরিটে (১ গ্রেইণ্ অক্জালিক্ আসিড্, ৯ ফোঁটা (মিনিম্) রেক্টিফাইড্ স্পিরিটে) মিশাইয়া ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হয়। ১ম দশমিক ক্রমের ১ ফোঁটা, ৯ ফোঁটা রেক্টিফাইড্ স্পিরিটে মিশাইয়া যথানিয়মে ২য় দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। এরূপ ৩য় এবং ততোধিক দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। এতদ্ভিন্ন যথানিয়মে স্যুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইতে পারে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার উপর ইহার কার্য্য অতি প্রবল। মস্তিষ্কের উপর ইহার কার্য্য আরো প্রবল, যাহার দরুণ মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার মেরু (Cerebro-spinal axis) কার্য্য করিবার ক্ষমতা বিনাশ করিয়া ইহা জীবন হঠাৎ বিনাশ করিয়া থাকে। ইহা প্রবল আক্ষেপিক অসুখ উৎপাদন করে, যাহার দরুণ বুকের পেশীতে আক্ষেপ অধিক অনুভূত হয়, অঙ্গ প্রত্যঙ্গ শক্ত হয় বা উহা নোয়ান যায় না, আক্রান্ত স্থানে স্পর্শজ্ঞান থাকে না, স্নায়ুশূল এবং পক্ষাঘাতের লক্ষণাদি প্রকাশ পায়। ইহা শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী আক্রমণ করিয়া উহার প্রদাহ উৎপাদন করে এবং অধিক মাত্রায় ইহা দ্বারা বিষাক্ত হইলে আহার-বহা নালীর শ্লৈষ্মিক ঝিল্লী আক্রান্ত হইয়া প্রদাহযুক্ত হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। চিন্তা করিয়া কোন বিষয়ে ভাব জুটাইবারে অশক্তি ; মনের অত্যন্ত চাঞ্চল্য ; শীঘ্র শীঘ্র চিন্তা এবং কার্য্য করা (কফিয়া) ; বেদনাদির

বিষয় চিন্তা করিলেই যেন বেদনাদির (স্ত্রীলোকের) পুনরাক্রমণ হয় (ব্যারাইটা-কার্ব্ব)।

মস্তক। মাথাঘোরা; শয়ন করিয়া থাকিলে মাথা ঝিম্ ঝিম্ করে; মাথায় খালি খালি বোধ; মস্তিষ্ক একবারে রক্তশূন্য হইলে যেরূপ হয়, সেরূপ মূর্চ্ছার ভাব; কপাল এবং মাথার উপরিভাগে ঘুশ্ ঘুশে বেদনা এবং ভারিবোধ; কানের পশ্চাৎভাগে স্ক্রু বিঁধাইয়া রাখিলে যেরূপ হয়, মাথায় সেরূপ কসিয়া বা চাপিয়া ধরার ন্যায় বেদনা।

চক্ষু। পুস্তকাদি পড়িবার সময় অক্ষরগুলি যেন জুবড়িয়া যায়; চক্ষে অন্ধকার দেখা, উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা এবং ঘর্ম্ম; উভয় চক্ষুর কোটরের মধ্যে বেদনা, বাম চক্ষুর কোটরেই যাহা অধিক অনুভূত হয়।

নাসিকা। হাঁচি; সর্দ্দি এবং নাক দিয়া প্রচুর পরিমাণে শ্লেষ্মা নির্গমন; নাকের ডাইন পার্শ্ব লালবর্ণ, উজ্জ্বল এবং স্ফীত যাহা নাকের আগা হইতে আরম্ভ হয় (বেল্)।

মুখমণ্ডল। মুখমণ্ডল পিটা বা ফিকা এবং নীল বর্ণ; মুখমণ্ডলে উষ্ণানুভব; মুখমণ্ডলে পূর্ণবোধ; মুখমণ্ডল ঘর্ম্মাবৃত (টেবেকাম্, বিরেট্ আল্ব্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। মাড়ি হইতে রক্ত পড়া এবং মাড়ির স্থানে স্থানে বেদনা; মাড়িতে ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত; জিহ্বা স্ফীত, বেদনাযুক্ত, লালবর্ণ, শুষ্ক এবং জ্বালাযুক্ত; জিহ্বা স্ফীত এবং গাঢ়, সাদা লেপযুক্ত; মুখে টক স্বাদ (ক্যাল্ক্-কার্ব্ব, ম্যাগ্-কার্ব্ব, নাক্স্-বম্); মুখে প্রচুর পরিমাণে লাল উঠা (আয়োড্, মার্ক্, নাইট্রিক্-অ্যাসিড্); গলার মধ্য এবং পাকস্থলীতে জ্বালা; গলার মধ্যে ছাল উঠা বা চাঁচিয়া ফেলার ন্যায় অনুভূত হয়; গলার মধ্যে গাঢ় শ্লেষ্মার সঞ্চার; গিলিতে অত্যন্ত কষ্ট বা বেদনানুভব।

পাকস্থলী এবং উদর। ক্ষুধার বৃদ্ধি, ক্ষুধা এবং স্বাদ একবারে থাকে না; পিপাসা এবং উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা, ক্ষুধাশূন্যতা, বমনোদ্বেগ এবং শূল বেদনা; বুকজ্বালা, সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয়; কাঠ উদ্গার বা টক উদ্গার উঠা; প্রত্যেকবার আহারের পর উদ্গারে স্বাদশূন্য বায়ু নিঃসরণ; বারম্বার হিক্কা (ইগ্নেশ্, হায়োস্); বমনোদ্বেগ এবং বায়-

ম্বার বমন; পেটে খালিবোধ, যাহার দরুণ রোগী বারম্বার খাইতে বাধ্য হয়; পাকস্থলীর মধ্যে চাপিয়া ধরার ন্যায় প্রবল বেদনা; পাকস্থলীর মধ্যে জ্বালানুভব (আর্স, কল্‌চ, মার্ক-কর); পাকস্থলীতে অত্যন্ত টাটানি, যাহার দরুণ সামান্য স্পর্শনেই পাকস্থলীতে ভয়ানক বেদনার উদ্রেক হয়; যকৃত প্রদেশে সূচী বিঁধানের ন্যায় বেদনা, দীর্ঘ নিশ্বাসে যাহার উপশম হয়; উদরের বাম পার্শ্বে ক্রমাগত বেদনা এবং সূচী বিঁধানের ন্যায় যাতনা; নাভিপ্রদেশে শূল বেদনার ন্যায় বেদনা (কলোস্); অতি কষ্টে গুহ্যদ্বার দিয়া দূষিত বায়ু নির্গত হওয়া; উদরে জ্বালা এবং বেদনা।

মল। অনবরত অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মল নির্গমন; মল কাল্‌চে, কাদার ন্যায় এবং পরিমাণে অধিক; রক্তমিশ্রিত শ্লেষ্মা ভেদ; কাফি পান করিলেই উদরাময়; শয়ন করিলেই উদরাময় পুনরায় আরম্ভ হয়; গুহ্যে চাপিয়া ধরার ন্যায় বেদনা এবং শূলানি; কোঁথপাড়া।

মূত্রযন্ত্র। মূত্রকোষ প্রদেশে বেদনা; বারম্বার প্রচুর পরিমাণে পরিষ্কার শুকনা ঘাসের রঙ্গবিশিষ্ট মূত্র ত্যাগ; মূত্রের সঙ্গে অক্‌জেলেট্‌স্ থাকে (Oxaluria); মূত্রনালীতে ক্ষত হওয়ার ন্যায় জ্বালা; মূত্র ত্যাগের সময় পুরুষাঙ্গের মাথায় বেদনানুভব।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের অত্যন্ত ইচ্ছা; অণ্ডকোষে ভারি বোধ এবং উহাতে মোচড়াইয়া পড়া বা থেঁত্‌লিয়া যাওয়ার ন্যায় বেদনা; শুক্রনিঃসারক সূত্রে (Spermatic Cord) আগাগোড়া খোঁচা বিঁধার ন্যায় বেদনা (ক্লিমেটিস্, স্পঞ্জ)।

শ্বাসযন্ত্র। কথা বলিবার সময় স্বরভঙ্গ এবং কণ্ঠনালীতে যেন শ্লেষ্মা সঞ্চিত রহিয়াছে এরূপ অনুভূত হয়; প্রবল পরিশ্রমে অনবরত শুষ্ক কাশি; শ্বাস কষ্ট এবং উহার সঙ্গে সঙ্গে কণ্ঠনালীতে সঙ্কোচক বেদনা এবং উহাতে সাঁই সাঁই শব্দ হওয়া; ডাইন দিকে যন্ত্রণাদি অধিক অনুভূত হয়; হৃৎস্নায়ুশূল; মধ্যে মধ্যে উপশম বোধ; বাম ফুস্ফুসে এবং হৃৎপিণ্ডে সূচী-বিঁধানের ন্যায় প্রবল বেদনা যাহা উদরোর্দ্ধ প্রদেশ পর্য্যন্তও বিস্তৃত হয়; হৃৎস্নায়ুশূল (Angina Pectoris); বুকে ভারিবোধ এবং জ্বালাযুক্ত খুশ্‌খুশে বেদনা।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপ্রদেশে খোঁচা বিঁধার ন্যায় বেদনা; হৃৎস্পন্দন, যাহার দরুণ মনে হয় যেন হৃৎপিণ্ড অনবরত ধড়্‌ফড়্ করিতেছে; নাড়ী দ্রুতগামী, সূক্ষ্ম ও লুপ্তপ্রায় এবং উহার সঙ্গে সঙ্গে সমুদয় শরীরে শীতল ও চট্‌চটিয়া ঘর্ম্ম (টেবেকাম, বিরেট্-আল্ব্)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। দুই স্কন্ধের মধ্যবর্ত্তী স্থানে বেদনা যাহা কোমর পর্য্যন্ত বিস্তৃত হয়; বুক হইতে স্কন্ধাস্থি পর্য্যন্ত সূচী বিঁধানের ন্যায় অনুভূত হয়; পৃষ্ঠদেশে প্রখর বেদনা যাহা ক্রমে ক্রমে ঊরুদেশ পর্য্যন্ত বিস্তৃত হয় এবং তদ্দরুণ অত্যন্ত কষ্টানুভব বা যাতনা, যাহার দরুণ উপশম পাওয়ার আশায় রোগী বারম্বার পাশ পরিবর্ত্তন করে বা নানা ভাবে থাকে ও কোঁথায় বা কোঁকায়; কুঁচ্‌কির দুর্ব্বলতা যাহা পা ইত্যাদি নিম্ন শাখা পর্য্যন্ত বিস্তৃত হয়; পৃষ্ঠদেশ এত দুর্ব্বল হইয়া পড়ে যে উহার দরুণ রোগী সোজা হইয়া দাঁড়াইতে বা বসিতে পারে না; কসেরুকা মজ্জার প্রদাহের দরুণ পক্ষাঘাত এবং অঙ্গ প্রত্যঙ্গ শক্ত হয় বা উহা নোয়ান যায় না; মধ্যে মধ্যে শ্বাস কষ্ট।

অঙ্গ প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে এক বিশেষ প্রকৃতির অবশবোধ। স্কন্ধ হইতে হাতের আঙ্গুলের আগা পর্য্যন্ত অবশবোধ; বাহুতে ছুরী দিয়া কাটার ন্যায় বেদনা; হৃৎস্নায়ুশূল; সজোরে থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, ডাইন মণিবন্ধে সেরূপ বেদনা; রোগী মণিবন্ধ প্রসারণ করিতে চাহে; রোগী হাত দিয়া কোন দ্রব্য ধরিতে পারে না; হাতে ভারি-বোধ এবং উহা মৃতবৎ ঠাণ্ডা; আঙ্গুল এবং নখ নীলবর্ণ; আঙ্গুল স্পন্দন করে। পা ইত্যাদি নিম্ন শাখা ঠাণ্ডা, নীলবর্ণ এবং উহার চালনা শক্তির সম্পূর্ণ বিনাশ; পা ইত্যাদি নিম্ন শাখায় অবশবোধ এবং উহা শক্ত হয় বা নোয়ান যায় না; বাম হাঁটুর বহির্দ্দেশের পেশীর অগ্রভাগে ভয়ানক সঙ্কোচক বেদনা।

চর্ম্ম। দাড়ি গোঁপ কামাইবার সময় মনে হয় যেন গালাদি স্থানের ছাল উঠিয়া যাইতেছে; চর্ম্ম চক্রাকারে কোঁচ্‌কাইয়া যায়।

নিদ্রা। হাইতোলা; দিনের বেলা নিদ্রাবেশ; হৃৎস্পন্দন হইয়া রাত্রিতে ঘুম ভাঙ্গিয়া যায়।

জ্বর। শীত এবং উহার সঙ্গে সঙ্গে হাঁচি; শীত এবং উহার সঙ্গে সঙ্গে শরীরের কাঁপনি এবং মুখমণ্ডল লালবর্ণ; কসেরুকা মজ্জার নিম্ন দিক হইতে উর্দ্ধদিকে হামা দেওয়ার ন্যায় শীতবোধ; প্রত্যেকবার শারীরিক পরিশ্রমে উষ্ণানুভব; শরীরে দমকা উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে ঘর্ম্ম; শীতল চট্‌চটিয়া ঘর্ম্ম।

ব্যবহার। হৃৎস্নায়ুশূল; পক্ষাঘাত, বিশেষতঃ যাহা শরীরের নিম্নাংশ হইতে উর্দ্ধদিকে বিস্তৃত হয়; মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার প্রদাহ (Myelitis)। কসেরুকার স্নায়ুশূল; পাকস্থলী এবং অন্ত্রের প্রদাহ (Gastritis and Enteritis); পাকস্থলীতে বেদনা ইত্যাদি অসুখে অক্জালিক্ আসিড্ ব্যবস্থা। ওলাউঠার যে অবস্থায় হাইড্রোসায়েনিক্ আসিড্ ব্যবহৃত হয়, অনেক সময় সেই অবস্থায় অক্জালিক্ আসিড্, ৩য় ক্রমের গুঁড়া, ১ গ্রেইণ্ মাত্রায় ব্যবহার করিয়া বিশেষ ফল পাওয়া যায়।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অঙ্গাদিতে এক বিশেষ প্রকৃতির অবশরোধ যাহা প্রায় পক্ষাঘাত বলিয়াই অনুভূত হয় এবং যাহা নিম্নাঙ্গ হইতে উর্দ্ধাঙ্গে বিস্তৃত হয়; লক্ষণাদি ক্রমাগত বর্ত্তমান না থাকিয়া সময়ে সময়ে প্রকাশ পায়; শরীরের স্থানে স্থানে স্পন্দন বা সূচী বিঁধানের ন্যায় যাতনা, কোন কোন স্থানে যাহার উদ্রেক হয় এবং যাহা কএক পলক বা সেকেণ্ডের অধিক অবস্থিতি করে না। বেদনা যন্ত্রণাদির কথা স্মরণ বা চিন্তা করিলেই উহার উদ্রেক হয় (ব্যারাইটা-কার্ব্ব্); চিনি, কাফি, মদ্য ইত্যাদিতে অসুখের বৃদ্ধি। বহির্বায়ুতে অসুখের উপশম ইত্যাদি অক্জালিক্ আসিডের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। অক্জালিক্ আসিডের কার্য্যের সঙ্গে আর্সিনিকের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে মার্কিউরিয়াস করোসাইবাসের সম্বন্ধ আছে।

প্রতিষেধক ঔষধ। চা খড়ি অথবা চুন; কার্ব্বোনেট্ অব ম্যাগ্নেসিয়া অক্জালিক্ আসিডের প্রতিষেধক ঔষধ।

ডাইলুশন বিচার। ওলাউঠাতে ২য় এবং ৩য় ক্রমের গুঁড়াই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন চিকিৎসকের মতে ইহার ১২

ক্রমের আরোক অধিক উপকারী। যে প্রকার পক্ষাঘাত নিম্নাঙ্গ হইতে শরীরের ঊর্দ্ধদিকে বিস্তৃত হয়, তাহাতে এই ঔষধের ১ম এবং ২য় দশমিক ক্রমের গুঁড়া, ১ গ্রেইণ্ মাত্রায় বিশেষ উপকার দর্শে।

আসিডাম্ সাল্ফিউরিকাম্,—সাল্ফিউরিক্ আসিড্,-সাল্ফ্-অ্যাস.

(Acidum Sulphuricum,—Sulphuric Acid,—Ac. Sulph.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত (Strong) সাল্ফিউরিক্ আসিড্ ক্রয় করিয়া উহার ৫ ফোঁটা (মিনিম্), ২ দুই ড্রাম ২৫ মিনিম্ চুয়ান জলে মিশাইয়া ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহার ১ম শততমিক ক্রমের আরোক যথানিয়মে চুয়ান জলে প্রস্তুত হইয়া থাকে। ৫ ভাগ রেক্‌টিফাইড্ স্পিরিট্, ৯৫ ভাগ চুয়ান জলে মিশাইয়া উহা দ্বারা ৩য় দশমিক এবং ৩য় শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ৪র্থ শততমিক ক্রমের আরোক যথা নিয়মে ডাইলুট্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে এবং ৫ম ও ততোধিক শততমিক ক্রমের আরোক যথা নিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে। আদত সাল্ফিউ-রিক্ আসিড্ রঙ্গহীন এবং উহার আপেক্ষিক গুরুত্ব ১.৮৪৩ এবং উহাতে জল মিশাইলে উহা অত্যন্ত উষ্ণ হয়।

সাধারণ ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লী, বিশেষতঃ আহারবহা নালী (Alimentary Canal) এবং শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার কার্য্য অতি প্রবল। চর্ম্মের উপরও ইহার কার্য্য প্রবল বটে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা খিট্ খিট্, বক্ বক্ করা, চিড়্ চিড়্ করা এবং রাগ করা (ব্রাই, ক্যাম্); অধৈর্য্যতা; সমুদয় কার্য্যেই তাড়াতাড়ি করা (সাল্ফ্)।

মস্তক। যেন মস্তিষ্ক চল্‌চলে হইয়াছে এরূপ অনুভূত হয়;

মস্তিষ্ক এপাশ হইতে ওপাশে যেন হঠাৎ সরিয়া পড়িয়া কপালে হঠাৎ ধাক্কা লাগে এরূপ অনুভূত হয় (নাক্স-মস্ক, হায়োস্, রাস্টক্স্), বহির্বায়ুতে চলিয়া বেড়াইলে যাহার বৃদ্ধি হয় এবং ঘরের মধ্যে চুপ মারিয়া থাকিলে যাহার উপশম হয়; কপাল এবং কপালের দুই পার্শ্ব ও কর্ণের পশ্চাৎভাগে ধাক্কা মারার ন্যায় কষ্টদায়ক যাতনা, পূর্ব্বাহ্নে এবং সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয়; শিরঃপীড়া, যাহা ক্রমে ক্রমে বৃদ্ধি হয় এবং হঠাৎ দূরীভূত হয়; পাকিয়া পুঁষ হইলে যেরূপ হয়, সমুদয় মাথার বহির্দ্দেশে সেরূপ বেদনা, স্পর্শনে যাহা অধিক বেদনাযুক্ত হয়।

চক্ষু। প্রাতঃকালে চলিয়া বেড়ানের সময় ডাইন চক্ষুর বহির্দ্দেশের কোণে যেন কাঁকড়াদির ন্যায় কোন পদার্থ লাগিয়া রহিয়াছে এরূপ অনুভূত হয়; চক্ষুর পুরাতন প্রদাহ; চক্ষু দিয়া জল পড়া।

কর্ণ। কানে কম শুনা (ক্যাল্ক-কার্ব্ব, সাল্‌ফ্)।

নাসিকা। শুকনা সর্দ্দি এবং উহার দরুণ ঘ্রাণশক্তির হ্রাস বা অভাব এবং স্বাদশূন্যতা (আণ্টি-টার্ট্, পাল্‌স্)।

মুখমণ্ডল। মুখমণ্ডল মৃতবৎ পিটা বা ফিকা; ডিমের সাদা লাল শুকাইয়া লাগিয়া থাকিলে যেরূপ হয়, মুখমণ্ডলে সেরূপ অনুভূত হয় (আলাম্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। নিশ্বাস প্রশ্বাসে অত্যন্ত দুর্গন্ধ (আর্ণিকা, হিপার সাল্‌ফ্, নাইট্রিক্-আস্, নাক্স-বম্); হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থি হইতে জিহ্বা পর্য্যন্ত বেদনা; জিহ্বা পুড়িয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (আইরিস্, প্লাটিনা, পাল্‌স্, সাঙ্গুনেরিয়া); টক খাইলে যেরূপ হয়, দাঁত সেরূপ টক হয়; মুখে ঘা (বোরাক্স্, আয়োড্, হেলিবোরাস্, হাইড্রাষ্ট্); তালুকা এবং আহারবহা গলনালীর উপরিভাগের শ্লৈষ্মিক ঝিল্লী স্ফীত এবং উহাতে রক্তাবরোধ ও ক্ষত। গলার মধ্য স্ফীত, যাহার দরুণ মনে হয় যেন গলার মধ্যে ডেলার ন্যায় কোন পদার্থ লাগিয়া রহিয়াছে; গলার মধ্য অত্যন্ত বেদনাযুক্ত, যাহার দরুণ কোন দ্রব্য গিলিবার ব্যাঘাত জন্মে (বেল্); গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (আর্জেণ্ট্, এরাম্, নাক্স-বম্, সাঙ্গুনেরিয়া); হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থির (Sub maxillary glands)

স্ফীতি এবং প্রদাহ ; ডিপ্থিরিয়া রোগে গলার মধ্যের পশ্চাৎভাগে কমলা লেবুর ন্যায় হরিদ্রা বর্ণের শ্লেষ্মার ন্যায় পদার্থ যেন ঝুলিয়া পড়ে।

পাকস্থলী এবং উদর। টক উদ্গার উঠা (আলাম্, কার্ব্বো-বেজ্, ফস্) ; প্রবল হিক্কা (সিকুটা, ব্রাই, হায়োস্, ইগ্নেস্, বিরেট্-আল্ব্) ; মাতালদিগের বমন (নাক্স্-বম্) ; মদ্য না মিশাইয়া দিলে সকল প্রকারের পানীয় দ্রব্যেই পাকস্থলীতে অত্যন্ত ঠাণ্ডাবোধ হয়। উদরে দুর্ব্বলবোধ, যাহার দরুণ মনে হয় যেন রক্তঃস্রাব শীঘ্রই আরম্ভ হইবে ; এক দিকের কুঁচ্কি সম্বন্ধীয় অন্ত্রবৃদ্ধি।

মল। সর্ব্বদাই নরম মল ত্যাগ ; উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত দুর্ব্বলতা ; নরম মলত্যাগের পর পেটে খালি খালি বোধ ; গোলা-নীর ন্যায় ঘোলাটিয়া মল ত্যাগ (একন্) ; শিশু বা ছোট বালক বালিকাগণের মল যাক্রাঙ্গের ন্যায় হরিদ্রা বর্ণ, গঁদের ন্যায় চট্চটিয়া আঠা ; মল নরম, কাইয়ের ন্যায়, হরিদ্রার আভাযুক্ত সাদা ; মল কতক কঠিন, কতক তরল এবং উহার সঙ্গে অধিক পরিমাণে তরল শ্লেষ্মা ও রক্তের ছিট থাকে ; মল অত্যন্ত দুর্গন্ধযুক্ত।

মূত্রযন্ত্র। মূত্রাধারে বেদনা যাহার দরুণ মূত্রের বেগ থামিয়া যায়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে এবং প্রচুর পরিমাণে রক্তঃস্রাব (আর্স্, ক্যাল্ক্-কার্ব্ব্, নাক্স্-বম্) ; ক্ষতকারক, অথবা জ্বালা উৎপাদক দুধের ন্যায় শ্বেতপ্রদর নিঃসরণ (ক্যাল্ক্-কার্ব্ব্, কোনায়াম্, পাল্স্, সিপিয়া)।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্য এবং কণ্ঠ-নালীতে খশ্খশে বা খড়্খড়ে বোধ ; নিশ্বাস প্রশ্বাস ঘন ঘন ; বুকের মধ্যে উত্তেজনার দরুণ কাশি এবং তদ্দরুণ প্রাতঃকালে গলা দিয়া কাল্চে রক্ত, বা হরিদ্রাবর্ণ, রক্তের ছিট বিশিষ্ট টক স্বাদের তরল শ্লেষ্মা নির্গমন ; কাশির পর উদ্গার উঠা ; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলা দিয়া রক্তের ছিটযুক্ত শ্লেষ্মা নির্গমন ; ফুস্ফুস হইতে প্রচুর রক্তস্রাব ; ফুস্ফুসের স্ফোটক রোগ (Tuberculosis)।

চর্ম্ম। শরীরের স্থানে স্থানে নীলের আভাযুক্ত গোমড়া যাওয়ায়

দাগ (Ecchymoses) দৃষ্ট হয় (আর্ণিকা, ফস্, সিকেল্); থেঁত্লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে আঘাত প্রাপ্ত স্থান সহজেই পচিবার উপক্রম হয় (আস্)।

নিদ্রা। অনেক রাত্রিতে ঘুম হয় এবং অতি প্রত্যূষে ঘুম ভাঙ্গিয়া যায়।

জ্বর। শীতবোধ ঘরের মধ্যে যাহা অধিক অনুভূত হয় এবং ঘরের বাহিরে যাহার উপশম হয়; অঙ্গ চালনার সময় শীতবোধ; প্রচুর ঘর্ম্ম এবং তদ্দরুণ অত্যন্ত দুর্ব্বলতা; রাত্রিতে প্রচুর ঘর্ম্ম (চায়না, ফস্, ফস্-আস্)।

ব্যবহার। আঘাত প্রাপ্ত হওয়া, থেঁত্লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার দরুণ অসুখ; সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা; রক্তস্রাব বা পূঁযাদি রসক্ষয় হেতু জ্বর বা হেক্‌টিক্ ফিবার, (Hectic Fever); রক্তোৎকাশ; যক্ষাকাশ; রক্তস্রাব; উদরাময়; মুখে ঘা; পাকস্থলীর অম্বলের ব্যারাম; হিক্কা; আন্ত্রিক-জ্বর; চক্ষু প্রদাহ ইত্যাদি অসুখে সাল্ফিউরিক্ আসিড্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। প্রচুর ঘর্ম্ম ও তদ্দরুণ অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয় ও উহার সঙ্গে সঙ্গে মনে হয় যেন শরীর কাঁপিতেছে, কিন্তু শরীর বাস্তবিক কাঁপে না; বেদনাদি ক্রমে ক্রমে আরম্ভ হয়, কিন্তু হঠাৎ দূরীভূত হয়; যোনিদ্বার, গুহ্যদ্বার, নাক ইত্যাদি দিয়া যে রক্তস্রাব হয়, উহার রঙ্গ কাল্চে (হামামেলিস্, ফস্)। বৃদ্ধ বয়সে, বিশেষতঃ বৃদ্ধা স্ত্রীলোকের শেষ রজঃরোধের সময় অসুখে বিশেষ উপকারী। বহির্বায়ু, মধ্যাহ্নে আহারের পর, ঠাণ্ডা বা আর্দ্র বায়ুতে অসুখের বৃদ্ধি ইত্যাদি সাল্ফিউরিক্ আসিডের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। সমুদয় মিনারেল্ আসিডস্ (Mineral Acids); আর্ণিকা, ডিজিটালিস্, পাল্সেটিলা, সাল্ফার ইত্যাদি ঔষধের কার্য্যের সঙ্গে সাল্ফিউরিক্ আসিডের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। পাল্সেটিলা।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে ২য় এবং ৩য় দশমিক ডাইলুশন ব্যবহার্য্য। যক্ষাকাশে জ্বর এবং অন্যান্য রোগে দুর্ব্বলকারক ঘর্ম্মে ১২ ডাইলুশন ব্যবহার করিয়া লেখক বিশেষ উপকার পাইয়া থাকেন।

আসিডাম্ কার্ব্বোলিকাম,-কার্ব্বোলিক্ আসিড্,-কার্ব্ব্-আস্

(ACIDUM CARBOLICUM,—CARBOLIC ACID, – AC. CARB.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনত কার্ব্বোলিক্ আসিড্ ক্রয় করিয়া যথানিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে মিশ্রিত করিয়া ইহার মিশ্র আরোক বা ডাইলুশন প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মর্জ্জা সম্বন্ধীয় স্নায়ুর উপর ইহার কার্য্য অতি প্রবল। উহা উক্ত স্নায়ু মণ্ডলীর জীবনী শক্তি হ্রাস করিয়া শরীরের ঘন এবং তরল পদার্থকে বিকৃত করে এবং তদ্দরুণ তরল পদার্থে উদ্ভিদ্ এবং জান্তব পদার্থের বীজ উৎপন্ন হয়। এই প্রকারে আভ্যন্তরিক প্রয়োগে শরীরের উপরে ইহা কিরূপ কার্য্য করিয়া থাকে কেবল যে তাহাই প্রতীত হয় এমত নহে, নিম্ন শ্রেণীস্থ উদ্ভিদ এবং জান্তব দেহে ইহা রোগ আরামের জন্ম বা ঔষধার্থ এবং রোগ নিবারক স্বরূপ কিরূপ কার্য্য করে তাহাও জানিতে পারা যায়। অতি অল্প পরিমাণ কার্ব্বোলিক্ আসিড্ জলে মিশাইয়া উক্ত মিশ্র আসিড্ কোন প্রকার উদ্ভিদ্ বা জান্তব দেহে ঢালিয়া দিলে উহা দ্বারা উদ্ভিদ্ পদার্থ এবং কীটাণুজ তৎক্ষণাৎ একবারে বিনষ্ট হয়। এই শক্তি নানা প্রকারের পচন ক্রিয়া দমন করে। এইরূপে ইহা পচন সংক্রমণ নিবারক বা প্রতিষেধক রূপে কার্য্য করিয়া থাকে। জান্তব দেহের পচন ক্রিয়া নিবারণ করে বলিয়া পূঁয দ্বারা বিষাক্ত হওয়ার দরুণ রোগ, মৃতদেহ ছেদন করা সময়ে অস্ত্রের খোঁচাদি লাগিয়া বিষাক্ত ঘা, দুষ্টব্রণ বা পৃষ্ঠাঘাত (Carbuncle) এবং যে প্রকার ঘা শীঘ্র শীঘ্র বৃদ্ধি পাইয়া শীঘ্র শীঘ্র পচিয়া উঠে (Hospital Gangrene), সে সকল রোগে কার্ব্বোলিক্ আসিড্ বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। কোন প্রকার চিন্তা বা মানসিক পরিশ্রমে অনিচ্ছা; অত্যন্ত খিট্ খিট্, চিড়্ চিড়্ করা।

মস্তক। কপালের চতুর্দ্দিকে এক গাছি রবারের ফিতার ন্যায়

পাত কসিয়া বাঁধিয়া রাখিলে যেরূপ হয়, মাথায় সেরূপ ভারিবোধ এবং ঘুশ্ ঘুশে বেদনা (আণ্টি-টার্ট্, চেলিডন্, মার্ক্, নাইট্রিক্-আস্, সাল্ফ্); কপালের মধ্য দিয়া আড়া আড়ী কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়; মাথার উপরিভাগের বাম পার্শ্বে ক্ষুদ্র ব্রণের ন্যায় ফোস্কা বা ফুস্কুড়ী; মাথার ছালের উপরে চুলকানি (কষ্ট্, গ্রাফ্, সিপিয়া, সাইলিসি, সাল্ফ্)।

চক্ষু। ডাইন চক্ষুর কোটরের উপরিভাগের স্নায়ুশূল (কলোস্)।

নাসিকা। ঘ্রাণ-শক্তি স্বাভাবিক অপেক্ষাও অধিক তীক্ষ্ণ বা প্রখর; নাসারন্ধ্র বন্ধ হইয়া থাকে; নাকের মধ্যে ক্ষত এবং উহা হইতে অত্যন্ত দুর্গন্ধযুক্ত পুঁযের ন্যায় ক্লেদ নিঃসরণ।

মুখমণ্ডল। মুখমণ্ডল পিটা বা ফিকা, অথবা আরক্ত ও টল্‌টলে এবং জ্বালাযুক্ত।

গলার মধ্য। গলার মধ্যে ঘা বা টাটানি যাহা ডাইন পার্শ্বেই অধিক অনুভূত হয়। গলা খেকুর দিলেই গলা দিয়া পরিষ্কার সাদা শ্লেষ্মা নির্গত হয়।

পাকস্থলী এবং উদর। ক্ষুধা বা রুচি শূন্যতা; হুইস্কি (Whisky) নামক মদ্য পানের ইচ্ছা (আসেরাম্); অনবরত ঢেকুর বা উদ্গার দ্বারা প্রচুর পরিমাণে দূষিত বায়ু উঠা; অত্যন্ত বমনোদ্বেগ এবং বমনের ইচ্ছা (আণ্টি-টার্ট্)। উদরের ডাইন পার্শ্বে বেদনা; উদরের দুই পার্শ্বে, শ্রোণী প্রদেশে (Iliac Regions) বেদনা; পেটের মধ্যে গড়্ গড়্, কল কল শব্দ হওয়া এবং উহাতে মোচড়ানী ও পেট যেন স্ফীত হইয়াছে এরূপ অনুভূত হয় (চায়না, লাইকোপ্)।

মল। শৈশবাবস্থায় ওলাউঠা (Cholera Infantum) এবং পচা ডিমের ন্যায় দুর্গন্ধযুক্ত মলভেদ।

মূত্র। মূত্র কাল্‌চে, কাল্‌চে সবুজের আভাযুক্ত কটাবর্ণ; মূত্র কাল্‌চে ধূমের রঙ্ বিশিষ্ট এবং ক্ষার গুণ বিশিষ্ট পদার্থ মিশ্রিত।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের অতিরিক্ত পরিমাণে কাল্‌চে রক্তঃস্রাব; বহির্বায়ুতে চলিয়া বেড়াইবার সময় বাম ডিম্বকোষে বেদনা যাহা শীঘ্র শীঘ্রই সারিয়া যায়; সূতিকা-জ্বর এবং উহার সঙ্গে সঙ্গে বস্তিকোটরস্থ

যন্ত্রাদিতে পচনের লক্ষণ প্রকাশ পাওয়া; জরায়ুর মুখের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে ক্ষত (হাইড্রাষ্ট্)।

শ্বাস যন্ত্র। নিশ্বাস প্রশ্বাস গোঁ গোঁ, ঘড়্ ঘড়্ শব্দ বিশিষ্ট (ওপিয়াম্); ক্ষণস্থায়ী খুশ্‌খুশে কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে সুড়্ সুড়্ বা খুশ্‌খুশ্ করা; বুক যেন অত্যন্ত কম প্রশস্ত এরূপ অনুভূত হয়, যাহার দরুণ মনে হয় যেন বুক ও উদর কোটরের মধ্যস্থিত গোল পেশী (Diaphragm) ফুস্ফুস চাপিয়া রাখিয়াছে।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশ এবং অঙ্গ প্রত্যঙ্গের পেশীতে টাটানি।

অঙ্গ প্রত্যঙ্গ। বাম বাহুতে অনবরত ভারি এবং শ্রান্তিবোধ; ডাইন বাহুর পেশীতে টাটানি; বাম বাহুর সম্মুখ ভাগে কন্‌কনিয়া বেদনা। কুঁচ্‌কির সন্ধি হইতে পা ইত্যাদি শরীরের নিম্ন শাখায় সীসার ন্যায় ভারিবোধ; বাম হাঁটুর সন্ধির হাড়ের (Patella) নীচে কন্‌কনানি বা টাটানি; মনে হয় যেন হাঁটুর সন্ধি সঞ্চালন করা যাইবে না, কিন্তু সঞ্চালনের সময় উক্ত প্রকারের বেদনা একবারেই অনুভূত হয় না; বাম পায়ের টিবিয়া (Tibia) নামক হাড়ে প্রখর বেদনা।

চর্ম্ম। শরীরের নানা স্থানে চুলকানি (সাল্‌ফ্); সমুদয় শরীরে কোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী যাহা অত্যন্ত চুল্‌কায়, ঘষিলে যাহার উপশম হয়, কিন্তু ঘষিবার দরুণ আক্রান্ত স্থানে জ্বালার উদ্রেক হয় (সাল্‌ফ্)।

ব্যবহার। আরক্ত জ্বর, ডিপ্‌থিরিয়া (Diphtheria), আন্ত্রিক জ্বর ইত্যাদি যাহাতে শরীরের কোন কোন অংশ বা যন্ত্রে পচা লাগে; শ্লৈষ্মিক ঝিল্লী পচিয়া উহা হইতে পচা দুর্গন্ধযুক্ত অসুস্থ পূঁয নির্গমন; শ্লৈষ্মিক রোগ; মুখে ঘা; নর্দ্দামার দোষজনিত অসুখ; মূত্রকোষের ব্রাইট্‌স্ ডিজিজ্ (Bright's Disease); খোস বা চুলকানি; গায় চুলকানি বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী (Prurigo); সংযুক্ত বসন্ত (Variola Confluens); কণ্ঠনালী প্রদাহ (Laryngitis); বায়ুনল প্রদাহ; অজীর্ণ; গর্ভাবস্থায় বমন বা বমনোদ্বেগ (Morning Sickness); উদরাময়; বমন সম্বলিত শিরঃপীড়া; মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার উত্তেজনা; জরায়ুর মুখের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে ক্ষত; ডিপ্‌থিরিয়া (Diphtheria); কোন কোন প্রকারের ম্যেলেরিয়া জনিত

জ্বর ; পুঁয দ্বারা রক্ত বিযাক্ত হওয়ার দরুণ যকৃতে ফোড়া এবং আমাশয় ; মস্তিষ্কের তরুণ শোথ ; মূত্রাবরোধ হেতু ইউরিমিয়া (Uræmia) জনিত ঘোর অচেতনতা ইত্যাদি অসুখে কার্ব্বোলিক্ আসিড্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত অলসবোধ, গা মাটিমাটি করা এবং অত্যন্ত বলক্ষয় ; সামান্য চলিয়া বেড়াইতে অত্যন্ত ক্লান্তি বা শ্রান্তিবোধ ; রোগী (স্ত্রীলোক) মনে করে যেন তাহার সর্দ্দি লাগিয়াছে ইত্যাদি কার্ব্বোলিক্ আসিডের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। স্নায়ুমণ্ডলীতে কার্ব্বোলিক্ আসিডের কার্য্য অনেকটা জেলসিমিয়ামের কার্য্যের ন্যায়। পাকস্থলীর উপর ইহার কার্য্য অনেকটা ক্রিয়াজোট এবং কার্ব্বো-বেজিটেবিলিসের ন্যায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক, ব্যাপ্‌টিসিয়া, ল্যাকেসিস্, ফস্ফরাস্, নাইট্রিক্ আসিড্, মিউরিয়াটিক্ আসিড্, রাস্টক্স্ এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধ ঔষধ। স্যাকেরেট্ অব্ লাইম্ গোলা (Saccharate of lime in solution) সেব্য।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

আগারিকাশ্ মাস্কেরিয়াস ,—আগার-মাস্ক্

(AGARICUS MUSCARIUS,--AGAR. MUSC.)

ইউরোপ, আসিয়া এবং আমেরিকাস্থ শুষ্ক ভূমিতে এই গাছ জন্মিয়া থাকে। ইংলণ্ডে এই গাছ সচরাচর জন্মে না। কিন্তু স্কট্‌লাণ্ডে ইহা প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। ইহার কাঁচা, কোঁড়কের (Fungus) ছাল ফেলিয়া দিয়া ভালরূপে ধুইয়া যথানিয়মে ডাইলুট্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহার শুক্না কোঁড়ক যথানিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিকের উপর ইহার কার্য্য মদ্য (সুরা), আফিম এবং তাড়ির ন্যায়, যাহার দরুণ নেশার ন্যায় হইয়া রোগীর চেতনা একেবারেই থাকে না। অনেক কাল ধরিয়া মদ্যপানে অত্যাচার হেতু যেরূপ হয়, এই ঔষধও শরীরের সেরূপ বিকৃতাবস্থা উৎপাদন করে। স্থানিক প্রয়োগে শরীরের উপর ইহা এক উত্তেজক (Irritant) এবং ধ্বংসকারী বিষের ন্যায় কার্য্য করিয়া আক্রান্ত স্থানে প্রদাহ, বিকৃতি এবং কখন কখন উক্তস্থানের শ্লৈষ্মিক ঝিল্লীর পচন উৎপাদন করিয়া থাকে। কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুগুলি ইহা দ্বারা অত্যন্ত প্রবলরূপে আক্রান্ত হইয়া থাকে। উক্ত স্নায়ুগুলির মধ্যে গতি উৎপাদনের সহায়কারী স্নায়ুই অধিক আক্রান্ত হইয়া থাকে, যাহার দরুণ শরীর কম্পন, কোরিয়া (Chorea), আক্ষেপ (Convulsions) ইত্যাদি অসুখ উৎপন্ন হয়। জ্ঞান উৎপাদক স্নায়ুগুলিও ইহা দ্বারা আক্রান্ত হইয়া থাকে, যাহার দরুণ কসেরুকা মজ্জা ও স্নায়ুগুলিতে বেদনা এবং মেরুদণ্ডের উপর স্পর্শ করিলে টাটায় ও বেদনাযুক্ত হয়। এই বেদনা কোমর প্রদেশস্থ মেরুদণ্ডেই অধিক অনুভূত হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সকল বিষয়েই উদাসীনতা; কোন প্রকার প্রশ্নের উত্তর দেওয়ার অনিচ্ছা (ফস্, ফস্-আস্); প্রলাপ উক্তি এবং অনবরত পাগলের ন্যায় বক্ বক্ করা বা ছুটাছুটী করা; সর্ব্বদা বিছানা হইতে উঠিয়া যাওয়ার চেষ্টা; শারিরীক শক্তির অত্যন্ত চালনা (বেল্, হায়োস্); সর্ব্বদা চটিয়া যাওয়া; একগোঁয়েমী; বিমর্ষভাব; অবাধ্যতা (ব্রাই, ক্যাম্, নাক্স-বম্)।

মস্তক। বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে মাথাঘোরা (আর্ণিকা ক্রুড্, ক্যাল্‌ক্-কার্ব্ব, গ্লোনয়েন্, সিপিয়া, সাল্‌ফ্); সুরাপানে নেশা হইলে যেরূপ হয়, সেরূপ গা টলা (ষ্ট্রামন্); ঘুপ্ ঘুপে মাথা ধরা, কপালেই যাহা অধিক অনুভূত হয়, যাহার দরুণ রোগী মাথা এদিক ওদিক ঘুরাইতে বা নাড়িতে বা ঘুম পাওয়ার ন্যায় চক্ষু বুজিতে বাধ্য হয়; কপালের হাড়ের দুই পার্শ্ব হইতে নাকের গোড়া পর্য্যন্ত কসিয়া ধরা; যে সকল ব্যক্তি কোরিয়া (Chorea) রোগাক্রান্ত এবং যাহাদিগের জ্বর হইলেই প্রলাপ (Delirium)

হয়, তাহাদিগের শিরঃপীড়া বা মাথায় বেদনা (বেল্); শরীরের স্পন্দন; মাথায় বরফের ন্যায় ঠাণ্ডাবোধ (বিরেট্-আল্ব্), প্রধানতঃ কপালের হাড়ের ডাইন পার্শ্বে কাঁটা বিঁধাইয়া রাখার ন্যায় বেদনা বা যাতনা (আনাকার্ড, কফিয়া, ইগ্নেস্); মাথার পশ্চাদ্দেশে ভারিবোধ, যাহার দরুণ মাথা পশ্চাদ্দিকে টলিয়া পড়ে (চায়না)।

চক্ষু। চক্ষুর পাতার স্পন্দন (চিনিনাম্-সাল্ফ্); চক্ষুর গোলকের কন্‌কনানি ও স্পন্দন; চক্ষের আক্ষেপ এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষুর ব্যবহার না হইলেও চক্ষে অত্যন্ত দুর্ব্বলবোধ; চক্ষের সম্মুখে নানা প্রকারের চিহ্ন বা দাগ দেখা (ফাইসষ্ট্); চক্ষুর সম্মুখে নানা প্রকারের কম্পমান রঙ্গ (Vibrating Spectra) দৃষ্ট হয় এবং উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা; চক্ষুর সম্মুখে কাল দাগ বা জালের ন্যায় অথবা কুয়াশার ন্যায় দৃষ্ট হয় (সাল্ফ্, সাইক্লেমেন্, মার্ক্, ফস্, সিপিয়া, সাইলিসি); চক্ষুর পাতার মধ্যবর্ত্তী স্থান অপ্রশস্ত; চক্ষে অস্পষ্ট দেখা; সকল সময় এক প্রকার দূরে দেখা যায় না।

কর্ণ। অতিরিক্ত ঠাণ্ডা লাগিলে যেরূপ হয়, কান সেরূপ লালবর্ণ এবং উহাতে জ্বালা এবং চুলকানি।

নাসিকা। প্রাতঃকালে নাক ঝাড়িবার সময় নাক দিয়া রক্ত পড়া (আম্ব্রা, ব্রাই) এবং তৎপর নাক দিয়া ভয়ানক রক্তস্রাব; নাকে কোন প্রকার গন্ধই সহ্য হয় না (একন্, বেল্, কলোস্, কল্চ্, হিপ্-সাল্ফ্, লাইকোপ্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা শুষ্ক (আর্স্, ব্যাপ্ট্, বেল্, ফস্, রাস্-টক্স্; জিহ্বা সাদা লেপযুক্ত; মাড়ি স্ফীত; কোন প্রকার ধারক (Astringent) দ্রব্য খাইলে যেরূপ হয়, আহারবহা গলনালীর উপরিভাগে সেরূপ শুষ্কবোধ এবং উহার সঙ্কোচন। না কাশিলেও গলা দিয়া কঠিন শ্লেষ্মা নির্গত হয়।

পাকস্থলী এবং উদর। পচা ডিমের স্বাদ বিশিষ্ট উদ্গার উঠা (আণ্টি-টার্ট্, আর্ণিকা, সোরিনাম্, সিপিয়া), অথবা পচা আতা ফলের গন্ধবিশিষ্ট উদ্গার উঠা; হিক্কা; বমনোদ্বেগ এবং বমন; আহারের ৩ ঘণ্টা পর পাকস্থলীতে জ্বালা যাহা ঘুশ্ ঘুশে চাপাবোধে পরিণত হয় এবং উহার

সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ। যকৃতে রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার বিবৃদ্ধি; যকৃত প্রদেশে সূচীবিঁধানের ন্যায় বেদনা; অন্ত্রের মধ্যে গড়্ গড়্, কল্ কল্ শব্দ হওয়া (আলোজ্, লাইকোপ্. সিপিয়া, সাল্ফ্); বাম পার্শ্বের ক্ষুদ্র পাঁজরার হাড়ের নীচে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয়। গুহ্যদ্বার দিয়া প্রচুর দূষিত বায়ু নিঃসরণ; উদর স্ফীত এবং বিস্তৃত।

মল। মল পিত্তযুক্ত ঘাসের ন্যায় সবুজবর্ণ (ইপিকাক্, ম্যাগ্-কার্ব্); প্রাতঃকালে ঘুম হইতে উঠিলেই উদরাময় (আলোজ্, পডোফ্, রুমেক্স্, সাল্ফ্); আহারের পর উদরাময়; উদরে গড়্ গড়্, কল কল শব্দ সম্বলিত উদরাময় (আলোজ্); আক্ষেপিক শূলবেদনা সম্বলিত উদরাময় এবং দাস্তের সময় গুহ্যদ্বার দিয়া দূষিতবায়ু নিঃসরণ (কলোস্)।

মূত্রযন্ত্র। মূত্রনালী দিয়া আঁটাল চট্চটিয়া শ্লেষ্মা নির্গমন।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছা হয় বটে, কিন্তু স্ত্রী আলিঙ্গনের সময় পুরুষাঙ্গ শিথিল হইয়া পড়ে (আর্জেণ্ট্-নাইট্রিক্, কোনায়াম্, ক্যালেডিয়াম্); স্ত্রী সহবাসে ধাতু নির্গত হওয়ার পর অত্যন্ত দুর্ব্বলতা এবং অলসবোধ (চায়না, ফস্, ফস্-আস্. ষ্টাফিস্) এবং উরুদেশে অত্যন্ত দুর্ব্বলবোধ ও বেদনা; স্ত্রী সহবাস বিষয়ে অত্যাচার জনিত অসুখ (চায়না, ফস্); স্ত্রীলোকের জরায়ুতে নিম্নদিকে সজোরে ঠেলিয়া নামার ন্যায় অত্যন্ত বেদনা যাহা সহ্য করিতে না পারিয়া রোগী ছট্ফট্ করে; যোনি ও যোনিদ্বারে ভয়ানক চুলকানি (আম্ব্রা, কোনায়াম্, ক্রিয়াজ্, নেট্রাম্-মিউর্, নাইট্রিক্ আস্) এবং উহার সঙ্গে সঙ্গে পুরুষসহবাস এবং পুরুষ আলিঙ্গনের অত্যন্ত ইচ্ছা (ক্যান্থ.)।

শ্বাসযন্ত্র। সময়ে সময়ে প্রবল কাশির আক্রমণ হাঁচি হইয়া শেষ হয়; হঠাৎ আক্ষেপিক কাশি, পূর্ব্বাহ্ন বা দিনের বেলা যাহার বৃদ্ধি হয়; কণ্ঠনালীতে কষ্টবোধ এবং সঙ্কোচক যাতনা, যাহার দরুণ শ্বাসরোধ হইবে বলিয়া ভয় হয় (একন্, ল্যাক্); বুকে অত্যন্ত কষ্ট এবং সঙ্কোচক যাতনা (আর্স, ফস্); শ্বাস কষ্ট।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না (একন্); দুই স্কন্ধের মধ্যবর্ত্তী স্থানে এক বিশেষ প্রকৃতির দুর্ব্বলতা এবং শক্ত

বোধ যাহা ঘাড় পর্য্যন্তও বিস্তৃত হয়; মাথা হেট করিয়া অনেকক্ষণ ক্রমাগত উপুড় হইয়া থাকিলে যেরূপ হয়, পৃষ্ঠদেশে সেরূপ বেদনা (রাস্ টক্স্); থেঁতলিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, পৃষ্ঠদেশের পেশীতে সেরূপ অনুভূত হয়, যাহার দরুণ মাথা সম্মুখ দিকে বাঁকা হইয়া পড়িলে মনে হয় যেন পৃষ্ঠদেশের পেশীগুলি খাট হইয়াছে; মাথা হেট করিয়া উপুড় হইলে কসেরুকা মজ্জায় আগাগোড়া বেদনানুভব; কসেরুকার মধ্যে খোঁচা বিধার ন্যায় জ্বালাযুক্ত বেদনা; মেরুদণ্ড স্পর্শ করিলেও বেদনাযুক্ত হয় (সিমিসিফ্, ফস্); শরীর ফিরাইলে বা ঘুরাইলে মেরুদণ্ডে অত্যন্ত প্রবল বেদনার উদ্রেক হয়; পিপড়া হামা দিয়া গেলে যেরূপ হয়, মেরুদণ্ডের মধ্যে সেরূপ অনুভূত হয়; বহির্ব্বায়ুতে চলিবার সময় গুহ্যদ্বারের উপরিভাগে সূচী বিঁধানের ন্যায় হঠাৎ প্রবল বেদনা; কোমর এবং কোমরের নিম্ন প্রদেশে, ও গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে প্রবল বেদনা; পৃষ্ঠদেশ যেন শক্ত হইয়া থাকে যাহা ঘাড় পর্য্যন্ত বিস্তৃত হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। হাতের কাঁপনি (ফস্); বাম বাহু এবং সম্মুখ বাহুতে কসিয়া ধরার ন্যায় বেদনা; বাম সম্মুখ বাহু এবং কনুইয়ের পেশীতে কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়; নিহারাক্রান্ত হইলে বা বরফে অনেকক্ষণ থাকিলে যেরূপ হয়, হাত এবং হাতের আঙ্গুলে সেরূপ লাল বর্ণ স্ফীতি এবং উহাতে চুলকানি ও জ্বালানুভব; ক্ষুদ্র সন্ধি-বাতের ন্যায় হাতের আঙ্গুল শক্ত হয় বা উহা নোয়ান যায় না। পাছার পেশীর (Gluteal Muscles) স্পন্দন; পা যেন শ্রান্ত এবং ভারি অনুভূত হয়; পা দুর্ব্বল; শ্রান্ত হইলে যেরূপ হয়, পায়, বিশেষতঃ, ডাইন উরুর সন্ধিতে সেরূপ বেদনা; নিহারাক্রান্ত হইলে বা বরফে অনেকক্ষণ ভিজিলে যেরূপ হয়, পায়ের আঙ্গুল সেরূপ লালবর্ণ এবং উহাতে চুলকানি ও জ্বালানুভব (এপিস্)।

জ্বর। সামান্য নড়াচড়াতেই শীতবোধ; বিছানায় কাপড় সামান্য উঠাইলেই শীতবোধ।

নিদ্রা। বারম্বার হাই তোলা; নিদ্রার অত্যন্ত ইচ্ছা; ঘুম হওয়া হওয়া সময়ে চমকিয়া উঠা এবং শরীর স্পন্দন।

ব্যবহার। মৃগীরোগ; কোরিয়া (Chorea); কসেরুকা মজ্জায়

রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার উত্তেজনা; কসেরুকা মজ্জার কোমলতা; আন্ত্রিক-জ্বর বা জ্বর বিকার; মদোন্মত্ততা (Delirium Tremens); সংন্যাশ রোগ; মাতালদিগের যন্ত্রের কার্য্য সম্বন্ধীয় অসুখ; অজীর্ণ; বাতরোগ; চক্ষুর নানা প্রকারের রোগ; আঙ্গুলের ফাঁকে ফাঁকে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ঘা; নিহারাক্রান্ত হওয়া (Frost-bite) জনিত অসুখ; অনর্থক মোটা হওয়া (Obesity) ইত্যাদি অসুখে আগারিকাশ্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শরীরের নানা স্থানের পেশীর কম্পমান স্পন্দন; রোগী (স্ত্রীলোক) মনে করে যেন অঙ্গ প্রত্যঙ্গ তাহার আপন নহে; শরীরের উর্দ্ধ এবং নিম্নাঙ্গের পক্ষাঘাত; চলিতে চলিতে যেখানে সেখানে টলিয়া পড়া; সমুদয় শরীরের কম্পন; পেশীর ভয়ানক স্পন্দন (সিকুটা, কাইসষ্ট, ষ্ট্রামন্); ঘুম হওয়া হওয়া সময়ে চমকিয়া উঠা এবং পেশীর স্পন্দন, (বেল্, হায়োস্, ষ্ট্রামন্); শীত কম্প যাহা শরীরের উর্দ্ধভাগ হইতে নিম্নভাগে বিস্তৃত হয়; চলিবার সময় অথবা সামান্য শারীরিক পরিশ্রমে ঘর্ম্ম হওয়া; নিহারাক্রান্ত (Frost-bite) হওয়ার ন্যায় স্থানে স্থানে লালবর্ণ হওয়া এবং উহাতে চুলকানি এবং জ্বালানুভব; বরফ বা বরফের সূচী বিঁধাইলে যেরূপ হয়, শরীরের স্থানে স্থানে সেরূপ অনুভূত হয়; মাতালদিগের শিরঃপীড়া। প্রাতঃকালে, আহারের পর, মৈথুন কার্য্যে অত্যাচারে, রাত্রিতে, শীতল বাতাসে, মানসিক পরিশ্রম বা চিন্তাতে, সূর্য্যের রশ্মিতে, বিশ্রামে, জল বৃষ্টি বা বজ্রাদি পতনের পূর্ব্বে অসুখের বৃদ্ধি এবং নড়া চড়া বা চলিয়া বেড়াইলে অসুখের উপশম ইত্যাদি আগারিকাশের কতক গুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আগারিকাশের কার্য্যের সঙ্গে সিমিসিফিউগা, ক্যানাবিস্ ইণ্ডিকা, হায়োসায়েমাস্ এবং ওপিয়ামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, সিকুটা, কফিয়া, কোনায়াম্, ল্যাকেসিস্, জাবরাণ্ডি, নাক্স্ বমিকা, ফস্ফরাস্, ফস্ফরিক্ আসিড্, ফাইসষ্টিগ্মা, পাল্সেটিলা, টারেন্টুলা এবং জিঙ্কামের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার্, কফিয়া, পাল্সেটিলা, সুরা।

ডাইলুশন বিচার। ৩য় হইতে ৬ষ্ঠ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন চিকিৎসকের মতে আগারিকাশের মূল আরোক দ্বারা মিশ্র আরোক অপেক্ষা অধিক উপকার দর্শে।

আলোজ্,—আলোজ্

(ALOES,—ALOE SOCOTRINA,—ALOE.)

সোকোট্রা দ্বীপে যে প্রকার আলোজ্ জন্মে (Socotrine Aloes) উহা যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। যকৃতের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ পিত্তের অতিরিক্ত সঞ্চার হইয়া থাকে। দ্বিতীয়তঃ ইহা বৃহৎ অন্ত্রের শ্লৈষ্মিক অংশ এবং গুহ্য আক্রমণ করে, যাহার দরুণ গুহ্যে অধিক পরিমাণে রক্তাধিক্য বা রক্তাবরোধ হইয়া অর্শরোগ হয় এবং বস্তিকোটরস্থ যন্ত্র, প্রধানতঃ স্ত্রীলোকের জননেন্দ্রিয় আক্রান্ত হইয়া থাকে। গুহ্যের উপর ইহার কার্য্যের বিষয় চিকিৎসকের বিশেষরূপে স্মরণ রাখা কর্ত্তব্য।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মানসিক পরিশ্রমে অত্যন্ত অনিচ্ছা (নাক্স্-বম্), কারণ ইহা দ্বারা রোগী অত্যন্ত শ্রান্ত হইয়া পড়ে; নড়িতে অনিচ্ছা; পর্য্যায়ক্রমে মনের অবসন্নতা এবং চাঞ্চল্য।

মস্তক। কপালের মধ্য দিয়া আড়াআড়ী বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে ভারিবোধ এবং বমনোদ্বেগ (নাক্স্-বম্, পডোফ্); চক্ষু-কোটরে উপরিভাগে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে বেদনা; মাথার সম্মুখভাগে উক্ত প্রকারের বেদনা; মাথার উপরিভাগে ভারিবোধ (ক্যাল্ক, সাল্ফ্); উষ্ণতাতে মাথা বেদনার বৃদ্ধি এবং ঠাণ্ডা প্রয়োগে মাথা বেদনার উপশম (আর্স্); কোষ্ঠ পরিষ্কার না হওয়ার দরুণ মাথাধরা বা মাথা বেদনা; পাকস্থলী এবং অন্ত্রের অসুখ সম্বলিত মাথাধরা।

চক্ষু। চক্ষুকোটরের মধ্যে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন বেদনা উক্ত স্থানের পেশীতে স্থিত; এই বেদনা ডাইন পার্শ্বেই অধিক অনুভূত হয় (সিমিসিফ্, স্পাইজেল্); পাখীর ডানা ঝাড়িলে যেরূপ হয় চক্ষুর সম্মুখে সেরূপ ধড়্ ফড়্ করা এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডলে উষ্ণানুভব; চক্ষুর সম্মুখে যেন একটী হরিদ্রা বর্ণের আঙ্গটী নড়িতেছে এরূপ অনুভূত হয়; রোগী চক্ষু ছোট করিয়া তাকাইতে বাধ্য হয় এবং উহার সঙ্গে সঙ্গে কপালে বেদনা; চক্ষে ভারি বোধ এবং বমনোদ্বেগ।

মুখগহ্বর। দাঁতের অগ্রভাগের মধ্যদেশ ধারাল, যাহার দরুণ জিহ্বায় আঘাত লাগিয়া ঘা হয়; মুখে ধাতুর স্বাদ এবং উহার সঙ্গে সঙ্গে খুশ্‌খুশে শুষ্ক কাশি।

পাকস্থলী এবং উদর। তিক্ত উদ্গার উঠা; বক্ষাস্থির (Sternum) নীচে অত্যন্ত কষ্টদায়ক চাপাবোধ। যকৃত প্রদেশে অসুখ, উষ্ণ, চাপা এবং কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়; উদরের ডাইন পার্শ্বে পাঁজরার হাড়ের নীচে খুশ্‌খুশে বেদনা, দাঁড়াইলে যাহার বৃদ্ধি হয়; উদর, বিশেষতঃ নাভিপ্রদেশ, বেদনাযুক্ত; উদরে মোচড়ানের ন্যায় বেদনা, পেট কামড়ানী, যাহার দরুণ রোগী বসিয়া সম্মুখ পানে ঝুঁকিয়া পড়িতে বাধ্য হয়; (কষ্ট, কলোস্, আইরিস্, বিরেট্-আল্ব্); বাহ্যের বেগ, কিন্তু বেগ দিলে মল নির্গত না হইয়া কেবল কতক পরিমাণে দুর্গন্ধযুক্ত দূষিত বায়ু নির্গত হয় (ব্রাই); উদর স্ফীত এবং বিস্তৃত (আণ্টি-ক্রুড্, ব্রাই, চায়না), বিশেষতঃ উদরোর্দ্ধ প্রদেশ এবং উহার সঙ্গে সঙ্গে উদরের নানা স্থানে দূষিত বায়ু (Flatus) ঘুরিয়া বেড়ায় (লাইকোপ্, হিপ্-সাল্‌ফ্, পাল্‌স্); গুহ্যদ্বার দিয়া জ্বালা উৎপাদক, দুর্গন্ধযুক্ত দূষিত বায়ু নিঃসরণ যাহাতে পেটের বেদনার অনেক উপশম হয়; দাস্তের সময়, উহার পূর্ব্বে এবং পরে পেটকামড়ানী (মার্ক) এবং মল ত্যাগের সময় প্রবল শব্দে দূষিত বায়ু নিঃসরণ (আগারিকাশ্, থুজা); উদরে দুর্ব্বল বোধ, যাহার দরুণ মনে হয় যেন উদরাময় হইবে (ফাইসষ্ট্); তলপেট এবং গুহ্যে ভারিবোধ; মলত্যাগের সময় কোঁথ পাড়ার সময় অথবা শয়নাবস্থা হইতে উঠিবার সময়, স্পর্শ করিলে উদরের উপরস্থিত পেশীতে বেদনার উদ্রেক হয়।

মল এবং মলদ্বার। গুহ্যে উষ্ণ এবং ভারিবোধ ও উহাতে টাটানি; গুহ্যে উষ্ণ এবং জ্বালানুভব (আর্স্); গুহ্য দ্বারে চুলকানি এবং জ্বালা (আর্স্, ক্যাম্ব্, সাল্ফ্); গুহ্য দ্বারের সঙ্কোচক যন্ত্রের (Sphincter Ani) দুর্ব্বলতা বা উহার শক্তির হ্রাস; দিনের বেলা অনবরত বাহ্যের বেগ; বাহ্যের বেগের দরুণ রাত্রিতে ঘুম ভাঙ্গিয়া যায়; বাহ্যের বেগের দরুণ প্রাতঃকালে ৬টার সময় বিছানা হইতে তাড়াতাড়ি পায়খানায় যাইতে বাধ্য হওয়া (আগারিকাশ্, পডোফ্, রুমেক্স্, সাল্ফ্); বাহ্যের বেগের সঙ্গে সঙ্গে মূত্র নির্গমন; উদরাময়ের বেগের ন্যায় বাহ্যের বেগ, কিন্তু মল নির্গত না হইয়া কেবল উষ্ণ দূষিত বায়ু নির্গত হইয়া বেগের উপশম হয়, কিন্তু বায়ু নিঃসরণের পর আবার বাহ্যের বেগ পুনরায় আরম্ভ হয় ও মনে হয় যেন গুহ্য দ্বারের উপরিভাগে একখানি কাঠ লাগিয়া রহিয়াছে (আনাকার্ড্); মল ত্যাগের পর মনে হয় যেন গুহ্যে আরো মল লাগিয়া রহিয়াছে (নাক্স্-বম্); অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মল নির্গমন এবং উহার সঙ্গে সঙ্গে দূষিত বায়ু নিঃসরণ (ফস্-আস্); আহার বা পানের পরই বাহ্যের অত্যন্ত বেগ হয়, যাহার দরুণ রোগী তাড়াতাড়ি পায়খানায় যাইতে বাধ্য হয় (কলোস্); বিনা বেগেই মল নির্গত হয়; মল এবং মূত্র এক সঙ্গেই নির্গত হয় (হায়োস্); দাস্তের সময় অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয়; মল পরিমাণে অল্প, কটার আভাযুক্ত, অর্দ্ধ তরল; মল উজ্জ্বল হরিদ্রা বর্ণ (চেলিডন্), গোলানির ন্যায়; ঢেলার ন্যায়; জলবৎতরল; ভিজা গোঁদের ন্যায় অধিক পরিমাণে শ্লেষ্মা মলত্যাগ; গুহ্য দ্বারে অর্শের বলি বাহির হয় (ক্যাল্ক্-কার্ব্ব, ল্যাক্, পাল্স্, সাইলিসি) যাহা আঙ্গুর ফলের ন্যায় থোপায় থোপায় প্রকাশ পায় (মিউর-আস্) এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যে অনবরত ঠেলিয়া নামার ন্যায় অনুভূত হয়।

মূত্রযন্ত্র। মূত্র ত্যাগের সময় মূত্র নালীতে জ্বালানুভব।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের তলপেটে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন রজঃস্রাব শীঘ্রই আরম্ভ হইবে (কলোফিলাম্, সিমিসিফ্, পাল্স্, সাঙ্গুনেরিয়া); জরায়ু প্রদেশে পূর্ণ এবং ভারিবোধ এবং উহার সঙ্গে সঙ্গে কোমর এবং কুঁচকি প্রদেশে প্রসব বেদনার ন্যায় বেদনা, দাঁড়াইলে যাহার বৃদ্ধি হয়; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে, প্রচুর রজঃস্রাব (আম্ব্রা, আমন্-কার্ব্ব,

ক্যাল্‌-কার্ব্ব্, নাক্স্‌-বম্‌) ; শ্বেত প্রদর এবং তদরুণ যোনিদ্বার দিয়া রক্ত মিশ্রিত শ্লেষ্মার ন্যায় পদার্থ নির্গমন ও শ্বেত প্রদর নিঃসরণের পূর্ব্বে তল-পেটে শূল বেদনার ন্যায় বেদনা।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। কোমরে বাতের বেদনা এবং উহার সঙ্গে পর্য্যায়ক্রমে শিরঃপীড়া ; বসিয়া থাকিলে গুহ্য দ্বারের ঠিক উপরিভাগে চাপা এবং ভারিবোধ, নড়া চড়াতে যাহার উপশম হয়।

ব্যবহার। আমাশয় ; উদরাময় ; অর্শরোগ ; পেটকামড়ানী ; জরায়ুর জড়তা ; রক্তস্রাব ইত্যাদি অসুখে আলোজ্‌ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। পৃষ্ঠদেশে বেদনা (বেল্‌, সিপিসিক্‌, নাক্স্‌-বম্‌, পাল্‌স্‌) ; অত্যন্ত বলক্ষয় এবং উহার সঙ্গে সঙ্গে ঘর্ম্ম (চায়না) ; বেদনাদি অল্পক্ষণ থাকে ; মোটা চর্ব্বিযুক্ত শরীর এবং অলস বৃদ্ধ ব্যক্তি ; বৃদ্ধ বয়স। উষ্ণতা, উষ্ণ, ভিজা বায়ুতে, প্রাতঃকালে, অপরাহ্নে এবং সন্ধ্যার সময় ; বহির্ব্বায়ুতে, নড়া চড়াতে, দাঁড়াইলে এবং আহারের পর অসুখের বৃদ্ধি এবং সন্ধ্যার সময় ; বহির্ব্বায়ুতে, নড়া চড়াতে, দাঁড়াইলে এবং আহারের পর অসুখের বৃদ্ধি এবং ঠাণ্ডা প্রয়োগে, শীতকালে বা শীতল বাতাসে এবং দূষিত বায়ু (Flatus) নিঃসরণে অসুখের উপশম ইত্যাদি আলোজের কতকগুলি বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আলোজের কার্য্যের সঙ্গে ইস্কুলাস্‌, কলিনসনিয়া, নাক্স্‌-বমিকা এবং সাল্‌ফারের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক্‌, ক্রটন্‌, চায়না, কলোসিন্থ্‌, লাইকোপডিয়াম্‌, পডোফিলাম্‌ এবং পাল্‌সেটিলার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। সাল্‌ফার, মাষ্টার্ড্‌ (Mustard), বিনিগার, এবং বেজিটেবেল্‌ আসিড্‌স্‌ (Vegetable Acids)। ক্যাম্ফার দ্বারা কতক-ক্ষণের জন্য উপশম হয়।

ডাইলুশন বিচার। আমাশয় রোগে ৩, ৬ এবং ৩০ ডাইলুশনই অধিক ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার ডান্‌হাম্‌ (Dr. Dunham) এবং ডাক্তার ওয়েল্‌সের (Dr. Wells) মতে ইহার ২০০ ডাঃ দ্বারা অধিক উপকার

দর্শে। চিকিৎসার ফল দেখিয়া আমরা ডাক্তার ডান্‌হাম্ এবং ডাক্তার ওয়েলস্ প্রভৃতি চিকিৎসক মহাশয়গণের উক্ত মতের পোষকতা করিতে পারি। অনেক কালের পুরাতন আমাশয় রোগের চিকিৎসায় ২০০ ডাইলুশন ব্যবস্থা করিয়া অন্যান্য ডাইলুশন অপেক্ষা অধিক সুফল পাওয়া যাইতে দেখা যায়। আবার অনেক সময় তরুণ রক্তামশয় রোগে পেটকামড়ানী এত প্রবল ও কষ্টকর হয়, যে কোন ঔষধ দ্বারাই উহার উপশম হয় না। এমতাবস্থায় আলোজ্ ২০০, ডাঃ, ½ ফোঁটা মাত্রায়, ২।৩ মাত্রা সেবনে বিশেষ উপকার দর্শিতে দেখা যায়। এমনকি, অনেকের ১ মাত্রায়ই পেটকামড়ানী সারিয়া যাইতে দেখা যায়।

আলুমিনা,—আলাম্

(ALUMINA,—ALUM)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত আলুমিনার গুঁড়া ক্রয় করিয়া উহার সঙ্গে যথা নিয়মে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ৩য় শততমিক ক্রম পর্যান্ত ইহার গুঁড়া প্রস্তুত করিতে হয়।

সাধারণ ক্রিয়া। গতি উৎপাদনের সহায়কারী স্নায়ু ইহা দ্বারা সোজাসোজী আক্রান্ত হইয়া থাকে, যাহার দরুণ পক্ষাঘাত উৎপন্ন হইয়া থাকে। কিন্তু শ্লৈষ্মিক ঝিল্লী (অন্ত্র এবং যোনি দ্বারের শ্লৈষ্মিক ঝিল্লিই অধিক) ইহা দ্বারা বিশেষ রূপে আক্রান্ত হইয়া থাকে, যাহার দরুণ উক্ত অংশের নিঃসরণের পরিমাণের হ্রাস হইয়া উহাতে অত্যন্ত শুষ্কতা অনুভূত হয় এবং তদ্দরুণ উহাতে অধিক বা সামান্য পরিমাণে উত্তেজনাও হইতে পারে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। স্মরণ শক্তির দুর্ব্বলতা বা হ্রাস (আম্ব্রা, আনাকার্ড্, ক্রিয়াজ্, ল্যাক্, মার্ক্, নেট্রাম্-মিউর, নাক্স-নক্, ফস্-আস্); সময় যেন আস্তে আস্তে কাটে (নাক্স-মস্); অসহ ক্লান্তিবোধ (অরাম্); মনের ভাব সকল

সময়ে এক রকম থাকে না, অর্থাৎ রোগী কোন কোন সময়ে আপনার উপর অত্যন্ত বিশ্বাস করে, আবার কখন বা একবারে ভীত হয়; সর্ব্বদা চিড়্ চিড়্, বক্ বক্ করা (ক্যাম্); এক গোঁয়েমী (ব্রাই, নাক্স-বম্, ক্যাম্); মানসিক অবসন্নতা (পাল্স); ভবিষ্যতের বিপদের আশঙ্কা (আনাকার্ড্, আর্স্, চিনিনাম্ সাল্ফ্, ক্যাল্ক্-কার্ব্ব)।

মস্তক। মাথাঘোরা, যাহার দরুণ মনে হয় যেন চতুষ্পার্শ্ববর্ত্তী বস্তু চক্রাকারে ঘুরিতেছে (আর্ণিকা, বেল, কোনায়াম, ব্রাই, নাক্স-বম্) এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার বমনোদ্বেগ হইতে হইতে মূর্চ্ছার ভাব (লোবিলিয়া); প্রাতঃকালে মাথাঘোরা (ফস্, নাইট্রিক্-আস্), চক্ষু মেলিলে মাথা ঘোরা (ল্যাক্); অচেতনতার ন্যায় নিদ্রা এবং উহার সঙ্গে সঙ্গে সম্মুখ পানে টলিয়া পড়ার ভাব; মস্তিষ্কে সূচী বিঁধানের ন্যায় প্রখর বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; দাঁড়াইয়া বা বসিয়া থাকিলে কপালে জ্বালাযুক্ত, বা চাপিয়া ধরার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে উষ্ণানুভব, বহির্বায়ুতে যাহার উপশম হয়; মাথার উপরিভাগে চিড়িক্ মারার ন্যায় বা দপ্ দপিয়া বেদনা; আঁটা টুপী পরিলে যেরূপ হয়, কপালে সেরূপ চাপা বোধ।

চক্ষু। চক্ষে জ্বালা এবং চাপা বোধ (আর্স্); চক্ষে কম বা ঝাপ্সা দেখা, যাহার দরুণ রোগী চক্ষু বারম্বার মুছিয়া ফেলিতে বাধ্য হয় এবং চক্ষু যাহা মুছিয়া ফেলিলেই সারিয়া যায় (ক্রোকাশ, পাল্স); প্রদীপের আলোক যেন সূর্য্য বা চন্দ্রের বেষ্টক মণ্ডলের ন্যায় মণ্ডল দ্বারা পরিবেষ্টিত বলিয়া অনুভূত হয়; ঘুম হইতে জাগিলে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকে (আণ্টিক্রুড্, সাইলিসি, সাল্ফ্) এবং চক্ষু মেলিলে চক্ষে জ্বালানুভব ও আলোক পানে তাকাইতে অশক্তি (একন্, বেল্, লাইকোপ্); চক্ষুর পাতা পুরু হয় (পাল্স, গ্রাফ্); চক্ষুর পাতা শুষ্ক এবং জ্বালাযুক্ত।

কর্ণ। সন্ধ্যার সময় এক কান লালবর্ণ এবং উহাতে উষ্ণানুভব; সন্ধ্যার সময় বা রাত্রিতে কানের মধ্যে সূচী বিঁধানের ন্যায় যাতনা।

নাসিকা। দুই নাসারন্ধ্রের মধ্যবর্ত্তী হাড় স্ফীত, লালবর্ণ এবং স্পর্শনে বেদনাযুক্ত (আর্স্, মার্ক্); নাকের বাম পাতার স্ফীতি এবং কঠিনতা; নাকের আগা ফাটাযুক্ত; নাসারন্ধ্রে ক্ষত (আণ্টি-ক্রুড্,

অরাম্. গ্রাফ্, ক্যালী-বাই, নাইট্রিক্-আস্, পাল্স্); নাসিকার পুরাতন শ্লৈষ্মিক রোগ. এবং তদ্দরুণ নাসারন্ধ্রের মধ্যে মরা চামড়ার ন্যায় খোসা বা চুমটী বিশিষ্ট ক্ষত ও নাক দিয়া হরিদ্রা বর্ণের গাঢ় শ্লেষ্মা নির্গমন (ব্যারাইটা-কার্ব্ব, গ্রাফ্, হিপ্-সাল্ফ্, ক্যালী-বাই, মার্ক্, পাল্স্)।

মুখমণ্ডল। ডিমের লাল লাগিয়া শুকাইয়া থাকিলে যেরূপ হয়, মুখমণ্ডলে সেরূপ কসিয়া বা চাপিয়া ধরার ন্যায় অনুভূত হওয়া (ব্যারাইটা-কার্ব্ব, ক্যালেড, গ্রাফ্, সাল্ফ্-আস্)। নিম্ন মাড়ির অনিচ্ছাপূর্ব্বক আক্ষেপিক স্পন্দন বা সঞ্চালন।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁত যেন নড়ে এবং স্বাভাবিক অপেক্ষা অনেক লম্বা হইয়াছে এরূপ অনুভূত হয় (কার্ব্বো-আনিমেল্, মার্ক্, নাইট্রিক-আস্); মুখে লালের অধিক সঞ্চার, অথচ মুখে শুষ্কবোধ; মাড়ি স্ফীত এবং উহা হইতে রক্ত পড়া (মার্ক্, নাইট্রিক্-আস্); গলার মধ্য লালবর্ণ এবং স্ফীত (বেল, ল্যাক্, মার্ক্); সন্ধ্যার সময় গলার মধ্যে অত্যন্ত শুষ্কানুভব, যাহার দরুণ রোগী গলা খেকুর দিয়া বারম্বার গলার মধ্য পরিষ্কার করিতে বাধ্য হয়; প্রাতঃকাল এবং সন্ধ্যার সময় গলার মধ্যে আঁটাল শ্লেষ্মার সঞ্চার (আমন্-মিউর, ক্যালী-বাই); এক-খানি কাঠের চোঁচ বিঁধিয়া থাকিলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ অনুভূত হয় (আর্জেণ্ট-নাইট্রিক্, নাইট্রিক্-আস্, হিপ্-সাল্ফ্); গিলিবার সময় আহারবহা গলনালীর উপরিভাগ হইতে পাকস্থলী পর্য্যন্ত সঙ্কোচনের ন্যায় অনুভূত হওয়া (লাইকোপ্); ডেলার ন্যায় কোন পদার্থ লাগিয়া থাকিলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ চাপা বোধ এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে টাটানি, খশ্খশে এবং শুষ্ক বোধ।

পাকস্থলী এবং উদর। ক্ষুধা বা রুচী একবারেই থাকে না, (আর্স, ক্যাল্ক-কার্ব্ব, চায়না, নেট্রাম্-মিউর, সাল্ফ্); মাংসে অরুচি (আর্ণিকা, কার্ব্বো-বেজ, গ্রাফ্, সাল্ফ্); ময়দা কি চা খড়ি, কাঠের কয়লা এবং এই প্রকার অন্যান্য প্রকারের অপাক কারক দ্রব্যে স্পৃহা; টক্ উদ্গার উঠা (কার্ব্বো-বেজ, ফস্, নাক্স-বম্, সাল্ফ্); বুক জ্বালা; পাকস্থলীর সঙ্কোচন এবং মোচড়ান যাহা আহারবহা গলনালী দিয়া গলার মধ্য পর্য্যন্ত বিস্তৃত

হয়। মাথা হেট করিয়া উপুড় হইলে উদরের ডাইন পার্শ্বে থেঁৎলিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা এবং সোজা হইলে উক্ত প্রদেশে সূচী বিঁধানের ন্যায় যাতনা; অন্ত্র বৃদ্ধিতে (Hernia) যেরূপ হয়, উদরের ডাইন পার্শ্বের আব্‌ডোমিনেল্‌ রিঙ্গের (Abdominal Ring) স্থানে সেরূপ বাটিয়া বা চাপিয়া ধরার ন্যায় বেদনা (কোকাস্‌, নাইট্রিক্‌-আস্‌, নাক্স-বম্‌)।

মল। গুহ্যের জড়তা (ক্যাম্ফার, ওপিয়াম্‌, সিপিয়া), যাহার দরুণ নরম মল ত্যাগ করার সময়ও অত্যন্ত কোঁথ্‌ পাড়িতে হয় (কার্ব্বো-বেজ্‌, চায়না); অন্ত্রের মধ্যে অধিক মল সঞ্চিত না হইলে বাহ্যের বেগ হয় না, অথবা মল ত্যাগের ক্ষমতাও থাকে না; গুহ্যদ্বারে চুলকানি এবং জ্বালা (আর্স, সিনা, গ্রাফ্‌, সাল্‌ফ্‌); মল ত্যাগের পর গুহ্য দ্বারে ছাল উঠিয়া যায় এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যের সঙ্কোচন এবং গুহ্য দ্বারে বাটিয়া ধরা (নেট্রাম্‌ মিউর); মল ভেড়ার মলের ন্যায় কঠিন গুঁটলে (ওপিয়াম্‌, প্লাম্বাম্‌); মল ত্যাগের সময় গুহ্যদ্বারে কর্ত্তনবৎ বেদনা এবং তৎপর রক্ত পড়া (মার্ক, নাক্স-বম্‌); যে সকল স্ত্রীলোক শিশুগণকে স্তন দুগ্ধ পান করায় তাহাদিগের কোষ্ঠবদ্ধ (ওপিয়াম্‌, নাক্স-বম্‌)।

মূত্রযন্ত্র। মল ত্যাগের সময় কোঁথপাড়া কালীন মূত্র নির্গমন, অথবা কোঁথ না পাড়িয়া রোগী মূত্র ত্যাগ করিতে পারে না; মূত্রাধার এবং জননেন্দ্রিয়ে দুর্ব্বল বোধ।

জননেন্দ্রিয়। দিনের বেলায় স্ত্রীলোকের প্রচুর পরিমাণে, (আগা-রিকাস্‌) ক্ষতকারক বা উগ্র শ্বেতপ্রদর নিঃসরণ যাহা পায়ের পাতা পর্য্যন্ত বহিয়া পড়ে; উগ্র, ক্ষতকারক শ্বেত প্রদর এবং উহার সঙ্গে সঙ্গে জননেন্দ্রিয়ে জ্বালাযুক্ত যাতনা; যোনিদ্বারাদি স্ফীত এবং ক্ষতযুক্ত হয় (কোনায়াম্‌, আয়োড্‌, ক্রিয়াজ্‌, মার্ক্‌, রুস্‌, পাল্‌স্‌), যাহার দরুণ সময় সময় অত্যন্ত কষ্ট অনুভূত হয় এবং ঠাণ্ডা জল দ্বারা আক্রান্ত স্থান ধোয়াইয়া দিলে যাহার উপশম হয়; কষ্টকর স্বল্প রজঃস্রাব এবং তদ্দরুণ ফিকা রঙ্গ বিশিষ্ট রক্তস্রাব (রুস্‌); রজঃস্রাবের পর শরীর এবং মন উভয়েরই অবসন্নতা (আরন্‌-কার্ব্ব, কার্ব্বো-আনিমেল্‌, ককিউলাস্‌)।

শ্বাসযন্ত্র। ক্রমাগত খুস্‌খুসে শুষ্ক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে

বমন এবং শ্বাসরোধ হওয়া; রাত্রিতে শুষ্ক কাশি (সিম্বিসিফ্, হায়োস্, লাইকোপ্) এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্য শুষ্কানুভব; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্য এবং বুকে বেদনা ও অনিচ্ছাপূর্ব্বক বা অসাড়ে মূত্র নির্গমন (কষ্ট, কল্‌চ্); প্রতিদিন প্রাতঃকালে অনেকক্ষণ ধরিয়া শুষ্ক কাশি, অতি কষ্টে কতক পরিমাণে সাদা শ্লেষ্মা নির্গত হইয়া যাহার শেষ হয়; মাথা হেট করিয়া উপুড় হইয়া থাকিলে উদরের বাম পার্শ্ব হইতে বুকের মধ্যভাগ পর্য্যন্ত সূচী বিঁধানের ন্যায় বেদনা বা যাতনা; কথা বলিলে বুকের টাটানি বৃদ্ধি পায়; কোন ভারি দ্রব্য উঠাইলে বুকে টাটানির বৃদ্ধি বা টাটানির উদ্রেক হয় (রাস্‌টক্স্)।

পৃষ্ঠদেশ। থেঁৎলিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, পৃষ্ঠদেশ এবং কোমরের পশ্চাৎদেশে সেরূপ বেদনা; কোমর প্রদেশস্থ মেরুদণ্ডের মধ্য দিয়া তপ্ত লৌহ বিঁধাইলে যেরূপ হয়, পৃষ্ঠদেশে সেরূপ যাতনা।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। পেশী ইত্যাদি থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, স্কন্ধের সন্ধিতে সেরূপ বেদনা, বাহু উপরের দিকে উঠাইলে যাহা অধিক অনুভূত হয়; হাতের আঙ্গুলের নখের নীচে চর্ব্বণবৎ বেদনা। পায়ের আঙ্গুল লালবর্ণ হয় এবং চুলকায় (আগারিকাশ্); শরীরের নিম্নাংশে অত্যন্ত ভারিবোধ, যাহার দরুণ উহা সঞ্চালন করিতে অত্যন্ত কষ্ট অনুভূত হয় বা উহা একবারেই সঞ্চালন করা যায় না। চলিয়া বেড়ানের সময় হেলিয়া টলিয়া পড়া বা পা কাঁপা, যাহার দরুণ রোগী বসিয়া পড়িতে বাধ্য হয়; সন্ধ্যার সময় উক্ত লক্ষণ প্রকাশ পায়; দিনের বেলা ভিন্ন বা চক্ষু না মেলিয়া রোগী চলিতে পারে না; বসিয়া থাকিলে পায় ঝি ঝি ধরে বা একবারে অবশ ও অসাড় হয়; বসিয়া থাকিলে পায় অত্যন্ত ক্লান্তি বা শ্রান্তিবোধ; পা এবং উরুদেশে অনেকক্ষণ ধরিয়া কসিয়া ধরা, যাহার দরুণ মনে হয় যেন উহাতে খিল ধরিয়াছে এবং যাহা নিম্নদিকে বিস্তৃত হয়; হাঁটু কাঁপে; পায়ের ডিমে বারম্বার খিল ধরা; চলিবার সময় পায়ের গোড়ালীতে (Heel) অবশবোধ; অত্যন্ত কোমল এবং স্ফীত হইলে যেরূপ হয়, পায়ের পাতার তলায় সেরূপ বেদনা (আণ্টি-ক্রুড্)।

চর্ম্ম। সমুদয় শরীরে অসহ্য বেদনা, বিশেষতঃ শরীর উত্তপ্ত হইলে

বা বিছনায় শয়ন করিয়া থাকিলে; যে পর্য্যন্ত রক্ত না পড়ে, রোগী সে পর্য্যন্ত শরীর চুলকায় এবং চুলকানের পর অত্যন্ত জ্বালার উদ্রেক হয় (ক্লিমেটিস্, মার্ক্, মেজিরিয়াম্, সাল্ফার); গায় শুষ্ক টেটারের ন্যায় (Tettary), চুলকানি বিশিষ্ট ফুস্কুড়ী।

নিদ্রা। নিদ্রা উদ্বেগযুক্ত এবং নিদ্রাবস্থায় গোলমেলে বোধ ও স্বপ্ন দেখা; চোরের বিষয় স্বপ্ন দেখা।

ব্যবহার। পুরাতন আকারের অসুখ, বিশেষতঃ বায়ুনলপ্রদাহ, আহারবহা গলনালীর উপরিভাগের শ্লেষ্মাজনিত অসুখ; শ্বেতপ্রদর এবং প্রমেহ রোগ; কোষ্ঠবদ্ধ; সীসাজনিত শূলবেদনা; যকৃতের অসুখ; কসেরুকার বিকৃতাবস্থা জনিত অসুখ; লোকোমোটার আটাক্সি (Locomotor Ataxy) নামক পক্ষাঘাত; স্ত্রীলোকের মৃত্তিকা পাণ্ডুরোগ (Chlorosis); জরায়ু স্থানভ্রষ্ট হওয়া (Prolapsus Uteri) ইত্যাদি অসুখে আলুমিনা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত শ্রান্তি এবং অবসন্নবোধ, যাহার দরুণ রোগী বসিয়া পড়িতে বাধ্য হয় (চায়না, সাল্ফ); কোন প্রকারের প্রবল কঠিন ব্যায়াম হইয়া গেলে যেরূপ হয়, চলিবার সময় সেরূপ পা কাঁপে; অলসবোধ বা গা মাটি মাটি করা এবং উহার সঙ্গে সঙ্গে শরীরের কম্পন (চায়না, সাল্ফ); কসেরুকা মজ্জার অসুখের দরুণ পক্ষাঘাত; রোগী চক্ষু বুজিয়া চলিতে পারে না; সর্ব্বদা ক্লান্তিবোধ এবং নিদ্রার ভাব। জীর্ণ শীর্ণ শরীর, বৃদ্ধ বয়স; শৈশবাবস্থা (কোষ্ঠবদ্ধ), যৌবনাবস্থায় (মৃত্তিকা পাণ্ডুরোগ); রোগের বারম্বার পুনরাক্রমণ। প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে, সন্ধ্যার সময়, দিনের বেলায় (শ্বেতপ্রদর); শীতকালে, অমাবস্যা পূর্ণিমা তিথিতে, একদিন অন্তর একদিন, নড়াচড়াতে, ঠাণ্ডা দ্রব্য খাইলে, গোল আলু খাইলে, মাংসের ঝোল খাইলে অসুখের বৃদ্ধি এবং বহির্বায়ুতে, ঠাণ্ডা জলে স্নান করিলে, উষ্ণ দ্রব্য খাওয়ার সময় অসুখের উপশম ইত্যাদি আলুমিনার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। আলুমিনার কার্য্যের সঙ্গে ব্যারাইটা-কার্ব্ব, প্লাম্বাম্ এবং কোনায়ামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। গুহ্যের উপর ইহার কার্য্য অনেকটা বিরেট্রাম্ আল্বামের ন্যায়। এতদ্ভিন্ন কোন

কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে অরাম্, গ্রাফাইটিস্, ব্রাইওনিয়া, ফেরাম্, ইপিকাকিউএনা, ল্যাকেসিস্, ফস্ফরাস্, মার্কিউরিয়াস্, নাক্স্-বমিকা, পাল্‌সেটিলা এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ব্রাইওনিয়া, ক্যাম্ফার, ক্যামোমিলা, নাক্স বমিকা, ইপিকাকিউএনা।

ডাইলুশন বিচার। ৬,১২ এবং ৩০ ডাইলুশনই অধিক ব্যবহৃত হয়।

আনাকার্ডিয়াম্ ওরিয়াণ্টেল্,-(ভেলা গোটা),-আনাকার্ড্

(ANACARDIUM ORIENTALE,—ANAC.)

ভেলা গোটার বহির্দ্দেশের খোসার মধ্যের কোষে যে এক প্রকার রস থাকে, তাহাই হোমিওপ্যাথিক মতে ঔষধার্থ ব্যবহৃত হইয়া থাকে। এই রস দ্বারা রজকগণ কাপড়ে চিহ্ন দিয়া থাকে। এই রস যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ইহার আরোকও প্রস্তুত হইতে পারে।

সাধারণ ক্রিয়া। জ্ঞান উৎপাদনের সহায়কারী স্নায়ুমণ্ডলে ইহার কার্য্য অতি প্রবল, যদ্দ্বারা ইহা মস্তিষ্ক এবং বিশেষ বিশেষ জ্ঞানেন্দ্রিয়কে অবসন্ন করিয়া মস্তিষ্ক এবং সমুদয় স্নায়ু মণ্ডলীর দুর্ব্বলতা উৎপাদন করে। চর্ম্মের উপরও ইহার কার্য্য অতি প্রবল।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। স্মরণ শক্তির অত্যন্ত দুর্ব্বলতা বা হ্রাস (আগ্‌নাশ্, আম্ব্রা, ক্রিয়াজ্, ল্যাক্, মার্ক্, নেট্রাম্-মিউর, নাক্স্-মস্ক্, ফস্-অ্যাস্); মনের উদ্বেগ বা চিন্তা এবং ভবিষ্যতে কোন বিপদ ঘটিবে এরূপ আশঙ্কা (আর্স্, আলাম্, ক্যাল্ক্-কার্ব্ব, চিনিনাম্-সাল্‌ফ্); শপথ করা এবং অভিশাপ দেওয়ার অনিবার্য্য ইচ্ছা (বিরেট্-আল্ব্); অত্যন্ত খিট্‌খিট্ করা, রাগান্বিত হওয়া এবং প্রতিবাদ করার স্বভাব (ব্রাই, ক্যাম্, নাক্স্-বম্, হিপ্-সাল্‌ফ্, ক্যালী-ক্লোরেট্);

রোগী মনে করে যেন তাহাকে দুইটী ইচ্ছায় পরিচালনা করিতেছে, যাহার একটীতে, একটী কার্য্য করিতে বলে, অপরটী উহা করিতে বারণ করে ; চলিবার সময় মনে হয় যেন এক ব্যক্তি পশ্চাৎ পশ্চাৎ আসিতেছে, যাহার দরুণ ভয়ের উদয় হয় ; পৃথিবীর সমুদয় বিষয় হইতে বিচ্ছিন্ন হওয়ার ইচ্ছা এবং আপনার উপর এত অবিশ্বাস হয় যে, উহার দরুণ রোগীকে যে কার্য্য করিতে বলা যায় সে যেন তাহা সুসম্পন্ন করিতে পারিবে না তাহার এরূপ বিশ্বাস হয় ; ভ্রম (হায়োস্, ষ্ট্রামন্)।

মস্তক। সমুদয় জ্ঞানেন্দ্রিয়ের দুর্ব্বলতা ; মাথার উপরিভাগের বাম পার্শ্বে যেন একখানি কাঠের চোঁচ বিঁধাইয়া রাখিয়াছে এরূপ অনুভূত হয় এবং তদ্দরুণ উক্ত স্থানে চাপাবোধ ; কাশির সময় বা দীর্ঘ নিশ্বাস টানিবার সময় মাথার উপরিভাগে চাপিয়া ধরার ন্যায় বেদনা ; কাঁটা মারিয়া রাখিলে যেরূপ হয়, কপালের দুই পার্শ্বে সেরূপ চাপিয়া ধরার ন্যায় ঘুশ্‌ঘুশে বেদনা (আগারিকাশ্, আর্ণিকা, কফিয়া, ইগ্‌নেস্)।

চক্ষু। ডাইন চক্ষুর কোটরের ঠিক উপরের কিনারায় ঘুশ্ ঘুশে চাপাবোধ ; চক্ষে ঝাপ্‌সা বা অস্পষ্ট দেখা ; চক্ষুর তারা সঙ্কুচিত ; সন্ধ্যার সময় প্রদীপের চতুর্দ্দিক যেন সূর্য্য বা চন্দ্রের বেষ্টকের ন্যায় একটী বেষ্টক দ্বারা পরিবেষ্টিত বলিয়া দৃষ্ট হয়।

কর্ণ। ক্ষত হইলে যেরূপ হয়, দাঁতে দাঁতে চাপিলে বা কামড়াইলে কানে সেরূপ বেদনা ; কানে গুণ্ গুণ্, ভন্ ভন্ শব্দ হওয়া।

নাসিকা। প্রাতঃকালে ঘুম হইতে উঠিলে নাকে যেন সোলা পোড়ার গন্ধের ন্যায় কাল্পনিক গন্ধ লাগে ; নাকে অনবরত পায়রা বা মুরগীর গুয়ের গন্ধের ন্যায় গন্ধ লাগে, আপন গায়ের কাপড় সোঁকাইলে যাহা অধিক অনুভূত হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। সামান্য ঘষিলেই মাড়ি দিয়া রক্ত পড়ে ; মুখের মধ্যে অত্যন্ত কষ্টদায়ক ফোস্কা পড়া (নাইট্রিক্-আস্) ; হয় মুখে কোনও স্বাদ থাকে না, নতুবা মুখে এবং আহারে অত্যন্ত বিশ্রি স্বাদ। চাঁচিয়া ফেলিলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ অনুভূত হয়।

পাকস্থলী এবং উদর। মধ্যাহ্নে আহারের সময় সমুদয় উপদ্রব

বা লক্ষণ অদৃশ্য হয় এবং আহারের প্রায় ২ ঘণ্টা পর উহা পুনরায় আরম্ভ হয়; হিক্কা, উদ্গার উঠা, বমনোদ্বেগ এবং বমন। একখানি চোঁচ বা কাঠের টুকরা অন্ত্রে মোচড়াইয়া বিঁধাইয়া দিলে যেরূপ হয়, নাভির চতুস্পার্শ্ববর্ত্তী স্থানে সেরূপ বেদনা বা যাতনা; উদরে অনবরত গড়্ গড়্, কল কল শব্দ হওয়া (লাইকোপ্)।

মল এবং মলদ্বার। বারম্বার অত্যন্ত বাহ্যের বেগ, কিন্তু বারম্বার মল ত্যাগের জন্ত কোঁথ পাড়ার সঙ্গে সঙ্গে বেগ কমিয়া যায় এবং মল একবারেই নির্গত হয় না; গুহ্যে যেন কোন শক্তি থাকে না এবং মনে হয় যেন গুহ্যে একটী ডেলার ন্যায় কোন কঠিন পদার্থ বা একখানি কাঠের টুকরা লাগিয়া থাকিয়া গুহ্যদ্বার রুদ্ধ করিয়া রাখিয়াছে (আলোজ); গুহ্যের জড়তা, এমন কি সামান্ত পরিমাণ মলও অতি কষ্টে নির্গত হয় (আলাম্)।

শ্বাসযন্ত্র। একখানি ছিপি বা ডেলার ন্যায় কোন পদার্থ লাগিয়া থাকিলে যেরূপ হয়, বুকের ডাইন পার্শ্বে সেরূপ ঘুশ্‌ঘুশে চাপাবোধ; হৃৎপ্রদেশে স্চী বিঁধানের ন্যায় প্রখর বেদনা, কোমরের পশ্চাৎদেশ পর্য্যন্ত যাহা বিস্তৃত হয়।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না (রাস্টক্স); বাম স্কন্ধাস্থিতে সূচী বিঁধানের ন্যায় ঘুশ্‌ঘুশে বেদনা, আস্তে আস্তে যাহা রোগীকে আক্রমণ করে।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। কোন একটী ভারি বস্তুর হঠাৎ আঘাত লাগিলে যেরূপ হয়, বাম বাহুর মধ্যভাগে সেরূপ বেদনা; হাতে অত্যন্ত গুরুত্বানুভব; হাতের পাতা এবং হাতের আঙ্গুলের সন্ধিতে খিল ধরার ন্যায় যাতনা। কসিয়া বন্ধনী (Bandage) বাঁধিয়া রাখিলে বা কসিয়া ধরিলে যেরূপ হয়, বসিয়া থাকিলে হাঁটুর সন্ধিতে সেরূপ বেদনা, বা হাঁটুর সন্ধি শক্ত হয় বা উহা নোয়ান যায় না; হাঁটুতে পক্ষাঘাতের ন্যায় অসাড় এবং অবশবোধ ও উহার সঙ্গে সঙ্গে হাঁটুতে ক্লান্তিবোধ এবং হাঁটু শক্ত হয় বা উহা নোয়ান যায় না, যাহার দরুণ রোগী চলিতে পারে না; গোড়ালী (Heel) হইতে ডিম পর্য্যন্ত পায়ের সমুদয় অংশে সবিরাম আকারের খিল ধরার ন্যায় কসিয়া ধরা; চলিয়া বেড়াইবার সময় অথবা বসা অবস্থা হইতে দাঁড়াইলে পায়ের ডিমে (থোড়ায়) খিলধরা; পাছার বাম দিকের পেশীতে

(Left Gluteal muscles) যেন একখানি কাঠ ফুটিয়া রহিয়াছে এরূপ অনুভূত হয়, উরুদেশে কষ্টদায়ক ঘুশ্‌ঘুশে রকমের চাপাবোধ, থাকিয়া থাকিয়া, কখন কখন যাহার হঠাৎ উদ্রেক হয়; পায়ের টিবিয়া (Tibia) নামক হাড়ে কসিয়া ধরার ন্যায় কষ্টদায়ক বেদনা।

চর্ম্ম। শরীরের স্থানে স্থানে দাদের ন্যায় সাদা ফুস্কুড়ী বা দাগ পড়া; অত্যন্ত চুলকানি বিশিষ্ট ফুস্কুড়ী; চর্ম্মের চুলকানি, চুলকাইলে যাহার বৃদ্ধি হয়; গায় স্পর্শ জ্ঞান শূন্যতা সম্বলিত কুষ্ঠ রোগের (Anœsthetic Lepra) ন্যায় ফুস্কুড়ী।

ব্যবহার। নানা প্রকারের উন্মত্ততা; এই ঔষধের মনের প্রাকৃতিক লক্ষণ সম্বলিত নানা প্রকারের স্নায়বিক অসুখ; হৃৎপিণ্ডের অসুখ; পেটের অসুখ জনিত এবং স্নায়বিক শিরঃপীড়া; স্মরণ শক্তির দুর্ব্বলতা, হ্রাস বা একবারে বিনাশ; আক্রান্ত স্থানে স্পর্শ জ্ঞান শূন্যতা সহ কুষ্ঠরোগ (Anœsthetic Lepra); দাদের ন্যায় কোন কোন প্রকারের চর্ম্মরোগ ইত্যাদিতে আনাকার্ডিয়াম্‌ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরের দুর্ব্বলতা, যাহার দরুণ রোগী দিবা রাত্রিই বসিয়া বা শুইয়া থাকিতে চাহে (ককিউলস্‌); নীচের ঘর হইতে সিঁড়ি ভাঙ্গিয়া উপরের ঘরে উঠিবার সময় অবসন্নতা বা মূর্চ্ছার ভাব; একখানি কাঠের চোঁচ বিঁধিয়া থাকিলে যেরূপ হয়, শরীরের স্থানে স্থানে সেরূপ চাপিয়া ধরা বা বিঁধানের ন্যায় বেদনা বা যাতনা; মনে হয় যেন আক্রান্ত স্থান একটী লোহের নাল বা লোহের পাত দিয়া কসিয়া বাঁধা রহিয়াছে; আক্রান্ত স্থানে পক্ষাঘাতের ন্যায় দুর্ব্বলতা এবং কম্পমান দুর্ব্বলতা; হঠাৎ ঠাণ্ডা বাতাস গায় সহ্য হয় না; সহজেই সর্দ্দি লাগে (বেল্‌); স্নায়বিক এবং হিষ্টিরিয়া আক্রান্ত রোগী, বৃদ্ধ বয়সে, গর্ভাবস্থায় এবং যাহাদিগের মনোন্মত্ততা (Hypochondriasis) থাকে, তাহাদিগের পক্ষে বিশেষ উপকারী। প্রাতঃকালে এবং সন্ধ্যা হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত, বসা বা শয়নাবস্থা হইতে উঠিলে অসুখের বৃদ্ধি এবং রাত্রি দুই প্রহরের পর, দিনের বেলা, শয়ন করিয়া থাকিলে, অথবা ঘর্ষণে অসুখের উপশম ইত্যাদি আনাকার্ডিয়ামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। মস্তিষ্কের উপর আনাকার্ডিয়ামের কার্য্য ফস্ফরিক্ আসিড্ এবং জিঙ্কের ন্যায়। চর্ম্মের উপর ইহার কার্য্য এপিস্, ক্রোটন্, রাস্টক্স্, মেজিরিয়াম্ এবং আর্টিকার ন্যায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে একোনাইট্, আর্সিনিক, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, নাক্স্-মস্কাটা এবং নাক্স্ বমিকার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। কফিয়া, ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। ৬, ১২ এবং ৩০ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। স্মরণ শক্তির হ্রাস বা বিনাশে কখন কখন ২০০ ডাইলুশন দ্বারা অন্যান্য ডাইলুশন অপেক্ষা অধিক উপকার পাওয়া যায়।

ব্রোমিয়াম্,—ব্রোমিন্,—ব্রোমিন্

(BROMIUM,—BROMINE,—BROM.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত ব্রোমিন্ ক্রয় করিয়া উহার ১ ফোঁটা (মিনিম্), ২৯৯ ফোঁটা (মিনিম্) চুয়ান জলে মিশাইয়া ইহার ১ম শততমিক ডাইলুশন প্রস্তুত হইয়া থাকে। ইহার ৩য় দশমিক ক্রম যথানিয়মে ডাইলুট্ স্পিরিটে প্রস্তুত হয়। ৪র্থ এবং তদোধিক ক্রমের আরোক যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে। ইহার প্রথম শততমিক ক্রমের আরোক চুয়ান জলে প্রস্তুত হওয়ার দরুণ ইহা অনেক দিন ভাল থাকে না। অতএব উক্ত ক্রম আবশ্যক হইলে সদ্য সদ্য প্রস্তুত করিয়া লওয়া উচিত।

সাধারণ ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লীর উপর, বিশেষতঃ শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর, ইহার কার্য্য অতি প্রবল। বায়ুনলের উপরিভাগ বা কণ্ঠনালীই ইহা দ্বারা অধিক আক্রান্ত হইয়া উহা অত্যন্ত প্রদাহযুক্ত হয় এবং উহাতে এক কৃত্রিম পর্দ্দা উৎপন্ন হয়, যাহার দরুণ সপর্দ্দা ঘুংড়ী কাশি (Membranous croup) এবং ডিপ্থিরিয়া (Diphtheria) রোগে ইহা দ্বারা বিশেষ উপকার দর্শিতে দেখা যায়। আভ্যন্তরিক প্রয়োগে ইহা

ক্ষতকারক বিষের ন্যায় কার্য্য করিয়া থাকে, যাহার দরুণ পাকস্থলীর প্রবল প্রদাহ হইয়া অত্যন্ত অবসন্নতা এবং চরম বা পতনাবস্থার (Collapse) লক্ষণাদিই প্রকাশ পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মানসিক পরিশ্রমের ইচ্ছা।

মস্তক। শিরঃপীড়া; সূর্য্যের উত্তাপে কপালে অত্যন্ত ভারি এবং চাপা বোধ, ছায়াতে যাহার উপশম হয়; দুধ খাইলে শিরঃপীড়া।

চক্ষু। ডাইন চক্ষু দিয়া জল পড়া এবং উহার সঙ্গে সঙ্গে অশ্রু-নিঃসারক গ্রন্থির (Lachrymal Gland) স্ফীতি; বাম চক্ষুর মধ্য দিয়া সূচী বিঁধানের ন্যায় যাতনা অনুভূত হওয়া।

কর্ণ। বাম কর্ণমূলস্থ গ্রন্থির কঠিন স্ফীতি যাহা স্পর্শনে উষ্ণ বলিয়া অনুভূত হয়; বাম কর্ণমূলস্থ গ্রন্থি পাকিয়া উহাতে পূঁয হয়, উহার মুখ অত্যন্ত নির্ম্মল হয়, উহা হইতে জলের ন্যায় ক্ষতকারক কল্‌তানি পড়ে এবং উহাতে স্ফীতি কঠিন থাকে ও কোন মতেই কমে না; আরক্ত জ্বরের পর কর্ণমূলস্থিত গ্রন্থির স্ফীতি।

নাসিকা। প্রবল সর্দ্দি ও ডাইন নাসারন্ধ্র রুদ্ধ হয়, উহাতে আগা গোড়া ক্ষত হয় ও তৎপর বাম নাসারন্ধ্র আক্রান্ত হয়; নাক দিয়া প্রচুর তরল শ্লেষ্মা নির্গমন এবং উহার সঙ্গে সঙ্গে হাঁচি (একন্, জেল্‌স্); অনেক দিন ধরিয়া অনিবার্য্য সর্দ্দি; নাকের মধ্যে এবং নাসারন্ধ্রের ধারে ক্ষতের ন্যায় জ্বালা এবং টাটানি (এইলান্থ্, এরাম, সিপা); নাক স্ফীত এবং উহাতে ক্ষত, টাটানি ও মরা চামড়ার ন্যায় চুম্‌টী পড়া যাহা তুলিয়া ফেলিলে রক্ত পড়ে এবং বেদনাযুক্ত হয় (নাইট্রিক্-আস্)।

মুখমণ্ডল। মুখাকৃতি ধূসরের আভাযুক্ত মেটে রঙ্গ বিশিষ্ট; মুখ মণ্ডলে যেন মাকড়ের জাল লাগিয়া রহিয়াছে এরূপ অনুভূত হয় (ব্যারাইটা-কার্ব্ব, কার্ল্‌স্, গ্রাফ্)।

গলার মধ্য। গলার মধ্যে চাঁচিয়া ফেলার ন্যায় অনুভূত হয়; মুখগহ্বরের পশ্চাৎ ভাগ এবং আহারবহা গলনালীর উপরিভাগের শ্লৈষ্মিক ঝিল্লীর স্ফীতি।

উদর। উদর স্ফীত ও বিস্তৃত এবং গুহ্যদ্বার দিয়া প্রচুর পরিমাণে দূষিত বায়ু নিঃসরণ (অ্যালোজ্, আর্ণিকা, চায়না)।

মল এবং মলদ্বার। অর্শরোগ এবং উহার দরুণ গুহ্যদ্বারে অত্যন্ত বেদনাযুক্ত বলী বাহির হওয়া, কিন্তু রক্ত পড়ে না (Blind Piles) এবং উহার সঙ্গে সঙ্গে কাল মলত্যাগ।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের যোনিদ্বার দিয়া সজোরে এবং উচ্চ শব্দ করিয়া দূষিত বায়ু নিঃসরণ (লাইকোপ্); নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে এবং অতিরিক্ত পরিমাণে রজঃস্রাব (আর্স্, ক্যাল্ক্-কার্ব্ব্, নাক্স্-বম্); অত্যন্ত উজ্জ্বল লাল বর্ণের রজঃস্রাব (বেল্, ইপিকাক্); রক্ত যেন আস্তে আস্তে চুয়াইয়া পড়ে এবং তদ্দরুণ অত্যন্ত নিস্তেজতা এবং বলক্ষয় (কার্ব্বো-অ্যানিমেল্, চায়না), অথবা রজঃস্রাবের সময় রক্তের সঙ্গে পর্দ্দার ন্যায় ছেক্‌ড়া ছেক্‌ড়া পদার্থ নির্গমন (সাইক্লেমেন্); রজঃস্রাবের পূর্ব্বে এবং রজঃস্রাবের সময় জরায়ুতে প্রবল সঙ্কোচক বেদনা, যাহা অনেক ঘণ্টা ব্যাপিয়া থাকে এবং যাহা সারিয়া গেলেও পেটে টাটানি থাকিয়া যায়।

শ্বাস যন্ত্র। কণ্ঠনালী বা বায়ুনলের উপরিভাগে ঠাণ্ডা বোধ; নিশ্বাস টানিবার সময় শীতবোধ; কণ্ঠনালী বা বায়ুনলের উপরিভাগে আঁটাবোধ; কণ্ঠনালী বা বায়ুনলীর পশ্চাদ্দেশে সূচী বিঁধানের ন্যায় অনুভূত হয় এবং লাল বা ঢোক গিলিবার সময় উহাতে আঁটাবোধ; কণ্ঠনালী বা বায়ুনলীর উপরিভাগে চাঁচিয়া ফেলা বা ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয়, যাহার দরুণ সন্ধ্যার সময় কাশির উদ্রেক হয় (কার্ব্বো-বেজ্); বায়ুনল বা উহার উপরিভাগে সুড়্‌সুড়ী, যাহার দরুণ কাশির উদ্রেক হয়; বায়ুনলীতে সঙ্কোচন অথবা বায়ুনলের উপর যেন গলার মধ্যের চাপ পড়ে এরূপ অনুভূত হয়; স্বরভঙ্গ, যাহার দরুণ রোগী স্পষ্টরূপে কথা বলিতে পারে না; স্বর শূন্যতা; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গিলিবার সময় যেন হঠাৎ শ্বাসরোধ হইয়া আইসে; নিশ্বাস প্রশ্বাস ঘন ঘন এবং নিশ্বাসের জন্য ব্যাকুলতা; সময়ে সময়ে সজোরে গভীর নিশ্বাস টানিবার প্রয়োজন হইয়া পড়ে; শ্বাসকষ্ট; গভীর নিশ্বাস টানিতে অশক্তি; মনে হয় যেন শ্বাসনলী

গুলি ধূম দ্বারা পরিপূর্ণ রহিয়াছে (ব্যারাইটা-কার্ব্ব, নেট্রাম্-ম্যার্); ডাইন ফুস্ফুসই অধিক আক্রান্ত হইয়া থাকে।

নিদ্রা। শ্বাস যন্ত্রের কষ্ট যন্ত্রণার সঙ্গে সঙ্গে অনবরত হাঁইতোলা এবং নিদ্রাবল্য(আণ্টি-টার্ট্)।

চর্ম্ম। গলার সম্মুখস্থিত থাইরয়েড্ গ্রন্থি (Thyroid Gland), অণ্ড-কোষ; হন্বাস্থির নিম্নস্থিত (Sub-maxillary Glands) ও কর্ণমূলস্থিত গ্রন্থির স্ফীতি এবং কঠিনতা (ব্যারাইটা-কার্ব্ব, ক্যাল্ক-কার্ব্ব, কোনায়াম্, আয়োড্, গ্রাফ্, নেট্রাম্-কার্ব্ব); বাহু এবং মুখ মণ্ডলে ব্রণ (সাইলিসি)।

ব্যবহার। বায়ুনল এবং কণ্ঠনালী বা বায়ুনলের উপরিভাগে প্রদাহ জনিত অসুখ; কণ্ঠনালী প্রদাহ (Laryngitis); ঘুংড়ীকাশি, ডিপ্-থিরিয়া; বায়ুনলের শ্লেষ্মা জনিত রোগ এবং ফুস্ফুস প্রদাহ; সপর্দ্দা কষ্টকর রজঃস্রাব (Membranous Dysmenorrhœa); গলগণ্ড (Goitre); অণ্ড-কোষ, কর্ণমূলস্থিত গ্রন্থি, হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থির স্ফীতি এবং কঠিনতা ইত্যাদি অসুখে ব্রোমিন ব্যবহার্য্য। ঘুংড়ী কাশিতে স্পঞ্জিয়ার পর ইহা দ্বারা বিশেষ উপকার দর্শে।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বেদনা যন্ত্রণাদি দূরীভূত হইয়া গেলে অত্যন্ত দুর্ব্বলতা এবং অলসবোধ; বাহু বরফের ন্যায় শীতল, অথবা কেবল সম্মুখ বাহু বা হাত শীতল। সন্ধ্যাকাল হইতে রাত্রি দুই প্রহর পর্য্যন্ত অসুখের বৃদ্ধি; বাম পার্শ্ব অধিক আক্রান্ত হয়; নড়া চড়া, চলিয়া বেড়ান এবং ঘোড়ায় চাপিয়া বেড়াইলে অসুখের উপশম ইত্যাদি ব্রোমিনের কতক-গুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। আয়োডিন্, স্পঞ্জিয়া।

প্রতিষেধক ঔষধ। বমন উৎপাদক দ্রব্য বা ঔষধ। ব্রোমিনের ধূম শোঁকিয়া বিষাক্ত হইলে আমোনিয়ার ধূম টানিলে বিশেষ উপকার দর্শে।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় শতত্তমিক ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন চিকিৎসক ইহার ১ম, ২য় এবং ৩য় দশমিক ডাইলুশনও ব্যবহার করিয়া থাকেন।

কার্ব্বো আনিমেলিস,-কার্ব্বো আনিমেল্

(CARBO ANIMALIS,—ANIMAL CHARCOAL,—CARB.-AN.)

গরুর চর্ম্ম পোড়াইয়া উহা দ্বারা এই ঔষধ প্রস্তুত হয়। যথানিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ৩য় শততমিক ক্রম পর্য্যন্ত ইহার গুঁড়া প্রস্তুত হয়। ৩য় শততমিক ক্রমের গুঁড়া হইতে যথানিয়মে ইহার ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। গ্রন্থি এবং পরিপাক কার্য্য সম্বন্ধীয় যন্ত্রের উপরই ইহার কার্য্য সর্ব্বপ্রধান, যাহার দরুণ গ্রন্থি গুলি স্ফীত, প্রদাহযুক্ত ও কঠিন হয়, উহাতে ক্ষত হইয়া থাকে এবং পরিপাক সম্বন্ধীয় যন্ত্র আক্রান্ত হইয়া অজীর্ণের লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। গ্রন্থি গুলির কঠিনতা উৎপাদন করিয়া তৎপর উহাকে কঠিন কর্কট রোগে (Scirrhus Cancer) পরিণত করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। একাকী থাকিবার ইচ্ছা (হায়োস্, ইগ্নেস্, রাস্টক্স্); সর্ব্বদা বিমর্ষভাব এবং চিন্তাযুক্ত থাকা; কথোপকথনে অনিচ্ছা; রাত্রিতে চিন্তা বা মনের উদ্বেগ, যাহার দরুণ মনে হয় যেন রক্ত গরম হইয়া ফুটিতেছে এবং যাহার দরুণ রোগী শয়নাবস্থা হইতে উঠিয়া বসিতে বাধ্য হয়।

মস্তক। প্রাতঃকালে মাথায় গোলমেলে বোধ, যাহার দরুণ রোগী জাগরিত কি নিদ্রিতাবস্থায় আছে সে কিছুই স্থির করিতে পারে না; মাথা হেট করিয়া উপুড় হইয়া থাকার পর মাথা খাড়া করিলে মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; রাত্রিতে মাথায় ভারিবোধ এবং উহার সঙ্গে সঙ্গে শ্রান্তিবোধ; মাথা হেট করিয়া উপুড় হইলে কপালে ভারিবোধ, যাহার দরুণ মনে হয় যেন চক্ষুর উপরিভাগে একটী ভারি দ্রব্য চাপিয়া রহিয়াছে; মাথার উপরিভাগে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন মাথার হাড় ভাঙ্গিয়া খণ্ড খণ্ড হইয়াছে; মাথার ডাইন পার্শ্বে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

চক্ষু। চক্ষুর সম্মুখে যেন একখানি জাল ঝুলান রহিয়াছে, এরূপ অনুভূত হয়।

কর্ণ। কানে গোলমেলে শুনা; রোগী বুঝিতে পারে না শব্দ কোন দিক হইতে আসিতেছে।

নাসিকা। প্রাতঃকালে নাক দিয়া রক্ত পড়া (ব্রাই, ক্যাল্ক-কার্ব্ব) এবং রক্তস্রাবের পূর্ব্বে মাথাঘোরা ও মাথার গোলমেলে বোধ; সর্দ্দি এবং তদ্দরুণ গলার মধ্যে চাঁচিয়া ফেলার ন্যায় অনুভূত হয়, সন্ধ্যার সময়, রাত্রিতে এবং গিলিবার সময় যাহার বৃদ্ধি হয়; নাকের আগা লালবর্ণ এবং স্পর্শনে বেদনাযুক্ত হয়; নাকের চর্ম্মে ঘাটাবোধ এবং উহা ফাটিয়া যাওয়া; নাকের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ; নাকের আগায় কঠিন, নীলের আভাযুক্ত স্ফীতি বা আব (Tumour)।

মুখমণ্ডল। মুখাকৃতি রুগ্ন, মাটির রঙ্গের ন্যায়; মুখ মণ্ডলের বিসর্প এবং মুখমণ্ডলে তামার রঙ্গের ফুস্কুড়ী; যুবা, গণ্ডমালা ধাতু বিশিষ্ট লোকের মুখমণ্ডলে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ; ওষ্ঠে ফোস্কা বা ফাটা।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বার আগায় জ্বালানুভব এবং মুখগহ্বরে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (ক্যাল্ক-কার্ব্ব, কলোস); দাঁত নড়ে এবং কোন দ্রব্য চিবাইবার সময় দাঁতে অত্যন্ত বেদনা (মার্ক, নাইট্রিক-অ্যাস); প্রত্যহ প্রাতঃকালে মুখে তিক্তস্বাদ (নাক্স-বম, ক্যাল্ক-ফস, পাল্স); মুখের মধ্যে জ্বালাযুক্ত ফোস্কা। গলার মধ্যে শ্লেষ্মার সঞ্চার; বারম্বার থক্ থক্ করিয়া কাশিয়া শ্লেষ্মা তোলা; গলার মধ্যে জ্বালা (আর্স, ক্যান্থ, ক্যাম্ফ); গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয়, যাহা পাকস্থলী পর্য্যন্ত বিস্তৃত হয় এবং গিলিবার সময় যাহার বৃদ্ধি হয় না; বুক জ্বালায় যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ জ্বালানুভব, আহারের পর যাহার উপশম হয়।

পাকস্থলী এবং উদর। অনেকক্ষণ পূর্ব্বে যাহা খাওয়া গিয়াছে তাহার স্বাদ বিশিষ্ট উদ্গার উঠা (অ্যান্টি-ক্রুড, পাল্স); বুকজ্বালা (ক্যাল্ক-ফস); মাংস খাওয়ার অনেকক্ষণ পর পর্য্যন্তও বমনোদ্বেগ (কার্ব্বো-বেজ)। উদর অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত; উদরে প্রচুর দূষিত বায়ুর সঞ্চার (অ্যালোজ, কার্ব্বো-বেজ, চায়না, লাইকোপ); নিড্ডাইলে যেরূপ হয়, তলপেটের ডাইন পার্শ্বে সেরূপ যাতনা; গুহ্যদ্বারের ঠিক উপরিভাগের

মধ্য ও যোনীদ্বার দিয়া গুহ্যদ্বার পর্য্যন্ত ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; কঠিন আকারের বাগীতে পূঁয হয়, অথবা কুচিকিৎসায় উহাতে ক্ষত হইয়া উহার ধার কাল্‌চে হয় এবং উহা হইতে ছানার জলের ন্যায় ছেক্‌ড়া ছেক্‌ড়া পর্দ্দার ন্যায় দুর্গন্ধযুক্ত পদার্থ এবং পূঁয নির্গত হয়।

মল এবং মলদ্বার। গুহ্য এবং গুহ্যদ্বারে জ্বালানুভব (আর্স্, ক্যাহ্, ক্যাপ্স্); গুহ্যদ্বার দিয়া তরল আঁটাল পদার্থ চুয়াইয়া পড়া (সাই-লিসি); গুহ্যদ্বারে অর্শের অত্যন্ত স্ফীত বলী, চলিবার সময় যাহাতে অত্যন্ত জ্বালার উদ্রেক হয়; মল পরিমাণে অল্প এবং গোণে নির্গত হয়; মল ত্যাগের সময় রক্ত পড়ে।

মূত্রযন্ত্র। প্রস্রাব করার সময় মূত্রনালীতে জ্বালা এবং টাটানি (ক্যানাবিস্-সাট্); রাত্রিতে বারম্বার প্রস্রাব করা।

জননেন্দ্রিয়। পুরুষের ধাতু নিঃসরণ; পুরুষাঙ্গে দুর্ব্বলবোধ; শারীরিক এবং মানসিক দুর্ব্বলতা; গরমীর ঘা এবং বাগী (Syphilis and Buboes)। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে এবং প্রচুর রজঃস্রাব (আমন্-কার্ব্ব্, আর্স্, বোরাক্স্, ক্যাক্-কার্ব্ব্, নাক্স্-বম্); রজঃস্রাবের সময় রোগী এত দুর্ব্বল হইয়া পড়ে যে উহার দরুণ সে কথা বলিতেও অত্যন্ত কষ্ট অনুভব করে (আলাম্, ককিউলাস্); শ্বেতপ্রদর, যাহা বিছানার কাপড়ে লাগিয়া হরিদ্রাবর্ণ হয় (ক্রিয়াজ্); জরায়ুর গ্রীবার কঠিনতা এবং উহাতে ক্ষত (কোনায়াম্) এবং উহাতে জ্বালানুভব (আর্স্); জরায়ুতে জ্বালা আরম্ভ হইয়া উরু পর্য্যন্ত বিস্তৃত হয়; বস্তিকোটর এবং গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে প্রসব বেদনার ন্যায় বেদনা; যোনিদ্বার দিয়া চট্‌চটিয়া আঠা রক্ত মিশ্রিত ক্লেদ নিঃসরণ, যাহার দরুণ রোগী অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়ে; জরায়ুর কর্কট রোগ (Uterine Cancer); যে সকল স্ত্রীলোক আপন সন্তানগণকে স্তন দুগ্ধ পান করায় তাহাদিগের স্তনে ছুরি বিঁধানের ন্যায় বেদনা, চাপিলে যাহার বৃদ্ধি হয়; স্তনের স্থানে স্থানে কঠিন এবং বেদনাযুক্ত হয়; সন্তান প্রসবের পর একমাস কাল স্তন বিসর্পের ন্যায় স্ফীত এবং প্রদাহযুক্ত থাকে (Erysipolatous Inflammation); স্তনে ফোড়া বা আবের ন্যায় কঠিন স্ফীতি এবং স্তনের চর্ম্ম অসম ও ঢল্‌ঢলে; স্তনে

জ্বালাযুক্ত বেদনা; স্তনে মলিন নীলের আভাযুক্ত দাগ পড়ে; স্তনে বেদনা, যাহার দরুণ বোগলের দিকে কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়; রাত্রিতে ঘর্ম্ম; মানসিক অবসন্নতা বা বিমর্ষভাব; স্তনের স্কিরাস্ কর্কট রোগ (Scirrhus Cancer of the breast)।

শ্বাসযন্ত্র। প্রাতঃকালে ঘুম হইতে উঠিলে গলার মধ্য এবং শ্বাসযন্ত্রে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় ও স্বরভঙ্গ (কষ্ট, কফিয়া, ফস্); স্বরভঙ্গ, সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয় (কার্ব্বো-বেজ); খুশ্‌খুশে কাশি এবং উহার সঙ্গে সঙ্গে কণ্ঠনালী বা বায়ুনলের উপরিভাগ ও বুকে আঁটাবোধ; অত্যন্ত প্রবল শুষ্ক কাশি, যাহার দরুণ উদর এরূপ আলোড়িত হয় যে উহার দরুণ মনে হয় যেন উদর খসিয়া পড়িবে এবং যাহার দরুণ রোগী অন্ত্র চাপিয়া ধরিয়া রাখিতে বাধ্য হয়; যে পর্য্যন্ত শ্লেষ্মাদি নির্গত না হয়, সে পর্য্যন্ত বুকের মধ্যে সাঁই সাঁই শব্দ হয়; প্রাতঃকালে ঘুম হইতে উঠিলে এবং প্রায় সমুদয় দিনই উক্ত লক্ষণাদি বর্ত্তমান থাকে; বুকে জ্বালানুভব এবং উহার সঙ্গে সঙ্গে বুকে চাপিয়া ধরার ন্যায় বেদনা।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবার গ্রন্থি কঠিন, স্ফীত এবং বেদনা-যুক্ত (বোরাক্স, ক্যাল্‌-কার্ব্ব); ভাঙ্গিলে যেরূপ হয়, কোমরের পশ্চাৎ ভাগে সেরূপ চাপিয়া ধরা, বা কসিয়া ধরার ন্যায় বেদনা এবং তদ্দরুণ কোমর সঞ্চালনে অশক্তি; কোমরের পশ্চাৎভাগ দিয়া আড়াআড়ি কসিয়া ধরার ন্যায় অত্যন্ত প্রবল বেদনা যাহা প্রত্যেকবার পা বাড়াইবার সময়ই অনুভূত হয়; গুহ্য দ্বারের ঠিক উপরিভাগে মোচড়াইয়া পড়া বা থেঁত্‌-লিয়া যাওয়ার ন্যায় বেদনা, স্পর্শ করিলে যাহাতে জ্বালার উদ্রেক হয়।

অঙ্গ প্রত্যঙ্গ। থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, মণিবন্ধে সেরূপ বেদনা; প্রতিদিনই হাত অসাড় হয়। বসিয়া থাকিলে বাম কুঁচ্‌কিতে সূচীবিঁধানের ন্যায় যাতনা; পায়ের স্থানে স্থানে কড়া (Corns) পড়ে; দিনের বেলা পায়ের ডিম পর্য্যন্ত অসাড় হয়; পায়ের নিম্ন ভাগে টিবিয়া (Tibia) নামক হাড়ের নিকটবর্ত্তী অংশে খিল ধরা; চলিবার সময় পায়ের ডিমে কসিয়া ধরার ন্যায় অত্যন্ত কষ্টানুভব।

চর্ম্ম। মুখমণ্ডলে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ এবং গালে লাল দাগ পড়া; শরী-

রের স্থানে স্থানে বিসর্পের ন্যায় (Erysipelatous) স্ফীতি এবং উহাতে জ্বালাযুক্ত বেদনা (আস্)।

নিদ্রা। পূর্ব্বাহ্নে নিদ্রাবেশ এবং হাঁইতোলা; ঘুমেরঘোরে নানা প্রকারের কাল্পনিক বিষয়ে স্বপ্ন দেখা।

ব্যবহার। গ্রন্থির বিবৃদ্ধি, কঠিনতা এবং ক্ষত; স্কিরাস্ কর্কটরোগ (Scirrhus Cancer); বিসর্প (Erysipelas); অজীর্ণ; বায়ুনল প্রদাহ; দন্তশূল ইত্যাদি অসুখে কার্ব্বো আনিমেলিস্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। দুর্ব্বলতা এবং স্ফূর্ত্তির অভাব; মাথায় গোলমেলে বোধ; বলক্ষয়; রাত্রিতে অত্যন্ত দুর্গন্ধযুক্ত দুর্ব্বলকারক ঘর্ম্ম (সাইলিসি) যাহা লাগিয়া বিছানার কাপড় বা গায়ের কাপড়ে হরিদ্রা-বর্ণের দাগ পড়ে; গণ্ডমালা ধাতু; প্রাতঃকাল এবং সন্ধ্যার সময়, ঠাণ্ডা লাগিলে, বহির্বায়ুতে অসুখের বৃদ্ধি ইত্যাদি কার্ব্বো আনিমেলিসের কতক-গুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন যে, রজঃস্রাবের সময় এবং উহার পর অলসবোধ এবং গা মাটি মাটি করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। গ্রন্থির উপর কার্ব্বো আনিমেলিসের কার্য্য অনেকটা কোনায়াম্ এবং হাইড্রাষ্টিসের ন্যায়। এতদ্ভিন্ন অন্যান্য বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, কার্ব্বো বেজিটেবিলিস্ এবং নাক্স্-বমিকার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। আর্সিনিক, ক্যাম্ফার, নাক্স্-বমিকা, সুরা।

ডাইলুশন বিচার। ডাক্তার ড্রুরির (Dr. Drury) মতে স্ত্রীলো-কের সন্তান প্রসবের পর দুর্গন্ধযুক্ত ক্লেদ (Fetid Lochia) নিঃসরণে, ১২ হইতে ৩০ ডাইলুশন বিশেষ উপকারী। রাত্রিতে দুর্গন্ধযুক্ত ঘর্ম্মের পক্ষেও ডাক্তার আলেনের (Dr. Allen) মতে উক্ত দুই ডাইলুশন বিশেষ উপকারী। ১ম হইতে ৬ষ্ঠ ক্রমই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

গ্লোনয়েন্,—গ্লোন্

(GLONOINE,—GLON.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনিত গ্লোনয়েন্ ক্রয় করিয়া উহার ১ ভাগ, ৯ ভাগ আব্‌সোলিউট্ আল্কোহলে (Absolute Alcohol) মিশাইয়া ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। এরূপ ২য়, ৩য় এবং ততোধিক ডাইলুশনও আব্‌সোলিউট্ আল্‌কোহলে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মেডাল্লা অব্‌লঙ্গেটা (Medulla Oblongata), নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু (Pneumogastric nerve) এবং রক্তবহানালীর কার্য্যের শাসনকারী স্নায়ুর (Vasomotor nerves) উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ মস্তিষ্কে প্রবল রক্তাধিক্য এবং হৃৎস্পন্দন হয়। অনেক সময় সূর্য্যাঘাতে (Sunstroke) যে প্রকার হয়, সূর্য্যের উত্তাপ লাগিয়া মস্তিষ্ক আক্রান্ত হওয়ার সেরূপ লক্ষণগুলি প্রকাশ পাইয়া থাকে, অথচ জ্বর এবং প্রদাহ ইত্যাদি যে প্রকার লক্ষণ বেলাডোনা এবং একোনাইট দ্বারা বিষাক্ত হইলে প্রকাশ পায়, সেরূপ লক্ষণাদি প্রকাশ পায় না। মস্তিষ্কে পূর্ণবোধ এবং উহাতে দপ্‌দপানি উৎপাদন করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক শক্তি বা গুণ মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। পড়িয়া যাইয়া অচেতন হওয়া এবং পর্য্যায়ক্রমে হৃৎস্পন্দন ও মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ; মনে এলো মেলো ভাব (ব্যাপ্টি, জেল্‌স, ফস্-থাস্); রোগী বলিতে পারে না সে কোথায় ছিল; জানা পথ বা সড়কাদিও অজানা বলিয়া অনুভূত হয়; বাড়ীতে যাওয়ার রাস্তা অত্যন্ত দূরে বলিয়া অনুভূত হয়; সড়কের কোন পার্শ্বে বাস করে রোগী যেন তাহা ভুলিয়া যায়।

মস্তক। মাথাঘোরা, মাথা হেট করিয়া উপুড় হইলে বা মাথা নাড়িলে যাহার বৃদ্ধি হয় (ব্রাই); বহির্বায়ুতে মাথাঘোরার বৃদ্ধি; মাথা অত্যন্ত বড় বলিয়া অনুভূত হয় (আর্জেন্ট্-নাইট্রিক্, বোবিষ্টা, সিমিসিফ্,

জিজ্ঞিবার); মাথায় পূর্ণবোধ; মাথার মধ্যে স্পষ্ট দপ্দপানি (বেল্); মাথায় দপ্দপানি, কিন্তু বেদনা থাকে না; মাথায় যেন রক্ত উঠিতেছে এরূপ অনুভূত হয় (বেল্); নাক, চক্ষুর উপরিভাগ এবং কানের পশ্চাৎ-ভাগে কসিয়া ধরার ন্যায় বেদনা ও তৎপর গলার মধ্যে আঁটিয়া ধরার ন্যায় অনুভূত হয়; মাথার হাড় যেন স্বাভাবিক অপেক্ষা ছোট এবং মস্তিষ্ক যেন মাথার হাড় ভাঙ্গিয়া বাহির হইতে চাহে এরূপ অনুভূত হয় (সিমি-সিফ্); হৃৎপিণ্ডের অত্যন্ত প্রবল দপ্দপানি এবং সমুদয় শরীরের লাফানি (দপ্দপানি) স্পষ্ট অনুভূত হয়; সমুদয় মাথায় টাটানি; রোগী মাথা ঝাকিতে ভয় খায়, কারণ সে মনে করে মাথা ঝাকিলে তাহার মাথা খণ্ড খণ্ড হইয়া খসিয়া পড়িবে; মাথায় দপ্দপানি; কপালে দপ্দপানি; কপালের পার্শ্বে দপ্দপানি; মাথার উপরিভাগে দপ্দপানি; মাথার পশ্চাৎভাগে দপ্দপানি, নড়া চড়াতে যাহার বৃদ্ধি হয় (ব্রাই) এবং স্থিরভাবে বসিয়া থাকিলে, শয়ন করিয়া থাকিলে এবং চাপিয়া ধরিলে যাহার উপশম হয় (বেল্); মস্তিষ্কের মধ্যে যেন কের্ কের্ শব্দ হয়, রোগী এরূপ অনুভব করে; নাড়ীর প্রত্যেকবার স্পন্দনের সঙ্গে সঙ্গেই যেন মাথায় ধাক্কা লাগে; মাথায় বা মস্তিষ্কে ঢেউ খেলার ন্যায় আন্দোলন বা আলোড়ন (চায়না); কপালের দুই পার্শ্বস্থিত ধমনির দপ্দপানি এবং স্ফীতি ও উহাতে হাত বুলাইলে উহা তার বা সূতার ন্যায় অনুভূত হয় (বেল্); মাথার পশ্চাৎ-ভাগে প্রখর বেদনা যাহা চক্ষু এবং কপালের দুই পার্শ্ব পর্য্যন্ত বিস্তৃত হয়; স্ত্রীলোকের রজঃস্রাবের সময় মাথাধরা এবং মাথায় দপ্দপ্ করা, অথবা রজঃস্রাবের পরিবর্ত্তে মাথা ধরা এবং মাথা দপ্দপ্ করা (চায়না); মাথা ঝাকিলে মাথা ধরার বৃদ্ধি; নড়াচড়াতে মাথাধরার বৃদ্ধি (ব্রাই); সূর্য্যের উত্তাপে মাথা ধরার বৃদ্ধি (বেল্, নেট্রাম্-কার্ব্ব); বহির্বায়ুতে এবং চাপিয়া ধরিলে মাথা ধরার উপশম।

চক্ষু। চক্ষুর সম্মুখে আগুণের শিখা এবং কণার ন্যায় দেখিতে পাওয়া যায় (বেল্, সাইক্লেমেন্); নাড়ীর প্রত্যেক বার স্পন্দনের সঙ্গে সঙ্গে যেন চক্ষুস্পার্শ্বস্থ বস্তুগুলি নাচে; চক্ষে চাপিয়া ধরার ন্যায় বেদনা, যাহার দরুণ মনে হয় যেন চক্ষু উহার কোটর হইতে বাহির হইয়া পড়িবে; চক্ষু

লালবর্ণ, কোটরের বহির্দ্দিকে বহির্গত এবং পাগলের ন্যায় ভাববিশিষ্ট (বেল্, হায়োস্); চক্ষুর তারা বিস্তৃত এবং উপরের দিকে উল্টান বা ঘুরাণ (বেল্)।

কর্ণ। বধিরতা, মনে হয় যেন কান বন্ধ হইয়া রহিয়াছে (কোনায়াম্); কানে টন্ টন্ শব্দ হয় এবং হৃৎপিণ্ড ও নাড়ীর স্পন্দন শব্দ যেন কানে শুনা যায়।

মুখমণ্ডল। গরমের সময়, সূর্য্যাঘাত (Sunstroke) এবং মস্তিষ্কে রক্তাবরোধের সময় মুখমণ্ডল পিটা; মুখমণ্ডল আরক্ত, টল্‌টলে এবং উষ্ণ ও উহার সঙ্গে সঙ্গে মাথাধরা; মুখমণ্ডল লালবর্ণ যাহা বারম্বার হয় এবং বারম্বার যায়।

মুখগহ্বর এবং গলার মধ্য। সমুদয় দাঁতেই দপ্ দপিয়া বেদনা। গলার মধ্য এবং কোমল তালুকায় চুলকানি; গলার মধ্য স্ফীত হইতেছে এরূপ অনুভূত হয়।

পাকস্থলী। মস্তিষ্কে রক্তাধিক্য, রক্তাবরোধ এবং সূর্য্যাঘাতের (Sunstroke) আক্রমণ কালীন বমনোদ্বেগ বা বমন; পাকস্থলীতে অবসন্নবোধ এবং উহাতে দপ্ দপানি।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের রজঃস্রাব না হইয়া উহার পরিবর্ত্তে মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ; মুখমণ্ডল পিটা বা ফিকা; উষ্ণ ঘরে অসুখের বৃদ্ধি; মূর্চ্ছা এবং মাথায় দপ্ দপানি; শেষ রজঃরোধ হওয়ার সময়, মাথায় দমকা উষ্ণানুভব, চাপাবোধ, বমনোদ্বেগ, জ্ঞান রহিত হওয়া, মাথাঘোরা এবং পায়ের পাতার স্ফীতি; মুখমণ্ডলের পেশীর মৃগীরোগের ন্যায় আক্ষেপ; অচেতনতা; মুখমণ্ডল উজ্জ্বল লালবর্ণ, স্ফীত এবং টল্‌টলে; নাড়ী পূর্ণ এবং কঠিন, মূত্র পরিমাণে অধিক এবং আল্‌বুমেন্ (Albumen) বিশিষ্ট।

শ্বাসযন্ত্র। দীর্ঘনিশ্বাস প্রশ্বাসের অত্যন্ত ইচ্ছা; বুকে আঁটা এবং কষ্টানুভব।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ডের প্রবল দপ্ দপানি এবং সমুদয় শরীরের স্পষ্ট দপ্ দপানি বা স্পন্দন; হৃৎপিণ্ডের স্পষ্ট প্রবল স্পন্দন (স্পাইজেল্); নাড়ী অত্যন্ত দ্রুতগামী এবং পর্য্যায়ক্রমে উঠে এবং পড়ে;

সূর্য্যাঘাতে নাড়ী অত্যন্ত দুর্ব্বল এবং মৃদু; হৃৎপিণ্ডের কষ্টকর স্পন্দন এবং তদ্দরুণ হৃৎপ্রদেশে অত্যন্ত কষ্টানুভব; হৃৎপ্রদেশে অত্যন্ত প্রখর বেদনা; শয়নাবস্থায় হৃৎপ্রদেশে বিড়ালের গলার শব্দের ন্যায় ঘড়্ ঘড়্ শব্দ হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে নাড়ী অসম (Intermittent) হওয়া।

গ্রীবা। গ্রীবার চতুর্দ্দিকে আঁটাবোধ; গ্রীবা হইতে পৃষ্ঠদেশ পর্য্যন্ত উষ্ণানুভব; সমুদয় মেরুদণ্ডে বেদনা।

জ্বর। সমুদয় শরীর উষ্ণ; গায় দমকা উষ্ণানুভব; উষ্ণতা যেন শরীরের নিম্নদিক হইতে ঊর্দ্ধদিকে ঢেউয়ের ন্যায় উঠে বা বিস্তৃত হয়; প্রচুর ঘর্ম্ম যাহা মুখমণ্ডল এবং বুকেই অধিক প্রকাশ পায়।

ব্যবহার। সূর্য্যের উত্তাপ গায় লাগা জনিত অসুখ (বেল্, নেট্রাম্-কার্ব্ব); মানসিক উত্তেজনা, ভয় ইত্যাদি জনিত অসুখ; কোন প্রকারের আঘাত প্রাপ্ত হওয়া জনিত অসুখ; সূর্য্যাঘাত; মৃতবৎ মূর্চ্ছা; মস্তিষ্কে রক্তাধিক্য; মাথাধরা; মস্তিষ্কের শোথ; মৃগীর ন্যায় আক্ষেপ; স্ত্রীলোকের রজঃস্রাব রুদ্ধ হওয়ার দরুণ মাথা ধরা ইত্যাদি অসুখে গ্লোনয়েন্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয় (আর্স, ব্রাই, চায়না, ফস্); সমুদয় শরীরে বেদনাহীন দপ্ দপানি (আণ্টি-ক্রুড্, পাল্স্, সাইলিসি, সিপিয়া, জিঙ্ক); সামান্য কারণেই রক্ত সঞ্চালন ক্রিয়ার বৈলক্ষণ্য; নড়া চড়া, মদ্যপান, আক্রান্ত অঙ্গ নাড়িলে, ঝাকিলে বা উহাতে হাত বুলাইলে অসুখের বৃদ্ধি ও রাত্রিতে এবং বহির্ব্বায়ুতে অসুখের উপশম ইত্যাদি গ্লোনয়নের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। মস্তিষ্কের উপর গ্লোনয়নের কার্য্য অনেকটা আমিল্ নাইট্রেট্ এবং হামামেলিসের ন্যায়। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে একোনাইট, বেলাডোনা, ব্রোমিন্, ব্রাইওনিয়া, কফিয়া, নেট্রাম্-কার্ব্ব, নাক্স্-বমিকা এবং ষ্ট্রামোনিয়ামের কার্য্যেরও সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। একোনাইট্, ক্যাম্ফার, কফিয়া, নাক্স বমিকা।

ডাইলুশন বিচার। ৩,৬ এবং ১২ দশমিক ক্রমই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, এই ঔষধের ১ম

এবং ২য় দশমিক ডাইলুশনও ব্যবহার করা যাইতে পারে বটে, কিন্তু উহা দ্বারা রোগের লক্ষণাদির বৃদ্ধি হওয়ার আশঙ্কা থাকে।

হেলিবোরাস্ নাইজার,—হেলিবোর

(HELLEBORUS NIGER,—HELLEBORE)

ইউরোপের মধ্য প্রদেশের নিম্ন পর্ব্বতাদিতে এই গাছ জন্মে। বাগানাদিতেও ইহার চাষ হইয়া থাকে। ইহার কাঁচা টাটকা মূল বা শিকড় যথা নিয়মে রেক্ট্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। মূত্রকোষ এবং মাস্তুক ঝিল্লীর (Serous membranes) উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ মস্তিষ্ক, বক্ষ, অন্ত্র বেষ্ট ঝিল্লী এবং কৌষিক ঝিল্লীতে শোথের ন্যায় দূষিত জলীয় পদার্থের সঞ্চার হয়। পরিপাক কার্য্য সম্বন্ধীয় যন্ত্রাদি প্রবলরূপে আক্রান্ত হইয়া উহা প্রদাহযুক্ত হইতে পারে। পাকস্থলী এবং অন্ত্রই এই প্রকার প্রদাহ দ্বারা অধিক আক্রান্ত হইয়া থাকে। নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু (Pneumogastric nerve) আক্রান্ত হওয়ার দরুণ নিশ্বাস প্রশ্বাসের ব্যাঘাত জন্মে এবং হৃৎপিণ্ডের পক্ষাঘাত উৎপন্ন হয়। মস্তিষ্ক ও কশেরুকা মজ্জার উপর কার্য্যবশতঃ মস্তিষ্কের এবং সার্ব্বাঙ্গিক পক্ষাঘাত হইতে পারে। মস্তিষ্কের শোথে যখন মস্তিষ্কে সিরাম (Serum) নামক ক্লেদবৎ পদার্থের সঞ্চার আরম্ভ হয়, তখন এই ঔষধ দ্বারা বিশেষ উপকার দর্শে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। নিস্তব্ধ ভাবে বোকার ন্যায় অবসন্ন হইয়া থাকা; স্পর্শ জ্ঞান রহিততা (ওপিয়াম্); অত্যন্ত চিন্তা এবং মনের উদ্বেগ; শুষ্কবায়ু (Melancholia) এবং তদ্দরুণ সর্ব্বদা নিস্তব্ধ ভাবে থাকা (ইগ্নেস্); সর্ব্বদা বাড়ীতে থাকার ইচ্ছা (ক্যাপস্); কোন কার্য্য করিতে হইলে অনেকক্ষণ পূর্ব্ব হইতে বিশেষরূপ চিন্তা না করিয়া রোগী কার্য্যে প্রবৃত্ত হইতে পারে না অথবা পেশীগুলি আপন কার্য্য করে না।

মস্তক। মাথায় ভিমা ও ভারি বোধ; মাথার গভীরতম অংশে উষ্ণানুভব; মোচ্‌ড়াইয়া পড়িলে বা থেঁত্‌লিয়া গেলে যে রূপ হয়, মাথায় সেরূপ টাটানি (কুপ্রাম্), বিশেষতঃ মাথার পশ্চাৎভাগে এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত অবসন্নতা, মাথা হেট করিয়া উপুড় হইলে যাহার বৃদ্ধি হয়; মাথার পশ্চাৎভাগে বেদনা; অবসন্নতা; মাথায় উষ্ণ এবং ভারিবোধ (ওপিয়াম্); বালিশের মধ্যে মাথা খুসিয়া দেওয়া (এপিস্); দিবা রাত্রি মাথা চালা বা ঘুরাণ এবং উহার সঙ্গে সঙ্গে কোঁথানি বা কোঁকানি; শরীর ঠাণ্ডা; মস্তিষ্কের শোথ; আরক্ত জ্বরের পর মস্তিষ্কের শোথ।

চক্ষু। চক্ষে প্রদাহ থাকা সত্ত্বেও চক্ষে আলোক লাগে বা আলোক সহ্য হয় না; চক্ষুর তারা বিস্তৃত (এইলান্থ, বেল, হায়োস্, ষ্ট্রামন্); চক্ষে আলোকজ্ঞান থাকে না (সিকুটা, ওপিয়াম্, হায়োস্); চক্ষুর গোলক উপরের দিকে উল্টান; টেরাচক্ষু।

কর্ণ। কানের মধ্যে সোঁ সোঁ, টন্ টন্ শব্দ হওয়া।

মুখমণ্ডল। মুখমণ্ডল শিটা বা ফিকা, শোথের ন্যায় স্ফীত, টস্‌টসে ও বিকৃত।

নাসিকা। ধূম থাকিলে বা ধূমের দরুণ ঝুল পড়িলে যেরূপ হয়, নাসারন্ধ্র সেরূপ শুষ্ক এবং ময়লাযুক্ত বলিয়া অনুভূত হয়; রোগী বারম্বার নাক রগড়ায়।

মুখগহ্বর। জিহ্বা অত্যন্ত শুষ্ক, অবশ বা অসাড় এবং স্ফীত; মুখে ঘা (বোরাক্স, মার্ক, হিপ্-সাল্ফ); নিম্ন মাড়ি নিম্নদিকে ঝুলিয়া পড়ে (মিউর-আস্); সর্ব্বদা চর্ব্বণ করার ন্যায় মাড়ির সঞ্চালন; সর্ব্বদা দাঁতে দাঁতে কামড়ান (সিকুটা); মুখগহ্বর এবং তালুকা শুষ্ক ও উহার সঙ্গে সঙ্গে গিলিবার জন্য মুখ সঞ্চালনের সময় তালুকায় চাঁচিয়া ফেলার ন্যায় বা কর্ত্তনবৎ বেদনা বা যাতনা।

পাকস্থলী এবং উদর। বমনোদ্বেগ এবং বমন (আণ্টি-টার্ট, ইপিকাক্); উদরস্থ আহার দ্রব্যাদি বমন; সবুজের আভাযুক্ত কাল্‌চে পদার্থ বমন; পাকস্থলীর মধ্যে পূর্ণবোধ এবং উহার স্ফীতি ও বিস্তৃতি; রোগী অত্যন্ত ব্যগ্রতার সহিত শীতল জল পান করে, চামচা কামড়ায়,

কিন্তু সে অচেতনাবস্থায় থাকে। উদরের অত্যন্ত স্ফীতি এবং বিস্তৃতি (ক্যাম্); অন্ত্র জলে পরিপূর্ণ থাকিলে যেরূপ হয়, উদরে সেরূপ গড়্ গড়্, কল কল শব্দ হয় (ক্রোটন্); পেট কামড়ানি বা পেটে চিন্‌চিনে বেদনা (বেল্, কলোস্); অত্যন্ত দুর্ব্বলতা, মুখাকৃতি বসিয়া যায়, মুখমণ্ডল শিটা, ঠাণ্ডা এবং চট্‌চটিয়া আঠা ঘর্ম্ম দ্বারা আবৃত ও নাড়ী সূত্রবৎ সূক্ষ্ম।

মল। কেবল পরিষ্কার চট্‌চটিয়া আঠা বর্ণহীন শ্লেষ্মা ভেদ (কল্‌চ্, রাস্‌টক্স্), মল সাদা চট্‌চটিয়া আঠা; বারম্বার কষ্টদায়ক বাহ্যের বেগ এবং কোঁথপাড়া।

মূত্রযন্ত্র। বারম্বার প্রস্রাবের বেগ এবং অতি অল্পপরিমাণে মূত্র ত্যাগ (একন্, এপিস্, ক্যান্থ্, কলোস্, ডিজিট্); মূত্র পরিমাণে অল্প এবং কাল্‌চে (কল্‌চ), গুঁড়ান কাফির ন্যায়, পরিমাণে অধিক; মূত্রাধার অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত হয়; মূত্রাধারের পৈশীক অংশের জড়তার দরুণ মূত্রাবরোধ।

শ্বাসযন্ত্র। বুকে সঙ্কুচিত বা আঁটা বোধ, যাহার দরুণ রোগী নিশ্বাস প্রশ্বাসে অত্যন্ত কষ্টানুভব করে ও তাহার শ্বাসরোধ হওয়ার উপক্রম হয়, সে হা করিয়া নিশ্বাস প্রশ্বাসের প্রয়াস পায় এবং সে বিছানায় হেলান দিয়া বসিয়া থাকিতে বাধ্য হয়; বক্ষশোথ (আর্স্)।

নাড়ী। নাড়ী দ্রুতগামী, ক্ষুদ্র এবং কম্পমান; নাড়ী মৃদুগতি বিশিষ্ট (ডিজিট্); মস্তিষ্কের শোথে নাড়ী অসম (Intermittent)।

অঙ্গ প্রত্যঙ্গ। কুঁচকি বা উরুর সন্ধিতে সূচীবিধানের ন্যায় অনুভূত হয়; পায়ের শোথের ন্যায় স্ফীতি।

নিদ্রা। অজ্ঞানবৎ নিদ্রা এবং এই অবস্থায় বারম্বার চীৎকার করিয়া কাঁদিয়া বা লাফাইয়া উঠা।

জ্বর। সমুদয় শরীরে শীত বোধ এবং উহার সঙ্গে সঙ্গে হাত এবং পায়ের পাতা শীতল (ক্যাম্ফার); শীত এবং কম্প; গা কাঁটা দেওয়া বা রোমাঞ্চিত হওয়া; অঙ্গ প্রত্যঙ্গ এবং সন্ধিতে বেদনা; গায় জ্বালা যুক্ত উষ্ণতা এবং উহার সঙ্গে সঙ্গে আভ্যন্তরিক শীতবোধ ও জলাদি পানে অনিচ্ছা; রোগী একবারে অধিক পরিমাণে জলাদি পান করিতে পারে না; সন্ধ্যার

সময় বিছানায় শয়ন করিয়া থাকিলে শীতবোধ ; ঘর্ম্ম ; চট্‌চটিয়া ঘর্ম্ম ; শেষ রাত্রিতে ঘর্ম্ম, যাহার দরুণ শরীরের সন্তাপের কোনও পরিবর্ত্তন হয় না।

ব্যবহার। শোথ এবং শোথ সম্বলিত বা শোথ জনিত অসুখ; মস্তিষ্ক, বক্ষ এবং উদরের শোথ ; হঠাৎ স্ফীতি ; সার্ব্বাঙ্গিক শোথ ; আরক্ত জ্বর, মূত্রকোষ প্রদাহ এবং সবিরাম বা পালা জ্বরের পর শোথ ; স্তব্ধবায়ু (Molancholia) ; জ্ঞানশূন্য হওয়া ; বাড়ীতে থাকা বা যাওয়ার প্রবল ইচ্ছা (Nostalgia) ; স্নায়ুশূল ; আক্ষেপ (Convulsions) ; মৃগীরোগ ; মূত্রকোষ প্রদাহ ; রক্তাল্পতা ইত্যাদি অসুখে হেলিবোরাস্ ব্যবহার্য্য ।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। পেশীর আক্ষেপিক স্পন্দন (আগারিকাশ্‌, সিকুটা, কুপ্রাম্‌) ; বিছানা হইতে গড়াইয়া পড়া (মিউর-আস্‌) ; আক্ষেপ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত শীত বোধ; যে সকল স্ত্রীলোক শিশুকে স্তনদুগ্ধ পান করায়, তাহাদিগের আক্ষেপ ; অত্যন্ত দুর্ব্বলতা (আর্স্‌, ফেরাম্‌, ফস্‌) ; হাত পা গুটাইয়া চীৎভাবে শয়ন করিয়া থাকা; হঠাৎ শোথের ন্যায় স্ফীতি ; দুর্ব্বল গণ্ডমালা ধাতুবিশিষ্ট শিশু বা বালক, বালিকাগণের অসুখ ; শিশুগণের দাঁত উঠার সময় অসুখ (মস্তিষ্ক আক্রান্ত হইলে) ইত্যাদি হেলিবোরাসের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। হেলিবোরাসের কার্য্যের সঙ্গে এপিস্‌, আপোসিনাম্‌, ক্যান্থারিস্‌ এবং ক্যালী ব্রোমেটামের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক, বেলাডোনা, কুপ্রাম্‌, ডিজিটালিস্‌, হায়োসায়েমাস, লাইকোপডিয়াম্‌, পাল্‌সেটিলা, মার্কিউরিয়াস্‌, ফস্ফরাস্‌, রাস্‌-টক্স্‌, ষ্ট্রামোনিয়াম্‌ এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, চায়না।

ডাইলুশন বিচার। ৬, ১২ এবং ৩০ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। আবার কোন কোন চিকিৎসক এই ঔষধের মূল আরোক ৫।১০ ফোঁটা মাত্রায় ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়া থাকেন।

ক্যালী ব্রোমেটাম্‌,—ব্রোমাইড্‌ অব্‌ পোটাসিয়াম্‌,-ক্যালী-ব্রোম্‌

(KALI BROMATUM,-BROMIDE OF POTASH,-KALI-BROM.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত ব্রোমাইড্‌ অব্‌ পোটাস্‌ ক্রয় করিয়া উহার ১ গ্রেইণ ৯ ফোঁটা চুয়ান জলে মিশ্রিত করিয়া ইহার ১ম দশমিক ডাইলুশন প্রস্তুত হইয়া থাকে। ২য় এবং ততোধিক দশমিক ক্রমের আরোক যথা নিয়মে রেক্‌টিফাইড্‌ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহার প্রকৃত নির্দ্দিষ্ট ক্রিয়া এপর্য্যন্ত সম্পূর্ণরূপে স্থিরিকৃত হয় নাই। তবে সম্ভবতঃ স্নায়বিক মণ্ডলীর উপর ইহার কার্য্য থাকা বশতঃ প্রধানতঃ ইহা দ্বারা কসেরুকা মজ্জার ঐ অংশই আক্রান্ত হইয়া থাকে যাহা গৌণ (ধাক্কা) (Reflex impulses) গ্রহণ এবং প্রেরণ করে ও যাহার দরুণ স্নায়ুর কেন্দ্রস্থানে গৌণ উত্তেজনার হ্রাস হয়, তৎপর ইহা এফারেণ্ট্‌ স্নায়ুর (Efferent nerves) অগ্রভাগের উপরের অংশে কার্য্য প্রকাশ করিয়া পক্ষাঘাত উৎপন্ন করে এবং অবশেষে ইহা বৃহৎ মস্তিষ্ক (Cerebrum) আক্রমণ করে, যাহার দরুণ চক্ষুর তারা বিস্তৃত হয়, নেশা হওয়ার ন্যায় হয়, মানসিক দুর্ব্বলতা হয়, ভ্রম (Haullcinatinos) ইত্যাদি উৎপন্ন হইয়া থাকে। ইহা দ্বারা সোজা সোজী হৃৎপিণ্ডের পক্ষাঘাত হয় এবং রক্তবহা নালীর গতি শাসনকারী স্নায়ু (Vaso-motor nerves) গুলির আক্ষেপ উৎপন্ন করিয়া ইহা রক্তবহা নালী সমূহের সঙ্কোচন এবং তৎপর উহার বিস্তৃতি উৎপাদন করে। এই প্রকারে ইহা প্রথমতঃ মস্তক এবং সমুদয় শরীরের রক্ত সঞ্চালন শক্তিকে অবসন্ন করে, যাহার দরুণ রক্তের পরিমাণ অনেক কমিয়া যায় এবং উহার স্নায়বিক কার্য্য সম্বন্ধীয় পক্ষাঘাত হওয়ার দরুণ শরীরের প্রায় সমুদয় যন্ত্র এবং অংশেরই পক্ষাঘাত হইয়া থাকে, রক্ত বহা নালীর পরবর্ত্তী বিস্তৃতির দরুণ উহাতে রক্তাধিক্য বা রক্তাবরোধ হইয়া থাকে, যাহার দরুণ অবসন্ন স্নায়ুর কেন্দ্র অতিরিক্ত

পরিমাণে বিকৃত হইয়া উহার কার্য্য অতিরিক্ত পরিমাণে বৃদ্ধি পাইয়া যন্ত্রাদির অতিরিক্ত চেতনা এবং আক্ষেপ (Convulsions) উৎপন্ন হইয়া থাকে। চর্ম্মের উপর ইহার এক বিশেষ প্রকৃতির কার্য্য দেখিতে পাওয়া যায়। ইহা দ্বারা শরীরের স্থানে স্থানে, বিশেষতঃ মুখমণ্ডল, গ্রীবা, স্কন্ধ ইত্যাদিতে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ বা ফোস্কার ন্যায় ফুস্কুড়ী এবং জ্বালাযুক্ত ক্ষত প্রকাশ পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। গর্ভাবস্থায় রাত্রিতে ভয় উৎপাদক বা ভয়ানক আকৃতি বা মূর্ত্তি দেখা; শিশুগণ যেন ভয়ানক আকৃতি দেখিয়া ঘুম হইতে চীৎকার করিয়া কাঁদিয়া উঠিয়া অচেতনাবস্থায় থাকে এবং সে তাহার নিকটবর্ত্তী কাহাকেও চিনিতে পারে না ও তৎপর টেরা চক্ষে তাকায়; প্রলাপ উক্তি এবং উহার সঙ্গে সঙ্গে ভ্রম দেখা; রোগী মনে করে যেন কোন ব্যক্তি তাহাকে বিষ খাওয়াইবার অভিপ্রায়ে তাহার পশ্চাৎ পশ্চাৎ আসিতেছে (হায়োস্‌) এবং ঈশ্বর যেন তাহাকে শাস্তি দেওয়ার জন্য প্রতিজ্ঞা করিয়া বসিয়াছেন; রোগী (স্ত্রীলোক) মনে করে যেন তাহার সন্তানের মৃত্যু হইয়াছে; মদোন্মত্ততা; মুখমণ্ডল আরক্ত ও টল্‌টলে; ভয়ানক ভ্রম দেখা (বেল্‌); খব্ধবায়ু (Melanochlia) এবং উহার সঙ্গে সঙ্গে ভ্রম দেখা; রোগী আপনার মনের ভাব অপরকে বুঝাইয়া বলিতে পারে না; স্মরণ শক্তির হ্রাস বা বিনাশ; কথা বলিতে বলিতে রোগী কখন কখন ২।১ টী শব্দ ভুলিয়া বা ছাড়িয়া যায়; মস্তিষ্কের অসুখ জনিত বাকরোধ।

মস্তক। মস্তিষ্কের উত্তেজনা; মুখমণ্ডল আরক্ত ও টল্‌টলে, চক্ষুর তারা বিস্তৃত, চক্ষু বসিয়া যায়; মাথাঘুরাণ; রোগী কখন কখন জাগিয়া চীৎকার করিয়া কাঁদিয়া উঠে; হাত পায়ের পাতাদি শীতল; শিশুগণের ওলাউঠা; মস্তিষ্কে প্রবল রক্তাধিক্য বা রক্তাবরোধ; মস্তিষ্কে কোন প্রকার দূষিত পদার্থের সঞ্চারের পূর্ব্বেই মস্তিষ্কের প্রদাহ (একন্‌, বেল্‌)।

চক্ষু। চক্ষে ঝাপ্‌সা দেখা; চক্ষুর তারা বিস্তৃত; টেরাচক্ষু (হায়োস্‌); চক্ষু স্থির দৃষ্টি বা ভয় খাওয়ার ভাব বিশিষ্ট; চক্ষু বসিয়া যায়; চক্ষুর জ্যোতি থাকে না।

মুখমণ্ডল। মুখমণ্ডল শিটা বা ফিকা অথবা মদ খাইয়া নেশা হইলে যেরূপ হয়, মুখমণ্ডল সেরূপ দেখায় এবং এই অবস্থার সঙ্গে সঙ্গে ভ্রম দেখা।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা লালবর্ণ, শুষ্ক ও বর্দ্ধিত; জিহ্বা প্রথমতঃ লালবর্ণ ও তৎপর শুষ্ক এবং কটাবর্ণ; জিহ্বার পার্শ্ব এবং তলা সাদা; কথা বলিতে কষ্টবোধ; জিহ্বার কার্য্যের বৈলক্ষণ্য (জেল্‌স্‌); তোত্‌লার ন্যায় কথা বলা; মুখে বা নিশ্বাস প্রশ্বাসে দুর্গন্ধ এবং উহার সঙ্গে সঙ্গে জিহ্বা সাদা। মুখগহ্বর, গলার মধ্য এবং আহার বহা গলনালীর অগ্রভাগের দুই পার্শ্বস্থিত স্থানে অসাড়বোধ (অনেকদিন মদ্য পান করিলে যেরূপ ঘটিয়া থাকে)।

পাকস্থলী। অত্যন্ত পিপাসা এবং উহার সঙ্গে সঙ্গে মুখগহ্বরের শুষ্কতা; গা বমী বমী করা এবং উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা; বারম্বার কাঠবমী এবং বমন।

মল। জলবৎ তরলভেদ; শিশুগণের ওলাউঠা, বিশেষতঃ উহার সঙ্গে সঙ্গে মস্তিষ্কের উত্তেজনা এবং চরম বা পতনাবস্থার (Collapse) লক্ষণাদি প্রকাশ পাওয়া; স্ত্রীলোক এবং হিষ্টিরিয়া আক্রান্ত রোগীগণের অন্ত্রে অতিরিক্ত পরিমাণ দূষিত বায়ুর সঞ্চার হেতু শূল বেদনা (আসাফিটিডা)।

মূত্রযন্ত্র। বহুমূত্র এবং মূত্রে অতিরিক্ত পরিমাণ শর্করা থাকা; অতিরিক্ত পরিমাণে মূত্রত্যাগ এবং মূত্রে অধিক পরিমাণ ফস্ফেট্‌স্‌ (Phosphates) নামক পদার্থ থাকা; মল ত্যাগের পূর্ব্বেই মূত্র আপনা আপনি গড়াইয়া পড়া; মূত্র ধারণে অশক্তি।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছা কমিয়া যায় এবং কোন কোন রোগীর ধ্বজভঙ্গ হয় (আগ্‌নাশ্‌); ধাতু নিঃসরণ এবং উহার সঙ্গে সঙ্গে মানসিক অবসন্নতা, সর্ব্বদা মনের জড়তা বা কোন বিষয়ে চিন্তা করিতে অশক্তি, পৃষ্ঠদেশে বেদনা, পা কাঁপাইয়া কাঁপাইয়া চলা; অত্যন্ত দুর্ব্বলতা (কস্‌-আস্‌)। স্ত্রীলোকের শেষ রজঃরোধ হওয়ার সময় মুখমণ্ডল আরক্ত ও টল্‌টলে হয় ও উহাতে কষ্টকর গরমবোধ এবং মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ (সাঙ্গুনেরিয়া); পুরুষ সহবাসের ইচ্ছা প্রবল হইয়া পরিতুষ্ট না হওয়ার দরুণ ডিম্বকোষে স্নায়ুশূলের ন্যায় বেদনা; স্নায়বিকতা এবং উহার সঙ্গে সঙ্গে

মন ও শরীরের অশান্তি (সিমিসিফ্) ; ডিম্বকোষ এবং জরায়ুর উত্তেজনার দরুণ যোনি ইত্যাদির চুলকানি (ক্যালেড্) ; জরায়ু স্থান ভ্রষ্ট হইলে এবং জরায়ুতে পৈশিক আব (Tumour) হইলে এই ঔষধ দ্বারা আরাম হয়, এরূপ চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়।

শ্বাসযন্ত্র। থাকিয়া থাকিয়া শুষ্ক কাশি, ২।৩ ঘণ্টা অন্তর যাহা রোগীকে একবার আক্রমণ করে; শ্বাসকষ্ট এবং তৎপর উদরস্থ আহার দ্রব্যাদি বা শ্লেষ্মা বমন ; রাত্রিতে এবং শয়ন করিয়া থাকিলে কাশির বৃদ্ধি ; হুপিং কফের (Hooping Cough) ন্যায় কাশি।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ডের শক্তির যেন হ্রাস হয় ; হৃৎপিণ্ডের শব্দ অত্যন্ত দুর্ব্বল এবং উহা অতি গৌণে গৌণে শুনা যায় ; হৃৎপিণ্ড আস্তে আস্তে স্পন্দন করে, কাঁপে বা ধড়্ফড়্ করে। নাড়ী প্রথমতঃ দ্রুতগামী এবং তৎপর উহা মৃদু গতি বিশিষ্ট হয় ; নাড়ী দ্রুতগতি বিশিষ্ট, ক্ষুদ্র এবং দুর্ব্বল।

নিদ্রা। নিদ্রাশূন্যতা, বিশেষতঃ যে সকল রোগীর শরীরে রক্তের পরিমাণ অনেক কমিয়া যায় ; অথবা যে সকল স্নায়বিক রোগী অবসন্ন হইয়া পড়ে, অথবা সর্ব্বদা খিট্ খিট্ করে বা উত্তেজিত অবস্থায় থাকে, তাহাদিগের নিদ্রাশূন্যতা (কফিয়া)।

চর্ম্ম। যাহারা স্থূলকায় বিশিষ্ট এবং যুবা, সর্ব্বদা অপরিষ্কার থাকে, তাহাদিগের মুখমণ্ডল, স্কন্ধ এবং বুকে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী (কার্ব্বো-আনিমেল্) ; শরীরের স্থানে স্থানে বড়, কষ্টদায়ক ফোস্কার ন্যায় ফুস্কুড়ী যাহা সহজে সারে না ; ব্রণ ; ফোস্কার ন্যায় ফুস্কুড়ী বিশিষ্ট ক্ষত এবং ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ (হিপ্-সাল্ফ্)।

ব্যবহার। মনোন্মত্ততা ; সন্তান প্রসবের পর উন্মত্ততা (Puerperal Mania) ; শুষ্কবায়ু (Melancholia) ; নিদ্রাশূন্যতা ; মৃগীরোগ এবং মৃগীরোগের লক্ষণাক্রান্ত রোগ সমূহ ; স্নায়বিক উত্তেজনা এবং মস্তিষ্কের আবরক ঝিল্লীর উত্তেজনা ও উহাতে রক্তাধিক্য বা রক্তাবরোধ ; অঙ্গ প্রত্যঙ্গের কার্য্যের অবসন্নতা বা বৈলক্ষণ্য, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয় ; ঝিন্‌ঝিনা ; শরীরের স্থানে স্থানে অসাড়বোধ ; পক্ষাঘাত ; শিরঃপীড়া ; ধনু-

টঙ্কার; শুক্র ক্ষরণ; ধ্বজভঙ্গ; যন্ত্রাদির বিবৃদ্ধি; ডিম্বকোষের শোথ বা শোথ জনিত অসুখ; মাতালদিগের অজীর্ণরোগ; শিশুগণের ওলাউঠা; বহুমূত্র; গুহ্যদ্বার বা মূত্রাধারের সঙ্কোচক যন্ত্রের পক্ষাঘাত; পুরুষাঙ্গ বা যোনি ইত্যাদির চুলকানি; স্ত্রীলোকের পুরুষ সহবাসের অতিরিক্ত ইচ্ছা; স্ত্রীলোকের ডিম্বকোষের স্নায়ুশূলের ন্যায় বেদনা; হুপিংকফ্; ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী; ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; ক্ষত ইত্যাদি অসুখে ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। স্নায়বিক ধাতু; স্নায়বিক দুর্ব্বলতা, যাহা অনেক সময় পক্ষাঘাতেও পরিণত হইয়া থাকে; চলিবার সময় পা কাঁপা এবং উহার সঙ্গে সঙ্গে মাতালের ন্যায় হেলিয়া টলিয়া চলা; যে সকল পেশী দ্বারা পা প্রসারণ করা যায়, সে সকল পেশীর দুর্ব্বলতা; শরীরের সন্তাপের হ্রাস এবং উহার সঙ্গে সঙ্গে হাত পায়ের পাতাদি শীতল হওয়া; হাত এবং হাতের পাতা বরফের ন্যায় শীতল; মস্তিষ্কের উত্তেজনা; শিশু-গণের ওলাউঠা; সন্ধ্যার সময় অসুখাদির বৃদ্ধি ইত্যাদি এই ঔষধের বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ইহা স্থূলকায় বা মাংস বিশিষ্ট রোগী, বিশেষতঃ স্থূলকায় বিশিষ্ট বালক বালিকাগণের পক্ষে বিশেষ উপযোগী।

সমগুণবিশিষ্ট ঔষধ। আম্রা গ্রিসিয়া, একোনাইট, হায়োসায়েমাস, জেল্সিমিয়াম্, বেলাডোনা, ক্যাম্ফার, নাক্স্ বমিকা, জিঙ্কাম্ ইত্যাদি ঔষধের কার্য্যের সঙ্গে ব্রোমাইড্ অব্ পোটাসিয়ামের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। আসত ব্রোমাইড্ অব্ পোটাসের ১ গ্রেইণ হইতে ৫ গ্রেইণ পর্য্যন্ত অনেক চিকিৎসক ব্যবস্থা করিয়া থাকেন। লেখক স্বয়ং ১ গ্রেইণ হইতে ২ গ্রেইণ সচরাচর ব্যবহার করিয়া থাকেন। কিন্তু একবার একটী হিষ্টিরিয়া রোগাক্রান্ত রোগীর চিকিৎসায় ইহার ১ মাত্রায় ১০ গ্রেইণ ব্যবহার করিয়া তিনি আশু বিশেষ ফল পাইয়াছিলেন বটে; কিন্তু উহার পশ্চাৎফল বড় ভাল দাঁড়ায় নাই। এই বিষয়টী যেন পাঠক মহাশয়গণের স্মরণ থাকে। যদি এই ঔষধ ব্যবহার করা আবশ্যক হয়, তবে ইহাও স্মরণ রাখা কর্ত্তব্য যে, ক্রমে মাত্রা না বাড়াইলে এই ঔষধ দ্বারা সুফল

পাওয়ার আশা দুরাশা বলিলেও অত্যুক্তি হয় না। কোন কোন চিকিৎসক ১ম দশমিক ক্রমের আরোকও ব্যবহার করিয়া থাকেন।

ক্যালী কার্ব্বোনিকাম্,—কার্ব্বোনেট্ অব্ পোটাস,-ক্যালী-কার্ব্ব্

(KALI CARBONICUM,-CARBONATE OF POTASH,-KALI-CARB.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধ বিক্রেতার ঔষধালয় হইতে আদত কার্ব্বোনেট্ অব্ পোটাস ক্রয় করিয়া যথানিয়মে চূয়ান জলে (Distilled Water) ইহার প্রথম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। যথা নিয়মে ইহার সঙ্গে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে। ৯৫ ভাগ চূয়ান জলে ৫ ভাগ রেক্টীফাইড্ স্পিরিট্ মিশাইয়া যথানিয়মে উহা দ্বারা ২য় দশমিক বা ১ম শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ৩য় দশমিক ক্রমের আরোক প্রুফ্ স্পিরিট্, ৪র্থ দশমিক ক্রমের আরোক ২০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিট্ এবং ৫ম ও ততোধিক ক্রমের আরোক রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী, পরিপাক যন্ত্র এবং স্ত্রীলোকের জরায়ু ও ডিম্বকোষের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা উক্ত যন্ত্র গুলিকে এত অধিক উত্তেজিত করে, যে উহার দরুণ মনে হয় যেন উহার প্রদাহ অতি নিকটবর্ত্তী অথবা প্রদাহ আরম্ভ হইয়াছে। ইহার প্রভাবে আক্রান্ত ঝিল্লী গুলি অত্যন্ত শুষ্কাবস্থা প্রাপ্ত হয় এবং তদরুণ আক্রান্ত ঝিল্লীতে সূচী বিঁধানের ন্যায় অত্যন্ত তীক্ষ্ণ বেদনা অনুভূত হয়। এই প্রকারের সূচী বিঁধানের ন্যায় বেদনা উৎপাদন করা এই ঔষধের একটী প্রধান বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সহজেই ভীত হওয়া বা ভয় খাওয়া (নাইট্রি-আদ্); সর্ব্বদা রাগ করা বা চটিয়া থাকা বা খিট্ খিট্ করা (ব্রাই, ক্যাম্, নাক্স্-বম্);

মনের উদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে ভয় (একন্, জেল্‌স্, ওপিয়াম্); সর্ব্বদা খিট্ খিট্ ও চিড়্ চিড়্ করা (ব্রাই, ক্যাম্, সিনা, হিপ্-সাল্‌ফ্)।

মস্তক। তাড়াতাড়ি মাথা বা শরীর ঘুরাইলে মাথাঘোরা (কোনায়াম্); মাথার মধ্যে যেন কোন একটী চল্ চলে পদার্থ রহিয়াছে এরূপ অনবরত অনুভূত হয় এবং যাহা কপালের দিকে যেন মোচড়াইয়া বা ঝুলিয়া পড়িতেছে এরূপ অনুভূত হয়; মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা; কপালে চাপিয়া বা কসিয়া ধরার ন্যায় বেদনা যাহা চক্ষু এবং নাকের গোড়া অবধি যেন বিস্তৃত হয়; কপালের দুই পার্শ্বে সূচী বিঁধানের ন্যায় বেদনা, মাথা হেট করিয়া উপুড় হইলে, মাথা নাড়িলে, চক্ষু ঘুরাইলে অথবা মাড়ি সঞ্চালনে যাহার বৃদ্ধি হয় এবং মাথা খাড়া করিয়া রাখিলে এবং উষ্ণ প্রয়োগে যাহার উপশম হয়; গাড়ীতে চাপিয়া বেড়াইলে মাথাধরা (ককিউলাস্); মাথার গুরুবোধ এবং মাথার চুল পড়িয়া যাওয়া (ল্যাক্, নাইট্রিক্-অ্যাস্, সিপিয়া, ফস্)।

চক্ষু। চক্ষে জ্বালাবোধ এবং উহাতে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হওয়া; চক্ষুর পাতা এবং ভ্রূর মধ্যবর্ত্তী স্থানের একটী থলিয়ার ন্যায় স্ফীতি; (উপরের পাতার উক্ত প্রকারের স্ফীতিতে এপিস্ ব্যবহার্য্য); চক্ষুর পাতা স্ফীত এবং প্রদাহযুক্ত; চক্ষুর পাতায় পাতায় লাগিয়া যাওয়া, বিশেষতঃ প্রাতঃকালে (লাইকোপ্, মার্ক্, পাল্‌স্, সাল্‌ফ্); পড়িবার সময় চক্ষে বেদনা (রুটা); চক্ষুর বহির্দ্দেশের কোণে টাটানি এবং জ্বালাযুক্ত বেদনা; চক্ষে আলোক সহ্য হয় না; চক্ষু দিয়া জল পড়া (একন্, বেল্, মার্ক্, সাল্‌ফ্); দৃষ্টিহীনতা, চক্ষুর সম্মুখে যেন কুয়াশার ন্যায় দেখায় (ক্যাষ্ট্, সাইক্লেমেন্, মার্ক্, পাল্‌স্, সালফ্); চক্ষুর সম্মুখে আগুনের কণা এবং চিহ্ন যেন ভাসে (বেল্, সাইক্লেমেন্, মার্ক্, ফস্, সাল্‌ফ্)।

নাসিকা। নাসিকা স্ফীত এবং লালবর্ণ (বেল্, নাইট্রিক্-অ্যাস্, রাস্‌টক্স্); নাসারন্ধ্রে ক্ষত এবং উহাতে চুমটী পড়া (মার্ক্, নাইট্রিক্-অ্যাস্, ক্যালী-বাই, সিপিয়া); নাসারন্ধ্র রুদ্ধ হওয়া (আমন্-কার্ব্ব্, নাক্স্-বম্); বারবার নাক দিয়া রক্ত পড়া (একন্, বেল্, ব্রাই)।

কর্ণ। কর্ণের মধ্যে সূচীবিঁধানের ন্যায় যাতনা (কোনায়াম্, গ্রাফ্,

নাইট্রিক্ অ্যাস্); কর্ণমূলস্থিত গ্রন্থির প্রদাহ এবং স্ফীতি (মার্ক্-বিন্‌য়ায়োড্); কানের মধ্যে সোঁ সোঁ, সাঁই সাঁই এবং কেড়্ কেড়্ শব্দ হওয়া (বারাক্স, চায়না; গ্রাফ্)।

মুখমণ্ডল। মুখমণ্ডল শিটা এবং রুগ্ন; মুখমণ্ডল স্ফীত এবং টল্‌টলে; গালে ছিঁড়িয়া ফেলা বা সূচীবিঁধানের ন্যায় বেদনা।

মুখগহ্বর এবং গলার মধ্য। কেবল খাওয়ার সময়ই দাঁতে বেদনা; দাঁতের গোড়ায় দপ্‌দপানি, কোন প্রকারের ঠাণ্ডা বা উষ্ণ জিনিশের স্পর্শনেও যাহার বৃদ্ধি হয়; দাঁতের গোড়ায় ছুরিবিঁধান বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডলের হাড়ে বেদনা; মুখে অনবরত লাল উঠা; জিহ্বার অগ্রভাগে অনবরত জ্বালা বা টাটানি (ক্যাল্ক্-কার্ব্ব, কার্ব্বো-বেজ্); মুখগহ্বর এবং জিহ্বায় বেদনা এবং উহা জ্বালাযুক্ত বা কষ্টকর ফোস্কার ন্যায় ফুস্কুড়ী দ্বারা আবৃত (নেট্রাম্-মিউর, মিউর-অ্যাস্, লাইকোপ্); মুখে পচা এবং চট্‌চটিয়া স্বাদ (আর্ণিকা, মার্ক্, নাক্স্-বম্); গলার মধ্যের পশ্চাৎভাগে অত্যন্ত চট্‌চটিয়া আঠার সঞ্চার (হাইড্রাষ্ট্, ক্যালী বাই); মাছের কাঁটা ফুটিয়া লাগিয়া থাকিলে যেরূপ হয়, আহারবহা গলনালীর ঠিক উপরিভাগের দুইপার্শ্বে সেরূপ সূচীবিঁধানের ন্যায় বেদনা (হিপ্-সাল্ফ্); ঠাণ্ডা লাগিলে গলার মধ্যে উক্ত প্রকারের বেদনানুভব; গলার মধ্যে সুড়্ সুড়্ করা বা উহার মধ্যে কোন প্রাণী হামা দিয়া চলিয়া যাইতেছে এরূপ অনুভূত হওয়া, যাহার দরুণ কাশি এবং গলা খেকুরের উদ্রেক হয়; গিলিতে কষ্টানুভব; আহার দ্রব্যাদি আহারবহা গলনালী দিয়া অত্যন্ত আস্তে আস্তে পাকস্থলীতে প্রবেশ করে এবং উহার সঙ্গে সঙ্গে কাঠবমী ও বমনের উদ্রেক হয়; গ্রীবার গ্রন্থির স্ফীতি।

পাকস্থলী এবং উদর। টক উদ্গার উঠা (অ্যালাম্, কার্ব্বো-বেজ্, নাক্স্-বম্, ফস্, সাল্ফ্); উদরস্থ আহার দ্রব্যাদি এবং জল বমন; আহারের পর বমনোদ্বেগ; কোন প্রকারের মানসিক উত্তেজনা বা অবসন্নতা হইলেই বমনোদ্বেগ; গর্ভাবস্থায় বমনোদ্বেগ (নাক্স্-মস্ক্, পাল্স্, সিপিয়া); পাকস্থলী যেন জল দ্বারা পরিপূর্ণ রহিয়াছে অনবরত এরূপ অনুভূত হয়; পাকস্থলীর মধ্যে স্ফীত এবং বিস্তৃত করিয়া ধরার ন্যায় অনুভূত

হয়; স্পর্শনেও পাকস্থলী বেদনাযুক্ত হয় বা টাটায় (হায়োস্, নেট্রাম্-কার্ব্ব); পাকস্থলীর মধ্যে প্রবল দপ্দপানী এবং কর্ত্তনবৎ বেদনা (বেল); আহারের পর পাকস্থলীতে চাপা এবং ভারিবোধ (ব্রাই, নাক্স্-বম্, পাল্স্); যকৃত প্রদেশে উষ্ণ, জ্বালাযুক্ত বা সূচী বিঁধানের ন্যায় বেদনা (একন্, আর্স, ব্রাই, চায়না, মার্ক্, নাক্স্-বম্, সিপিয়া); উদরের সমুদয় অংশেই কর্ত্তনবৎ প্রবল বেদনা (কলোস্); সামান্য দ্রব্যাদি উদরস্থ হইলেই উদরে পূর্ণ ও উষ্ণবোধ এবং উদর স্ফীত ও বিস্তৃত হয় (চায়না, লাইকোপ্, নাক্স্-বম্); অন্ত্রের মধ্য দিয়া শীতল তরল পদার্থ বহিয়া গেলে যেরূপ হয়, উদরে সেরূপ অনুভূত হয়; তলপেটে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয়; গুহ্যদ্বার দিয়া অধিক পরিমাণে দূষিত বায়ু নিঃসরণ।

মল এবং মলদ্বার। গুহ্য এবং গুহ্যদ্বারে বৃহৎ আকারের, বেদনা যুক্ত বা কষ্টদায়ক অর্শের বলী (মিউর-আস্) এবং উহার সঙ্গে সঙ্গে বলী গুলিতে সূচী বিঁধানের ন্যায় বা জ্বালাযুক্ত বেদনা; মলত্যাগের সময় গুহ্যস্থিত বলী গুলি গুহ্য দ্বারের বাহির হইয়া পড়ে; মলত্যাগের সময় অধিক পরিমাণে রক্ত পড়া; গুহ্যদ্বারে সূচীবিঁধানের ন্যায় বেদনা, টাটানি (সাল্ফ) এবং জ্বালানুভব; মলত্যাগের সময় কোঁথপাড়া এবং কোঁথপাড়িলেও মল নির্গত হয় না (আমন্-মিউর, কোনায়াম্, নাক্স্-বম্); মনে হয় যেন গুহ্যের এমন শক্তি নাই যদ্দ্বারা ইহা মল বাহির করিয়া দিতে পারে; মল কোমল, রক্ত মিশ্রিত এবং পরিমাণে অত্যন্ত অল্প; ভেড়ার মলের ন্যায় মলত্যাগ (আলাম্, প্লাম্বাম্, ওপিয়াম্, সিপিয়া); মল অতি কষ্টে নির্গত হয়।

মূত্রযন্ত্র। বারম্বার প্রস্রাব করা, বিশেষতঃ রাত্রিতে (আম্ব্রা, কস্-আস্, কোনায়াম্, ডিজিট্) এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রযন্ত্রে অত্যন্ত চাপা ও কষ্টবোধ বা যাতনা এবং অল্প পরিমাণে মূত্রত্যাগ; মূত্রত্যাগের সময় মূত্রনালীতে জ্বালানুভব।

জননেন্দ্রিয়। পুরুষের হয় স্ত্রী সহবাসের অত্যন্ত ইচ্ছা হয়, নতুবা উক্ত ইচ্ছা একবারেই থাকে না; স্বপ্নে ধাতু নিঃসরণ, বা স্ত্রী সহবাসের পর অত্যন্ত দুর্ব্বল বোধ (আগারিকাস্, ক্যাল্ক্-কার্ব্ব, চায়না, ফস্-আস্,

ষ্টাফিস্); স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে অনেক দিন ব্যাপিয়া এবং অতিরিক্ত পরিমাণে রজঃস্রাব (বেল্, ক্যাল্ক-কার্ব্ব্, নাক্স-বম্, ফস্, সাবাইনা); রজঃরোধ এবং উহার সঙ্গে সঙ্গে শোথের জলের সঞ্চারের লক্ষণাদি প্রকাশ পাওয়া; রজঃস্রাবের সময় এবং উহার পূর্ব্বে ও পরে যোনি এবং উহার নিকটবর্ত্তী স্থানে অত্যন্ত টাটানি; রজঃস্রাবের সময় পেটে কর্ত্তনবৎ প্রবল বেদনা; কোমরের পশ্চাৎভাগে কন্‌কনানি (সিমিসিফ্, পাল্‌স); যোনি ইত্যাদিতে চুলকানি বিশিষ্ট আমবাতের ন্যায় ফুস্কুড়ী (ডাল্ক্); হরিদ্রাবর্ণের ক্ষতকারক শ্বেতপ্রদর নিঃসরণ (আর্স্); পৃষ্ঠদেশে বেদনা; স্তনে ছিঁড়িয়া ফেলা বা সূচীবিঁধানের ন্যায় বেদনা (ব্রাই)।

শ্বাস যন্ত্র। খাওয়ার সময় বুকে যেন বাধ বাধ বোধ হয়; প্রাতঃকালে শ্বাসকষ্ট বা নিশ্বাস প্রশ্বাস ঘন ঘন; সম্পূর্ণ স্বরভঙ্গ বা স্বরশূন্যতা (কার্ব্বো-বেজ্, কষ্টিকাম্, হিপ্-সাল্ফ্, ফস্); শেষরাত্রি ৩টা হইতে ৪টা পর্য্যন্ত কাশির বৃদ্ধি (আমন্-কার্ব্ব্, ড্রসিরা); সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে শয়ন করার পর কাশি; থাকিয়া থাকিয়া কাশি, গলার মধ্যে সুড়্‌সুড়ীর দরুণ যাহার উদ্রেক হয়; আক্ষেপিক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে কাঠবমি বা বমন; গলার মধ্যে শুষ্কবোধের দরুণ ফাঁপড় হওয়া বা শ্বাসরোধ হওয়ার উপক্রম হওয়া; কাশিতে কাশিতে গলাদিয়া পুঁযসংযুক্ত শ্লেষ্মা নির্গমন (চায়না, ডাল্ক্, লাইকোপ্, ফস্, সাইলিসি); গলা দিয়া ক্ষুদ্র ক্ষুদ্র ডেলা ডেলা গোলার ন্যায় শ্লেষ্মা নির্গমন; তাড়াতাড়ি চলিলে বুকের মধ্যে দুর্ব্বল বোধ; চলিবার সময় প্রশ্বাসে বুকের মধ্যদিয়া আঁটাবোধ; সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে শয়ন করার পর বুকে কর্ত্তনবৎ বেদনা; নিশ্বাসে বুকের মধ্যে সূচীবিঁধানের ন্যায় বেদনা (ব্রাই, ফস্); কথা বলিলে, শ্বাস প্রশ্বাসে, কোন প্রকারের ভারি দ্রব্য উঠাইলে বুকের মধ্যে বেদনা এবং টাটানি (রাস্টক্স্); বুকে চাপা বোধ।

হৃৎপিণ্ড। বারম্বার প্রবল হৃৎস্পন্দন (একন্, আর্স্, স্পাইজেল্, সাল্ফ); হৃৎপিণ্ডের স্পন্দন অসম (Intermittent) (ডিজিট্, নেট্রাম্-মিউর)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না (রাস্-টক্স্, ইগ্নেস্, ল্যাক্); চলিবার সময় পৃষ্ঠদেশে কন্‌কনানি, যাহার

দরুণ রোগীর মনে হয় যেন সে আর চলিতে না পারিয়া শয়ন করিয়া থাকিতে বাধ্য হইবে; স্ত্রীলোকের সন্তান প্রসবের পর, গর্ভস্রাবের পর বা জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাবের পর, পৃষ্ঠদেশে কন্‌কনানি; ভাঙ্গিয়া গেলে যেরূপ হয়, পৃষ্ঠদেশে সেরূপ বেদনা (বেল্‌, নেট্রাম্‌-মিউর, নাক্স-বম্‌); প্রাতঃকালে নিশ্বাস প্রশ্বাসে ডাইন স্কন্ধে সূচীবিঁধান বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; কোমরের পশ্চাৎভাগে কসিয়া ধরার ন্যায় বেদনা; কোমরের পশ্চাৎ ভাগে কঠিন চাপাবোধ; কোমরের পেশী গুলিতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। সন্ধ্যার সময়, শয়ন করিয়া থাকিলে অঙ্গ প্রত্যঙ্গে অসুখবোধ; অঙ্গ প্রত্যঙ্গে ভারিবোধ, যাহার দরুণ রোগী পায়ের পাতা তুলিতে পারে না; হাত পা যেন অসাড় হইয়া যায়; অঙ্গ প্রত্যঙ্গে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; কোন পদার্থের উপর বসিলে অঙ্গ প্রত্যঙ্গে বেদনার উদ্রেক হয়। উভয় বাহুই দুর্ব্বল হয় এবং উহাতে কোন শক্তি থাকে না; বাম স্কন্ধের সন্ধিতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; বোগলের গ্রন্থির স্ফীতি; উভয় কনুইয়ের সন্ধিতে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; বাম বাহুর উপরিভাগে থাকিয়া থাকিয়া চিড়িক মারার ন্যায় যাতনা; হাত এবং হাতের আঙ্গুলে অসাড়বোধ; বোগলে ঘর্ম। চলিবার সময় পায়ের আঙ্গুলের মাথায় অত্যন্ত বেদনানুভব; রাত্রিতে ডাইন উরু এবং পায়ের ডিমে আক্ষেপ বা খিলধরা; হাঁটু, পা এবং পায়ের পাতার ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

নিদ্রা। নিদ্রাবেশ এবং বারম্বার হাঁইতোলা (নাক্স-মস্ক); খাওয়ার সময় যেন ঘুম পায়; আহারের পর ঘুম পায় (নাক্স-বম্‌); অস্থির নিদ্রা বা ঘুম ভাল হয় না; স্বপ্ন দেখা; ঘুমেরঘোরে কথা বলা; শেষ রাত্রি ৩টার সময় ঘুম ভাঙ্গিয়া যাইয়া রাত্রিতে আর ঘুম হয় না।

ব্যবহার। ফুস্ফুসের অসুখ; ফুস্ফুস-প্রদাহ; ফুস্ফুস-আবরক ঝিল্লী প্রদাহ; যক্ষাকাশ; হাঁপানি কাশি; বায়ুনল প্রদাহ; হুপিং কফ্ বা কাশি; শোথ জনিত বা শোথ সম্বলিত অসুখ, বিশেষতঃ বৃদ্ধ বয়সে; সার্ব্বাঙ্গিক শোথ; উদরী; বক্ষঃশোথ; রক্তাল্পতা; বহুমূত্র; অজীর্ণ; যকৃতে রক্তা-

হিক্কা বা রক্তাবরোধ; অর্শরোগ; রজঃরোধ বা যৌবনে প্রথম রজঃস্রাব; পক্ষাঘাত; বাতরোগ ইত্যাদি অসুখে ক্যালী কার্ব্বোনিকাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বারম্বার ক্লান্ত এবং অবসন্ন হইয়া পড়া; সহজেই বা সামান্য কারণেই সর্দ্দিলাগা (ক্যাল্ক-কার্ব্ব, নেট্রাম্-মিউর, ফস্, সাইলিসি); পেশী স্পন্দন (আগারিকাশ্, ইগ্নেস্, আয়োড্, ষ্ট্রামন্); আক্রান্ত স্থানে কসিয়া ধরা বা সূচী বিঁধানের ন্যায় বেদনা; হৃৎপিণ্ড অত্যন্ত দুর্ব্বল হয় এবং তদ্রূপ নাড়ীও দুর্ব্বল হয়; রসক্ষয় জনিত জ্বর বা হেক্টিক্ ফিবার (Hectic Fever); সমুদয় শরীরেই খালি খালি বোধ, যাহার দরুণ মনে হয় যেন শরীরে কোন প্রকারের কঠিন বা ঘন পদার্থ নাই; শেষ রাত্রি ২টা হইতে ৩টা পর্য্যন্ত, বিশ্রামে এবং শরীরে ঠাণ্ডা লাগিলে অসুখের বৃদ্ধি, এবং দিনের বেলা চলিয়া বেড়াইলে, উষ্ণ প্রয়োগে বা গরমে এবং গরম বাতাসে অসুখের উপশম ইত্যাদি এই ঔষধের বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বৃদ্ধ বয়স, স্থূলকায় বিশিষ্ট এবং চর্ব্বিযুক্ত ও ঢল্ঢলে পেশী বিশিষ্ট শরীর, কাল চুল; জীবনী শক্তির হ্রাস, বা রক্ত, পূঁযাদি নিঃসরণের পর, বিশেষতঃ রক্তাল্প ধাতু বিশিষ্ট রোগীর পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। নেট্রাম্ মিউরিয়াটিকাম্ এবং ষ্টানামের কার্য্যের সঙ্গে ক্যালী কার্ব্বোনিকামের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক, একোনাইট্, বেলাডোনা, ব্রাইওনিয়া, কার্ব্বো-বেজিটেবিলিস্, ক্যামোমিলা, চায়না, কোনায়াম্, জেল্সিমিয়াম্, ক্যালী ব্রাইক্রমিকাম্, ওপিয়াম্, ল্যাকেসিস্, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, নাইট্রিক্ আসিড্, নাক্স্-বমিকা, ফস্ফরাস্, পাল্সেটিলা, রাস্টক্স্, ষ্টানোনিয়াম্, সিপিয়া এবং সাল্ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, কফিয়া।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় ক্রমই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। ফুস্ফুসের স্ফোটক রোগের (Pulmonary Tuberculosis) ১ম ও ২য় ক্রম বিশেষ উপকারী। কোন কোন চিকিৎসক ৬, ১২, এবং ৩০ ক্রমও ব্যবস্থা করিয়া থাকেন।

ক্যালী আয়োডেটাম্,-ক্যালী হাইড্রিয়ডিকাম্,-আয়োডাইড্ অব্ পোটাস্,-ক্যালী-আয়োড্

(KALI IODATUM,-KALI HYDRIODICUM,-IODIDE OF POTASH,-KALI IOD.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ ক্রয় করিয়া যথানিয়মে ডাইলুট্ আল্কোহলে ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ২য় এবং ততোধিক দশমিক ক্রমের আরোক যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইতে পারে।

সাধারণ ক্রিয়া। শরীরের শ্লৈষ্মিক ঝিল্লী এবং গ্রন্থির উপর ইহার কার্য্য অতি প্রবল এবং অনেকটা পারার (Mercury) ন্যায়। অতএব পারা শরীরের যে সকল অংশ বা তরল পদার্থ ধ্বংস করে, আয়োডাইড্ অব্ পোটাসেও সে সকল অংশ এবং তরল পদার্থ ধ্বংশ করিয়া থাকে। লিম্ফেটিক্ গ্রন্থির উপর ইহার কার্য্য আয়োডিনের ন্যায় এবং তদ্দরুণ উক্ত অংশের বিবৃদ্ধি এবং উহার কার্য্যের ক্ষমতার বিনাশ হয়। ইহা অস্থি আবরক কঠিন পর্দ্দা (Periosteum) পুরু করে। অতএব গরমীর ব্যারাম জনিত অস্থি আবরক কঠিন পর্দ্দার মধ্যে যে প্রকার আব (Tumour) হয়, তাহাতে ইহা বিশেষ উপকারী। পারার (Mercury) অপব্যবহার এবং গরমীর ব্যারাম জনিত রোগে এই ঔষধ বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। বিমর্ষভাব এবং মনের উদ্বেগ (ইগ্নেস্, নেট্রাম্-মিউর, পাল্স্)।

মস্তক। মাথার উপরিভাগে বেদনা, যাহার দরুন মনে হয় যেন মাথা ফাটিয়া ছিন্ন ভিন্ন হইবে (ব্রাই, চায়না, নেট্রাম্-মিউর, সিপিয়া, সাইলিসি); স্ক্রু আঁটিয়া রাখিলে যেরূপ হয়, মাথার দুই পার্শ্বে সেরূপ বেদনা বা যাতনা (মার্ক্, নাইট্রিক্-আস্); বাম চক্ষুর উপরিভাগে ছিঁড়িয়া ফেলা বা

হঠাৎ সূচী বিঁধানের স্থায় বেদনা বা যাতনা; চুলকাইবার সময় মনে হয় যেন মাথায় ক্ষত হইয়াছে (মার্ক্)।

মুখমণ্ডল। মুখমণ্ডল পিটা, বর্ণহীন; মুখমণ্ডল এবং জিহ্বার স্ফীতি, বিশেষতঃ পারার (Mercury) অপব্যবহারের পর।

চক্ষু। চক্ষু বসিয়া যায়, উহা নীলবর্ণ রেখা দ্বারা পরিবেষ্টিত হয় এবং উহার স্থানে স্থানে আবের (Tumour) ন্যায় স্ফীতি (আর্জেন্ট্-নাইট্রিক); চক্ষুর যোজক বিল্লীতে থলিয়ার ন্যায় জলপূর্ণ স্ফীতি (Chemosis); চক্ষে জ্বালানুভব; চক্ষে পূঁয সংযুক্ত শ্লেষ্মার ন্যায় পদার্থের সঞ্চার; চক্ষুর পাতার শোথের ন্যায় স্ফীতি বা শোথ (এপিস্, ক্যালী-কার্ব্ব্, রাস্টক্স); চক্ষুর সম্মুখে কুয়াশা থাকিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্সা বা কম দেখা (ক্যালী-কার্ব্ব্, ল্যাক্, মার্ক্, পাল্স্); গরমীর ব্যারাম বা পারার অপব্যবহার জনিত চক্ষুর আইরিস নামক অংশের প্রদাহ (Syphilitic or mercurial Iritis); চক্ষু সর্ব্বদাই জলপূর্ণ এবং তদ্দরুণ সর্ব্বদাই চক্ষে ঝাপ্সা দেখা; চক্ষুর পাতার প্রান্ত অত্যন্ত লালবর্ণ এবং অত্যন্ত বেদনাযুক্ত; রাত্রিতে বেদনা যন্ত্রণাদির বৃদ্ধি; চক্ষুর আইরিস্ নামক অংশের প্রদাহ সম্বলিত চক্ষুর কোররেড্ ঝিল্লীর প্রদাহ (Irido-Choroiditis), বিশেষতঃ উক্ত রোগ গরমীর ব্যারাম জনিত হইলে; কর্ণিয়াতে (Cornea) ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; আলোকে কোন কষ্ট যাতনা থাকে না অথবা চক্ষু লাল হয় না।

নাসিকা। তরুণ সর্দ্দী এবং চক্ষু, নাসিকা, গলার মধ্য এবং তালুকা লালবর্ণ ও উহার সঙ্গে সঙ্গে চক্ষু দিয়া প্রচুর পরিমাণে জল পড়া (সিপা, ইউফ্রেস্); প্রবল হাঁচি এবং নাক দিয়া উগ্র ক্ষতকারক জলের ন্যায় শ্লেষ্মা নির্গমন (সিপা, মার্ক্-কর); নাসারন্ধ্রে অত্যন্ত চট্চটিয়া আঠা শ্লেষ্মার সঞ্চার (ক্যালী-ব্রাই); নাক দিয়া সবুজের আভাযুক্ত কাল অথবা হরিদ্রাবর্ণের, দুর্গন্ধযুক্ত বমন উৎপাদক পদার্থ অথবা সবুজের আভাযুক্ত পচা রক্ত নিঃসরণ; নাকের গোড়ায় পূর্ণ এবং আঁটাবোধ (একন্, ক্যালী-ব্রাই); নাক এবং কপালের হাড়ে দপ্দপিয়া ও জ্বালাযুক্ত বেদনা এবং আক্রান্ত স্থানের স্ফীতি; নাকের হাড়ে চর্ব্বনবৎ বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে আক্রান্ত স্থানে ছুরি দিয়া কাটা এবং ছিদ্র করার ন্যায় বেদনা যাহা কপাল পর্য্যন্ত বিস্তৃত হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বার অগ্রভাগে জ্বালাযুক্ত বেদনা (ক্যাল্ক-কার্ব্ব, কার্ব্বো-আনিমেল, ক্যালী-কার্ব্ব); জিহ্বার অগ্রভাগে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী (নেট্রাম্-মিউর); মুখগহ্বরে শুষ্কানুভব (আর্স, ব্রাই, নাক্স-মস্ক, পাল্স); দাঁতের মাড়ী, বিশেষতঃ ক্ষয় প্রাপ্ত দাঁতের গোড়ার স্ফীতি; মুখে অত্যন্ত দুর্গন্ধ (আর্ণিকা, হিপার-সাল্ফ, আয়োড, নাইট্রিক্-আস্); মুখে প্রচুর পরিমাণে লাল উঠা (আয়োড, মার্ক, নাইট্রিক্-আস্, আইরিস্); হন্বাস্থির নিম্নস্থিত লাল নিঃসারক গ্রন্থির স্ফীতি এবং পাকিয়া উহাতে পূঁয উৎপন্ন হওয়া (হিপ্-সাল্ফ, সাইলিসি)। গলার মধ্যে চুলকানি এবং উহাতে শুষ্কানুভব; গ্রীবা দেশস্থিত থাইরয়েড্-গ্রন্থির (Thyroid-gland) স্ফীতি এবং উহাতে টাটানি; আলজিহ্বা স্ফীত এবং লম্বা হওয়া; গলার মধ্যের শ্লৈষ্মিক ঝিল্লীর শোথ।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত পিপাসা (একন্, আর্স, ব্রাই, বেল); বমনোদ্বেগ এবং বমন (ইপিকাক্, আণ্টি-টার্ট, লোবিলিয়া); প্রবল বমন এবং উহার সঙ্গে সঙ্গে মুখে প্রচুর পরিমাণে লাল উঠা। হঠাৎ অত্যন্ত পেট ফাঁপিয়া উঠা, যাহার দরুণ মনে হয় যেন পেট ফাটিয়া যাইবে এবং গুহ্যদ্বার দিয়া দূষিত বায়ু নিঃসরণ হইলেই যাহা কমিয়া যায় (কার্ব্বো-বেজ)।

মল। মল কঠিন, পরিমাণে অল্প এবং গুহ্যদ্বার দিয়া অতি কষ্টে নির্গত হয়; ফিকা সবুজ এবং হরিদ্রাবর্ণের জলবৎ তরল ভেদ।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গের অত্যন্ত স্ফীতি এবং প্রদাহ। স্ত্রীলোকের রজঃস্রাবের সময় বারম্বার প্রস্রাবের ইচ্ছা; তরল, জলের ন্যায়, উগ্র এবং ক্ষতকারক শ্বেতপ্রদর নিঃসরণ; স্তন সঙ্কুচিত বা ছোট হওয়া (আয়োড)।

শ্বাসযন্ত্র। ছাল উঠিয়া গেলে যেরূপ হয়, বায়ুনলের উপরিভাগে সেরূপ বেদনা বা যাতনা; অত্যন্ত গভীর শব্দ বিশিষ্ট কাশি এবং গলা দিয়া সাদাটিয়া ও সবুজের আভাযুক্ত শ্লেষ্মা নির্গমন ও উহার সঙ্গে সঙ্গে বুকে ছিঁড়িয়াফেলার ন্যায় বেদনা যাহা বক্ষাস্থির নিম্নাংশ হইতে আরম্ভ হয়; বুকে সূচী বিঁধানের ন্যায় যাতনা, বক্ষাস্থির মধ্য দিয়া অথবা বুকের গভীর অংশ দিয়া পৃষ্ঠদেশ পর্য্যন্ত যাহা বিস্তৃত হয় (ক্যালী-কার্ব্ব); চলিবার সময় বুকে

উক্ত প্রকারের যাতনা; যক্ষাকাশ এবং তদ্দরুণ গলাদিয়া পূঁয সংযুক্ত শ্লেষ্মা নির্গমন; রাত্রিতে ঘর্ম্ম এবং তরল ভেদ হওয়া; ফুস্‌ফুসের শোথ এবং উহার সঙ্গে সঙ্গে ফুস্‌ফুস প্রদাহ; মূত্রকোষের ব্রাইটস্ ডিজিজ্ হেতু ফুস্‌ফুসের শোথ এবং গলা দিয়া সাবান গোলার স্থায়, সবুজ শ্লেষ্মা নির্গমন।

হৃৎপিণ্ড। হৃৎস্পন্দন, চলিলে যাহার বৃদ্ধি হয়।

পৃষ্ঠদেশ। স্ক্রু আঁটিয়া রাখিলে যেরূপ হয়, কোমরের পশ্চাৎভাগে সেরূপ বেদনা; চলিয়া বেড়ানের পর কোমরে উক্ত প্রকারের বেদনা।

অঙ্গ প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে ছিঁড়িয়া ফেলা, ছুরি বিঁধান বা চর্ব্বণবৎ বেদনা; বেদনা অস্থির আবরক কঠিন পর্দ্দা (Periosteum) আক্রমণ করে; রাত্রিতে বেদনার বৃদ্ধি; পারার অপব্যবহার অথবা গরমীর ব্যারাম জনিত বেদনা; বৃহৎ সন্ধিবাত; ক্ষুদ্র সন্ধিবাত বা গাউট্ (Gout)।

চর্ম্ম। মুখমণ্ডলে দাদের স্থায় চুলকানি বিশিষ্ট ফুস্কুড়ী; সমুদয় শরীরে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ অথবা ফোস্কার স্থায় ফুস্কুড়ী, মুখমণ্ডল, স্কন্ধ, পৃষ্ঠদেশ এবং বুকেই যাহা অধিক হয়।

নিদ্রা। অস্থির নিদ্রা বা ভাল ঘুম না হওয়া; নিদ্রাশূন্যতা।

ব্যবহার। পারার (Mercury) অপব্যবহার, গরমীর ব্যারাম এবং গণ্ডমালা ধাতু জনিত অসুখ; গৌণ গরমীর ব্যারাম (Secondary Syphilis), বিশেষতঃ পারার অপব্যবহারের পর এবং উহার সঙ্গে সঙ্গে গণ্ডমালা জনিত অসুখ; বাগী; গরমীর ঘা, যাহার প্রান্ত উচ্চ এবং যাহা হইতে পাতলা, ক্ষতকারক অথবা দধির স্থায় ক্লেদ নির্গত হয়; গভীর ক্ষত, যাহার বেদনাদি রাত্রিতে বৃদ্ধি হয়; গ্রন্থির অসুখ; অস্থির অসুখ; পুরাতন আকারের বৃহৎ সন্ধিবাত; সাইনোবিয়াল্ ঝিল্লীর প্রদাহ (Synovitis); গায় গোলাপী রঙ্গের ফুস্কুড়ী; গায় দাদের স্থায় গোলাকারের ফুস্কুড়ী; রূপীয়া (Rupia) রোগ; মুখ ইত্যাদিতে ক্ষত এবং উহা হইতে রক্ত নির্গমন; যক্ষাকাশ; ফুস্‌ফুসের শোথ ইত্যাদি অসুখে আয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা; পেশীর অগ্রভাগের স্পন্দন অথবা পেশী বা উহার অগ্রভাগের সঙ্কোচন (ট্রেমর্স, ট্রামর্); গ্রন্থির বিবৃদ্ধি বা উহার হ্রাস বা সঙ্কোচন; শরীরের নানা অংশে

শোথের ন্যায় জলীয় পদার্থের সঞ্চার (এপিস্, আপোসাইনাম্, আর্স্); অস্থির স্ফীতি (আসাফিটিডা, হিপ্-সাল্ফ্); রাত্রিতে, ঠাণ্ডা বাতাসে, বিশ্রামে অসুখের বৃদ্ধি এবং নড়া চড়াতে অসুখের উপশম ইত্যাদি এই ঔষধের কতকগুলি প্রধান প্রাকৃতিক লক্ষণ। পারার (Mercury) অপব্যবহারের পর এই ঔষধ বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। অরাম্, ইউফ্রেসিয়া, ক্যালী-বাইক্রমিকাম্, হিপার সাল্ফিউরিস্, আয়োডিন্, মার্কারি মেজিরিয়াম্।

প্রতিষেধক ঔষধ। হিপার সাল্ফিউরিস্।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় ক্রম সচরাচর ব্যবহার্য্য। অনেক সময় লেখক আদত আয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ ১।২ বা ৩ গ্রেইণ মাত্রায়ও ব্যবহার করিয়া থাকেন।

ক্রিয়াজোটাম্,-ক্রিয়োজোট্,-ক্রিয়াজ্

(KREASOTUM,-KREASOTE,-KREAS.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত ক্রিয়াজোট্ ক্রয় করিয়া উহার মিশ্র আরোক রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত করিতে হয়।

সাধারণ ক্রিয়া। লিম্ফেটিক্ মণ্ডলী (Lymphatic System), পরিপাক যন্ত্র এবং স্ত্রীজননেন্দ্রিয়ের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার ক্রিয়া বিশেষ প্রবল, যাহার দরুণ উক্ত যন্ত্রাদির শ্লৈষ্মিক অসুখ হইয়া উহা পচিবার উপক্রম হয়, উহাতে ক্ষত হয় এবং তৎপর আক্রান্ত অংশের ধ্বংস সংসাধিত হইয়া থাকে। আক্রান্ত স্থানে উগ্র ক্ষতকারক নিঃসরণ উৎপাদন করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। স্মরণ শক্তির দুর্ব্বলতা বা হ্রাস (আগারিকাশ্, আম্ব্রা, আনাকার্ড্, লেডাম্, মার্ক্, মাক্স্মক্, নেট্রাম্-মিউর, ফস্-আস্)।

মস্তক। মাথাঘোরা; অতিরিক্ত মদ্য পানের পর যেরূপ হয়, মাথায় সেরূপ ঢিমাবোধ (নাক্স্-বম্); মাথায়, বিশেষতঃ কপালে দপ্ দপিয়া বেদনা।

চক্ষু। একখানি মিহি কাপড়ের মধ্য দিয়া তাকাইলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্সা দেখা (কষ্ট্, ক্রোকাশ্, হায়োস্, পিট্রোল্, রুস্, পাল্স্, রাস্টক্স্); চক্ষে উত্তাপ এবং জ্বালানুভব; চক্ষু দিয়া জল পড়া (একন্, আর্স্, মার্ক্-কর); চক্ষু দিয়া যে জল পড়ে তাহা লবণের জলের ন্যায় উগ্র এবং জ্বালা উৎপাদক; চক্ষুর পাতার প্রান্ত স্ফীত (পাল্স্, ষ্টাফিস্)।

কর্ণ। কানের মধ্যে সোঁ সোঁ শব্দ হওয়া; রজঃস্রাবের সময় এবং উহার পূর্ব্বে কানে গুণ্ গুণ্, ভন্ ভন্ শব্দ হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে কানে কম শুনা।

নাসিকা। নাকের মধ্যে দুর্গন্ধ (ক্যাক্-কার্ব্ব্); বারম্বার হাঁচি দেওয়া, বিশেষতঃ প্রাতঃকালে; শুষ্ক বা তরল সর্দ্দি এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত হাঁচির উদ্রেক; বৃদ্ধ ব্যক্তিদিগের পুরাতন সর্দ্দি।

মুখমণ্ডল। মুখমণ্ডল পিটা বা ফিকা, নীলের আভাযুক্ত, স্ফীত এবং টল্ টলে; মুখমণ্ডলে মধ্যে মধ্যে দম্কা উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে গালের স্থানে স্থানে চক্রাকারের লালচিহ্ন (সাঙ্গুনেরিয়া, সাল্ফ্); মুখমণ্ডলে জ্বালাযুক্ত বেদনা, চলিলে বা অন্য কোন প্রকারের শারীরিক পরিশ্রমে যাহার বৃদ্ধি হয় এবং সুস্থ পার্শ্বে শয়ন করিলে যাহার উপশম হয়।

মুখগহ্বর। জিহ্বা সাদা লেপযুক্ত (আণ্টি-ক্রুড্, ব্রাই, নাক্স্-বম্, পাল্স্, সাল্ফ্); দাঁতের গোড়ায় কসিয়া ধরার ন্যায় বেদনা (মার্ক্); দাঁতের গোড়া দিয়া সহজেই রক্ত পড়া; মাড়ি তল্ তলে এবং ক্ষতযুক্ত (মার্ক্, নাইট্রিক্-আস্, রুস্); মুখে অত্যন্ত পচা দুর্গন্ধ (আর্ণিকা, আয়োড্, নাইট্রিক্-আস্, নাক্স্-বম্)।

পাকস্থলী এবং উদর। মুখে, বিশেষতঃ গলার মধ্যে তিক্ত স্বাদ বিশিষ্ট জল উঠা, অথবা উদরস্থ আহার দ্রব্যাদি বমন (রুস্, বিরেট্-আল্ব্); পাকস্থলীর কোন এক নির্দ্দিষ্ট স্থানের কঠিনতা এবং উহাতে বেদনা। অতিরিক্ত পরিমাণে খাইলে যেরূপ হয়, উদরে সেরূপ পূর্ণবোধ (লাইকোপ্); উদরের দুই পার্শ্বে কসিয়া ধরার ন্যায় আঁটাবোধ (একন্); রোগী কোম-

রের কাপড় কসিয়া পরিতে পারে না (ক্যাল্ক-কার্ব্ব, কার্ব্বো-বেজ, গ্রাফ); উদর স্ফীত এবং বিস্তৃত হয় (আণ্টি-ক্রুড, ব্রাই, ক্যাল্ক); উদরে প্রসব বেদনার ন্যায় শূল বেদনা।

মল। কোষ্ঠবদ্ধ; মল কঠিন যাহা অতি কষ্টে এবং কোঁথ পাড়ার পর নির্গত হয় (ব্রাই, নাক্স-বম্, সাল্ফ)।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা (একন্, এপিস্, ক্যাম্ব); তাড়াতাড়ী মূত্রত্যাগের ইচ্ছা এবং অধিক পরিমাণে মূত্রত্যাগ (মার্ক); মূত্র দুর্গন্ধযুক্ত (বেঞ্জ-আস্, ক্যাল্ক-কার্ব্ব, সাল্ফ, আর্স, নাইট্রিক-আস্); রক্তহীন মূত্রত্যাগ (ইগ্নেস্, ফস্, আর্স); মূত্রে লাল্চে তলানি পড়ে (বেল, লাইকোপ, কার্ব্বো-বেজ, সিপিয়া, গ্রাফ)।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে অতিরিক্ত পরিমাণে এবং অনেকদিন ধরিয়া রজঃস্রাব (ক্যাল্ক-কার্ব্ব); হরিদ্রা বর্ণের শ্বেতপ্রদর নিঃসরণ যাহা লাগিয়া কাপড়াদিতে হরিদ্রাবর্ণ দাগ পড়ে এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত দুর্ব্বলতা (কার্ব্বো-আনিমেল); সাদা শ্বেতপ্রদর নিঃসরণ; প্রস্রাবের সময় যোনির মধ্যে জ্বালানুভব; যোনির মধ্যে এবং যোনি এবং উরুর মধ্যবর্ত্তী স্থানে জ্বালানুভব, বা জ্বালা ও বেদনা এবং উক্ত স্থানে জ্বালাযুক্ত বেদনা; যোনির লেবিয়া (Labia) নামক স্থানে অত্যন্ত চুলকানি; যোনিদ্বারে অত্যন্ত চুলকানি (ক্যাম্ব, কোনায়াম্), যাহার দরুণ উক্ত অংশ চুলকাইতে বা ঘষিতে ইচ্ছা যায়; যোনির বহির্দ্দেশ স্ফীত, উষ্ণ এবং কঠিন হয় ও উহা টাটায়; যোনির লেবিয়া নামক অংশের মধ্যবর্ত্তী স্থানে টাটানি (সিপিয়া); গর্ভাবস্থায় বমনোদ্বেগ, মুখে জল উঠা; সন্তান প্রসবের পর যোনিদ্বার দিয়া অত্যন্ত দুর্গন্ধযুক্ত ক্ষতকারক ক্লেদ (Lochia) নিঃসরণ; স্তন সঙ্কুচিত বা ছোট হইয়া যাওয়া (আয়োড, ক্যালী-আয়োড) এবং উহার সঙ্গে সঙ্গে স্তনের স্থানে স্থানে ডেলার ন্যায় বেদনাযুক্ত স্ফীতি অনুভূত হওয়া।

শ্বাসযন্ত্র। গলার মধ্যে চাঁচিয়া ফেলার ন্যায় বা খস্‌খসে বোধ এবং উহার সঙ্গে সঙ্গে স্বরভঙ্গ (মেজিরিয়াম্, নাক্স-বম্); শ্বাস প্রশ্বাস ঘন ঘন (একন্, আর্স, ফস্); আক্ষেপিক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বমনের

ইচ্ছা (আন্টি-টার্ট্); থাকিয়া থাকিয়া তরল কাশি, বক্ষাস্থির পশ্চাৎভাগে কোন প্রাণী হামা দিয়া যাইতেছে এরূপ অনুভূত হওয়ার দরুণ যাহার উদ্রেক হয়; বুকের মধ্যে জ্বালানুভব (আর্স, নাক্স-বম্); বুকে, হৃৎপিণ্ডের ঠিক উপরি প্রদেশে সূচীবিঁধানের ন্যায় বেদনা (লিলিয়াম্, ক্যালী-কার্ব্); বারম্বার গলাদিয়া শ্লেষ্মার সঙ্গে রক্ত উঠা; বুকে প্রবল বেদনা; শেষ বেলায় জ্বর এবং প্রাতঃকালে বা শেষ রাত্রিতে ঘর্ম্ম।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবাদেশস্থ গ্রন্থির স্ফীতি (ব্যারাইটা, ক্যাল্ক-কার্ব্, মার্ক, হিপ্-সাল্ফ্, আয়োড্); কোমরের পশ্চাৎদেশে প্রসব বেদনার ন্যায় বেদনা (সিমিসিফ্, পাল্স্)।

অঙ্গ প্রত্যঙ্গ। মোচ্ড়াইয়া পড়িলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গে সেরূপ বেদনা (আর্ণিকা); বাম হস্তের বৃদ্ধাঙ্গুলীতে মোচড়াইয়া পড়া বা থেঁত্লিয়া যাওয়ার ন্যায় বেদনা।

চর্ম্ম। সমুদয় শরীরে চুলকানি, শেষবেলা বা সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয়; সমুদয় শরীরে ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী (ক্রোটন্, আইরিস্);

নিদ্রা। ঘুমাইবার অত্যন্ত ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার হাঁইতোলা; নিদ্রা শূন্যতা; কোন দৃষ্টতঃ কারণ ব্যতীতও বারম্বার এপাশ ওপাশ করিয়া ছট্ফট্ করা।

ব্যবহার। গণ্ডমালা জনিত অসুখ; পচাযুক্ত ক্ষত; কোন অংশ পচিয়া যাইয়া উহা হইতে প্রচুর পরিমাণে পূঁয পড়া; কর্কটরোগ (Cancer); সর্দ্দি বা শ্লৈষ্মিক রোগ; দাঁত উঠিবার সময় অসুখ; দাঁত পোকায় ধরার (Caries) দরুণ দন্তশূল; গর্ভাবস্থায় বমন বা বমনোদ্বেগ; অজীর্ণ বা পেটের অসুখ; জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব; শ্বেত প্রদর; শরীর চুলকানি; বহুমূত্র ইত্যাদি রোগে ক্রিয়াজোট্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা এবং বলক্ষয়; প্রাতে নিয়মিত সময়ের পূর্ব্বে ঘুম ভাঙ্গিলে শরীর অবসন্ন হয়; সকল প্রকারের রক্তস্রাব; সামান্য ঘা বা ক্ষত হইলেও উহা হইতে অতিরিক্ত রক্ত স্রাব হয় (ফস্); শরীরের স্থানে স্থানে অবশবোধ এবং স্পর্শজ্ঞান থাকে না; শীঘ্র শীঘ্র শরীর শীর্ণ হয়; শ্লৈষ্মিক ঝিল্লীর উপরিভাগে ছাল উঠিয়া

ঘাওয়া বা ক্ষত হওয়া (হাইড্রাষ্টিস্)। প্রাতঃকালে, রাত্রিতে, বহির্বায়ুতে, শরীর ঠাণ্ডা হইলে, গায় ঠাণ্ডা লাগিলে, ঠাণ্ডা জলে স্নান করিলে, ঠাণ্ডা দ্রব্য খাইলে, অথবা বিশ্রামে অসুখের বৃদ্ধি এবং উষ্ণ প্রয়োগে বা উত্তাপে বা নড়া চড়াতে অসুখের উপশম ইত্যাদি ক্রিয়াজোটের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বৃদ্ধ স্ত্রীলোক, লম্বা কৃষাঙ্গ বিশিষ্ট রোগী গণের চিকিৎসায় ক্রিয়াজোট্ দ্বারা বিশেষ উপকার দর্শে।

সমগুণবিশিষ্ট ঔষধ। কার্ব্বো বেজিটেবিলিস্, কার্ব্বো আনিমেলিস্, মার্কিউরিয়াস্ এবং পিট্রোলিয়ামের কার্য্যের সঙ্গে ক্রিয়াজোটের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে আণ্টিমোনিয়াম্ টার্ট্, আর্সিনিক, কার্ব্বোলিক্ আসিড্, ক্যাল্কেরিয়া কার্ব্ব্, গ্রাফাইটিস্, হিপার সাল্ফিউরিস্, ইপিকাকিউএনা, আয়োডিন্, নাইট্রিক্ আসিড্, ফস্ফরাস্, সাল্ফারের কার্য্যের সঙ্গেও ইহার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। একোনাইট, আর্সিনিক, চায়না, ইপিকাকিউএনা, নাক্স্-বমিকা।

ডাইলুশন বিচার। বমন, বমনোদ্বেগ এবং জরায়ু হইতে রক্তস্রাব বা শ্বেত প্রদরে ১ম, ৩য় এবং ৬ষ্ঠ ডাঃ ব্যবহারে বিশেষ ফল পাওয়া যায়। টেষ্টির (Teste) মতে দন্তশূলে ১২ ক্রম এবং শিশুগণের দাঁত উঠার সময়ের অসুখে ২৪ ক্রম বিশেষ উপকারী। আমরাও টেষ্টির মতে ১২ এবং ২৪ ক্রম ব্যবহার করিয়া উক্ত দুই প্রকার অসুখে বিশেষ ফল পাইয়া থাকি। শিশুগণের পিতা মাতার গরমীর ব্যারামের দরুণ গরমীর ব্যারাম বা অন্য কোন অসুখ হইলে ১২ বা ৩০ ক্রম বিশেষ উপকারী। বহুমূত্রে ৩ ডাঃ উপকারী।

লেডাম্ পেলাষ্ট্রি,-লেডাম্

(LEDUM PALUSTRE,-LED.)

ইউরোপের উত্তরাংশ, ফ্রান্স্, আসিয়া এবং আমেরিকাতে এই গাছ জন্মে। ইহার ক্ষুদ্র ক্ষুদ্র ডাল এবং পাতা যথা নিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শরীরের মাস্তক (Serous), আঁশাল এবং শ্লৈষ্মিক ঝিল্লী, অস্থির আবরক কঠিন পর্দ্দা (Periosteum) এবং চর্ম্মের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ আক্রান্ত অংশে প্রদাহ জনিত সন্ধি বাতের ন্যায় লক্ষণাদি প্রকাশ পায়, উহাতে দূষিত পদার্থের সঞ্চারের বৃদ্ধি হয় এবং উহাতে ঘণ পদার্থের সঞ্চার হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা আপন অবস্থায় অসন্তুষ্ট ; বিমর্ষভাব ; চিড়্ চিড়্, খিট্ খিট্ করা (ব্রাই, নাক্স্-বম্)।

মস্তক। নেসা করিলে যেরূপ হয়, সেরূপ মাথাঘোরা (নাক্স্-মক্, ককিউলাস্), বিশেষতঃ বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে (আগারিকাশ, ক্যাল্ক্-কার্ব্ব, গ্লোনয়েন্, সিপিয়া, সাল্ফ্) ; অবসন্নকারক শিরঃপীড়া ; অত্যন্ত ভয়ানক দপ্ দপিয়া শিরঃপীড়া (বেল্, গ্লোনয়েন্)।

চক্ষু। চক্ষে আলোক সহ্য না হওয়া ; চক্ষুর তারা বিস্তৃত (বেল্) ; চক্ষুদিয়া জ্বালা উৎপাদক, ক্ষতকারক জল পড়া (আর্স্, ইউফ্রেস্)।

কর্ণ। ঝড় তুফান বা সজোরে বাতাস বহিলে যেরূপ হয়, কানে সেরূপ সোঁ সোঁ শব্দ হওয়া (জেল্স্) ; কানে কম শুনা।

মুখমণ্ডল। মাতালদের যেরূপ হয়, মুখমণ্ডল এবং কপালে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় সেরূপ ফুস্কুড়ী ; কপালে ব্রণ (হিপ্-সাল্ফ্)।

গলার মধ্য। গলার মধ্যে হুল ফুটানের ন্যায় বেদনা বা টাটানি।

পাকস্থলী। মুখ দিয়া জল উঠা (নেট্রাম্-কার্ব্ব, নাক্স্-বম্, পাল্স্) ; রাত্রিতে সামান্য পরিমাণে আহার দ্রব্যাদি উদরস্থ হইলেও পেটে চাপা বা ভারিবোধ (চায়না, লাইকোপ্)।

হৃৎপিণ্ড। বক্ষাস্থির বাম প্রান্তের মধ্যদিকে ঠেলিয়া বা চাপিয়া ধরার ন্যায় অনুভূত হয় ; হৃৎস্পন্দন ; রক্তস্রাব হেতু হৃৎস্পন্দন।

শ্বাসযন্ত্র। কাশি, যাহা আরম্ভ হওয়ার পূর্ব্বে শ্বাসরোধ হওয়ার উপক্রম হয় (আর্স্) ; গভীর শব্দবিশিষ্ট খুণ্ খুণে কাশি এবং গলাদিয়া পূঁয সংযুক্ত শ্লেষ্মা অথবা উজ্জ্বল লালবর্ণ ও ফেণাযুক্ত রক্ত নির্গমন ; বুকের

মধ্যে আঁটাবোধ (আর্স, লোবিলিয়া), নড়া চড়া এবং চলিয়া বেড়াইলে যাহার বৃদ্ধি হয়; শ্বাসরোধ, যাহার দরুণ অত্যন্ত কষ্ট অনুভূত হয়; বুকে এবং বাহুর উপরিভাগে জল বা পান বসন্তের ন্যায় ফুষ্কুড়ী।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। বসা অবস্থা হইতে দাঁড়াইলে পৃষ্ঠদেশ এবং কোমর অত্যন্ত শক্ত হয়, বা বেদনাযুক্ত হওয়ার দরুণ উহা নোয়ান যায় না (বার্বেরিস্, রাস্টক্স্)।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। 'সন্ধিতে কঠিন পদার্থের সঞ্চার হেতু কঠিন আবের ন্যায় অনুভূত হয় (ক্যাক্-কার্ব্ব, ফস্-আস্, মার্ক); হাঁটু এবং মণিবন্ধে চাপিয়া ধরার ন্যায় বেদনা; ক্ষুদ্র সন্ধিবাত (আক্‌টিয়া-স্পিক্, কলোকিন্থাম্); বাতরোগ নিম্নাঙ্গ হইতে আরম্ভ হইয়া ঊর্দ্ধাঙ্গে বিস্তৃত হয়; অঙ্গ প্রত্যঙ্গ অবশ হয় এবং উহাতে স্পর্শজ্ঞান থাকে না। হাতের সন্ধি গুলিতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বাতের বেদনা (ব্রাই, পাল্‌স্, রাস্টক্স্, স্পাইজেল্); বৃদ্ধ বয়সে যেরূপ হয়, নাড়িলে অথবা কোন বস্তু ধরিতে গেলে সেরূপ হাত কাঁপে; হাতের বৃদ্ধাঙ্গুলীর প্রথম সন্ধিতে ছিদ্র করার ন্যায় বেদনা; চাপিলে আঙ্গুলের হাড়ের আবরক কঠিন পর্দ্দা (Periosteum) বেদনাযুক্ত হয়। চলিবার সময় হাঁটুর সন্ধির স্ফীতি এবং চলিবার সময় উহাতে কসিয়া বা আটিয়া ধরার ন্যায় বেদনা (ব্রাই); চলিবার সময় হাঁটুর সন্ধির দুর্ব্বলতা এবং কাঁপনি; হাঁটুর সন্ধিতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা বা টাটানি; পা পিছলাইয়া যাইলে বা মোচড়াইয়া পড়িলে বা থেঁৎলিয়া গেলে যেরূপ হয়, পায়ের পাতার সন্ধিতে সেরূপ বেদনা, নড়া চড়াতে যাহার বৃদ্ধি হয় (আর্ণিকা, ব্রাই), পায়ের পাতা হইতে হাঁটুর সন্ধি পর্য্যন্ত স্ফীত হয় (আর্স, ডিজিট্); পায়ের পাতায় ভারি এবং ক্লান্তিবোধ ও উহা শক্ত হয় বা নোয়ান যায় না; মোচড়াইয়া পড়িলে বা থেঁৎলিয়া গেলে যেরূপ হয়, চলিবার সময় পায়ের পাতার তলায় সেরূপ বেদনা; পায়ের বৃদ্ধাঙ্গুলীর মাথা অত্যন্ত স্ফীত, কোমল এবং চলিবার সময় অত্যন্ত বেদনাযুক্ত হয়।

চর্ম্ম। সমুদয় শরীর, বিশেষতঃ মুখমণ্ডল এবং কপালে লাল ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুষ্কুড়ী; গায় অত্যন্ত চুলকানি বিশিষ্ট এবং ক্ষতকারক

ফুস্কুড়ী, চুলকাইলে এবং বিছানার উষ্ণতাতে যাহার বৃদ্ধি হয় (মার্ক্); গায় ফুস্কুড়ী যাহা পোকায় কামড়াইলে যেরূপ হয়, সেরূপ শুলায় এবং জ্বালা করে (আণ্টি-ক্রুড্, এপিস্, আর্ণিকা)।

নিদ্রা। নিদ্রাশূন্যতা এবং উহার সঙ্গে সঙ্গে বিছানায় বারম্বার এপাশ ওপাশ করিয়া ছট্‌ফট্ করা; ঘুমেরঘোরে নানা বিষয়ে স্বপ্নদেখা এবং স্বপ্নে নানা দিকে যাওয়া।

জ্বর। শীতবোধ; শরীরের স্বাভাবিক উত্তাপের অভাব (সিপিয়া, সাইলিসি); অঙ্গ প্রত্যঙ্গ, হাত এবং পায়ের পাতায় জ্বালাযুক্ত উষ্ণানুভব, যাহার দরুণ উত্তাপ একবারে অসহ্য হইয়া পড়ে (সাল্‌ফ্); সামান্য শারীরিক পরিশ্রমেই ঘর্ম্ম হয়; (আম্ব্রা, ক্যাল্‌ক্-কার্ব্ব, হিপ্-সাল্‌ফ্, ফস্, সিপিয়া, সাইলিসি); ঘর্ম্ম কপালেই অধিক হয়; হাত এবং পায়ের পাতায় উষ্ণ ঘর্ম্ম হওয়া; ঘুমেরঘোরে ঘর্ম্ম এবং সমুদয় শরীরে চুলকানির দরুণ ঘুম ভাঙ্গিয়া যাওয়া; রাত্রিতে ঘর্ম্ম হওয়া এবং উহার সঙ্গে গায়ের কাপড় ফেলিয়া দেওয়ার ইচ্ছা।

ব্যবহার। কীট, বিশেষতঃ মশার কামড়ের দরুণ অসুখ; অস্ত্র দ্বারা কাটা ঘা; মদ্যপান জনিত অসুখ; সকল প্রকার বাত এবং সন্ধি বাত জনিত অসুখ; ব্রণ; রক্তব্রণ; ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ; গায় দাদের ন্যায় এবং অন্যান্য প্রকারের পুরাতন আকারের ফুস্কুড়ী; শোথ ইত্যাদি রোগে লেডাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। মারিলে বা থেঁৎলিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গে সেরূপ বেদনা; বেদনাদি এক স্থান হইতে অন্যস্থানে হঠাৎ সরিয়া পড়ে (বেঞ্জ-আস্, ক্যালী-বাই); আক্রান্ত অঙ্গ বা স্থান অত্যন্ত শীর্ণ হয় (গ্রাফ্); আক্রান্ত স্থানে শোথের ন্যায় স্ফীতি (এপিস্, আর্স, রাস্-টক্স্); চলিবার সময় পা যথাস্থানে না পড়িলে মাথায় ঝাঁকি লাগিয়া যেন মস্তিষ্কের কার্য্যাবরোধ হয়। উত্তাপ, বিশেষতঃ বিছানার উত্তাপ, নড়া চড়া, রাত্রিতে এবং মদ্যপানে অসুখের বৃদ্ধি ইত্যাদি লেডামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। লেডামের কার্য্যের সঙ্গে রাস্-টক্স্,

আর্ণিকা, ক্রোটন্, পাল্‌সেটিলা এবং রুটার কার্য্যের অনেক সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক, বেল্লাডোনা, ব্রাইওনিয়া, ক্যাল্‌কেরিয়া-কার্ব্ব, চায়না, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্-করোসাইরাস্, সিপিয়া এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। টেষ্টির (Teste) মতে ৬ষ্ঠ এবং ১২ ক্রম ব্যবহারে বিশেষ উপকার দর্শে। কোন কোন চিকিৎসক এই ঔষধের ৩০ এবং ২০০ ডাইলুশনও ব্যবহার করিয়া যথোচিত ফল পাইয়া থাকেন। বাহ্যিক প্রয়োগে ইহার মূল আরোক ব্যবহৃত হইয়া থাকে।

ফাইসষ্টিগ্‌মা,-ক্যালেবার বিন্,-ফাইসষ্ট্

(PHYSOSTIGMA,-CALABAR BEAN,-PHYSOST.)

ক্যালেবার বিনের বিচি যথানিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। কসেরুকা মজ্জা দিয়া ফাইসষ্টিগ্মা সার্ব্বাঙ্গিকপক্ষাঘাত উৎপাদন করিয়া আক্রান্ত অংশের জ্ঞান উৎপাদক শক্তি রহিত করে এবং শ্বাস যন্ত্রের পক্ষাঘাত এবং হৃৎপিণ্ডের কার্য্যের উত্তেজনার সহায়কারী গ্যাংগ্লিয়ার (Ganglia) পক্ষাঘাত হেতু হৃৎপিণ্ডের কার্য্যের হ্রাসের দরুণ মৃত্যু হয় এবং এমতাবস্থায় মৃত্যু পর্য্যন্ত সকল রোগীরই স্পর্শজ্ঞান এবং চেতনা শক্তিতে কোন প্রকারের বৈলক্ষণ্য দেখিতে পাওয়া যায় না। ইহা প্রথমতঃ ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহা নালীর সঙ্কোচন ও তৎপরে উহার বিস্তৃতী উৎপাদন করে এবং আভ্যন্তরিক প্রয়োগে চক্ষুর তারা সঙ্কুচিত হয়। ইহা চক্ষুর দূরবর্ত্তী এবং নিকটবর্ত্তী বস্তু দেখিবার শক্তি হ্রাস করে। স্নায়ুর গতি উৎপাদক শক্তির পক্ষাঘাতের দরুণ স্থানিক উত্তেজনা হেতু পেশী স্পন্দন উৎপন্ন হয়। উক্ত কারণে অনিচ্ছা পূর্ব্বক পেশী সঞ্চালনের সহায়কারী পেশী গুলি ধনুষ্টঙ্কারের ন্যায় অবস্থা প্রাপ্ত হয়, যাহার দরুণ মূত্রাধার, পাকস্থলী এবং অন্ত্র

হইতে মূত্র, উদরস্থ আহার দ্রব্যাদি এবং মল বারম্বার নির্গত হয় এবং অন্ত্র জড়িত হইয়া একটি গাঁইটের (Knot) ন্যায় আকার ধারণ করে। ইহা সকল প্রকার নিঃসরণের, বিশেষতঃ চক্ষের জল এবং লালের পরিমাণ বৃদ্ধি করে। ইহা চক্ষের দূরের বস্তু দেখিবার শক্তির অনেক হ্রাস করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অসাধারণ মানসিক বা চিত্ত চাঞ্চল্য (চায়না, কফিয়া); কোন বিষয়ে চিন্তা করায় অশক্তি; কোন বিষয়ে মন নিবিষ্ট না হওয়া (জেলস্); মনে হয় যেন সমুদয় গোলমেলে হইয়া রহিয়াছে; রোগী মনে করে যেন তাহার ঘরে অনেক জিনিশ রহিয়াছে যাহা সে বারম্বার গণিতে থাকে।

মস্তক। মাথায় গোলমেলে বোধ এবং মাথা ঝিম্ ঝিম্ করা; মাথায় ভারি এবং ঢিমা বোধ; মাথাধরা এবং মাথায় ঢিমা এবং ভারি বোধ; দুই চক্ষুর উপরিভাগেই অসহ্য বেদনা (চায়না, চিনিনাম্-সাল্ফ্); কপালে ভয়ানক বেদনা, বিশেশতঃ প্রাতঃকালে (ক্যালী-বাই, নেট্রাম্ মিউর, নাক্স্-বম্); কপালে এবং কপালের দুই পার্শ্বে ও কর্ণের পশ্চাৎ ভাগে যেন রক্ত সঞ্চিত হইয়া রহিয়াছে এরূপ অনুভূত হয় (বেল্, গ্লোনয়েন্); কপালের দুই পার্শ্বে খোঁচাবিঁধার ন্যায় প্রবল বেদনা; টেম্পোরেল্ (Temporal) এবং ক্যারোটিড্ (Carotid) ধমনিতে দপ্ দপানি (বেল্); মাথার ঠিক উপরিভাগে এবং কপালের দুই পার্শ্বে অত্যন্ত কষ্টদায়ক চাপাবোধ; মাথার উপরিভাগের চাপাবোধ মাথার পশ্চাৎ ভাগ পর্য্যন্ত বিস্তৃত হয় এবং যাহার দরুণ রোগী শয়ন করিয়া থাকিতে বাধ্য হয়।

চক্ষু। প্রথমতঃ ডাইন এবং তৎপর বাম চক্ষু প্রদাহযুক্ত হয়; চক্ষুর শ্বেতাংশ লালবর্ণ, শুষ্ক এবং স্ফীত; চক্ষুর গোলক বেদনাযুক্ত হয় এবং উহাতে জ্বালা অনুভূত হয়; চক্ষুর পাতা যেন জ্বালা করে; চক্ষে খোঁচা বিঁধা, কসিয়া ধরা বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা; চক্ষু টাটায় এবং চক্ষু এক পাশ হইতে অন্য পাশে ঘুরাইলে অত্যন্ত বেদনার উদ্রেক হয় (ব্রাই, স্পাইজেল); চক্ষু অত্যন্ত দুর্ব্বল এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু দিয়া জল পড়া; চক্ষে ঝাপ্সা বা কুয়াশার ন্যায় দেখা (কষ্ট্, কস্, মার্ক্);

চক্ষুর সম্মুখে যেন কাল দাগ ভাসে (পাল্‌স্); চক্ষে যেন একবারে নানা প্রকারের মিশ্রিত পদার্থ দেখায় এবং তৎপর চক্ষুর উপরিভাগে ও চক্ষুর মধ্যবর্ত্তী স্থানে ঘুস্‌ঘুসে বেদনা; চক্ষুর সম্মুখে কাল এবং সাদা দাগ যেন ভাসে; চক্ষুর কোটরের পশ্চাৎভাগে কন্‌কনানি যাহা মাথার পশ্চাৎভাগে মস্তক পর্য্যন্তও বিস্তৃত হয় এবং যাহা পুস্তকাদি পাঠ করিলে বৃদ্ধি হয় ও যাহার দরুণ বমনোদ্বেগ হয়; চক্ষুর পাতার স্পন্দন (আগারিকাশ্); চক্ষুর তারার সঙ্কোচন (ওপিয়ম্, মার্ক্-কর, ফস্, ফাইটোল্); চক্ষে আলোক সহ্য হয় না (একন্, বেল্, সাল্‌ফ্); চক্ষে ঝাপ্‌সা দেখা; দূরের বস্তু দেখিতে অশক্তি (Myopia); দৃষ্টি অস্বাভাবিক রূপে তীক্ষ্ণ; এক বস্তু দুইটির ন্যায় দেখায়; চক্ষে গোলমেলে বোধ এবং কুয়াশার মধ্য দিয়া তাকাইলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্‌সা দেখায়।

কর্ণ। কানে খোঁচা বিঁধার ন্যায় প্রবল বেদনা; কানের মধ্যে হিস্-হিস্, বজ্‌বজ্ এবং টন্‌টন্ শব্দ হওয়া।

নাসিকা। তরল সর্দ্দী এবং তদ্দরুণ নাক দিয়া জলের ন্যায় তরল শ্লেষ্মা নির্গমন ও হাঁচি দেওয়া; নাসারন্ধ্রের মধ্যে জ্বালা, চিড়িক মারা, চুলকানি এবং কুট্‌কুট্ করা; নাসারন্ধ্র রুদ্ধ এবং উষ্ণ; নাসিকার স্পন্দন এবং নাসারন্ধ্রের অনিচ্ছা পূর্ব্বক বিস্তৃতি।

মুখমণ্ডল। মুখমণ্ডল পিটা; মুখমণ্ডল লালবর্ণ এবং উহাতে উষ্ণানুভব (ফেরাম্); মুখমণ্ডলের ডাইন পার্শ্বে স্নায়ুশূলের ন্যায় বেদনা; মুখ মণ্ডলের ডাইন পার্শ্বের সঙ্কোচন।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বার অগ্রভাগে ক্ষত, টাটানি এবং উহাতে খস্‌খসে বোধ; জিহ্বার অগ্রভাগে জ্বালা এবং চিড়িকমারা, যাহার দরুণ মনে হয় যেন জিহ্বা পুড়িয়া গিয়াছে (আইরিস্); জিহ্বা পুরু লেপযুক্ত, বিশেষতঃ উহার গোড়া; জিহ্বা এবং ওষ্ঠে অবশ বোধ এবং কুট্‌কুটানি ও উহার সঙ্গে সঙ্গে জিহ্বা এবং ওষ্ঠ অনবরত ভিজাইয়া রাখার ইচ্ছা; মুখে বিস্বাদ; মুখে প্রচুর পরিমাণে জল উঠা; মুখে গাঢ় এবং চট্‌চটিয়া আঠা থুথু উঠা; কথা বলিতে অত্যন্ত কষ্টানুভব (কষ্টি, কোনায়াম্, জেল্‌স্, হায়োস্); গিলিবার অনেকক্ষণ পর পর্য্যন্ত কথা

বলিবার শক্তি থাকে না। গলার মধ্যে বেদনা বা টাটানি, যাহার দরুণ গিলিতে কষ্টানুভূত হয়; টন্সিল্ (Tonsils) এবং কোমল তালুকা কাল্‌চে লালবর্ণ; গলার মধ্যে জ্বালা এবং চাঁচিয়া ফেলার ন্যায় অনুভূত হয়; আল্‌জিহ্বা লম্বা হয়; আহার নালীর ঠিক উপরিভাগের দুই পার্শ্বে হরিদ্রা কেন্দ্র বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষত; গলার মধ্যে বেদনা যাহা গিলিবার সময় বাম কর্ণ পর্য্যন্ত বিস্তৃত হয় (ফাইটোল্); নিম্নদিক হইতে গলার মধ্যে যেন একটী গোলার ন্যায় পদার্থ ঠেলিয়া উঠিতেছে এরূপ অনুভূত হয় (আসাফিটিডা, লাইকোপ্); হনাস্থির নিম্নস্থিত লাল নিঃসারক গ্রন্থির স্ফীতি এবং উহাতে বেদনা।

পাকস্থলী এবং উদর। ক্ষুধা থাকে না; আহারে অরুচি; তামাকাদি এবং ঠাণ্ডা জলাদি পানে অরুচি; স্বাদশূন্য উদ্গার উঠা; বমনোদ্বেগ এবং বমন; পাকস্থলীতে কাঁটা বিঁধানের ন্যায় প্রবল বেদনা; উদরস্থ আহার দ্রব্যাদি হজম না হইলে যেরূপ হয়, পাকস্থলিতে সেরূপ ভারবোধ; পেট কামড়ানি; পেটে খালি এবং দুর্ব্বল বোধ; অত্যন্ত স্নায়বিক উত্তেজনা এবং তদ্দরুণ শরীর কম্পন; পাকস্থলী প্রদেশে টাটানি; উদরের দুই পার্শ্বে ছুরি বিঁধানের ন্যায় বেদনা; প্লীহা প্রদেশে কঠিন বোধ এবং টাটানি; উদরের বাম পার্শ্বে শূচী বিঁধানের ন্যায় অনুভূত হয়; উদর অত্যন্ত স্ফীত, বিস্তৃত এবং উহাতে অত্যন্ত কল্‌কল্, গড়্‌গড়্ শব্দ হয় ও উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বার দিয়া অধিক পরিমাণে দূষিত বায়ু নিঃসরণ (আলোজ্, লাইকোপ্); উদরে শূল বেদনার ন্যায় বেদনা, যাহার দরুণ মনে হয় যেন উদারাময় হইবে (আলোজ্); তলপেটে কর্ত্তনবৎ প্রবল বেদনা; কুঁচ্‌কিতে ঘুস্‌ঘুসে বেদনা।

মল এবং মলদ্বার। গুহ্যের সঙ্কোচক যন্ত্র (Sphincter Ani) স্ফীত এবং শক্ত হয়; মলত্যাগের সময় অত্যন্ত কষ্টানুভব; গুহ্যদ্বার দিয়া গুহ্য বাহির হইয়া পড়ে এবং তদ্দরুণ গুহ্যস্ফীত ও অত্যন্ত বেদনাযুক্ত হয়; অর্শরোগ এবং গুহ্যদ্বারে অত্যন্ত বেদনাযুক্ত বলী, কোঁথপাড়া, গুহ্যদ্বারে অত্যন্ত জ্বালানুভব এবং উহার সঙ্গে সঙ্গে উদরাময়; প্রস্রাবের সময় অত্যন্ত কোঁথপাড়া (মার্ক্‌-কর); প্রচুর পরিমাণে কোমল জলবৎ তরল, হরিদ্রার

আভাযুক্ত, পিত্তযুক্ত কটাবর্ণের এবং আল্‌কাতরার ন্যায় কাল মলত্যাগ; অধিক পরিমাণে কাল্‌চে দুর্গন্ধযুক্ত মলত্যাগ; কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। মূত্রকোষে মোচড়াইয়া পড়া বা থেঁত্‌লিয়া যাওয়ার ন্যায় বেদনা; মূত্রাধার যেন স্ফীত এবং বিস্তৃত হইয়াছে এরূপ অনুভূত হয়; বারম্বার অধিক পরিমাণে মূত্রত্যাগ (ফস্‌-আস্‌); মূত্র হরিদ্রাবর্ণ, লালবর্ণ এবং উগ্রগন্ধযুক্ত; মূত্র পরিষ্কার; মূত্র ঘোলাটিয়া।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের শ্বেতপ্রদর; জরায়ু হইতে অতিরিক্ত পরিমাণে রক্তস্রাব; তলপেটে প্রবল বেদনা, যাহার দরুণ মনে হয় যেন রজঃস্রাব আরম্ভ হইবে।

শ্বাসযন্ত্র। গলার মধ্যে সুড়্‌সুড়ীর দরুণ কাশি; শ্বাস প্রশ্বাস কষ্টকর এবং দীর্ঘ; হাঁইতোলা; বুকে সূচী বিঁধানের ন্যায় যাতনা।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপ্রদেশে ঘুশ্‌ঘুশে বেদনা এবং কষ্টানুভব (ডিজিট্‌); হৃৎপিণ্ডের প্রবল স্পন্দন (একন্‌, ক্যাক্‌ট্‌); হৃৎপিণ্ডের অত্যন্ত প্রবল শব্দ বিশিষ্ট অনিয়মিতরূপে দপ্‌দপানি (ডিজিট্‌); নাড়ীর অবস্থা সকল সময়ে এক প্রকার থাকে না; নাড়ী দ্রুতগামী, ক্ষুদ্র, মৃদুগতি বিশিষ্ট ও দুর্ব্বল এবং অসম (Intermittent)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না; ঘাড়ে বাতের বেদনার ন্যায় বেদনা; পৃষ্ঠদেশ অত্যন্ত দুর্ব্বল, যাহার দরুণ রোগী সোজা হইয়া দাঁড়াইতে পারে না; পৃষ্ঠদেশে ঘুশ্‌ঘুশে বেদনা; মাথার পশ্চাৎদেশ হইতে হাযা দেওয়ার ন্যায় অবশবোধ আরম্ভ হইয়া মেরুদণ্ডে বিস্তৃত হয়; ডাইন স্কন্ধাস্থির নিম্নপ্রদেশে বেদনা (চেলিডন্‌); কোমর প্রদেশে ভারিবোধ এবং ঘুশ্‌ঘুশে বেদনা; বাম কুঁচ্‌কী বা উরুর সন্ধিতে ভারিবোধ এবং ঘুশ্‌ঘুশে বেদনা যাহা পৃষ্ঠদেশ পর্য্যন্ত বিস্তৃত হয়; গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে বেদনা, নড়া চড়াতে যাহার বৃদ্ধি হয়।

অঙ্গ প্রত্যঙ্গ। অনেকক্ষণ চলিয়া বেড়াইলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গে সেরূপ ক্লান্তিবোধ (ক্যাল্ক্‌-কার্ব্ব, চায়না); সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে পক্ষাঘাতের ন্যায় অবশ এবং অসাড়বোধ (একন্‌); অঙ্গ প্রত্যঙ্গে স্নায়ুশূলের ন্যায় বেদনা; থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, সমুদয়

সন্ধিতে সেরূপ শব্দবোধ এবং উহা সঞ্চালনের সময় উহাতে বেদনানুভব; চলিবার সময় পা টলে বা কাঁপে; চলিবার সময় যেন হাঁটু ভাঙ্গিয়া পড়ে, চক্ষু বুজিয়া চলিবার সময়ই উহা অধিক অনুভূত হয়।

নিদ্রা। ঘুমের অনিবার্য্য ইচ্ছা; অজ্ঞানের ন্যায় ঘুমান (ওপিয়াম্); অস্থির নিদ্রা বা ঘুম ভাল না হওয়া এবং ঘুমেরঘোরে স্বপ্ন দেখা।

জ্বর। পৃষ্ঠদেশে যেন হামা দিয়া শীত চলিয়া যাইতেছে এরূপ অনুভূত হয়; হাত এবং পায়ের পাতা ঠাণ্ডা (সাইলিসি, বিরেট্-আল্ব্); শরীরের ঘর্ম্ম ঠাণ্ডা এবং চট্‌চটিয়া আঠা; মাথা এবং মুখমণ্ডলে উষ্ণানুভব ও উহা লালবর্ণ এবং উষ্ণ; হাতে শুষ্ক এবং জ্বালাযুক্ত উষ্ণানুভব; সামান্য কারণেই ঘর্ম্ম হয়; সমুদয় শরীরে শিশিরের ন্যায় বিন্দু বিন্দু ঠাণ্ডা ঘর্ম্ম হয়; জননেন্দ্রিয়ের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে উগ্র গন্ধযুক্ত ঘর্ম্ম হয়।

ব্যবহার। পক্ষাঘাত; ধনুষ্টঙ্কার; কোরিয়া (Chorea); লোকোমোটার আটাক্সী (Locomotor Ataxy); পাগলদিগের সার্ব্বাঙ্গিক পক্ষাঘাত এবং ক্রমাগত পেশীক্ষয়; দূরের বস্তু দেখিতে অশক্তি (Myopia); নিকটের বস্তু দেখিতে অশক্তি; চক্ষুর পাতায় আক্ষেপ এবং তদ্দরুণ উহার স্পন্দন; চক্ষু গোলকের বিবৃদ্ধি এবং উহার সঙ্গে কর্ণিয়া বাহির হইয়া পড়া ও দৃষ্টিহীনতা (Staphyloma); গ্লকোমা (Glaucoma); চক্ষুর আইরিস্ (Iris) বাহির হইয়া পড়া বা স্থান ভ্রষ্ট হওয়া; কর্ণিয়ার অস্বচ্ছতা (Opacity of the Cornea); কর্ণিয়াতে ক্ষত; কেরাটাইটিস্ (Keratitis) ইত্যাদি অসুখে ফাইসষ্টিগ্মা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত ক্লান্তি এবং শ্রান্তিবোধ এবং দুর্ব্বলতা (আর্স, চায়না); অঙ্গাদির আক্ষেপিক স্পন্দন (আগারিকাশ, সিকুটা, ষ্ট্রামন্); সমুদয় শরীরের প্রবল কম্পন (আণ্টি-টার্ট); পেশীর অত্যন্ত বলক্ষয়; ঠাণ্ডা জলের অত্যন্ত ভয়, যাহার দরুণ স্নান করিতে ইচ্ছা যায় না; ঠাণ্ডা লাগিলে যেরূপ হয়, সমুদয় শরীরে সেরূপ টাটানি এবং শক্তবোধ; শরীরের স্থানে স্থানে প্রবল বেদনা; প্রাতঃকালে, অঙ্গ চালনা [illegible] অসুখের বৃদ্ধি; বহির্বায়ু এবং শয়ন করিয়া থাকিলে, চক্ষু বুজিলে, চুপ করিয়া থাকিলে, উষ্ণ ঘরে [illegible]

অসুখের উপশম ইত্যাদি এই ঔষধের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। জেল্‌সিমিয়াম্‌, ব্যারাইটা আসিটিকা, মার্কেরিয়া, বাবোরাণ্ডি, আট্রোপিয়া, ওপিয়াম্‌ এবং ষ্ট্রামোনিয়ামের কার্য্যের সঙ্গে ফাইসষ্টিগ্‌মার কার্য্যের অনেক সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ১ম, ২য়, ৩য় এবং ৬ষ্ঠ ক্রমই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। লেখক স্বয়ং এই ঔষধ অধিক ব্যবহার করিয়া দেখেন নাই। অতএব কোন ক্রম কোন রোগে কিরূপ উপকারী তিনি সে সম্বন্ধে বিশেষ কিছু বলিতে পারেন না। চক্ষের পাতার স্পন্দনে কেবল একটী রোগীর চিকিৎসায় প্রথমতঃ ৩য় এবং তৎপর ৬ষ্ঠ ক্রম ব্যবহার করিয়া তিনি বিশেষ ফল পাইয়াছিলেন।

ইউরেনিয়াম্‌ নাইট্রিকাম্‌,-নাইট্রেট্‌ অব্‌ ইউরেনিয়াম্‌,-ইউরেন্‌-নাইট্‌

(URANIUM NITRICUM,-NITRATE OF URANIUM,-URAN.-NITR.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনত নাইট্রেট্‌ অব্‌ ইউরেনিয়াম্‌ ক্রয় করিয়া যথানিয়মে চুয়ান জলে (Distilled Water) মিশাইয়া ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হয়। ২য় দশমিক ক্রমের আরোক যথানিয়মে ডাইলুট্‌ আল্‌কোহলে এবং ততোধিক ক্রমের আরোক রেক্‌টিফাইড্‌ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে সুগার্‌ অব্‌ মিল্কের সহিত মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইতে পারে।

সাধারণ ক্রিয়া। মূত্রকোষের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ উক্ত যন্ত্রের পচন এবং ধ্বংস দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ অধিক পরিমাণে মূত্রের সঞ্চার হয় এবং মূত্রে আল্‌বুমেন (Albumen) ও শর্করার (Sugar)সঞ্চার হয়। ইহা মূত্রের পরিমাণ এবং আপেক্ষিক গুরুত্ব (Specific Gravity) বৃদ্ধি করিয়া উহার উগ্রতা বা ক্ষতকারক গুণ উৎপাদন

করে। এই কারণে মূত্রের সঙ্গে শ্লেষ্মার ন্যায় পদার্থ নির্গত হয় এবং মূত্র ধারণে অশক্তি হয়। বহুমূত্র এবং মূত্রকোষের ব্রাইট্‌স ডিজিজ্‌ নামক রোগে ইহা বিশেষ উপকারী। ডাক্তার হিউজ্‌ (Dr. Hughes) বলেন যে, যে প্রকার বহুমূত্র অজীর্ণ জনিত হয়, কেবল তাহাতেই এই ঔষধ বিশেষ উপকারী। বহুমূত্র যদি স্নায়বিক মণ্ডলীর অসুখের দরুণ উৎপন্ন হয়, তবে উহাতে ফস্ফরিক্‌ আসিড্‌ বিশেষ উপকারী। যেপ্রকার বহুমূত্রে রোগী অতি শীঘ্র শীঘ্র কৃশ বা শীর্ণ হয় এবং রোগী অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়ে এবং তাহার উদরী বা সার্ব্বাঙ্গিক শোথ হয়, তাহার পক্ষে ইউরেনিয়াম্‌ নাইট্রিকাম্‌ বিশেষ উপকারী। আর্সিনিক্‌, মার্কিউরিয়াস্‌ করোসাইবাস্‌, আর্জেন্টাম্‌ নাইট্রিকাম্‌, ফস্ফরাস্‌, ফস্ফরিক্‌ আসিড্‌ ইত্যাদি ঔষধের কার্য্যের সঙ্গে এই ঔষধের কার্য্যের অনেক সাদৃশ্য আছে। লেখক এই ঔষধের ১ম দশমিক ক্রমের আরোক ২।৩ ফোঁটা মাত্রায় সচরাচর ব্যবহার করিয়া থাকেন। কোন কোন চিকিৎসক আদত নাইট্রেট্‌ অব্‌ ইউরেনিয়াম্‌, ১ গ্রেইণ মাত্রায় চুয়ান জলে মিশাইয়া ব্যবস্থা করিয়া থাকেন।

এথুজা সায়নেপিয়াম্‌,-এথুজা

(ÆTHUSA CYNAPIUM,–ÆTHUSA–C.)

ইউরোপের প্রায় সমুদয় স্থানেই এই গাছ যথেষ্ট পরিমাণে জন্মিয়া থাকে। এই গাছের কাঁচা সমুদয় অংশই যথানিয়মে প্রুফ্‌ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা এক ভয়ানক মস্তিষ্ক অবসন্নকারক বিষ বিশেষ। ইহা প্রথমতঃ মস্তিষ্কের জ্ঞান উৎপাদনের সহায়কারী অংশকে আক্রমণ করে এবং মস্তিষ্ক দিয়া যকৃত আক্রমণ করিয়া উহার কার্য্যের বৈলক্ষণ্য উৎপাদন করে, যাহার দরুণ যকৃতের নিঃসরণ উৎপাদনের ব্যাঘাত জন্মে এবং তদ্দরুণ পিত্ত জনিত নানা প্রকারের অসুখ হইয়া থাকে। যে প্রকার অসুখে, বিশেষতঃ শিশু এবং ছোট বালক

বালিকাগণের, দুগ্ধ সহ্য না হয় এবং দুগ্ধ উদরস্থ হওয়া মাত্রই গলা দিয়া উঠিয়া পড়ে, সে প্রকার অসুখে এই ঔষধ বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। কোন বিষয়ে চিন্তা করাতে অশক্তি; মনে গোলমেলে বোধ (জেল্‌স্‌, ব্যাপ্‌ট্‌, নাক্স্‌-বম্‌, পাল্‌স্‌, ফস্‌-আস্‌); মনের অত্যন্ত উদ্বেগ এবং অস্থিরতা (একন্‌, মার্ক্‌, আস্‌, রাস্‌-টক্স্‌) এবং তৎপর মাথায় ও উদরে অত্যন্ত বেদনা; চিড়্‌ চিড়্‌, খিট্‌ খিট্‌ করা; সর্ব্বদা চটা ভাব (ব্রাই, ক্যাম্‌, নাক্স্‌-বম্‌); প্রলাপ, সর্ব্বদা প্রলাপের অবস্থায় বিড়াল কুকুর ইত্যাদি দেখা; ঘরের জানালা দিয়া লাফাইয়া পড়ার চেষ্টা করা।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; মস্তিষ্ক যেন বাঁধিয়া রাখিয়াছে এরূপ অনুভূত হয়; মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে ঘুমের ভাব বা ইচ্ছা; মাথা সোজা ভাবে রাখিতে অশক্তি; মাথার পশ্চাৎভাগ এবং ঘাড়ে অত্যন্ত কষ্টদায়ক বেদনা; মনে হয় যেন মাথার পার্শ্ব কোন একটী কঠিন পদার্থের উপর লাগিয়া রহিয়াছে (মার্ক্‌)।

চক্ষু। চক্ষুর তারা বিস্তৃত (এইলাস্থ্‌, বেল্‌, হায়োস্‌, ওপিয়াম্‌, ষ্ট্রামন্‌); চক্ষে অত্যন্ত ভারিবোধ; চক্ষু যেন উজ্জ্বল এবং বহির্দ্দিকে আকৃষ্ট (বেল্‌, হায়োস্‌, ষ্ট্রামন্‌); গণ্ডমালা জনিত চক্ষু প্রদাহ; চক্ষুর পাতার প্রান্ত প্রদাহযুক্ত এবং রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকা (আলাম্‌, ক্যাল্‌-কার্ব্ব্‌, লাইকোপ্‌, মার্ক্‌, পাল্‌স্‌, সাইলিসি, সাল্‌ফ্‌); চক্ষুর পাতার উপাস্থি এবং চক্ষুর যোজক ত্বকের মধ্যবর্ত্তী মিবোমিয়ান্‌ নামক গ্রন্থির (Meibomian Glands) স্ফীতি।

মুখমণ্ডল। নাসারন্ধ্রের মধ্যবর্ত্তী উপাস্থির ন্যায় অংশে কসিয়া ধরার ন্যায় যাতনা, যাহা ওষ্ঠের কোণ পর্য্যন্ত বিস্তৃত হয় এবং যাহার দরুণ মুখমণ্ডল উদ্বেগ বা যাতনার চিহ্নযুক্ত বলিয়া দেখায়।

মুখগহ্বর। জিহ্বা আর্দ্র; মুখে বিরক্তি জনক তিক্তস্বাদ; মুখ-গহ্বর এবং গলার মধ্যে ক্ষত।

পাকস্থলী এবং উদর। পেটে দুধ সহ্য হয় না; দুধ উদরস্থ

হইতে না হইতেই গলাদিয়া ঠেলিয়া উঠিয়া পড়ে এবং তৎপর দুর্ব্বলতায় দরুণ যেন ঘুম পায়; দুগ্ধপোষ্য শিশুর দুধ সহ্য হয় না; প্রবল বমন দ্বারা উদরস্থ দুধ দধির ন্যায় (আইরিস্) বা পনিরের ন্যায় পদার্থের আকারে উঠিয়া পড়ে; পাকস্থলীতে এত প্রবল সঙ্কোচনের উদ্রেক হয়, যে উহার দরুণ বমনের ব্যাঘাত জন্মে; উদরোর্দ্ধ প্রদেশে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ, উদরে(আম্‌্রা)এবং নিম্নাঙ্গে ঠাণ্ডাবোধ; উদর স্ফীত এবং বিস্তৃত (মার্ক্, চায়না); শূল বেদনা এবং তৎপর বমন, মাথাঘোরা এবং দুর্ব্বলতা।

মল। উদরাময়; মল উজ্জ্বল হরিদ্রাবর্ণ (চেলিডন্), অথবা সবুজের আভাযুক্ত জলবৎ তরল এবং চট্‌চটিয়া আঠা ও মলত্যাগের সময় অত্যন্ত কোঁথপাড়া (মার্ক্); অনিবার্য্য কোষ্ঠবদ্ধ।

শ্বাসযন্ত্র। শ্বাস প্রশ্বাস অত্যন্ত কষ্টদায়ক এবং ঘন ঘন; বুকের বাম পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় বেদনা বা যাতনা।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ডের প্রবল স্পন্দন; নাড়ী পূর্ণ এবং দ্রুতগামী; নাড়ী কঠিন, ক্ষুদ্র এবং দ্রুতগামী; নাড়ী অনিয়মিত গতি বিশিষ্ট এবং প্রায় অনুভূত হয় না।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। মাথার পশ্চাৎভাগ এবং ঘাড়ে অত্যন্ত কষ্টদায়ক বেদনা, যাহা মেরুদণ্ড পর্য্যন্ত বিস্তৃত হয়।

নিদ্রা। বমনের পর রোগীর (শিশু) নিদ্রাবেশ (আণ্টি-টার্ট্); দাস্তের পর রোগীর নিদ্রার ভাব (নাক্স্-মস্ক্); ঘুমাইয়া পড়ার পর চক্ষু ঘুরাণ বা চক্ষুর সামান্য আক্ষেপ।

ব্যবহার। পিত্তাধিক্য এবং বিকারের অবস্থা ও উহার সঙ্গে সঙ্গে মস্তিষ্ক আক্রান্ত হওয়ার প্রাকৃতিক লক্ষণ; পেটের অসুখ; গ্রীষ্ম কালীয় উদরাময় ইত্যাদি; শিশুগণের দাঁত উঠার সময় আক্ষেপ এবং অন্যান্য অসুখে এথুজা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। মৃগীর ন্যায় আক্ষেপ; মুখমণ্ডল লাল বর্ণ; চক্ষু নিম্নদিকে উল্‌টান; চক্ষুর তারা বিস্তৃত, স্থিরভাব বিশিষ্ট এবং অচল; মুখে ফেণা উঠা; দাঁত লাগা; নাড়ী ক্ষুদ্র, কঠিন এবং দ্রুতগামী; অত্যন্ত দুর্ব্বলতা, শিশু, বালক বালিকাগণ দাঁড়াইতে পারে না এবং মাথা

সোজা করিয়া রাখিতে পারে না; প্রাতঃকালে, রাত্রিতে, আহারের পর, বসা অবস্থা হইতে দাঁড়াইলে, স্তনদুগ্ধ পান করিলে এবং গভীর নিশ্বাস টানিলে অসুখের বৃদ্ধি এবং বহির্বায়ুতে, নিদ্রার পর, পশ্চাৎদিকে বাঁকিলে, নড়া-চড়াতে অসুখের উপশম ইত্যাদি এথুজার কতকগুলি বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ। গ্রীষ্মকালের অসুখে এই ঔষধ বিশেষ উপকারী।

সমগুণবিশিষ্ট ঔষধ। বিষাক্ত করার গুণ সম্বন্ধে এথুজার ক্রিয়া অনেকটা সিকুটা বিরোসা এবং ইনান্থি ক্রোকেটার ক্রিয়ার ন্যায়। রোগ আরাম করার পক্ষে এথুজার কার্য্য অনেকটা সিষ্টাস্, বোবিষ্টা, ক্লিমেটিস্ এবং সাল্ফারের কার্য্যের ন্যায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আণ্টিমোনিয়াম্ টার্টারিকাম্, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, কুপ্রাম্, নাক্স্ মস্কাটার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। বমনের জন্য বিনিগার (Vinegar), অথবা সাইট্রিক্-আসিড্ (Citric acid)। যত পরিমাণ বিনিগার বা সাইট্রিক্ আসিড্ উহাতে তত পরিমাণ জল মিশাইয়া সেব্য। পায়ের পাতায় রাইয়ের পলস্তরা (Mustard-plaster) এবং ঘর্ষণ। প্রদাহের লক্ষণ প্রকাশ পাইলে একোনাইট্ ব্যবস্থা।

ডাইলুশন বিচার। ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন চিকিৎসক ১, ৩, ১২ এবং ৩০ ডাইলুশনও ব্যবহার করিয়া থাকেন।

আগ্নাস্ ক্যাষ্টাস্,-আগ্নাস্

(AGNUS CASTUS,–AGN.–CAST.)

ভূমধ্য সাগরের তীরে এবং গ্রীশদেশে এই গাছ জন্মে; বালি ময় স্থান এবং পাথরের নিম্ন প্রদেশে এই গাছ জন্মে। পাকা ফল তাজা থাকিতে, বা অল্প দিনের শুকনা ফল দ্বারা ২০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিটে ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। জননেন্দ্রিয়ের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা জননেন্দ্রিয়কে উত্তেজিত না করিয়াই অবসন্ন করিয়া ফেলে এবং তজ্জন্য পুরুষের ধ্বজভঙ্গ ও স্ত্রীলোকের বন্ধ্যাত্ব উৎপাদন করে। এই জন্য পূর্ব্বকালে পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছা এবং স্ত্রীলোকের পুরুষ সহবাসের ইচ্ছা নিবারণ করার জন্য এই ঔষধ খাওয়ান হইত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অত্যন্ত উন্মনস্কতা; রোগী কোন বিষয় স্মরণরাখিতে পারে না (আনাকার্ড, ক্রিয়াজ্, মার্ক্, নেট্রাম্‌-মিউর, নাক্স্-মস্ক্, রুস্-আল্); হতাস এবং বিমর্ষতা; মানসিক অবসন্নতা; মৃত্যু নিকটবর্ত্তী বলিয়া ভয় (একন্, আর্স্, সিমিসিফ্)।

মস্তক। মাথায় ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে কপাল এবং কর্ণের পশ্চাৎভাগে চাপাবোধ, নড়াচড়াতে যাহা বৃদ্ধি পায়।

কর্ণ। কানের মধ্যে সোঁ সোঁ শব্দ হওয়া।

মুখমণ্ডল। বুকের মধ্যে ক্ষত কারক চুলকানি; ডাইন নিম্নমাড়ীর নিম্নভাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় ভয়ানক বেদনা বা যাতনা।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছার হ্রাস বা একবারে বিনাশ হয় (সাল্ফ); পুরুষাঙ্গ এত শিথিল হয় যে স্ত্রী সহবাসের ইচ্ছা সত্বেও পুরুষাঙ্গ খাড়া হয় না (আগারিকাশ্, কোনায়াম্); অণ্ডকোষ ঠাণ্ডা, স্ফীত, কঠিন এবং বেদনাযুক্ত হয় (একন্, কোনায়াম্); পুরুষাঙ্গ ছোট এবং নরম বা শিথিল হয় (আর্জেন্ট্-নাইট্রাস্); পুরুষাঙ্গ কখন কখন সামান্য খাড়া হয় বটে, কিন্তু স্ত্রী সহবাসের ইচ্ছা একবারেই থাকে না; ধ্বজভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে পুরাতন আকারের প্রমেহ রোগ (সাল্ফ্); মূত্রনালী দিয়া হরিদ্রাবর্ণের ক্লেদ নিঃসরণ (হাইড্রাষ্ট্, পাল্স্); পুরাতন আকারের প্রমেহ রোগ, কিন্তু উহার সঙ্গে সঙ্গে স্ত্রী সহবাসের ইচ্ছা থাকে না বা পুরুষাঙ্গ খাড়া হয় না; মল ত্যাগের সময় কোঁথ পাড়িলে ধাতু নিঃসরণ (সাইলিসি)। স্ত্রীলোকের স্বচ্ছ শ্বেতপ্রদর নিঃসরণ (অ্যালাম্); যোনি দ্বারাদি অত্যন্ত শিথিল হয়; স্তনে অতি সামান্য পরিমাণ দুগ্ধ থাকে, অথবা দুগ্ধ একবারেই থাকে না (একন্, পাল্স্)।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। যোগল এবং বাহুর উপরিভাগে অত্যন্ত চাপাবোধ, চাপিলে বা স্পর্শনে যাহার বৃদ্ধি হয়। ডাইন পায়ের পাতায় ভারি বোধ; পায়ের আঙ্গুলের মাথায় ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, চলিয়া বেড়াইলে যাহার বৃদ্ধি হয়।

জ্বর। আভ্যন্তরিক শীতবোধ এবং উহার সঙ্গে সঙ্গে সমুদয় শরীরের কাঁপনি; চর্ম্ম উষ্ণ।

চর্ম্ম। গা চুলকানি, চুলকাইলে যাহা সহজেই নিবৃত্ত হয় বটে, কিন্তু শীঘ্রই চুলকানি পুনরায় আরম্ভ হয়।

ব্যবহার। স্ত্রী বা পুরুষ সহবাসে অত্যাচার হেতু অকালে বৃদ্ধাবস্থা প্রাপ্ত হওয়ার দরুণ মনের মালিন্য বা শুদ্ধবায়ু (Melancholia); সকল বিষয়েই বৈরাগ্য; উন্মনস্কতা; আপনার উপর ঘৃণা; সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা এবং বারম্বার ধাতু নিঃসরণ; ধ্বজভঙ্গ, বন্ধ্যাত্ব, স্ত্রী বা পুরুষ সহবাসে অশক্তি; প্রমেহরোগ; পুরাতন আকারের প্রমেহ রোগ; অণ্ডকোষের কঠিনতা, শ্বেত প্রদর, গৌণে রজঃস্রাব আরম্ভ হওয়া বা রজঃরোধ; জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব; সন্তান প্রসবের পর স্ত্রীলোকের স্তনে দুগ্ধের সঞ্চার না হওয়া; বন্ধ্যাত্ব ইত্যাদি অসুখে আগ্‌নাস্ ক্যাষ্টাস্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। লিম্ফেটিক্ ধাতু (Lymphatic temperament); বারম্বার প্রমেহ রোগ দ্বারা আক্রান্ত হইয়া নানা প্রকারের অসুখ হওয়া এই ঔষধের বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। জননেন্দ্রিয়ের উপর এই ঔষধের কার্য্যের সঙ্গে ক্যাম্ফার, ক্যালী ব্রোমেটাম্, নুফর্ লুটিয়াম্ এবং ফস্ফরিক্ অ্যাসিডের কার্য্যের অনেক সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আগারিকাশ্, লাইকোপডিয়াম্, ফস্ফরাস্, পাল্‌সেটিলা, সেলেনিয়াম্ এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার্, নেট্রাম্ মিউরিয়াটিকাম্।

ডাইলুশন বিচার। ইহার ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। আবার কোন কোন চিকিৎসকের মতে এই ঔষধের ১ম, ৩য়, ১২ এবং ৩০ ডাইলুশন ব্যবহারেও বিশেষ উপকার দর্শে।

আমোনিয়াম্ কার্ব্বোনিকাম্,-কার্ব্বোনেট্ অব্ আমোনিয়া,-আমন্-কার্ব্ব্

(AMMONIUM CARBONICUM,—CARBONAFE OF AMMONIA—SMELLING SALTS,- AMMON. CARB.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত কার্ব্বোনেট্ অব্ আমোনিয়া ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্ মিল্কের সহিত মিশাইয়া গুঁড়া প্রস্তুতের ব্যবস্থা কার্ম্মাকোপিয়ায় দেখিতে পাওয়া যায়। কিন্তু এই ঔষধ শীঘ্র শীঘ্র উড়িয়া যায় বলিয়া ইহার গুঁড়া প্রস্তুত না করিয়া যথা নিয়মে চুয়ান জলের সহিত মিশাইয়া (১ গ্রেইণ আমোনিয়া এবং ৯ ফোঁটা চুয়ান জল) ইহার প্রথম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহাতে যথা নিয়মে ডাইলুট্ আল্কোহল মিশাইয়া ২য় দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ৩য় ও ততোধিক দশমিক ক্রমের আরোক যথা নিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। রক্তের উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল। ইহা রক্তকে তরল করে এবং রক্তকণা বিনাশ করিয়া রক্তকে পচায়, যাহার দরুণ রক্তস্রাব এবং অত্যন্ত অবসন্নতা উৎপন্ন হয়। গ্যাংগ্লিয়োনিক্ স্নায়ু মণ্ডল (Ganglionic System of Nerves) দিয়া (মস্তিষ্ক আক্রমণ না করিয়া) হৃৎপিণ্ড এবং ধমনি সমূহের কার্য্যের কিঞ্চিৎ চাঞ্চল্য বৃদ্ধি করে এবং শরীরের প্রায় সমুদয় যন্ত্রেরই কার্য্যের চাঞ্চল্য বৃদ্ধি করিয়া থাকে। পাকস্থলী, অন্ত্র এবং শ্বাস যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীতে রক্তাধিক্য বা রক্তাবরোধ হয় ও উহা অত্যন্ত প্রবলরূপে প্রদাহযুক্ত হয়। এই কার্য্যটী আমোনিয়ার একটী প্রবল স্থানিক কার্য্যের মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সমুদয় বিষয়ে অমনোযোগীতা এবং তুষ্ট নিদ্রার ভাব; মানসিক অবসন্নতার ভাবপ্রকাশ করা; সর্ব্বদা ভ্রম বা কাজ কর্ম্ম ভুলিয়া যাওয়া; লিখিতে এবং কথা বলিতে সর্ব্বদা ভুল করা।

মস্তক। মধ্যাহ্নে আহারের পর কপালে ভারিবোধ এবং দপ্‌-দপানি; কপালে এবং মাথার উপরিভাগে অত্যন্ত কষ্টদায়ক পূর্ণবোধ, যাহার দরুণ মনে হয় যেন মাথা ফাটিয়া যাইবে (একন্‌, ব্রাই, নেট্রাম্‌-মিউর); মাথায় পাতলাবোধ; রাত্রিতে এবং ঘুম ভাঙ্গিলে মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ; মুখমণ্ডলে উষ্ণানুভব; কপালে দপ্‌দপানি, চিড়িক মারা এবং চাপা বোধ, যাহার দরুণ মনে হয় যেন কপাল ফাটিয়া যাইবে। এই বেদনা আহারের পর, বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে বৃদ্ধি পায়; প্রচাপনে এবং উষ্ণ ঘরে উহার উপশম হয়; মাথার অত্যন্ত চুলকানি।

কর্ণ। কানে বজ্‌বজ্‌ শব্দ হওয়া।

নাসিকা। প্রাতঃকালে হাত মুখ ধোয়ার সময় নাক দিয়া রক্ত পড়ে (একন্‌, বেল্‌, ব্রাই); নাক দিয়া উগ্র ক্ষতকারক তরল পদার্থ নির্গত হয় (আরালিয়া, আর্স্‌, এরাম্‌, সিপা); নাক দিয়া জ্বালা উৎপাদক জল পড়ে; নাক বন্ধ হয়, বিশেষতঃ রাত্রিতে, যাহার দরুণ রোগী মুখ দিয়া নিশ্বাস প্রশ্বাস ছাড়িতে বাধ্য হয় (নেট্রাম্‌, আর্স্‌, নাক্‌স্‌-বম্‌); মাথা হেট্‌ করিয়া উপুড় হইলে নাক দিয়া রক্ত বহিয়া পড়ে।

মুখমণ্ডল। মানসিক পরিশ্রম করার সময় মুখমণ্ডলে উষ্ণানুভব; মধ্যাহ্নে আহারের সময় এবং উহার পর মুখমণ্ডলে উষ্ণানুভব।

মুখগহ্বর এবং গলার মধ্য। সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে বিছানায় শয়ন করিলে (স্ত্রীলোকের) দন্তশূল; দাঁতে দাঁতে কামড়াইলে দাঁতে বেদনার উদ্রেক হয়; দাঁত যেন লম্বা হইয়াছে এরূপ অনুভূত হয়; (কার্ব্বো-আনিমেল্‌, নাইট্রিক্‌-আস্‌, মার্ক্‌); জিহ্বায় ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; মুখে অধিক পরিমাণে লালের সঞ্চার, যাহার দরুণ রোগী বমন করিতে বাধ্য হয়; সমুদয় আহার দ্রব্যেই টক্‌ এবং ধাতুর স্বাদ। মদ্যপানে যেরূপ হয়, গলার মধ্যে আহার বহা গলনালী পর্য্যন্ত জ্বালানুভব; গলার মধ্যে চাঁচিয়া ফেলার ন্যায় এবং খশ্‌খশে বোধ (কার্ব্বো-বেজ্‌, কষ্ট্‌, ফস্‌, পাল্‌স্‌, রুমেক্স্‌); ডাইন টন্‌সিল্‌ (Tonsil) স্ফীত হইলে যেরূপ হয়, গিলিবার সময় গলার মধ্যে সেরূপ বেদনানুভব; গলার মধ্যে দুর্গন্ধযুক্ত ক্ষত; টন্‌-সিলে পচাযুক্ত ক্ষত (এইলান্থ্‌, ব্যাপ্‌ট্‌, মিউর-আস্‌); ডিপ্‌থিরিয়া

(Diphtheria); নাক বন্ধ হইয়া থাকে, যাহার দরুণ রোগী (শিশু) ফাঁপড় হওয়ার উপক্রম হইয়া ঘুম হইতে হঠাৎ চমকিয়া কাঁদিয়া উঠে।

পাকস্থলী এবং উদর। আহারের পর এবং রাত্রিতে পাকস্থলীতে চাপাবোধ; চাপিলে পাকস্থলীতে বেদনানুভব; অত্যন্ত ক্ষুধা এবং আহার দ্রব্যে রুচি থাকে বটে, কিন্তু সামান্য আহার দ্রব্যাদি উদরস্থ হইলেই যেন ক্ষুধার নিবৃত্তি হয়; কাঠ উদ্গার বা অসম্পূর্ণ উদ্গার উঠা; পাকস্থলীতে পূর্ণবোধ; পাকস্থলীর কম্পন; পাকস্থলীতে উষ্ণানুভব, যাহা অন্ত্রের মধ্য দিয়া বিস্তৃত হয়। সন্ধ্যার সময় বাম কুঁচ্কিতে হাতের পাঞ্জার ন্যায় স্থিতিস্থাপক স্ফীতি; বাম কুঁচ্কি প্রদেশে মোচড়াইয়া পড়া বা থেঁত্লিয়া যাওয়ার ন্যায় বেদনা, যাহার দরুণ বাম পার্শ্বে শয়ন করিতে কষ্টানুভূত হয়; চলিলে কুঁচ্কির স্ফীতি এবং বেদনাদি চলিয়া যায়।

মল এবং মলদ্বার। গুহ্যদ্বারে অর্শের বলী; গুহ্য দ্বারে চুলকানি; তরল ভেদ এবং দাস্তের পূর্ব্বে ও উহার পর উদরে কর্ত্তনবৎ বেদনা; দাস্তের সময় এবং উহার পর গুহ্যদ্বার দিয়া রক্তপড়া; মল একবার গুহ্যদ্বার হইতে বাহির হইয়া পুনরায় গুহ্যের মধ্যে প্রবিষ্ট হয় এবং তৎপর কোমল মল নির্গত হয়।

মূত্রযন্ত্র। প্রস্রাবের সময় অত্যন্ত কোঁথপাড়া; ঘুমের অবস্থায় অসাড়ে বা অনিচ্ছা পূর্ব্বক মূত্রত্যাগ।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের যোনির স্ফীতি এবং উহাতে চুলকানি ও জ্বালানুভব (আর্স্, ক্যাম্ফ্, ক্রিয়াজ্, মার্ক্, সাল্ফ্); নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে এবং অতিরিক্ত পরিমাণে রজঃস্রাব (অ্যালোজ্, ক্যাক্-কার্ব্, নাক্স্-বম্); রজঃস্রাব আরম্ভ হওয়ার সময় ওলাউঠার প্রায় সমুদয় লক্ষণ প্রকাশ পায়; কাল্চে চাপ চাপ, থানা থানা, রজঃস্রাব (ক্রোকাশ্, সাইক্লেমেন্, ইপ্নেস্, প্লাটিনা), উগ্র ক্ষতকারক রজঃস্রাব, যাহা লাগিয়া উরুদেশে ক্ষত হয় (সাল্ফ্); সমুদয় শরীরেই ক্লান্তি বোধ (কার্ব্বো অ্যানিমেল্, ককিউলস্); উরুদেশেই ক্লান্তি অধিক অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার হাঁইতোলা, দন্তশূল, কোমরের পশ্চাৎদেশে বেদনা এবং শীতবোধ।

শ্বাসযন্ত্র। অত্যন্ত শ্বাসকষ্ট, বিশেষতঃ নিম্নস্থান হইতে উচ্চ

স্থানে উঠিতে (একন্‌, আর্স্‌, ক্যাক্‌ট, ক্যাক্‌-কার্ব্ব) ; কোন রোগের ভোগকালীন শ্বাসরোধ হওয়ার উপক্রম হওয়া ; গলার মধ্যে ধূলার কণা প্রবিষ্ট হইলে যেরূপ হয়, রাত্রিতে সেরূপ শুষ্ককাশি ; প্রতিদিন শেষ রাত্রি ৩ বা ৪টার সময় প্রবল কাশি (ড্রসিরা, ক্যালী-ক্লোরেট) ; বায়ুনলের উপরিভাগে উত্তেজনা হেতু হাঁপানির ন্যায় অল্পকাল স্থায়ী কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বুকের কষ্টদায়ক আক্ষেপিক সংকোচন ; কাশি এবং গলা দিয়া রক্তমিশ্রিত শ্লেষ্মা নির্গমন ; বুকের মধ্যে ভারিবোধ ; মাথা হেট করিয়া উপুড় হইলে বুকের ডাইন পার্শ্বে সূচী বিধানের ন্যায় বেদনা বা যাতনা।

হৃৎপিণ্ড। হৃৎপিণ্ডের স্পন্দন শব্দ শুনা যায় এবং উহার সঙ্গে সঙ্গে মনের এত উদ্বেগ হয়, যে উহার দরুণ রোগী মনে করে যেন সে শীঘ্রই মরিবে ; শীতল ঘর্ম্ম ; রোগী কথা বলিতে পারে না ; নিশ্বাস প্রশ্বাস উচ্চ শব্দ বিশিষ্ট এবং অত্যন্ত কষ্টকর ও হাতের কম্পন।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। ডাইন বাহুতে খিল ধরা, যাহার দরুণ হাত পৃষ্ঠদেশ পানে আকৃষ্ট হয় ; ডাইন বাহুতে ভারিবোধ এবং উহার শক্তিহীনতা ; হাতের আঙ্গুলের প্রদাহ, আঙ্গুলহাড়া (Whitlow) ; পায়ের অস্থিরতা ; পায়ের পাতা, বিশেষতঃ বিছানায় শয়ন করিলে, ঠাণ্ডা হয় ; পায়ের বৃদ্ধাঙ্গুলী লালবর্ণ, স্ফীত এবং বেদনাযুক্ত হয়, বিশেষতঃ সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে বিছানায় শয়ন করিলে এবং পায়ের পাতা স্ফীত।

চর্ম্ম। শরীরের প্রবল চুলকানি, কিন্তু চুলকাইলে গায় ফোস্কার ন্যায় জ্বালাযুক্ত ফুস্কুড়ী প্রকাশ পায় ; শরীরের ঊর্দ্ধাংশ আরক্ত জ্বরের ফুস্কুড়ীর ন্যায় লালবর্ণ হয় (বেল্‌) ; গায় মরাচাম বা মরা মাস উঠে।

নিদ্রা। ঘুমেরঘোরে বারম্বার সজোরে চমকিয়া উঠা এবং তৎপর অত্যন্ত ভয় (একন্‌, আর্স্‌, বেল্‌, ব্রাই, হায়োস্‌) ; প্রতি রাত্রিতেই বোবায় ধরা (Night-mare) ; অত্যন্ত ঘুমের ভাব এবং রক্ত যেন অত্যন্ত গরম হইয়া যায়।

জ্বর। অপরাহ্ন বা সন্ধ্যার সময় শীতবোধ ; প্রতিদিন প্রাতঃকালে ঘর্ম্ম।

ব্যবহার। সাংঘাতিক আরক্ত-জ্বর এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রাবেশ ; গলার মধ্যে কালচে লালবর্ণ বা পচাযুক্ত ক্ষত ; কর্ণমূলস্থিত গ্রন্থির প্রদাহ ;

গলার বহির্দ্দেশ স্ফীত ; নিশ্বাস প্রশ্বাসে গোঁ গোঁ, ঘড় ঘড় শব্দ হওয়া ; কপালে স্বেদ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত প্রবল বমন ; শরীর লালবর্ণ এবং গায় হামের ন্যায় লালবর্ণ বা অসম্পূর্ণ বিকাশ প্রাপ্ত ফুস্কুড়ী ; মস্তিষ্কের পক্ষাঘাত হওয়ার আশঙ্কা ; বৃদ্ধবয়সে বিসর্প বা ইরিসিপেলাস্ (Erysipelas) এবং উহার সঙ্গে সঙ্গে মস্তিষ্ক আক্রান্ত হওয়ার লক্ষণাদি প্রকাশ পায় ; সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা এবং সমুদয় শরীরে বেদনা ; ক্ষত পচিবার উপক্রম হয় ; সর্দ্দী ; এম্ফিসিমা (Emphysema) ; বায়ুনল প্রদাহ (Bronchitis) ; হাঁপানি কাশি ; বক্ষশোথ ; হৃৎস্নায়ুশূল বা হৃৎবেদনা (Angina Pectoris) ; হিষ্টিরিয়া জনিত অসুখ ; প্রচুর রজঃস্রাব ; কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা (Painful Menstruation) ; শ্বেতপ্রদর ; মুখে ঘা ; আঙ্গুলহাড়া (Whitlow) ; মস্তিষ্কের কোমলতা ; কীটাদির কামড়ের দরুণ অসুখ ইত্যাদিতে আমোনিয়াম্ কার্ব্বোনিকাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় দিবস ক্লান্তি এবং শ্রান্তিবোধ ; বহির্ব্বায়ু একবারেই সহ্য হয় না (ককিউলাস্, সিপিয়া, সাইলিসি) ; শরীরের ডাইন পার্শ্ব বাম পার্শ্ব অপেক্ষা অধিক আক্রান্ত হয় ; স্নান করা বা বহির্ব্বায়ুতে বাহির হওয়াতে অনিচ্ছা ; আক্রান্ত অংশ পচিবার উপক্রম হওয়া ; প্রাতঃকালে, সন্ধ্যার সময় এবং রাত্রিতে, আহারের সময় এবং রাত্রিতে, আহারের সময় এবং উহার পর ; নিম্নস্থান হইতে উচ্চ স্থানে উঠিতে, মাথা হেট করিয়া উপুড় হইলে, বহির্ব্বায়ুতে, ঝড় বৃষ্টিতে, বিশ্রামে অসুখের বৃদ্ধি (ডাক্, রোডডেণ্ড্রন্, রাস্টক্স্) এবং উষ্ণ, শুষ্ক বাতাসে, ঘরের মধ্যে এবং প্রচাপনে অসুখের উপশম ইত্যাদি এই ঔষধের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। দুর্ব্বল চোপ্সা শরীর এবং স্নায়বিক ধাতু বিশিষ্ট রুগ্ন স্ত্রীলোক, গণ্ডমালা ধাতুবিশিষ্ট শিশু বা বালক বালিকা, বৃদ্ধ বয়সের পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী।

সমগুণবিশিষ্ট ঔষধ। এই ঔষধের কার্য্যের সঙ্গে এপিস্, আর্ণিকা, আমোনিয়াম্ মিউরিয়াটিকাম্, বেলাডোনা, ক্যাম্ফার, ক্যালী ক্লোরেটাম্, ল্যাকেসিস্, কার্ব্বো বেজিটেবিলিস্, হিপার সাল্ফিউরিস্, ফস্ফরাস্ এবং পাল্সেটিলার কার্য্যের সাদৃশ্য আছে

প্রতিষেধক ঔষধ। আর্ণিকা, ক্যাম্ফার, হিপার সাল্‌ফিউরিস্। অধিক মাত্রায় বিষাক্ত হইলে বেজিটেবেল্ আসিড্‌স্ (Vegetable acids) রেড়ির তৈল (Castor oil), তিষির তৈল (Linseed Oil), বাদামের তৈল (Almond Oil) এবং জলপাইয়ের তৈল (Olive oil) ব্যবস্থা।

ডাইলুশন বিচার। ১ম, ৩য়, ৬ষ্ঠ ক্রমই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। আবার কোন কোন চিকিৎসক ১২ এবং ৩০ ডাইলুশনও ব্যবহার করিয়া থাকেন।

আমোনিয়াম্ মিউরিয়াটিকাম্,-আমোনিক্ ক্লোরাইড্,-আমন্-মিউর

(AMMONIUM MURIATICUM,-AMMONIC CHLORIDE-AMMON.-MUR.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত আমোনিয়াম্ মিউরিয়াটিকাম্ ক্রয় করা উচিত। ইহার ক্রম দুই প্রকারে প্রস্তুত হইয়া থাকে। যথা,—গুঁড়া এবং আরোক। যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ১ম দশমিক এবং ততোধিক ক্রমের গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। যথা নিয়মে চুয়ান জলে মিশাইয়া ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ২য় এবং ততোধিক ক্রমের আরোক যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা রক্তের ঘন পদার্থের হ্রাস এবং গ্রন্থির নিঃসরণ বৃদ্ধি করে, যাহার দরুণ রক্তের ফাইব্রিন্ নামক পদার্থ শোষিয়া যায়। ইহা ইউরিয়ার (Urea) বহির্গমন বৃদ্ধি করে। শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা শ্লৈষ্মিক ঝিল্লীর নিঃসরণ অত্যন্ত বৃদ্ধি করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা বিপদের আশঙ্কা করা এবং বিমর্ষভাবে থাকা; কাঁদিবার ইচ্ছা।

মস্তক। মাথাঘোরা এবং মাথায় পূর্ণবোধ, যাহার দরুণ মাথায় ভারিবোধ হয়।

চক্ষু। চক্ষুর সম্মুখে যেন কোন এক ব্যক্তি দাঁড়াইয়া রহিয়াছে এরূপ অনুভূত হয়, যাহার দরুণ স্পষ্ট দেখিবার ব্যাঘাত জন্মে; চক্ষুর সম্মুখে যেন হরিদ্রা বর্ণের দাগ ভাসে।

নাসিকা। সর্দ্দি এবং তদ্দরুণ নাসারন্ধ্র রুদ্ধ হওয়া; নাক অত্যন্ত জ্বালা করে এবং টাটায় বা বেদনাযুক্ত হয় ও আঘ্রাণ শক্তি থাকে না। নাকদিয়া তরল ক্ষত কারক শ্লেষ্মা নির্গমন, যাহা লাগিয়া উপরের ওষ্ঠে অবধি ক্ষত হয় (আর্স্, সিপা, মার্ক্-কর)।

মুখগহ্বর এবং গলারমধ্য। জিহ্বার অগ্রভাগে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী এবং তদ্দরুণ উহাতে জ্বালাযুক্ত বেদনা (আর্স্, মার্ক্-কর); গলার মধ্যে ক্ষত এবং বেদনা ও উহাতে এত কঠিন শ্লেষ্মার সঞ্চার হয় যে গলায় থেকুর দিলে বা সজোরে কাশিলেও উহা নির্গত হয় না (আলাম্, বোরাক্স্, ক্যালী-বাই); গিলিবার সময় গলার মধ্যে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয়।

পাকস্থলী এবং উদর। পাকস্থলীতে খালি খালি বা ক্ষুধা বোধ; হিক্কা; উদ্গার উঠা; বমনোদ্বেগ; মুখ দিয়া জল উঠা। নাভি প্রদেশে কামড়াণীর ন্যায় বেদনা; তলপেটে ভারিবোধ, যাহার দরুণ মনে হয় যেন ঐ স্থানে একটী বোঝা চাপাইয়া রাখিয়াছে এবং তদ্দরুণ মনের অত্যন্ত উদ্বেগ ও মনে হয় যেন উদর ফাটিয়া যাইবে ও যাহা ঘুমের পর সারিয়া যায়।

মল এবং মলদ্বার। মলত্যাগের সময় এবং উহার অনেকক্ষণ পর পর্য্যন্ত গুহ্যে জ্বালানুভব (আলোজ্, আর্স্, সাল্ফ্); গুহ্যে জ্বালা ও টাটানিযুক্ত চুলকানি; গুহ্যের এক পার্শ্বে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী প্রকাশ পায়; কোষ্ঠবদ্ধ; মল কঠিন ও নির্গত হইলে ভাঙ্গিয়া খণ্ড খণ্ড হয় (নেট্রাম্-মিউর) এবং যাহা অতি কষ্টে বহির্গত হয়; সবুজ বর্ণের চট্-চটিয়া আঠা তরল ভেদ (আর্স্, মার্ক্); মলে কাচের ন্যায় সাদা চক্চকিয়া কঠিন শ্লেষ্মা থাকে (কষ্ট)।

মূত্রযন্ত্র। রাত্রিতে বারম্বার প্রচুর পরিমাণে মূত্রত্যাগ (আম্ব্রা, ফস্, আর্স)।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে রজঃস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে পেট ও কোমরের পশ্চাৎদেশে বেদনা যাহা রাত্রিতেও থাকে এবং যখন রজঃস্রাব অপেক্ষাকৃত অধিক পরিমাণে হয়; রজঃস্রাবের সময় গুহ্যদ্বার দিয়া রক্ত নির্গমন; ডিমের শাদের ন্যায় শ্বেত প্রদর নিঃসরণ (বোরাক্স, বোবিষ্টা, ক্যাল্ক-ফস্, মেজিরিয়াম্); প্রস্রাবের পর কটাবর্ণের চট্‌চটিয়া আঠা যাতনাহীন শ্বেতপ্রদর নিঃসরণ।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ এবং উহার সঙ্গে সঙ্গে বায়ুনলের উপরিভাগে জ্বালানুভব এবং উহাতে সুড়্‌সুড়ীর দরুণ শুষ্ক কাশি; রাত্রিতে চীত হইয়া শয়ন করিলে কাশি; আহারে, ঠাণ্ডা কোন দ্রব্য পান করিলে এবং শয়ন করিলে কাশির বৃদ্ধি; আহার দ্রব্য বুকে বাঁধিয়া থাকিলে যেরূপ হয়, বুকের মধ্যে সেরূপ চাপাবোধ এবং সূচী বিঁধানের ন্যায় বেদনা বা যাতনা; বুকের মধ্যে কোন কোন স্থানে জ্বালাবোধ।

পৃষ্ঠদেশ। ঘাড় অত্যন্ত শক্ত হয় বা উহা নোয়ান যায় না (একন্, আগারিকাশ); কোমরের পশ্চাৎভাগ শক্ত হয় বা উহা নোয়ান যায় না; হাত, পা এবং কটিদেশে বেদনা; গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে থেঁত্‌লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা; পৃষ্ঠদেশে, বিশেষতঃ দুই স্কন্ধের মধ্যবর্ত্তী স্থানে, ঠাণ্ডাবোধ।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। অসাড় হইলে যেরূপ হয়, হাতে সেরূপ ভারিবোধ। বাম উরুর সন্ধিতে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন উরুর পেশীর অগ্রভাগ গুলি খাট হইয়াছে এবং যাহার দরুণ রোগী খোঁড়ার ন্যায় চলিতে বাধ্য হয়; বসিয়া থাকার অবস্থায় পা ইত্যাদির হাড়ে চর্ব্বনবৎ বেদনা; বসিলে বা শয়ন করিয়া থাকিলে পা যেন কসিয়া ধরে; চলিবার সময় পায়ের ডিমের পেশীগুলি যেন কসিয়া ধরে (আর্ণিকা-টার্ট); পেশীগুলি খাট হইলে যেরূপ হয়, সন্ধিতে সেরূপ কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়; থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, কুঁচকিতে সেরূপ বেদনা হওয়ার দরুণ সোজা হইয়া চলিতে অশক্তি।

জ্বর। সন্ধ্যার সময় শয়ন করার পর যতবার ঘুম ভাঙ্গে ততবারই শীতবোধ, কিন্তু পিপাসা থাকে না।

চর্ম্ম। শরীরের প্রায় সমুদয় অংশেই চুলকানি, সাধারণতঃ সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে শয়ন করিলেই যাহার অধিক উদ্রেক হয় এবং তৎপর সারিয়া যায়।

ব্যবহার। শরীরের সমুদয় অংশের শ্লৈষ্মিক বা শ্লেষ্মা সম্বলিত রোগ; যক্ষাকাশ; সায়েটিক স্নায়ুশূল (Sciatica); সবিরাম বা পালাজ্বর; বসন্তরোগ ইত্যাদি অসুখে আমোনিয়াম্ মিউরিয়াটিকাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। যে সকল রোগী মোটা, ঢোপ্‌সা এবং চল্‌ঢলে পেশী বিশিষ্ট এবং যাহাদিগের পা শীর্ণ বা সরু, তাহাদিগের পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী। ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন যে, পায়ের সঙ্কোচনের ন্যায় অনুভূত হওয়া বা বাস্তবিক সঙ্কোচন এবং স্ত্রীলোকের রজঃস্রাবের সময় মলত্যাগের সময় গুহ্যদ্বার দিয়া রক্ত পড়া আমোনিয়াম্ মিউরিয়াটিকামের বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। শ্লৈষ্মিক ঝিল্লীর উপর আমোনিয়াম্ মিউরিয়াটিকামের কার্য্যের সঙ্গে আণ্টিমোনিয়াম্ ক্রুডাম্ এবং পাল্‌সেটিলার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতভিন্ন ইহার কার্য্যের সঙ্গে আমোনিয়াম্ কার্ব্ব, আর্সিনিক্, আর্জেণ্টাম্ নাইট্রাশ, কষ্টিকাম্, ক্যালী-কার্ব্ব, নেট্রাম্ মিউরিয়াটিকাম্, বেলাডোনা, হিপার সাল্‌ফিউরিস্, ফস্ফরাস্, সাইলিসিয়া এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, কফিয়া, হিপার সাল্‌ফিউরিস্, নাক্স-বমিকা, বিটার আমণ্ডস্ (Bitter Almonds)। অধিক মাত্রায় আমোনিয়াম্ মিউরিয়াটিকাম্ দ্বারা বিষাক্ত হইলে বিনিগার (Vinegar) অথবা বেজিটেবেল্ আসিডস্ (Vegetable Acids) ব্যবহার্য্য।

ডাইলুশন বিচার। ৩য় এবং ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

অ্যাপোসিনাম্ ক্যানেবিনাম্,-অ্যাপোস্-ক্যান্

(APOCYNUM CANNABINUM,-APOC.-CAN.)

ক্যানেডা এবং ইউনাইটেড্ ষ্টেট্সে এই গাছ জন্মে। কাঁচা শিকড় যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মূত্রকোষ, চর্ম্ম এবং মাস্তুক ঝিল্লীর (Serous-membranes) উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ শরীরে নানা প্রকারের শোথ সম্বলিত অসুখ উৎপন্ন হয়। পরিপাক সম্বন্ধীয় যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ উক্ত যন্ত্রাদির নিঃসরণের পরিমাণ বৃদ্ধি পায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ

মন। মন যেন এলোমেলো হইয়া যায়; স্নায়বিক এবং অবসন্ন ভাব (লাইকোপ্, নেট্রাম্-মিউর, পাল্স্)।

মস্তক। মস্তিষ্কের শোথ; অর্দ্ধজ্ঞানরহিততা (Stupor); এক চক্ষুর দেখিবার শক্তি একবারে বিনষ্ট হয় এবং অপর চক্ষুর দেখিবার শক্তি থাকে; অনবরত একখানি হাত এবং একখানি পায়ের সঞ্চালন; কপাল যেন উঁচু হয় বা ফুলিয়া উঠে; মাথার হাড়ের জোড় যেন খোলা থাকে; মস্তিষ্কে দূষিত জলীয় পদার্থের সঞ্চার।

পাকস্থলী এবং উদর। পিপাসা, কিন্তু জল সহ্য হয় না, কারণ, জল পান করিলেই পেটে বেদনা হয়, অথবা গলা দিয়া জল উঠিয়া পড়ে (আর্স্); পাকস্থলীর মধ্যে অত্যন্ত খালিবোধ বা পেটে পিঠে লাগিয়া যাওয়া (হাইড্রাষ্ট, ইগ্নেস্, পাল্স্, সিপিয়া); মধ্যে মধ্যে নির্দ্দিষ্ট সময় অন্তর অত্যন্ত কষ্টদায়ক বমন; পাকস্থলীর অত্যন্ত উত্তেজনা এবং বমন। উদরী (Ascites); উদর স্ফীত, বিস্তৃত এবং বেদনাযুক্ত হয় (আর্স্, মার্ক্)।

মল। অতি অল্প পরিমাণে মলত্যাগ।

মূত্রযন্ত্র। অতি অল্প পরিমাণে মূত্র ত্যাগ, যাহার দরুণ কোনও অসুখ অনুভূত হয় না; প্রচুর পরিমাণে ফিকা রঙ্গবিশিষ্ট মূত্রত্যাগ; মূত্রে কোন তলানি থাকে না (এপিস্, আর্জেন্ট্-নাইট্রিক্)।

জননেন্দ্রিয়। যুবতী বালিকাগণের গৌণে প্রথম রজঃস্রাব বা রজঃরোধ; উদর এবং পা শোথের স্থায় স্ফীত; ক্রমাগত বা মধ্যে মধ্যে অতিরিক্ত রজঃস্রাব; তরল বা চাপ চাপ, থানা থানা রক্তঃস্রাব; বমনোদ্বেগ, বমন, হৃৎস্পন্দন; নাড়ী দ্রুতগামী, এবং নড়িলে দুর্ব্বল হয়; বালিশ হইতে মাথা উঠাইলে বা মাথা খাড়া করিলে মূর্চ্ছার ভাব।

শ্বাস যন্ত্র। ক্ষণস্থায়ী শুষ্ককাশি; তরল কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বুকের মধ্যে ঘড়্ ঘড়্ শব্দ হওয়া এবং বুকের মধ্যে অত্যন্ত কষ্টানুভব; উদরোর্দ্ধ প্রদেশ এবং বুকে অত্যন্ত কষ্টানুভব (আণ্টি-টার্ট্, আর্স্); শ্বাস প্রশ্বাস কষ্টকর এবং উহা দ্বারা মনের তুষ্টি হয় না।

ব্যবহার। স্ববিষোৎপন্ন বা অন্য কোন প্রকারের রোগ জনিত সর্ব্বপ্রকারের শোথ; উদরী, সার্ব্বাঙ্গিক শোথ এবং রক্তশোথ; অতিরিক্ত রজঃস্রাব; সর্দ্দিলাগা এবং উহার দরুণ নাক বন্ধ হওয়া; অজীর্ণ রোগ, যাহার দরুণ আহারের পর পেট ঠোশ মারিয়া থাকে এবং কখন কখন পেটে পিটে লাগিয়া যায়; উদরাময় ইত্যাদি অসুখে আপোসিনাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ঘর্ম্ম এবং মূত্রের সঞ্চার ও নিঃসরণ বন্ধ হওয়া; সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা এবং অস্থিরতা; আহারের পর পেট ঠোশ মারিয়া থাকা ইত্যাদি আপোসিনাম্ ক্যানেবিনামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। আপোসিনামের কার্য্যের সঙ্গে এপিস্ মেলিফিকা এবং হেলিবোরাসের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আসিটিক্ আসিড্, আর্সিনিক, ব্রাইওনিয়া, বেলাডোনা, কলচিকাম্, ডিজিটালিস্, ক্যালী-কার্ব্ব্ এবং বিরেট্রাম্ অ্যাল্বামের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। এই ঔষধের মূল আরোক ১ হইতে ৫ ফোঁটা পর্য্যন্ত এক মাত্রায় ব্যবহৃত হইয়া থাকে। উদরী রোগাক্রান্ত কোন একটী রোগীর চিকিৎসায় মূল আরোক ১০ ফোঁটা মাত্রায় ব্যবস্থা করিয়া লেখক আশাতিরিক্ত ফল পাইয়াছেন। ইহার মিশ্র আরোক ব্যবহার করিয়া বিশেষ ফল পাওয়া যায় না। আপন রোগ চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ

স্থির করিয়াছেন। এই ঔষধের মিশ্র আরোক ব্যবহার করিয়া কিরূপ ফল পাওয়া যায় তাহা পাঠকগণ পরীক্ষা করিয়া দেখিতে পারেন। কোন কোন চিকিৎসক এই ঔষধের কাঁচা শিকড় ১ ছটাক, দেড়শের জলে সিদ্ধ করিয়া উহার ২০। ৩০ ফোঁটা মাত্রায় ব্যবস্থা করিয়া থাকেন।

আর্জেন্টাম্ মেটেলিকাম্,-আর্জেন্ট্-মেট্

(ARGENTUM METALLICUM,-ARG.-MET.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে খাদত আর্জেণ্টাম্ মেটেলিকাম্ ক্রয় করিয়া যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ৩য় শততমিক ক্রম পর্য্যন্ত গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ৩য় শততমিক ক্রমের গুঁড়া হইতে ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। সন্ধি, অস্থি, উপাস্থি ও সন্ধির লিগামেণ্টের (Ligaments) উপর ইহার বিশেষ কার্য্য দেখিতে পাওয়া যায়। ইউষ্টেকিয়ান্ টিউব (Eustachian Tube), নাসিকা, কৃত্রিম পঞ্জরার হাড়, পায়ের পাতার ক্ষুদ্র ক্ষুদ্র হাড়ের উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়। গ্রন্থি বিশিষ্ট যন্ত্র এবং হৃৎপিণ্ডের উপরও ইহার কার্য্য আছে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অতিরিক্ত উল্লাস এবং সমুদয় দিন কথা বলিবার স্বভাব।

মস্তক। হঠাৎ মাথাঘোরে এবং মনে হয় যেন চক্ষুর সম্মুখে কুয়াশা রহিয়াছে; মদ্যপান করিলে সেরূপ হয়, মাথায় সেরূপ হামা দেওয়ার ন্যায় অনুভূত হয় এবং মাথা টলে; মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে কপালে ঢিমাবোধ এবং মাথার পশ্চাৎদেশে কসিয়া ধরার ন্যায় চাপাবোধ; কর্ণের পশ্চাৎভাগের হাড়ে চাপিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, স্পর্শনে যাহার বৃদ্ধি হয়।

চক্ষু। চক্ষুর পাতার প্রান্ত স্ফীত, লালবর্ণ এবং পুরু (আর্জিণ্ট-ক্রুড, গ্রাফ, লাইকোপ, মার্ক); চক্ষুর পাতা এবং কোণের ভয়ানক চুলকানি (সাল্ফ)।

কর্ণ। কানের উপরিভাগের ভয়ানক ক্ষতকারক চুলকানি।

নাসিকা। নাক দিয়া প্রচুর পরিমাণে তরল শ্লেষ্মা নির্গমন এবং উহার সঙ্গে সঙ্গে হাঁচি (একন্, আর্স্, ইউফ্রে্স্, মার্ক্-কর); প্রাতঃকালে নাকের উক্ত প্রকারের অবস্থা।

মুখমণ্ডল। মুখমণ্ডলের হাড়ে চাপিয়া ধরা এবং ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; ডাইনগালে কর্ণের সম্মুখভাগস্থিত হাড়ে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখে শুষ্কবোধ; মুখে দুর্গন্ধ। হন্বাস্থির নিম্নস্থিত লাল নিঃসারক গ্রন্থির (Submaxillary glands) প্রদেশের স্ফীতি; ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না; গলার মধ্য স্ফীত হইলে যেরূপ হয়, গিলিতে সেরূপ কষ্টানুভব, যাহার দরুণ আহার দ্রব্যও গিলিতে অত্যন্ত কষ্টানুভূত হয়; প্রতি দিন প্রত্যূষে আহারবহা গলনালীর ঠিক উপরিভাগের দুই পার্শ্বে আঁটাল, ধূসর বর্ণের, ভিজাগোঁদের ন্যায় শ্লেষ্মার সঞ্চার, যাহা কাশিলে বা গলায় খেকুর দিলে সহজেই নির্গত হয়; প্রশ্বাসে, কাশি এবং গিলিবার সময় গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়া বা ক্ষত হওয়ার ন্যায় অনুভূত হয় (আর্জেণ্ট্-নাইট্রিক্); হাঁই তুলিবার সময় গলনালীর উপরিভাগের দুই পার্শ্বে বেদনানুভব; উক্ত অংশে অসাড়বোধ।

পাকস্থলী এবং উদর। গলা সমান ভরিয়া খাইলেও আহারের তৎক্ষণাৎপর অত্যন্ত ক্ষুধাবোধ হয়; পাকস্থলীর মধ্যে উদ্বেগ এবং চাপা-বোধ। বাম উরুর ঠিক উপরিভাগে এবং বস্তিকোটরের বাম পার্শ্বের সমুদয় অংশেই থেঁত্লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা; উদরের উপরিস্থিত পেশীর বিস্তৃতি বা উহাতে কসিয়া ধরার ন্যায় অনুভূত হওয়া; উদরে সজোরে কল কল, গড়্‌গড়্ শব্দ হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে ক্ষুধা।

মল এবং মলদ্বার। বারম্বার বাহের বেগ যাহা গুহ্যের নিম্নাংশে অধিক অনুভূত হয় এবং বেগ দিলে অতি সামান্য পরিমাণে নরম মল নির্গত

হয়; বালির ন্যায় শুষ্ক মল নির্গমন; মধ্যাহ্নে আহারের পর উক্ত প্রকারের মলত্যাগ।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে প্রচুর পরিমাণে মূত্রত্যাগ (এপিস্, আর্জেণ্ট্-নাইট্রিক্, ফস্-আস্); মূত্র ঘোলাটিয়া; মূত্র মিষ্ট স্বাদ বিশিষ্ট যাহা রাত্রিতেই অধিক পরিমাণে নির্গত হয়; বহুমূত্র।

জননেন্দ্রিয়। পুরুষের অণ্ডকোষে ছেঁচিয়া দেওয়ার ন্যায় বেদনা বা যাতনা (একন্); কাপড় পরিয়া চলিবার সময় বেদনার বৃদ্ধি; প্রায় প্রতি রাত্রিতেই স্বপ্নে ধাতু নির্গমন; কিন্তু ঐ সময় পুরুষাঙ্গ খাড়া হয় না এবং উহার সঙ্গে সঙ্গে পুরুষাঙ্গ ছোট হইয়া যায়; হস্ত মৈথুনের পর পুরুষাঙ্গের উক্ত অবস্থা; ঘুশ্ঘুশে রকমের প্রমেহ রোগ এবং তদ্দরুণ হরিদ্রা বা সবুজের আভাযুক্ত ক্লেদ নিঃসরণ। স্ত্রীলোকের বাম ডিম্বকোষ এবং কোমরে বেদনা ডাইন ডিম্বকোষে বেদনায় এপিস্ ব্যবস্থা।

শ্বাসযন্ত্র। যাহারা সর্ব্বদা গান এবং বক্তৃতা করে তাহাদিগের স্বরভঙ্গ (আর্জেণ্টে-নাইট্রিক্, এরাম্, ফস্); হাসিলে বায়ু নলের উপরিভাগে শ্লেষ্মার সঞ্চার এবং কাশের উদ্রেক হয় (চায়না, ড্রসিরা, ফস্); চলিবার সময় অথবা নীচের ঘর হইতে সিঁড়ি ভাঙ্গিয়া উপরের ঘরে উঠিবার সময় বা ঘাড় হেট করিয়া উপুড় হইলে গলার মধ্যে শ্লেষ্মার সঞ্চার, যাহা একবার কাশিলেই নির্গত হয়; কাশিবার সময় (গিলিবার সময় নহে) বায়ুনলের উপরিভাগে জ্বালা এবং টাটানি; যেস্থানে বায়ুনল দুই শাখায় বিভক্ত হইয়াছে, সে স্থানের উপরে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয়, শব্দ প্রয়োগে যাহার বৃদ্ধি হয়; বায়ুনলের নিম্নভাগ হইতে উপরের দিকে প্রথমতঃ ঘুশ্ঘুশে বর্ত্তনবৎ বেদনা, যাহা সূচী বিঁধানের ন্যায় বেদনা বা যাতনায় পরিণত হয় এবং যাহার দরুণ ২।৩ বার কাশির উদ্রেক হয়; দিনের বেলায় মধ্যে মধ্যে ক্ষণস্থায়ী সাঁই সাঁই, ঘড়্ঘড়্ শব্দ বিশিষ্ট কাশি যাহা রাত্রিতে বা বহির্ব্বায়ুতে থাকে না এবং যাহার সঙ্গে সঙ্গে গলা দিয়া সিদ্ধ করা ময়দাদির ন্যায় সাদা সাদা গাঢ় শ্লেষ্মা সহজে নির্গত হয়; বুকের অত্যন্ত দুর্ব্বলতা, বিশেষতঃ বাম পার্শ্বের।

হৃৎপিণ্ড। হৃৎপিণ্ডের পেশীতে বেদনা বা উহার কষ্টহীন বারম্বার

আক্ষেপিক স্পন্দন, চীত হইয়া শয়ন করিলেই যাহার অধিক উদ্রেক হয়।

ব্যবহার। পারার (Mercury) অপব্যবহার জনিত অসুখ; হস্ত মৈথুন হেতু অসুখ; অস্থির সন্ধিতে প্রদাহ এবং উহাতে ভয়ানক বেদনা; কণ্ঠনালীর পুরাতন প্রদাহ (Chronic Laryngitis) এবং উহার সঙ্গে স্বরভঙ্গ; বহুমূত্র; এক শিরার ব্যারাম বা অণ্ডকোষ প্রদাহ; হৃৎপিণ্ডের উত্তেজনা; পূঁযাদি রসক্ষয় হেতু জ্বর বা হেক্‌টিক্ ফিবার (Hectic Fever) ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবহার্য্য। টেষ্টি (Teste) বলেন যে, একটী স্ত্রীলোকের জরায়ুর কর্কট রোগে (Uterine Cancer) এই ঔষধ ব্যবস্থা করিয়া তিনি বিশেষ ফল পাইয়াছেন।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অস্থিতে ছিঁড়িয়া ফেলা বা চাপিয়া ধরার ন্যায় প্রবল বেদনা; অস্থিসন্ধিতে দুর্ব্বলবোধ এবং টাটানি যাহা উপর হইতে নীচে নামিতেই অধিক অনুভূত হয়; অঙ্গ প্রত্যঙ্গে অবশ এবং অসাড় বোধ; চলিবার পর অঙ্গ প্রত্যঙ্গে ক্লান্তিবোধ এবং উহাতে শক্তি না থাকা; পায়ের পাতা শোথের ন্যায় স্ফীত; বেদনাদি আস্তে আস্তে ক্রমে ক্রমে আরম্ভ হয়, কিন্তু হঠাৎ দূরীভূত হয়; আভ্যন্তরিক যন্ত্রে জ্বালা এবং টাটানি; বেলা দুই প্রহরের সময়, আক্রান্ত স্থান স্পর্শ করিলে এবং চীত হইয়া শয়ন করিলে বেদনাদির বৃদ্ধি ইত্যাদি আর্জেণ্টাম্ মেটেলিকামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ যে সকল রোগী লম্বা এবং শীর্ণকায় বিশিষ্ট এবং সহজেই চটিয়া যায় তাহাদিগের পক্ষে এই ঔষধ অধিক উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। আর্জেণ্টাম্ মেটেলিকামের কার্য্যের সঙ্গে অরাম্, প্লাটিনাম্, সেলিনিয়াম্ এবং জিঙ্কামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার সঙ্গে অ্যাসাফিটিডা, এরাম্., ক্যাল্কেরিয়া-কার্ব্ব, চায়না, হিপার্, সাল্‌ফিউরিস্, মার্কিউরিয়াস্, নাট্রিক্ অ্যাসিড্, পাল্‌সেটিলা এবং সিপিয়ার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। মার্কিউরিয়াস্, পাল্‌সেটিলা।

ডাইলুশন বিচার। হানিমান এই ঔষধের ২য় ক্রমের গুঁড়া ব্যবস্থা করিয়া গিয়াছেন। ইহার ৬ষ্ঠ এবং ৩০ক্রমের আরোকও ব্যবহৃত হইয়া থাকে।

আর্সিনিকাম্ আয়োডেটাম্,-আয়োডাইড্ অব্ আর্সিনিক,-আর্স-আয়োড্

(ARSENICUM IODATUM,-IODIDE OF ARSENIC,-ARS.-IOD.)

একভাগ মেটেলিক্ আর্সিনিক এবং ৫ ভাগ আয়োডিন্ একত্রে মিশাইয়া তাতাইয়া আয়োডাইড্ অব্ আর্সিনিক্ প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে সুগার্ অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ডাক্তার হেল্ (Dr. Hale) বলেন যে, যে প্রকার শ্লৈষ্মিক বা শ্লেষ্মা জনিত রোগে নিঃসরণ অত্যন্ত ক্ষতকারক এবং উত্তেজক, সে প্রকার রোগে এই ঔষধ বিশেষ উপকারী। তিনি বলেন যে যোগলে অত্যন্ত সাংঘাতিক রকমের স্ফীতি এবং কঠিনতা এই ঔষধ সেবনে সারিয়া গিয়াছে। জরায়ুর মুখের উক্ত প্রকারের স্ফীতি এবং কঠিনতা এই ঔষধ ব্যবহারে একবারে সারিয়া গিয়াছে। যে প্রকার পুরাতন আকারের ফুস্ফুসপ্রদাহজনিত যক্ষাকাশিতে (Chronic Pneumonic Phthisis) গলাদিয়া প্রচুর পরিমাণে পুঁযাদি মিশ্রিত শ্লেষ্মা নির্গত হয় এবং তদ্দরুণ শেষ বেলায় প্রবল জ্বর হয় (Hectic Fever) এবং রোগী অতি শীঘ্র শীঘ্র শীর্ণ হয়, সে প্রকার যক্ষাকাশের পক্ষে আয়োডাইড্ অব্ আর্সিনিকের ২য় হইতে ৬ষ্ঠ দশমিক ক্রমের গুঁড়া ২।১ গ্রেইণ্ মাত্রায় বিশেষ উপকারী। ইং ১৮৮০ সনে বোম্বে নগরে উক্ত প্রকারের একটী যক্ষাকাশাক্রান্ত রোগীর চিকিৎসায় আর্সিনিক্ আয়োডাইড্ ২য়ক্রমের গুঁড়া,২গ্রেইণ মাত্রায়, প্রতিদিন ৩মাত্রা করিয়া ১ সপ্তাহ কাল ব্যবহার করিয়া লেখক আশাতিরিক্ত ফল পাইয়াছিলেন। এমন কি, রোগীর গলা দিয়া প্রতিদিন প্রায় এক পোওয়া দেড় পোওয়া করিয়া পুঁয পড়িত এবং সকাল বেলা শরীরের সন্তাপ ১০২° ফারণ হিট্ ডিগ্রী এবং সন্ধ্যার সময় ১০৫° এবং কখন কখন ১০৬° ফারণ হিট্ ডিগ্রী হইত। এই ঔষধ ১ সপ্তাহ কাল ব্যবহারে শরীরের সন্তাপ সন্ধ্যার সময় ৯৯·৮° ডিগ্রী এবং প্রাতঃকালে ৯৮·৬° ডিগ্রী হইতে লাগিল এবং গলা দিয়া সমস্ত দিন রাত্রিতে ২।৩ কাঁচ্চার অধিক পুঁযাদি পড়ে নাই।

আসাফিটিডা,-(হিং),-আসাফ্

(ASAFŒTIDA,–ASAF.)

পারস্য দেশ, আফ্গানিস্থান এবং পাঞ্জাবে এই গাছ জন্মে। তাহা গাছের শিকড় ছিঁড়িলে গোঁদের ন্যায় যে একপ্রকার পদার্থ নির্গত হয় তাহাকে আসাফিটিডা বলে। এতদ্দেশে ইহাকে হিং বলে। যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। স্নায়বিক মণ্ডলী দিয়া স্ত্রীলোকের জননেন্দ্রিয় এবং শ্বাস যন্ত্রের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা স্ত্রীলোকের ডিম্ব-কোষকে উত্তেজিত করে এবং হিষ্টিরিয়া, হাঁপানিকাশি ইত্যাদি রোগ উৎপাদন করে। অস্থি এবং চর্ম্মের উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। হিষ্টিরিয়া রোগ জনিত অস্থিরতা এবং মনের উদ্বেগ; মন সর্ব্বদা চঞ্চল এবং অস্থির; সর্ব্বদা চিড়্ চিড়্, খিট্ খিট্ করা (ব্রাই, ক্যাম্, নাক্স-বম্); সর্ব্বদা বিপদের আশঙ্কা করা।

মস্তক। কপালে চাপিয়া ধরার ন্যায় বেদনা যাহা মাথার মধ্যদেশ হইতে আরম্ভ হইয়া বহির্দ্দিকে বিস্তৃত হয় (একন্, ব্রাই); কপালের বাম পার্শ্বের উন্নত স্থানে সূচী বিঁধানের ন্যায় চিড়িক মারা; চোঁচ বিঁধাইয়া রাখিলে যেরূপ হয়, মাথা এবং কপালের দুই পার্শ্বে সেরূপ কসিয়া ধরা বা চাপিয়া ধরার ন্যায় বেদনা (আনাকার্ড্); বাম পার্শ্বেই এই বেদনা অধিক অনুভূত হয়।

চক্ষু। রাত্রিতে মাথার মধ্য এবং উগব চতুর্দ্দিকে দপ্দপিয়া বেদনা; চক্ষুর আইরিস নামক অংশের গরমীর ব্যারাম জনিত প্রদাহ (Syphilitic Iritis); কর্ণিয়ার বিস্তৃত রকমের ভাসাণ ক্ষত এবং তদ্দরুণ চক্ষে জলাযুক্ত, চাপিয়া ধরার ন্যায় বেদনা, যাহা মধ্যদেশ হইতে বহির্দ্দেশে বিস্তৃত হয় এবং বিশ্রাম ও প্রচাপনে যাহার উপশম হয়; চক্ষে শুষ্ক এবং জ্বালানুভব (আর্স্, সাল্ফ্); ভ্রূর উপরে ছিদ্র করার ন্যায় প্রবল বেদনা।

নাসিকা। নাক দিয়া দুর্গন্ধযুক্ত ক্লেদ নিঃসরণ এবং নাকের হাড় স্ফীত ও প্রদাহযুক্ত।

মুখমণ্ডল। মুখমণ্ডলের হাড়ে অবশবোধ; নিম্ন ওষ্ঠের স্ফীতি।

মুখগহ্বর ও গলার মধ্য। মুখগহ্বর, গলার মধ্য এবং আহার বহা গলনালীর মধ্যে শুষ্কবোধ; উদর হইতে ঊর্দ্ধদিকে গোলার ন্যায় কোন পদার্থ গলার মধ্যে ঠেলিয়া উঠিতেছে এরূপ অনুভূত হয় (লাইকোপ্, সাল্ফ্, ম্যাগ্নেস্-মিউর, ফাইসষ্ট্) যাহা নিবারণ করার জন্য বারম্বার ঢোক গিলিবার ইচ্ছা হয় এবং যাহার দরুন কখন কখন শ্বাসকষ্ট হয়; আহার বহা গলনালী যেন সঙ্কুচিত হইতেছে বারম্বার এরূপ অনুভূত হয়।

পাকস্থলী এবং উদর। পাকস্থলীর মধ্যে দপ্দপানি (আণ্টি-টার্ট্, পাল্স্, সিপিয়া); পাকস্থলীতে পূর্ণবোধ এবং উহার স্ফীতি ও বিস্তৃতি (চায়না); রসুনের গন্ধযুক্ত, পচা বা উগ্র স্বাদ বিশিষ্ট উদ্গার উঠা; পেটের মধ্যে সঞ্চিত দূষিত বায়ু (Flatus) গলাদিয়া নির্গত হয়, কিন্তু উহা কখনও গুহ্যদ্বার দিয়া নির্গত হয় না। উদর অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত (আণ্টি-ক্রুড্, চায়না); উদরোর্দ্ধ প্রদেশ এবং সমুদয় উদরে পূর্ণবোধ (মার্ক্); উদরস্থিত পেশীতে চাপিয়া ধরার ন্যায় বেদনা।

মল এবং মলদ্বার। পুরুষাঙ্গ এবং গুহ্য দ্বারের মধ্যবর্ত্তী স্থানে (Perineum) চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে বেদনা; প্রচুর পরিমাণে জলবৎতরল অথবা গাঢ় গোলানির ন্যায়, কটাবর্ণের এবং অত্যন্ত দুর্গন্ধযুক্ত মলত্যাগ (আর্স্, লেপ্টেণ্ডা, ব্যাপ্ট্)।

মূত্রযন্ত্র। মূত্র কটাবর্ণ এবং উগ্র বা ঝাল গন্ধযুক্ত (বেঞ্জ্-আস্); মূত্র ত্যাগের সময় এবং উহার পর মূত্রাধারের আক্ষেপ (Spasms)।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের প্রসব বেদনার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে পেটে কর্ত্তনবৎ বা নিম্নদিকে ঠেলিয়া নামার ন্যায় যাতনা (আগারিকাশ্, আলোজ্, কোলোফিলাম্, সিমিসিফ্, পাল্স্); পুরুষ সহবাসের অতিরিক্ত ইচ্ছা (ক্যান্থ্); সবুজের আভাযুক্ত, তরল এবং দুর্গন্ধযুক্ত প্রচুর পরিমাণে শ্বেত প্রদর নিঃসরণ; যোনি ইত্যাদির স্ফীতি এবং প্রদাহ।

শ্বাসযন্ত্র। বুকে আক্ষেপিক আঁটা বোধ, যাহার দরুণ মনে হয় যেন বক্ষের মধ্যস্থিত সমুদয় যন্ত্র অনায়াসে বিস্তৃত হইতে পারিতেছে না (ক্রোটন্, ইগ্নেস্, লরোস্); বুকে কষ্টদায়ক চাপিয়া ধরার ন্যায় বেদনা বা

কন্‌কনানি; বুকে (ডাইন পার্শ্বে) সূচীবিঁধানে ন্যায় বেদনা বা যাতনা যাহা মধ্য দেশ হইতে বহির্দ্দেশ পানে বিস্তৃত হয়।

হৃৎপিণ্ড এবং নাড়ী। স্নায়বিক হৃৎস্পন্দন (ককিউল্‌) এবং উহার সঙ্গে সঙ্গে নাড়ী ক্ষুদ্র, দ্রুতগামী এবং অনিয়মিতরূপে স্পন্দন করে।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ডাইন স্কন্ধাস্থির পশ্চাৎভাগে জ্বালাযুক্ত, সূচীবিঁধানের ন্যায় বেদনা যাহা পাঁজরার হাড় পর্য্যন্ত বিস্তৃত হয়; পৃষ্ঠদেশে কন্‌কনানির দরুণ কাজ কর্ম্ম করিতে অশক্তি।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। হাতের সমুদয় অংশের, এমন কি হাতের আঙ্গুলের আগাতে পর্য্যন্ত ছিঁড়িয়া ফেলা বা সূচীবিঁধানের ন্যায় বেদনা; বাহুর পেশীর স্পন্দন। পায়ের পেশীর স্পন্দন; পায়ের টিবিয়া (Tibia) নামক হাড় এবং পায়ের পাতার হাড়ে পোকায় ধরা (Caries) (হিপ্‌-সাল্‌ফ্‌, মার্ক্‌, মেজিরিয়াম্‌, নাইট্রিক্‌-আস্‌, ফস্‌-আস্‌, সাইলিসি); পায়ের বৃদ্ধাঙ্গুলীর অগ্রভাগে অত্যন্ত কষ্টদায়ক দপ্‌দপানি।

চর্ম্ম। গায় উচ্চ এবং কঠিন প্রান্ত বিশিষ্ট ক্ষত যাহা স্পর্শনে অত্যন্ত বেদনাযুক্ত হয় এবং যাহা হইতে সহজে রক্ত পড়ে (হিপ্‌-সাল্‌ফ্‌, মার্ক্‌, মেজিরিয়াম্‌); ঘা হইতে প্রচুর পরিমাণে সবুজের আভাযুক্ত তরল, দুর্গন্ধযুক্ত এবং কখন কখন পচা পর্দ্দা বিশিষ্ট পূঁয নির্গমন।

জ্বর। সময়ে সময়ে সমুদয় শরীরে শীতবোধ; মধ্যাহ্নে আহারের পর গা গরম হয় এবং উহার সঙ্গে সঙ্গে মনের উদ্বেগ, নিদ্রাবেশ, কিন্তু পিপাসা থাকে না।

ব্যবহার। হিষ্টিরিয়া; সমুদয় যন্ত্রের অতিরিক্ত চেতনা; মনোন্মত্ততা; (Hypochondriasis) হাঁপানি কাশি; হুপিং কফ বা কাশি; অজীর্ণ; হৃৎবেদনা; উদরাময়; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে কষ্টকর রজঃস্রাব; পুরুষ সহবাসের অতিরিক্ত ইচ্ছা; অস্থি এবং চর্ম্মের পারার অপব্যবহার বা গণ্ডমালা জনিত অসুখ; (যথা অস্থি পোকায় ধরা এবং ক্ষত); অস্থির অসম্পূর্ণ বিকাশ হেতু অসুখ (Rickets); তরুণ এবং পুরাতন আকারের গৌণ উপদংশ (Secondary and Tertiary Syphilis) ইত্যাদি অসুখে আসাফিটিডা ব্যবস্থা।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। হিষ্টিরিয়া রোগে গলারমধ্য এবং

আহারবহা গলনালীর মধ্যে অত্যন্ত কষ্টানুভব; বসিয়া থাকিলে সমুদয় উপদ্রব আরম্ভ হয় এবং বহির্ব্বায়ুতে এবং নড়াচড়াতে অসুখের বৃদ্ধি ইত্যাদি আসাফিটিডার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। স্নায়বিক, হিষ্টিরিয়া রোগাক্রান্ত হওয়া এবং গণ্ডমালা ধাতু; গণ্ডমালা ধাতু, মোটা এবং অপরিষ্কার শিশু বা বালক বালিকার পক্ষে এই ঔষধ বিশেষ উপযোগী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। স্নায়বিক মণ্ডলীর উপর ইহার কার্য্য আম্ব্রা, মস্কাশ্ এবং বেলেরিয়ানের ন্যায়। অস্থির উপর ইহার কার্য্য অরাম্, ফ্লুয়োরিক্-আসিড্, মার্কিউরিয়াস্, ফস্ফরাস্ এবং সাইলিসিয়ার ন্যায়। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক্, বেলাডোনা, ব্রাইওনিয়া, ক্যাল্কেরিয়া-কার্ব্ব্, কষ্টিকাম্, চায়না, কার্ব্বো-বেজিটেবিলিস্, কফিয়া, কোনায়াম্, লাইকোপডিয়াম্, নাইট্রিক্ আসিড্, পাল্সেটিলা, সিপিয়া এবং সাল্ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। কষ্টিকাম্, ক্যাম্ফার, চায়না, মার্কিউরিয়াস্, পাল্সেটিলা।

ডাইলুশন বিচার। হিষ্টিরিয়া ঘটিত অসুখে ১ম, ২য় এবং ৩য় দশমিক ক্রমের আরোক বিশেষ উপকারী। ডাক্তার হল্কোম্ (Dr. Holcombe) বলেন যে, অস্থির অসুখে (অস্থি পোকায় ধরিলে,-Caries) ১২ এবং ৩০ ডাইলুশন বিশেষ উপকারী।

বিস্মাথাম্,-বিস্মাথ্,-বিস্মাথ্

(BISMUTHUM,–BISMUTH SUBNITRATE,-BISM.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনীত বিস্মাথ্ সাব্নাইট্রেট্ ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ১ম দশমিক হইতে ৩য় শততমিক ক্রম পর্য্যন্ত গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ৩য় শততমিক ক্রম হইতে যথানিয়মে ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। যে সকল যন্ত্র নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর (Pneumo-

gastric nerve) শাসনাধীন, সেই সকল যন্ত্রের উপরই ইহার কার্য্য অতি প্রবল। পাকস্থলীর উপর ইহার কার্য্য সর্ব্বাপেক্ষা প্রবল এবং তদ্দরুণ পাকস্থলীতে বমন সম্বলিত বেদনা উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা এবং কপাল প্রদেশে ভারিবোধ।

চক্ষু। ডাইন চক্ষুর গোলকে বেদনা যাহা সম্মুখ দেশ হইতে আরম্ভ হইয়া পশ্চাৎদিকে এবং নিম্নদিক হইতে আরম্ভ হইয়া উপরের দিকে বিস্তৃত হয়; চক্ষুর দুই কোণে গাঢ় পুঁযের ন্যায় কেতুরের সঞ্চার।

মুখগহ্বর। দন্তশূল ঠাণ্ডাজল মুখে লইলে যাহার উপশম হয় (কফিয়া)।

পাকস্থলী এবং উদর। শেষ বেলা বা সন্ধ্যার সময় জিহ্বা সাদা লেপযুক্ত (প্রাতঃকালে জিহ্বা উক্ত প্রকারের লেপযুক্ত হইলে সাল্‌ফ্‌); বারম্বার কাঠ উদ্‌গার উঠা এবং পাকস্থলীতে অত্যন্ত অসুখ বোধ; আহার বা মাতৃস্তন দুগ্ধ পানের পর বমন বা বমনোদ্বেগ; তরল পদার্থ বমন্; জল পাকস্থলীর মধ্যে প্রবেশ করিবা মাত্রই বমন (ফস্); কোন একটী ভারি পদার্থ চাপিয়া থাকিলে যেরূপ হয়, আহারের পর পাকস্থলী প্রদেশে অত্যন্ত কষ্টদায়ক এবং জ্বালাযুক্ত সেরূপ চাপাবোধ (আস্); বমন বা আক্ষেপিক বমনোদ্বেগ বা কাঠবমী এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে অকথ্য বেদনা বা যন্ত্রণা; পাকস্থলীতে আক্ষেপিক বেদনা; পাকস্থলীতে একবার জ্বালাবোধ এবং একবার চাপাবোধ; মেরুদণ্ডে চাপাবোধ, যাহার দরুণ রোগী পশ্চাৎপানে বাঁকিয়া পড়িতে বাধ্য হয়। গুহ্যদ্বার দিয়া বারম্বার দূষিত বায়ু (Flatus) নিঃসরণ; তলপেটে চিন্‌চিনে বেদনা এবং চাপাবোধ ও উহার সঙ্গে সঙ্গে পেটে গড়্ গড়্, কল কল শব্দ হওয়া এবং মল ত্যাগের ইচ্ছা।

মূত্রযন্ত্র। বারম্বার প্রচুর পরিমাণে জলবৎমূত্র ত্যাগ।

শ্বাসযন্ত্র। চলিবার সময় বক্ষ এবং উদর কোটরের মধ্যস্থিত গোল পেশী বা (Diaphragm) প্রদেশের মধ্য দিয়া আক্ষেপিক এবং চাপিয়া ধরার ন্যায় বেদনা; বুকে, পিঠে ছিদ্র করার ন্যায় এবং জ্বালাযুক্ত বেদনা।

অঙ্গ প্রত্যঙ্গ। ডাইন বাহুতে পক্ষাঘাতের ন্যায় অবশ এবং দুর্ব্বল-বোধ; ডাইন বাহুর সম্মুখভাগে অবশ কারক এবং ছিঁড়িয়া ফেলা বা চাপিয়া ধরার ন্যায় বেদনা, বহির্দ্দিকেই যাহা অধিক অনুভূত হয় এবং নড়া চড়া ও স্পর্শনে যাহা দূরীভূত হয়; ডাইন হাতের তর্জ্জনী এবং মধ্যমাঙ্গুলীর হাড়ে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; ডাইন হাতের আঙ্গুলের অগ্রভাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় তীক্ষ্ণ বেদনা যাহা নখের নীচেই অধিক অনুভূত হয়।

চর্ম্ম। পায়ের টিবিয়া (Tibia) নামক হাড়ের পার্শ্বে এবং উভয়পায়ের পাতার পশ্চাৎদেশে সন্ধির নিকটবর্ত্তী স্থানে ক্ষতকারক চুলকানি, চুলকাইলে যাহার বৃদ্ধি হয়, কিন্তু যে পর্য্যন্ত রক্ত না পড়ে, সে পর্য্যন্ত চুলকাইতে ইচ্ছা হয়।

নিদ্রা। শেষ রাত্রিতে অত্যান্ত ঘুম হয় না; ভয় থাইলে যেরূপ হয়, রাত্রিতে বারম্বার সেরূপ জাগিয়া উঠা; স্ত্রী বা পুরুষ সহবাস সম্বন্ধীয় স্বপ্ন দেখিয়া অস্থির নিদ্রা বা ঘুম ভাল না হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে কখন ধাতু-নির্গত হয়, কখন বা ধাতু নির্গত হয় না।

ব্যবহার। পাকস্থলীর অসুখে, বিশেষতঃ বমন সম্বলিত পাকস্থলীতে বেদনায় বিস্‌মাথ্ বিশেষ উপকারী। ভেদ, বমন এবং পেটে বেদনা সম্বলিত পেটের অসুখ; উদরাময় ইত্যাদি অসুখে ইহা বিশেষ উপকারী। টেষ্টি (Teste) বলেন যে, স্ত্রীলোকের সন্তান প্রসবের পর পায়ের ডিমের শিরাদির সাদা স্ফীতিতে (Phlegmasia Alba Dolens) বিস্‌মাথ্ ব্যবহার করিয়া তিনি বিশেষ ফল পাইয়াছেন।

সমগুণ বিশিষ্ট ঔষধ। বিস্‌মাথের কার্য্যের সঙ্গে আর্সিনিক্, আর্জেণ্টাম্, হাইড্রোসায়েনিক্ আসিড্ এবং জিঙ্কামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আণ্টিমোনিয়াম্ ক্রূডাম্, বেলাডোনা, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, হাইড্রাষ্টিস্, ইগ্‌নেসিয়া, লাইকোপডিয়াম্, ফক্ষরাস্, নাক্স্-বমিকা, পাল্‌সেটিলা, রাস্‌টক্স্, সিপিয়া এবং সাল্‌ফারের কার্য্যেরও সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাল্‌কেরিয়া কার্ব্ব, ক্যাপ্‌সিকাম্, নাক্স-

ক্ষিকা। অধিক মাত্রায় বিস্‌মাথ্‌ দ্বারা বিষাক্ত হইলে বমন উৎপাদক ঔষধ প্রয়োগের পর দুগ্ধাদি ব্যবস্থা।

ডাইলুশন বিচার। হানিমান এই ঔষধের ২য় ক্রমের গুঁড়া ব্যবহার করিতেন। আমরাও ১ম এবং ২য় ক্রমের গুঁড়া ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়া থাকি। ডাক্তার ইল্‌ডাম্ (Dr. Yeldham) বলেন যে, পাকস্থলীর বমন সম্বলিত বেদনায় এই ঔষধের মিশ্র গুঁড়াতে কোন ফল না পাইয়া আদত বিস্‌মাথ্‌ ৫ গ্রেইণ মাত্রায় ব্যবহার করিয়া স্ত্রীলোকদিগের উক্ত প্রকারের পাকস্থলীর বেদনায় তিনি বিশেষ ফল পাইয়াছেন। লেখকও ডাক্তার ইল্‌ডামের উক্ত মতের পোষকতা করেন। তিনি ২।৩ টী রোগীর উক্ত প্রকার পেটে বেদনায় আদত বিস্‌মাথ্‌, ১গ্রেইণ মাত্রায় ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়াছেন।

বোরাক্স্‌,-সোহাগা,-বোরাক্স্‌

(Borax,—Borax)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত বোরাক্স্‌ (সোহাগা) ক্রয় করিয়া যথা নিয়মে সুগার অব্‌ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার ১ম দশমিক ক্রমের গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ২য় দশমিক ক্রম হইতে যথা নিয়মে ৩য় শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মনুষ্যদেহে এই ঔষধ কি প্রকারে বা প্রথাতে কার্য্য করিয়া থাকে, সে বিষয়ে বিশেষ কিছু বুঝিতে পারা যায় না। কিন্তু শ্লৈষ্মিক ঝিল্লী, প্রধানতঃ মুখগহ্বর, অন্ত্র, জরায়ু এবং যোনিদ্বারের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর যে ইহার কার্য্য অতি প্রবল সে সম্বন্ধে সন্দেহ নাই। শ্বাস যন্ত্র এবং চর্ম্মের উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়। নিম্নদিকে নামিতে ভয় এই ঔষধের একটী বিশেষ মানসিক প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। নিম্নদিকে চলিতে ভয় খাওয়া এবং উহার সঙ্গে সঙ্গে মুখাকৃতি উদ্বেগের চিহ্নযুক্ত, (দোলায় দুলিলে, দোলার ন্যায় কেদারায়

বসিলে, বা উপরের ঘর হইতে সিঁড়ি ভাঙ্গিয়া নীচের ঘরে নামিবার সময় যেরূপ হইয়া থাকে); অপরাহ্নে কোন কাজ কর্ম্ম করিতে ইচ্ছা না হওয়ার দরুণ চুপ মারিয়া বসিয়া থাকা; কোন কাজ কর্ম্ম না করা বা একবার একাজ আবার ওকাজ, এরূপ বারম্বার কাজ পরিবর্ত্তন করা; বারম্বার এঘর হইতে ওঘরে যাওয়া এবং কোন বিষয়ে মন নিবিষ্ট না করিতে পারা; মনের অত্যন্ত উদ্বেগ এবং নিদ্রাবেশ বা নিদ্রার ইচ্ছা; সন্ধ্যা হইতে রাত্রি ১১টা পর্য্যন্ত মনের উদ্বেগ থাকে; সর্ব্বদা চিড়্ চিড়্, খিট্ খিট্ করা এবং সকল বিষয়েই অসন্তুষ্টি প্রকাশ করা (ব্রাই, ক্যাম্, নাক্স্-বম্); সর্ব্বদা অলসভাবে সময় কাটান; সামান্ত শব্দ শুনিয়াও সহজে চমকিয়া উঠা।

মস্তক। চুলের আগা একত্র জড়াইয়া যায় এবং চুলের জড়িত আগা কাটিয়া দেওয়ার পর চুল বড় হইলে উহা আবার জড়াইয়া যায়; সমুদয় মাথায় কন্‌কনানি এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ এবং বমনের ইচ্ছা ও সমুদয় শরীরের কাঁপনি।

চক্ষু। চক্ষুর পক্ষ (পিছি) চক্ষুর মধ্যদিকে বাঁকিয়া মধ্যে প্রবিষ্ট হওয়ার দরুণ চক্ষু, বিশেষতঃ নাকের নিকটবর্ত্তী কোণ, প্রদাহযুক্ত হয় এবং চক্ষুর পাতার প্রান্ত ক্ষতযুক্ত হয় ও টাটায় (মার্ক্); ডাইন চক্ষের ডাইন বা বহির্দ্দেশের কোণ প্রদাহযুক্ত হয় এবং উহার পক্ষ এলোমেলো ভাবে থাকে; রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকে (লাইকোপ্, মার্ক্, পাল্‌স্, সাল্‌ফ্); প্রাতঃকালে লিখিবার সময় চক্ষুর সম্মুখে পাখির ডানা ঝাড়ার ন্যায় ধড়্‌ফড়ানী, যাহার দরুণ দেখিবার ব্যাঘাত জন্মে বা চক্ষে ঝাপ্‌সা দেখায়; চক্ষুর সম্মুখে যেন উজ্জ্বল ঢেউ ডাইন দিক হইতে বাম দিকে এবং উপরের দিক হইতে নিম্নদিকে গড়াইয়া যাইতেছে এরূপ অনুভূত হয়।

কর্ণ। কানে সোঁ সোঁ শব্দ হওয়া; বাম কানে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয়।

নাসিকা। নাকের মধ্যে শুকনা চুমটি পড়ে যাহা একবার ফেলিয়া দিলে পুনর্ব্বার পড়ে; বাম নাসারন্ধ্রের সম্মুখভাগে নাকের নিকট ব্রণ এবং উহাতে বেদনা বা টাটানি ও নাসিকার অগ্রভাগের স্ফীতি; নাকের

জ্বিন লাল বর্ণের স্ফীতি এবং উহাতে দপ্‌দপানি এবং কসিয়া ধরার ন্যায় বেদনা (বেল্)।

মুখমণ্ডল। মুখমণ্ডল ফিকা বা শিটা এবং মেটে রঙ্গ বিশিষ্ট (আর্স্, চায়না); মুখমণ্ডল লালবর্ণ এবং উহাতে অত্যন্ত জ্বালা উৎপাদক উত্তাপানুভব (একন্, বেল্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। দন্তমাড়ি ব্রণ (Gum-boil) যাহাতে অত্যন্ত বেদনার উদ্রেক হয় এবং ছিদ্র বিশিষ্ট দাঁতে ঘুশ্‌ঘুশে বেদনা; গাল এবং মুখমণ্ডলের বাম দিকের সমুদয় অংশের স্ফীতি; জিহ্বা, ওষ্ঠ এবং গালের মধ্যদেশের ক্ষত এবং উহার সঙ্গে সঙ্গে মুখগহ্বরের শুষ্কতা (হাইড্রাষ্ট্, হেলিবোরাস্, আয়োড্, মার্ক্, নাইট্রিক্-আস্); জিহ্বার উপরে অত্যন্ত কষ্টদায়ক লাল ফোস্কার ন্যায় ফুস্কুড়ী (নাক্স্-বম্), যাহার দরুণ মনে হয় যেন জিহ্বা পুড়িয়া ছাল উঠিয়া গিয়াছে; পুড়িলে যেরূপ হয়, তালুকার সম্মুখের অংশ যেন সেরূপ কোঁচকাইয়া যায় এবং কোন দ্রব্য চিবাইবার সময় অত্যন্ত বেদনা-যুক্ত হয়; মুখে বিস্বাদ, তিক্ত স্বাদ বা স্বাদ একবারেই থাকে না (ব্যাপ্ট্, ব্রাই, পাল্স্, সাল্ফ্)। গলার মধ্যে সাদাটিয়া কঠিন শ্লেষ্মার সঞ্চার যাহা অনেক কষ্টে বা চেষ্টাতে গলার মধ্য হইতে নির্গত হয় (এইলান্থ্, আমন্-মিউর)।

পাকস্থলী এবং উদর। আহারের পর পাকস্থলীর স্ফীতি এবং বিস্তৃতী ও উহাতে অত্যন্ত অসুখবোধ এবং গা বমী বমী করা; কোন ভারি দ্রব্য উঠাইতে চেষ্টা করার পর পাকস্থলী প্রদেশে বেদনা আরম্ভ হইয়া কোমরের পশ্চাৎদেশে বিস্তৃত হইয়া সূচীবিঁধানের ন্যায় বেদনায় পরিণত হয়; বেদনার দরুণ রাত্রিতে পাশ ফিরিয়া শুইতে পারা যায় না; শেষ রাত্রি বা প্রাতঃকালে বেদনার উপশম। আহারের পর দূষিত বায়ু সঞ্চিত হওয়ার দরুণ উদর স্ফীত এবং বিস্তৃত হয় (কার্ব্বো-বেজ্, চায়না); উদরে চিন্‌চিনে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে উদরাময়।

মল। কোমল ফিকা হরিদ্রাবর্ণ (এথুজা, চেলিডন্) শ্লেষ্মা ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয়; শিশু বা বালক বালিকা-গণের সবুজ বর্ণের মল ভেদ এবং দাস্তের পূর্ব্বে ক্রন্দন (কলোস্); প্রাতঃকালে বেদনাহীন উদরাময় (পডোফ্, সাল্ফ্)।

মূত্রযন্ত্র। মূত্রত্যাগের অত্যন্ত প্রবল ইচ্ছা (একন্), যাহার দরুণ রাত্রিতে প্রস্রাব করার জন্য বারম্বার বিছানা হইতে উঠিতে হয় (আম্ব্রা); বারম্বার মূত্র ত্যাগের ইচ্ছা, কিন্তু বেগদিলে এক ফোঁটাও মূত্র নির্গত হয় না (একন্, ক্যাম্ফ্); মূত্রত্যাগের পর মূত্রনালীতে জ্বালা ও চিড়িকমারা; শিশুগণের উষ্ণ বা জ্বালা উৎপাদক মূত্র নির্গমন (একন্, ক্যাম্ফ্); শিশু প্রায় ১০।১৫ মিনিট অন্তরই প্রস্রাব করে এবং প্রত্যেকবার মূত্রত্যাগের পূর্ব্বেই চীৎকার করিয়া কাঁদিয়া উঠে।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে, প্রচুর পরিমাণে রজঃস্রাব (আমন্-কার্ব্ব, আর্স, ক্যাল্ক্-কার্ব্ব, নাক্স-বম্) এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ এবং পেটকামড়ানী বা বেদনা; ডিমের লালের ন্যায় শ্বেতপ্রদর নিঃসরণ (আমন্-মিউর, বোবিষ্টা, ক্যাল্ক-ফস্, মেজিরিয়াম্) এবং উহার সঙ্গে সঙ্গে মনে হয় যেন গরম জল জরায়ু হইতে যোনিদ্বার দিয়া বহিয়া পড়িতেছে; সাদা গাঢ় কাইয়ের ন্যায় শ্বেত প্রদর নিঃসরণ; রজঃস্রাবের পূর্ব্বে পাকস্থলী হইতে কোমরের পশ্চাৎদেশ পর্য্যন্ত বেদনা; রজঃস্রাবের সময় কুঁচকিতে সূচীবিঁধান বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; শিশুকে স্তন পান করানের পরক্ষণেই স্তনে কামড়ানী বা সূচী-বিঁধানের ন্যায় বেদনা, যাহার দরুণ রোগী হাতের পাতা দিয়া স্তন চাপিয়া রাখিতে বাধ্য হয়, কারণ তাহা না হইলে স্তন কন্‌কন্ করে।

শ্বাসযন্ত্র। খুশ্‌খুশে এবং প্রবল কাশি এবং গলাদিয়া সামান্য পরিমাণে বিশ্রী স্বাদ এবং দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা নির্গমন; কাশি এবং গলাদিয়া রক্তের ছিটযুক্ত সাদা শ্লেষ্মা নির্গমন; ২।৪ মিনিট অন্তরই রোগী দীর্ঘনিশ্বাস টানিতে বাধ্য হয় এবং তৎপর বুকের ডাইন পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় বেদনা বা যাতনা আরম্ভ হইয়া বেদনা কমে; দীর্ঘনিশ্বাস এবং আস্তে আস্তে প্রশ্বাস বহে; প্রত্যেকবার কাশি ও দীর্ঘনিশ্বাসের সময় বুকে ঘাটিয়া বা কসিয়া ধরার ন্যায় বেদনা (ব্রাই, ক্যালী-কার্ব্ব); হাঁইতোলা কাশি দেওয়া অথবা দীর্ঘনিশ্বাস প্রশ্বাসের সময় বুকে সূচী বিঁধানের ন্যায় বেদনা; চাপিলে, বা ঠাণ্ডা জলে বুক ধোয়াইলে বুকের বেদনার উপশম এবং মদ্যপানে উহার বৃদ্ধি হয়।

চর্ম্ম। চর্ম্ম অসুস্থ, যাহার দরুণ গায় সামান্য ক্ষত হইলেই

থাকিয়া উহাতে পুঁযের সঞ্চার হয় (ক্যাম্, হিপ্-সাল্ফ্, গ্রাফ্, সাইলিসি, সালফ); মুখমণ্ডল এবং হাতের চামড়ার উপর যেন মাকড়সার জাল লাগিয়া রহিয়াছে এরূপ অনুভূত হয়; আঙ্গুলের সন্ধির পশ্চাৎদেশে অত্যন্ত চুলকানি, যাহার দরুণ অত্যন্ত চুলকাইবার ইচ্ছা হয়; গালে এবং ঠুটীর চতুর্দ্দিকে ক্ষুদ্র ক্ষুদ্র লাল ফুস্কুড়ী; শীতকালে হাত পায়ের আঙ্গুল হেজে যাওয়ার ন্যায় লালবর্ণ হয় এবং উহাতে অত্যন্ত জ্বালানুভূত হয় (আগারিকাশ্)।

নিদ্রা। স্বাভাবিক অপেক্ষা অধিক ঘুম হয় বটে, কিন্তু বারম্বার ঘুম ভাঙ্গিয়া যায়; শেষ রাত্রি ৩ টার সময় ঘুম ভাঙ্গিয়া যায় এবং সমুদয় শরীরে গরমবোধ হওয়ার দরুণ ঘুম হয় না এবং এই সময়ে উরুদেশে ঘর্ম্ম হয়; ভয়ানক স্বপ্ন দেখিলে যেরূপ হয়, শিশু ঘুমেরঘোরে সেরূপ হঠাৎ চীৎকার করিয়া কাঁদিয়া উঠে।

ব্যবহার। মুখে ঘা; শিশু বা বালক বালিকার উদারময়; স্ত্রীলোকের কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা; শ্বেতপ্রদর বা পর্দ্দার ন্যায় পদার্থযুক্ত রজঃস্রাব; বন্ধ্যাত্ব ইত্যাদি অসুখে বোরাক্স ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ডাক্তার গ্যারেন্সি (Dr. Guorensy) বলেন যে নিম্নদিকে নামিতে ভয়ের উদ্রেক এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত। শিশুগণের দাঁত উঠার সময় অসুখ এবং তাহাদিগের অন্যান্য সময়ের অসুখের পক্ষে ইহা বিশেষ উপকারী।

সমগুণবিশিষ্ট ঔষধ। বোরাক্সের কার্য্যের সঙ্গে বেলাডোনা, ব্রাইওনিয়া, ক্যামোমিলা, সিনা, ক্যাল্কেরিয়া-কার্ব্বোনিকা, ক্যাল্কেরিয়া-ফস্ফরিকা, কফিয়া, হিপার সাল্ফিউরিস্, মার্কিউরিয়াস্, নাক্স-বমিকা, পাল্‌সেটিলার্ কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যামোমিলা, কফিয়া।

ডাইলুশন বিচার। সচারাচার আদত সোহাগা গুঁড়া করিয়া ১ হইতে ৫ গ্রেইণ মাত্রায় ব্যবহৃত হইয়া থাকে। আবার অনেক সময় ইহার ১ম বা ২য় দশমিক ক্রমের গুঁড়া ২।৩ গ্রেইণ মাত্রায় ব্যবহৃত হইয়া থাকে। সোহাগার খৈ গুঁড়া করিয়া উহাতে অল্প পরিমাণে মধু মিশাইয়া মুখের ঘায় লাগাইলে বিশেষ উপকার দর্শে। অনেক চিকিৎসক মুখের ঘায় এই ঔষধের

১ম দশমিক ক্রমের গুঁড়া মধুর সঙ্গে মিশাইয়া বাহ্য প্রয়োগের ব্যবস্থা দিয়া থাকেন। আবার এই ঔষধের কেবল বাহ্যিক প্রয়োগেই অনেক সময় মুখের ঘা সারিয়া যাইতে দেখা যায়।

ক্যানাবিস্ ইণ্ডিকা,-(গাঁজা,)-ক্যান্-ইণ্ড্

(CANNABIS INDICA,-INDIAN HEMP,-CANN.-IND.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে একষ্ট্রাক্টাম্ ক্যানাবিস্ ইণ্ডিসি (Extractum Cannabis Indicæ, P. B.) ক্রয় করিয়া যথা নিয়মে রেক্‌টিফাইড্ স্পীরিটে মিশাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হয়।

সাধারণ ক্রিয়া। ইহা স্নায়বিক মণ্ডলীকে অত্যন্ত উত্তেজিত করিয়া মস্তিষ্ককে বিকৃত করে এবং স্নায়বিক মণ্ডলীর জ্ঞান এবং গতি উৎপাদক শক্তির চাঞ্চল্য বৃদ্ধি করে। এজন্য এতদ্দেশে মনের উল্লাস উৎপাদন করার জন্য অনেক লোক গাঁজা খাইয়া থাকে। যাহারা গাঁজা খায় তাহাদিগের ধাতু বুঝিয়া উক্ত উল্লাসের পরিমাণ কম বা অধিক হইয়া থাকে। গাঁজা খাইলে অতি সামান্য বিষয়ও মনে গুরুতর বলিয়া অনুভূত হয়। স্বাভাবিক অবস্থায় মনের যে যে বৃত্তি প্রবল থাকে, গাঁজা খাইলে সে সকল বৃত্তি অত্যন্ত উত্তেজিত হইয়া থাকে। যথা স্বাভাবিক অবস্থায় যে কুকর্ম্ম করার ইচ্ছা থাকে, গাঁজা খাইলে সেই কুকর্ম্ম করিবার ইচ্ছা চরম সীমা প্রাপ্ত হয় এবং স্বাভাবিক অবস্থায় যে ভাল কার্য্য করিবার ইচ্ছা থাকে, গাঁজা খাইলে সে ভাল ইচ্ছা উহার চরম সীমা প্রাপ্ত হয়। এই ঔষধের বিশেষ কার্য্য নিম্ন লিখিত লক্ষণাদিতেই বিশেষ রূপে প্রকাশ পাইবে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অত্যন্ত উল্লাস এবং নানা বিষয়ে চিন্তা, সুখ ও দুঃখ প্রকাশ করা (হায়োস্, ল্যাক্, ষ্ট্রামন্); সর্ব্বদা আমোদ করা এবং অনিষ্ট করার ইচ্ছা ও অতিরিক্ত হাসি; অনেক প্রকারের ভ্রম এবং কাল্পনিক বিষয় দেখা (আর্জিন্ট্, হায়োস্, ষ্ট্রামন্); সর্ব্বদা চিন্তাযুক্ত এবং উহার সঙ্গে সঙ্গে মনের অত্যন্ত কষ্ট, বহির্ব্বায়ুতে যাহার উপশম হয়; বারম্বার পাগল

হওয়ার ভয় (ক্যাল্‌ক্‌-কার্ব্ব, মার্ক্‌); অল্প সময় অধিক এবং সামান্য দূরকে অধিক দূর বলিয়া অনুভূত হয়, যথা ১ মিনিট সময়কে ১ বৎসর এবং ২।৩ হাত দূরত্বকে ২।৪ ক্রোশ বলিয়া অনুভূত হয়; অন্ধকারে ভয়ের উদ্রেক হয়; মৃত্যু যেন নিকটবর্ত্তী রোগী এরূপ মনে করিয়া অত্যন্ত ভয় খায় (একন্‌, আর্স্‌); মস্তিষ্কের মধ্যে নানা বিষয়ের চিন্তার উদয় হওয়ার দরুণ রোগী কোন বিষয় বা ঘটনার কথা স্মরণ করিতে পারে না; সর্ব্বদা উন্মনস্কতা (এপিস); অচেতনাবস্থা; মদোন্মত্ততা (Delirium Tremens); শরীর কম্পন; চিত্ত বিভ্রম; সর্ব্বদা চটাচটি করার ভাব; বমনোদ্বেগ; অসহ্য পিপাসা।

মস্তক। বসা অবস্থা হইতে দাঁড়াইলে মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে মাথার পশ্চাৎভাগে অবসন্ন কারক বেদনা; বারম্বার অনিচ্ছা পূর্ব্বক মাথার ঝাঁকনি; মস্তিকে অত্যন্ত ভারি এবং চাপা বোধ, যাহার দরুণ রোগী ঘাড় হেট করিয়া উপুড় হইয়া থাকিতে বাধ্য হয়; মস্তিষ্কের মধ্যে যেন বারম্বার হঠাৎ ধাক্কা লাগে; কপালে, বিশেষতঃ চক্ষুর উপরিভাগে, কসিয়া ধরার ন্যায় ঘুশ্‌ঘুশে বেদনা; কপালে দপ্‌দপিয়া বা কন্‌কনিয়া বেদনা; কপালের ডাইন পার্শ্বে, মাথার মধ্যদেশ এবং পশ্চাৎ দেশ পানে ঝাঁকি লাগা; কপালের দুই পার্শ্বে কন্‌কনানি, ডাইন পার্শ্বেই যাহা অধিক প্রবল বলিয়া অনুভূত হয়; কপালের ডাইন পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় ঘুশ্‌ঘুশে বেদনা; মাথার ডাইন পার্শ্বের সমুদয় অংশেই বেদনা; মাথায় অত্যন্ত ভারিবোধ এবং রোগী চেতনাহীন হইয়া পড়িয়া যায়।

চক্ষু। একদৃষ্টে তাকাইয়া থাকা; অজ্ঞান অবস্থায় নানা প্রকারের কাল্পনিক বিষয় দেখা; চক্ষুর বহির্দ্দিকের কোণে এবং চক্ষুর পাতার ঝাঁকনি; চক্ষুর যোজক ত্বকের শিরাদি লাল বর্ণ (একন্‌); পড়িবার সময় পুস্তকাদির অক্ষর গুলি যেন একত্রিত হইয়া জড়াইয়া যায়; চক্ষুর কাঁপনি এবং চক্ষুর সম্মুখে ধড়্‌ফড়াণী।

কর্ণ। দুই কানেই বেদনা; উভয় কানেই দপ্‌দপানি এবং পূর্ণ বোধ; কানের মধ্যে টন্‌ টন্‌, বজ্‌ বজ্‌ শব্দ হওয়া; কানের মধ্যে জল সিদ্ধ করার ন্যায় শব্দ হওয়া; স্বপ্নের অবস্থায় কোন নির্দ্দিষ্ট সময়ে কানে গান করার ন্যায় শব্দ শুনা যাহা স্বপ্নের অবস্থা দূরীভূত হইলে থাকে না।

মুখমণ্ডল। মুখমণ্ডল ক্লান্ত এবং শ্রান্ত হওয়ার চিহ্নযুক্ত; মুখাকৃতি নিদ্রাবেশের ন্যায় বা বোকার ন্যায় চিহ্ন বিশিষ্ট।

মুখগহ্বর এবং গলার মধ্য। আঠা মাখাইয়া রাখিলে যেরূপ হয়, দুই ওষ্ঠ যেন সেরূপ লাগিয়া থাকে; ঘুমেরঘোরে দাঁতে দাঁতে কড়্ মড়্, খট্ খট্ খট্ খট্ শব্দ করা (সিকুটা); মুখগহ্বর এবং ওষ্ঠে শুষ্কানুভব; মুখে সাদা, গাঢ়, ফেণাযুক্ত এবং আঠা থুথু উঠে; সমুদয় খাদ্য দ্রব্যই যেন খাইতে খুব ভাল লাগে; সর্ব্বদা তোতলার ন্যায় বা গলা কাঁপাইয়া কথা বলা (কষ্ট্, ষ্ট্রামন্); জিহ্বা যেন একবারে শুকাইয়া যায়, যাহার দরুণ ঠাণ্ডা জল খাইতে অত্যন্ত ইচ্ছা হয়।

পাকস্থলী। ক্ষুৎক্ষুধা; পাকস্থলীর হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী মুখের নিকট বেদনা, প্রচাপনে যাহার উপশম হয়।।

মলদ্বার। একটী গোলার উপর গুহ্যদ্বার চাপিয়া বসিলে যেরূপ হয়, গুহ্যদ্বারে সেরূপ অনুভূত হয়; মনে হয় যেন গুহ্যদ্বার এবং মূত্রনালীর এক অংশ একটী কঠিন গোলাকারের পদার্থ দ্বারা পরিপূর্ণ রহিয়াছে।

মূত্রযন্ত্র। হাসিবার সময় মূত্রকোষে বেদনা; মূত্রকোষে জ্বালা, কন্‌কনানি অথবা সূচীবিঁধানের ন্যায় তীক্ষ্ণ বেদনা; পুরুষাঙ্গ টিপিলেই মূত্র-নালী দিয়া শ্লেষ্মার ন্যায় এক প্রকার চক্‌চকে পদার্থ নির্গত হয়; মূত্রত্যাগের সময়, উহার পূর্ব্বে এবং উহার পর মূত্রনালীতে জ্বালা ও চিড়িকমারা, অথবা হুল ফুটানের ন্যায় বেদনা (ক্যানাবিস্ সাট্, ক্যান্থ্); প্রস্রাবের বেগ হয় বটে, কিন্তু বেগ দিলে মূত্র ১ ফোঁটাও নির্গত হয় না; প্রচুর পরিমাণে রঙ্গহীন মূত্রত্যাগ; প্রস্রাব পাইলে অনেকক্ষণ বসিয়া চেষ্টার পর মূত্র নির্গত হয় এবং হাত দিয়া পুরুষাঙ্গ টিপিয়া শেষ কএক ফোঁটা মূত্র বাহির করিতে হয়; প্রস্রাব ধারে পড়ার পর মূত্র আপনা আপনি গড়াইয়া পড়ে।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছার অত্যন্ত বৃদ্ধি (ক্যান্থ্); স্ত্রীবিষয়ে চিন্তায় পুরুষাঙ্গ খাড়া হয় না; পুরুষাঙ্গ প্রায় সদাসর্ব্বদাই সজোরে খাড়া হয় এবং তদ্দরুণ অত্যন্ত যাতনার উদ্রেক হয় (ক্যান্থ্); পুরুষাঙ্গ শিথিল এবং ছোট হয় (আগ্‌নাশ্); পুরুষাঙ্গের মাথায় চুলকানি। স্ত্রীলোকের প্রচুর রজঃস্রাব (বেল্, নাক্স্-বম্)।

শ্বাসযন্ত্র। কর্কশ কাশি এবং কাশিবার পরক্ষণই বক্ষাস্থির পশ্চাৎ দেশে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (আম্ব্রা, ফস্, রুমেক্স্); দীর্ঘ নিশ্বাস টানিতে অনেক প্রয়াস পাইতে হয়; বুকে কষ্টানুভব এবং উহার সঙ্গে সঙ্গে শ্বাস প্রশ্বাসে কষ্টানুভব; রোগী মনে করে যেন তাঁহার নিশ্বাস প্রশ্বাস রুদ্ধ হইবে এবং যাহার দরুণ রোগী পাখার বাতাস খাইতে ইচ্ছা প্রকাশ করে (আর্স্)।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎস্পন্দন, যাহা সময়ে সময়ে এত প্রবল হয় যে, উহার দরুণ ঘুম ভাঙ্গিয়া যায়; হৃৎপিণ্ডে চাপিয়া ধরার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে সমস্ত দিন শ্বাসকষ্ট; হৃৎপিণ্ডে ছুরী বিঁধানের ন্যায় বেদনা; *মনে হয় যেন হৃৎপিণ্ড হইতে কোন তরল পদার্থ ফোঁটায় ফোঁটায়* পড়িতেছে; হৃৎপিণ্ডে সূচীবিঁধানের ন্যায় বেদনা এবং উহার সঙ্গে অত্যন্ত যাতনা; দীর্ঘ নিশ্বাস প্রশ্বাসে যাতনার উপশম হয়; নাড়ী অত্যন্ত মৃদুগতি বিশিষ্ট, এমন কি ইহা প্রতি মিনিটে ৪৬ বারের অধিক স্পন্দন করে না (ডিজিট্, ওপিয়াম্)।

পৃষ্ঠদেশ। স্কন্ধ এবং মেরুদণ্ডের মধ্যদিয়া বেদনা, যাহার দরুণ রোগী সোজা হইয়া চলিতে না পারিয়া ঘাড় হেট করিয়া উপুড় হইয়া চলে।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। নিম্নাঙ্গ এবং ডাইন বাহুর পক্ষাঘাত; বাহু এবং হাতের মধ্য দিয়া ঝন্‌ঝনানি বা কোন তীক্ষ্ণ পদার্থ বিধার ন্যায় অনুভূত হয় বা কুট্‌কুটানি। পা ইত্যাদি নিম্নাঙ্গ সমুদয়ের সম্পূর্ণ পক্ষাঘাত; পা ইত্যাদি নিম্নাঙ্গে ক্লান্তিবোধ ও হাঁটুর সন্ধির কঠিনতা এবং উহাতে কন্‌কনানি ও প্রায় পক্ষাঘাতের ন্যায় অবশ বা অসাড়বোধ; হাঁটুর সন্ধি হইতে নিম্নদিকে ঝন্‌ঝনানি এবং কোন তীক্ষ্ণ পদার্থ বিঁধানের ন্যায় অনুভূত হয় বা কুট্‌কুটানি এবং মনে হয় যেন কোন একটী পাখীর পাক্সার নলী দিয়া হাঁটু শক্ত করিয়া ধরিয়া রাখিয়াছে; চলিবার সময় মনে হয় যেন পায়ের পাতার তলায় লোহার কাঁটা ফুটিতেছে এবং উহা যেন পায়ের পাতায় ফুটিয়া পা দিয়া বহিয়া উপরের দিকে উরুর সন্ধি পর্য্যন্ত যাইতেছে এরূপ অনুভূত হয়, যাহা ডাইন অঙ্গেই অধিক অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে উভয় পায়ের ডিমে কসিয়া ধরার ন্যায় বেদনা; বাম পায়ের

পাতার অস্থি সন্ধিতে খোঁচা বিঁধার ন্যায় বেদনা, যাহা পায়ের বৃদ্ধাঙ্গুলিতেই অধিক অনুভূত হয়; বামপায়ের বৃদ্ধাঙ্গুলির মাথায় বাটিয়া ধরার ন্যায় বেদনা।

নিদ্রা। অত্যন্ত ঘুমের ভাব বা ইচ্ছা (নাক্স-মস্ক); ঘুম ভাল হয় বটে, কিন্তু ঘুমেরঘোরে বিমর্ষতা উৎপাদক স্বপ্ন হয়; ঘুমের অবস্থায় চমকিয়া উঠা, যাহার দরুণ ঘুম ভাঙ্গিয়া যায়; ঘুমেরঘোরে স্ত্রী বা পুরুষ সহবাস বিষয়ে স্বপ্ন দেখিয়া ধাতুনিঃসরণ; ঘুমেরঘোরে ভবিষ্যতে কি হইবে, বিরক্তি জনক ভবিষ্যতে বিনাশ এবং বিপদের বিষয়ে স্বপ্ন দেখা; ঘুমাইয়া পড়িলেই প্রতি রাত্রে বোবায় ধরে (Night-maro)।

জ্বর। শরীরের স্বাভাবিক সন্তাপের হ্রাস বা বিনাশ (সাইলিসি, সিপিয়া); সার্ব্বাঙ্গিক শীতবোধ; মধ্যাহ্নে আহারের পর মুখমণ্ডল, নাক এবং হাতে ঠাণ্ডাবোধ; কপালে ফোঁটায় ফোঁটায় ঘর্ম্ম জমিয়া থাকা।

ব্যবহার। মদোন্মত্ততা (Delirium Tremens); উন্মত্ততা; নিশ্বাস প্রশ্বাস এবং হৃৎপিণ্ডের কার্য্য ব্যতীত স্পন্দরহিত হইয়া অচেতনতা (Catalepsy); স্নায়ুশূল; মূত্রকোষের ব্রাইট্‌স্ ডিজিজ্ (Bright's Disoase); শিরঃপীড়া ইত্যাদি অসুখে ক্যানাবিস্ ইণ্ডিকা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। দিনের বেলা শয়ন করিয়া থাকার অত্যন্ত ইচ্ছা; সামান্য পথ চলিয়া বেড়াইলেই একবারে নিস্তেজ হইয়া পড়া; অত্যন্ত দুর্ব্বলতা, যাহার দরুণ কথা বলিতেও ইচ্ছা যায় না (ষ্টানাম্) এবং তদ্দরুণ অতি শীঘ্রই ঘুমাইয়া পড়িতে হয়; প্রাতঃকালে, রাত্রিতে, কাফি খাইলে, খাওয়ার সময়, মদ্যপান বা তামাকু খাইলে অসুখের বৃদ্ধি এবং বিশুদ্ধ বায়ু, ঠাণ্ডা জল এবং বিশ্রামে অসুখের উপশম ইত্যাদি ক্যানাবিস্ ইণ্ডিকার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। এই ঔষধের একটী বিশেষ প্রকৃতি এই যে, ইহা সেবনে যখন যে বিষয়ে মন চলে, তখনই উহার চরম সীমায় যায়। যথা সুখের ভাবের উদয় হইলে মনে সুখের আর সীমা পরিসীমা থাকে না। আবার দুঃখের বিষয় যখন মনে হয়, তখন দুঃখের আর সীমা পরিসীমা থাকে না। স্নায়বিক, রক্তাধিক্য এবং কখন কখন পিত্তাধিক্য ধাতু বিশিষ্ট রোগীর পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। মস্তিষ্কের উপর ক্যানাবিস্ ইণ্ডিকার

কার্য্য আগারিকাশ্, বেলাডোনা, ক্যাম্ফার, ক্রোকাশ্, হায়োসায়েমাস্, ওপিয়াম্ এবং ষ্ট্রামোনিয়ামের স্থায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে ডিজিটালিস্, ক্যানাবিস্ স্যাটাইবা, ক্যান্থারিস্, নাক্স্ বমিকার কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ১ম, ২য়, ৩য় এবং ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। একটী পাগলের চিকিৎসায় এই ঔষধের মূল আরোক, ৫ ফোঁটা মাত্রায়, ব্যবহার করিয়া বিশেষ ফল পাওয়া গিয়াছে। প্রথমতঃ ৬ষ্ঠ ক্রম ১ সপ্তাহ কাল এবং উহা দ্বারা কোনও ফল না পাওয়াতে উহার পরের ১ সপ্তাহ কাল ৩য় ক্রম, এবং উহাতেও কোন ফল না পাওয়াতে ১ম ক্রম, ১ সপ্তাহ কাল ব্যবস্থা করা গেল। ইহাতেও কোন বিশেষ উপকার না হওয়াতে মূল আরোক, প্রতি মাত্রায় ৫ ফোঁটা করিয়া, ব্যবহার করিলে, ২ সপ্তাহের মধ্যেই রোগী সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিল।

ক্যানাবিস্ স্যাটাইবা,-(সিদ্ধি,-ভাঙ্গ),-ক্যান্-স্যাট্

(CANNABIS SATIVA,-HEMP,-CANN.-SAT.)

এই গাছ ভারতবর্ষ এবং পারস্যদেশে জন্মিয়া থাকে। রুসিয়া, ফ্রান্স্ এবং ইটালী দেশেও ইহার চাষ হইয়া থাকে। এই গাছের ফুল এবং ফুলের নিকটবর্ত্তী কোমল পাতা যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মূত্রনালীর শ্লৈষ্মিকঝিল্লী এবং পুরুষাঙ্গের অগ্রভাগের আবরক চর্ম্মের (Prepuce) উপরই ইহার কার্য্য অধিক দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ উক্ত অংশ উত্তেজিত হইয়া প্রদাহযুক্ত হয় এবং উহা হইতে প্রমেহ রোগের স্থায় পূঁযাদি নির্গত হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। বিমর্ষভাব (ইগ্নেস্, নেট্রাম্-মিউর, পাল্স্, রাস্টক্স্); মনের অত্যন্ত উদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে কষ্টানুভব, শ্বাস কষ্ট ও হৃৎস্পন্দন।

মস্তক। দাঁড়াইলে মাথাঘোরা এবং মাথা ঝিম্ ঝিম্ করা; চলিবার সময় দুই পার্শ্বে টলিয়া পড়ার উপক্রম হওয়া; কপালে (চক্ষুর কোটরের প্রান্ত হইতে কপালের পার্শ্ব পর্য্যন্ত) চাপিয়া ধরার ন্যায় অনুভূত হয়, সম্মুখ পানে ঝাঁকিয়া পড়িলেও যাহার উপশম হয় না; কপালের দুই পার্শ্বের উচ্চ স্থানের নিম্ন দেশে চাপ পড়ার ন্যায় বেদনা, যাহা মস্তিষ্কের মধ্য দিয়া যেন মাথার পশ্চাৎভাগে বিস্তৃত হয়; মনে হয় যেন মাথায় ফোঁটায় ফোঁটায় ঠাণ্ডা জল পড়িতেছে।

চক্ষু। চক্ষুর পশ্চাৎদেশ হইতে সম্মুখ পানে চাপ পড়ার ন্যায় অনুভূত হয়; চক্ষে আক্ষেপিকরূপে কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়।

নাসিকা। নাসিকায় শুষ্কানুভব।

পাকস্থলী। পাকস্থলীতে, ঠিক পাঁজরার নীচে, ক্রমাগত সূচী বিঁধানের ন্যায় ঘুশ্ ঘুশে বেদনা; উদ্গারে দূষিত বায়ু নিঃসরণ; উদ্গারে তিক্ত বা উগ্র স্বাদ বিশিষ্ট জল উঠা; নিশ্বাস প্রশ্বাসের সময় এবং নিশ্বাস প্রশ্বাস ব্যতীতও পাকস্থলীর বাম পার্শ্বে পাঁজরার হাড়ের ঠিক নীচে সূচী বিঁধানের ন্যায় ঘুশ্ ঘুশে বেদনা।

গুহ্য, গুহ্যদ্বার। বসিয়া থাকিলে গুহ্য এবং গুহ্য দ্বারের ঠিক উপরিভাগে চাপাবোধ, যাহার দরুণ মনে হয় যেন অন্ত্র নিম্নদিকে গুহ্যদ্বার দিয়া ঠেলিয়া বাহির হইবে; গুহ্যদ্বারের সঙ্কোচন এবং উহার সঙ্গে সঙ্গে রোগী (স্ত্রীলোক) মনে করে যেন দুই উরুদেশ একত্রে লাগিয়া আসিতেছে।

মূত্রযন্ত্র। মূত্রকোষ প্রদেশ হইতে কুঁচ্কি প্রদেশ পর্য্যন্ত কসিয়া ধরার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে গা বমী বমী করা; পুরুষাঙ্গের অগ্রভাগ হইতে উহার গোড়া পর্য্যন্ত মূত্রনালীতে জ্বালা এবং চিড়িকমারা; মূত্র ত্যাগের সময় মূত্রনালীর পশ্চাৎভাগে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয়; মূত্রনালী যেন আগাগোড়া স্ফীত এবং প্রদাহযুক্ত হইয়াছে এরূপ অনুভূত হয় (আর্জেণ্ট্-নাইট্রাস্); পুরুষাঙ্গ খাড়া হইলে উহাতে কসিয়া ধরার ন্যায় বেদনা; প্রস্রাব করার সময় এবং উহার কিঞ্চিৎপর মূত্রনালীতে জ্বালাবোধ (আস্তুই বা, ক্যান্থ্); মূত্রত্যাগের আরম্ভ এবং মূত্রত্যাগ শেষ হওয়ার সময় মূত্রনালীতে জ্বালানুভব; মূত্রত্যাগের আভ্যন্তরিক কালেও মূত্রনালীর সম্মুখ ভাগে জ্বালা-

যুক্ত বেদনা, যাহার দরুন রোগী অনবরত মূত্রত্যাগ করিতে বাধ্য হয়; মূত্র ত্যাগের সময় যেরূপ হয়, মূত্র ত্যাগের আভ্যন্তরিক কালেও মূত্রনালীর সম্মুখ ভাগে সেরূপ চাপাবোধ; মূত্র ত্যাগের আভ্যন্তরিক কালে মূত্রনালীতে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হইয়া গা শিহরিয়া উঠা; মূত্রনালী সোজা না হইয়া এঁকা বাঁকা হইলে যেরূপ হয়, মূত্রত্যাগ করার সময় মূত্রনালীতে সেরূপ অনুভূত হয়; মূত্র সরুধারে পড়ে এবং মূত্র পড়িতে পড়িতে মূত্র নিঃসরণ বন্ধ হইয়া যায় (ক্যান্থ্)।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গ স্ফীত, কিন্তু উহা বিশেষ খাড়া হয় না; পুরুষাঙ্গ বারম্বার খাড়া হইয়া তৎপর মূত্র নালীতে সূচী বিঁধানের ন্যায় অনুভূত হয়; ক্ষত হইলে বা পুড়িয়া গেলে যেরূপ হয়, চলিবার সময় পুরুষাঙ্গের অগ্রভাগ এবং উহার আবরক চর্ম্ম কাপড়ে লালবর্ণ হয়; দাঁড়াইয়া থাকিলে অণ্ডকোষে কসিয়া বা চাপিয়া ধরার ন্যায় বেদনা (বার্ব্বেরিস্)।

শ্বাসযন্ত্র। প্রাতঃকালে বায়ুনলের নিম্নভাগে কঠিন শ্লেষ্মার সঞ্চার যাহা গলায় খেকুর দিলে বা কাশিলে নির্গত হয় এবং কাশি ও গলায় খেকুর দেওয়ার দরুন বায়ুনল অত্যন্ত বেদনাযুক্ত হয় বা টাটায় এবং অব-শেষে শ্লেষ্মা তরল হয় ও রোগী বারম্বার কাশিবা বা গলায় খেকুর দিয়া শ্লেষ্মা বাহির করিতে বাধ্য হয়; গলার মধ্যের গভীরতম অংশ হইতে যেন কাশির উদ্রেক হয় এবং কাশিতে কাশিতে গলা দিয়া লোনতাস্বাদ বিশিষ্ট এক প্রকারের তরল পদার্থ নির্গত হয়; বক্ষাস্থির মধ্যদেশে কসিয়া বা চাপিয়া ধরার ন্যায় বেদনার দরুণ শ্বাসকষ্ট এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রাবেশ; বুকের মধ্যে কষ্টানুভব: গলার মধ্যে আঁটাবোধ, যাহার দরুন রোগী দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতে বাধ্য হয়; বক্ষাস্থির উপরিভাগের নীচে খনন করার ন্যায় বেদনা, কিন্তু উহার দরুণ শ্বাসকষ্ট হয় না।

হৃৎপিণ্ড। নড়িলে বা ঘাড় হেট করিয়া উপুড় হইলে ভয়ানক আকারের হৃৎস্পন্দন এবং উহার সঙ্গে সঙ্গে হৃৎ প্রদেশে উষ্ণানুভব।

নিদ্রা। ঘুমের ঘোরে ভয়ানক অসন্তোষ জনক স্বপ্ন দেখা এবং তদ্দরুণ মনের উদ্বেগ এবং হতাশ; ভয়ানক স্বপ্ন দেখিয়া ঘুম ভাঙ্গিয়া যায় এবং সে কোথায় রহিয়াছে রোগী তাহা বুঝিতে পারে না।

ব্যবহার। তরুণ প্রমেহ রোগে যখন একোনাইট ব্যবহার করিয়া প্রবল লক্ষণাদির অনেক হ্রাস হইয়া কেবল পুঁযাদি নির্গত হয়; মূত্রাধারের প্রদাহ; মূত্রকোষ প্রদাহ; মূত্র কৃচ্ছ্র বা মূত্রাবরোধ এবং অন্যান্য প্রকারের মূত্র যন্ত্রের রোগ; ফুস্ফুস প্রদাহ; শ্বাসকষ্ট সম্বলিত রোগ; হৃৎপিণ্ডের প্রদাহ; চক্ষুর কর্ণিয়ার অস্বচ্ছতা (Opacity of the Cornea); চক্ষে ছানিপড়া (Cataract) ইত্যাদি অসুখে ক্যানাবিস্ স্যাটাইবা ব্যবহার্য্য। এই ঔষধ দ্বারা ডাক্তার কুইন্ (Dr. Quin) একটী আধকপালীয়া মাথা ব্যাথা (Hemicrania) আক্রান্ত রোগীকে আরাম করিয়াছেন এরূপ ব্রিটিস্ জার্ণেল অব্ হোমিওপ্যাথী (British Journal of Homœopathy) নামক চিকিৎসা বিষয়ক সাময়িক পত্রিকায় পাঠ করা গিয়াছে।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। যেন ফোঁটায় ফোঁটায় ঠাণ্ডা জল পড়িতেছে মাথায় এরূপ অনুভূত হয়; গুহ্যদ্বার দিয়া বা হৃৎপিণ্ড হইতে যেন ফোঁটায় ফোঁটায় ঠাণ্ডা জল পড়িতেছে এরূপ অনুভূত হয় ইত্যাদি ক্যানাবিস্ স্যাটাইবার বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। মূত্রযন্ত্রের উপর ক্যানাবিস্ স্যাটাইবার কার্য্য অনেকটা এপিস্, ক্যান্থারিস্, কোপেইবা এবং টিরিবিস্থিনার ন্যায়। চক্ষের উপর ইহার কার্য্য ইউফ্রেসিয়ার ন্যায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আর্ণিকা এবং নাক্স্-বমিকার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার। অধিক মাত্রায় সিদ্ধি খাইয়া বিষাক্ত হইলে লেবুর রস, তেঁতুলগোলা, দধি ইত্যাদি টক দ্রব্য ব্যবস্থা।

ডাইলুশন বিচার। প্রমেহ রোগে ক্যানাবিস্ স্যাটাইবার মূল আরোকের ১ ফোঁটা হইতে ১০ ফোঁটা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার ইল্ডাম্ (Dr. Yeldham) বলেন যে, প্রমেহ রোগে অধিক মাত্রায় মূল আরোক ব্যবহার না করিয়া মিশ্র আরোক দ্বারা প্রমেহ রোগের চিকিৎসা করা এক প্রকার সময় নষ্ট বলিলেও অত্যুক্তি হয় না। এতদ্দেশে ১ম-দশমিক ডাইলুশন ব্যবহার করিয়াই প্রমেহ রোগের চিকিৎসায় আমরা যথোচিত ফল পাইয়া থাকি। আবার ডাক্তার হেল্মাথ্ (Dr. Helmuth) বলেন তিনি অনেক পরীক্ষা করিয়া দেখিয়াছেন যে প্রমেহ রোগে ১২ ক্রম ব্যবহারে

বিশেষ ফল পাওয়া যায়। চক্ষে ছানি পড়া (Catract), কর্ণিয়ার অস্বচ্ছতা (Opacity of the Cornea), ফুফ্ফুস প্রদাহ, হৃৎপিণ্ডের প্রদাহ, আধ্কপালিয়া মাথাব্যথা ইত্যাদি অসুখে ১২, ১৮ এবং ৩০ ডাইলুশন ব্যবহার্য্য। চক্ষে ছানি পড়ার প্রথমাবস্থায় ২০০ ডাইলুশন ব্যবহার করিয়া একটী রোগীর চিকিৎসায় লেখক বিশেষ উপকার পাইয়াছেন।

ক্যাপ্সিকাম্ আনুয়াম্,-(লাল মরিচ),- ক্যাপ্স্

(CAPSICUM ANNUUM,–CAPS.)

বড় বড় লাল মরিচের খোসা (চোক্লা) এবং বিচি যথানিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শ্লৈষ্মিকঝিল্লী, প্রধানতঃ আহার বহা নালী (Alimentary Canal) এবং মূত্রনালীর শ্লৈষ্মিকঝিল্লার উপরই ইহার কার্য্য অতি প্রবল দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ উক্ত যন্ত্রাদি উত্তেজিত হইয়া প্রদাহযুক্ত হওয়ার উপক্রম হইয়া থাকে। আবার শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লীর উপরও ইহা উক্ত প্রকারে কার্য্য করিয়া থাকে। লাল মরিচ বাটিয়া গায় মাখাইয়া দিলে যেরূপ হয়, আক্রান্ত যন্ত্রাদিতে সেরূপ জ্বালা উৎপাদন করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। চুপ মারিয়া থাকা, চিড়্ চিড়্ করা, একগোঁয়েমী, সহজেই বিরক্ত হওয়া (নাক্স-বম্); সর্ব্বদা বাড়াতে বা আপন দেশে থাকিবার ইচ্ছা (হেলিবোরাস্, ফস্-আস্) এবং উহার সঙ্গে সঙ্গে গাল লালবর্ণ এবং টল্টলে, নিদ্রাশূন্যতা, মুখগহ্বরের পশ্চাৎভাগে উষ্ণানুভব; শিশুগণের সর্ব্বদা বিশ্রী ময়লায় থাকার ইচ্ছা।

মস্তক। সবিরাম বা পালাজ্বরের শীতলাবস্থায় মাথাঘোরা; শিরঃপীড়া, যাহার দরুণ মনে হয় যেন মাথার হাড় ফাটিয়া যাইবে (ব্রাই, চায়না, নেট্রাম্-মিউর, মার্ক্, পাল্স্); কাশিলে, মাথা নাড়িলে অথবা

চলিয়া বেড়াইলে মাথা ধরা (ব্রাই); কপালে চাপিয়া ধরার ন্যায় বেদনা যাহা ডাইন পার্শ্বেই অধিক অনুভূত হয়; কপালে দপ্‌দপিয়া বেদনা; কপালের হাড়ে, প্রধানতঃ ডাইন পার্শ্বের হাড়ে, কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; কর্ণের পশ্চাৎভাগে চাপিয়া ধরার ন্যায় বেদনা; মাথার বাম পার্শ্বে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

চক্ষু। কাঁকর বা বালির কণাদি প্রবিষ্ট হইলে যেরূপ হয়, চক্ষের মধ্যে সেরূপ চাপিয়া ধরার ন্যায় বেদনা; চক্ষু যেন লাল্‌চে, বড় এবং বহির্দিকে আকৃষ্ট বলিয়া অনুভূত হয়।

নাসিকা। সর্দ্দি এবং উহার সঙ্গে সঙ্গে প্রবল হাঁচি এবং নাক দিয়া তরল শ্লেষ্মা নির্গমন ও কখন কখন নাকের মধ্যে জ্বালা, সুড়্‌সুড়ী এবং খস্‌খসেবোধ; সর্দ্দি শুকাইয়া বা বসিয়া যাইয়া নাকের মধ্যে সুড়্‌সুড়ী এবং কুট্‌কুটানি; নাক দিয়া রক্ত পড়া।

কর্ণ। কর্ণের পশ্চাৎভাগের স্ফীতি এবং তদ্দরুণ অত্যন্ত বেদনা; কর্ণের নিকটবর্ত্তী যে অংশ, মাড়ির হাড়ের সে অংশের হাড়ে পোকায় ধরা (Caries) (অরাম্‌); বাম কানের পশ্চাৎভাগে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, কাশিলেই যাহা অধিক অনুভূত হয়।

মুখমণ্ডল। মুখমণ্ডলে হাড়ের মধ্যে বেদনার ন্যায় বেদনা, চাপিলে বা স্পর্শ করিলে যাহার উদ্রেক হয়; গাল লালবর্ণ, কিন্তু উষ্ণ নহে, যাহা কখন কখন সাদা বা ফিকা হয়; ওষ্ঠ স্ফীত, ফাটাযুক্ত এবং উহাতে চড়্‌চড়ানি বা চিড়িকমারা।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখে দুর্গন্ধ (আর্ণিকা, চিনিনাম্‌-আর্স, হিপ্‌-সাল্‌ফ্‌, ক্রিয়াজ, মার্ক্‌, নাইট্রিক্‌-আম্‌); মুখে কঠিন শ্লেষ্মার ন্যায় পদার্থের সঞ্চার; মুখে জলের ন্যায় স্বাদ বা কোন স্বাদই থাকে না এবং তৎপর বুক জ্বালা। গলার মধ্যে জ্বালা (একন্‌, আর্স, ক্যাম্ফ্‌, মার্ক-কর) এবং বেদনা, গিলিবার আভ্যন্তরিক কালে যাহার বৃদ্ধি হয়; বেদনাযুক্ত স্ফীতি বা ঘা থাকিলে যেরূপ হয়, কাশিবার সময় গলার মধ্যে সেরূপ বেদনা; গলার মধ্যের আক্ষেপিক সঙ্কোচন (বেল্‌, কার্ব্বো-বেজ্‌, হায়োস্‌, ষ্ট্রামন্‌)।

পাকস্থলী এবং উদর। পাকস্থলীতে জ্বালানুভব (আর্স,

ক্যাম্ফার, ক্যান্থ্), আহারের পর যাহা অধিক অনুভূত হয়; বুকে জ্বালা; মুখ দিয়া জল উঠা; বমন ও বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে মাথাধরা; স্নায়বিক, আক্ষেপিক বমন; শীতের সঙ্গে সঙ্গে তরল শ্লেষ্মার ন্যায় পদার্থ বমন; সাংঘাতিক আকারের জ্বরের সঙ্গে বমন; পাকস্থলী বরফের ন্যায় ঠাণ্ডা এবং তৎপর পাকস্থলীর কাঁপনি ও উহাতে জ্বালানুভব এবং উহার সঙ্গে সঙ্গে সময়ে সময়ে ঝাল উদ্গার উঠা। পেট ফাঁপিলে যেরূপ হয়, উদর হইতে বুক পর্য্যন্ত কসিয়া ধরার ন্যায় সেরূপ কষ্টানুভব; উদরে দূষিত বায়ুর (Flatulence) সঞ্চার হেতু শূল বেদনা (কলোস্, লাইকোপ্), বা পেটে কসিয়া বা মোচড়াইয়া ধরার ন্যায় বেদনা; উদর স্ফীত এবং বিস্তৃত, যাহার দরুণ যেন শ্বাসরোধ হওয়ার উপক্রম হয়।

মল এবং মলদ্বার। বারম্বার কষ্টদায়ক কোঁথপাড়া এবং পেট-কামড়াণী (মার্ক্); গুহ্যদ্বারে জ্বালানুভব (আর্স্,ক্যান্থ্); অর্শরোগ, যাহার দরুণ গুহ্যদ্বার জ্বালা করে এবং চুলকায় (সাল্ফ্); শ্লেষ্মাভেদ; বারম্বার রক্ত মিশ্রিত বা রক্তের ছিটযুক্ত শ্লেষ্মা ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে বার-ম্বার কষ্টদায়ক কোঁথপাড়া এবং পেট কামড়াণী (মার্ক্-কর); জলাদি পানের পর উক্ত প্রকারের দাস্ত হওয়া; প্রত্যেকবার দাস্তের পর পিপাসা এবং প্রত্যেকবার জলাদি পানের পর শীত কম্প।

মূত্রযন্ত্র। প্রস্রাব করার পর মূত্রনালীতে জ্বালা এবং চিড়িক মারা (ক্যান্থ্, ক্যানাবিস্-স্যাট্); মূত্রত্যাগের সময় এবং উহার পূর্ব্বে ও পর মূত্রনালীর মুখে জ্বালানুভব (ক্যান্থ্, ক্যানাবিস্-স্যাট্); মূত্রত্যাগের আভ্যন্তরিক কালে মূত্র নালীর সম্মুখভাগে ও উহার মুখে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হওয়া (ক্যানাবিস্-স্যাট্); মূত্রকৃচ্ছ্র এবং মূত্রত্যাগের সময় কোঁথ পাড়া (ক্যান্থ্, মার্ক্-কর); জ্বালা উৎপাদক মূত্রত্যাগ।

জননেন্দ্রিয়। পুরুষের ধ্বজভঙ্গ; অণ্ডকোষাধার ঠাণ্ডা (বার্ব্বেরিস্); মূত্রনালীদিয়া দুধের ননির ন্যায় পুঁষ নিঃসরণ; অণ্ডকোষ ছোট হইয়া যাওয়া।

শ্বাসযন্ত্র। বায়ুনল এবং কণ্ঠনালীতে হামা দেওয়ার ন্যায় সুড্সুড়ী এবং উহার সঙ্গে সঙ্গে শুষ্ক খুশ্খুশে কাশি; প্রথম রাত্রে শয়নের পর উক্ত প্রকারের কাশি (হায়োস্); কাশিবার সময় যেন ফুস্ফুস হইতে এক

প্রকারের দুর্গন্ধ বাহির হয় (ক্রোকাশ্, সাঙ্গুনেরিয়া); শ্বাসকষ্ট এবং বুকে বেদনা; বুকে অত্যন্ত পূর্ণবোধ; বুকে অত্যন্ত আঁটাবোধ; বুকে দপ্‌দপিয়া বেদনা; শ্বাসকষ্ট যাহা উদরের অসুখের দরুণ বলিয়া অনুভূত হয়।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবার ডাইন পার্শ্বের গ্রন্থিতে চিড়িক মারা এবং ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; মেরুদণ্ডে এবং উহার নিকটবর্ত্তী স্থানে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

নিম্নাঙ্গ। উরুর সন্ধি হইতে হাঁটু এবং পায়ের পাতার সন্ধি পর্য্যন্ত খোঁচা বিঁধা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, কাশিলেই যাহা অধিক অনুভূত হয়; উরুর সন্ধিতে কসিয়া ধরার ন্যায় বেদনা, স্পর্শনে এবং শরীর পশ্চাৎদিকে বাঁকিয়া পড়িলে যাহার বৃদ্ধি হয়; হাঁটুর সন্ধিতে বাটিয়া বা কসিয়া ধরার ন্যায় বেদনা।

নিদ্রা। হাঁইতোলা; অস্থির নিদ্রা; ঘুমেরঘোরে স্বপ্ন দেখা।

জ্বর। পৃষ্ঠদেশ হইতে শীত আরম্ভ হয় (ইউপেট্-পার্পুর, ল্যাক্) এবং শীতের সঙ্গে সঙ্গে পিপাসা; জলাদি পানের পর শীতের বৃদ্ধি হয়; প্রত্যেকবার জলাদি পানের পর শীত কম্প (টারেক্স); শীতের পর ঘর্ম্ম বা উষ্ণাবস্থা ও উহার সঙ্গে সঙ্গে ঘর্ম্ম এবং পিপাসা; শরীর অত্যন্ত উষ্ণ এবং উহার সঙ্গে সঙ্গে গায় অত্যন্ত জ্বালা (একন্, আর্স্)। বাখরগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালি ইত্যাদি লোণা জল বিশিষ্ট স্থানের জ্বরে ক্যাপ্‌সিকাম্ বিশেষ উপকারী লেখক পরীক্ষা করিয়া দেখিয়াছেন।

ব্যবহার। কাফিপানের অপব্যবহার জনিত অসুখ; কোইনাইনের অপব্যবহার জনিত বা কোইনাইনের আট্‌কান জ্বর; সর্দ্দি; তালুকার পার্শ্বস্থিত গ্রন্থি বা টন্‌সিল প্রদাহ (Tonsillitis); ডিপ্‌থিরিয়া (Diphtheria); আরক্ত-জ্বর; অজীর্ণ রোগ; উদরাময়; আমাশয়; মুখদিয়া জল উঠা; হিক্কা; অর্শরোগ; মূত্রাধার প্রদাহ; মূত্রাধারের শ্লৈষ্মিক রোগ; তরুণ এবং পুরাতন আকারের প্রমেহ রোগ; সবিরাম বা পালাজ্বর, বিশেষতঃ লোণা স্থানের; কান দিয়া পূঁযাদি পড়া; কর্ণ প্রদাহ; বুক জ্বালা বা পেটে জ্বালা সম্বলিত শূল বেদনা ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। আক্রান্ত স্থানের নানা অংশে জ্বালা।

এবং চিড়িকমারা; নড়াচড়াতে অনিচ্ছা; আক্রান্ত স্থানে অসাড়বোধ; ইন্দ্রিয়াদির অতিরিক্ত চেতনা; শীতলাবস্থা দীর্ঘকাল স্থায়ী এবং উষ্ণাবস্থায় ঘর্ম্ম; কাশি রোগে প্রত্যেকবার কাশিবার সময় কানে বেদনা; মাতাল-দিগের অজীর্ণরোগ; কাশিবার সময় ফুস্ফুস হইতে পচা দুর্গন্ধ বাহির হওয়া; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে, সন্ধ্যার সময় আহারের পর, জলাদি পানের পর, ঠাণ্ডা লাগিলে অথবা অঙ্গ চালনা করার প্রারম্ভে অসুখের বৃদ্ধি এবং উত্তাপে ও ক্রমাগত নড়াচড়াতে অসুখের উপশম ইত্যাদি ক্যাপ্সিকামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। যাহারা মোটা, অলস, অপরিষ্কার, চিড়্চিড়ে এবং সামান্য কারণেই বিরক্ত হয়, তাহাদিগের পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী।

সমগুণবিশিষ্ট ঔষধ। ক্যাপ্সিকামের কার্য্যের সঙ্গে আর্জেণ্টাম্ নাইট্রিকাম্, আর্সিনিকাম্, ক্যালেডিয়াম্, ক্যান্থারিস্, চায়না, ক্রোটন্, ইগ্নেসিয়া, লাইকোপডিয়াম্, নাক্স্-বমিকা, পাল্সেটিলা, ইউফর্ব্বিয়াম্ এবং বিরেট্রাম্ আল্বামের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যালেডিয়াম্, ক্যাম্ফার, সিনা, চায়না, সাল্ফার।

ডাইলুশন বিচার। হানিম্যানের মতে ৯ম ডাইলুশন ব্যবহার্য্য। জ্বর রোগে ৬ এবং ১২ ডাইলুশন ব্যবহার করিয়া বিশেষ ফল পাওয়া যায়। কোন কোন চিকিৎসক ৩০ ডাইলুশনও ব্যবহার করিয়া থাকেন। অজীর্ণ এবং আমাশয় রোগে ৩য় এবং ৬ষ্ঠ ডাইলুশন উপকারী। প্রমেহ রোগ, বুক জ্বালা ইত্যাদিতে ১ম দশমিক ক্রমের আরোক ব্যবহারে বিশেষ ফল পাওয়া যায়। সংক্ষেপে ইহা বলা যাইতে পারে যে, ১ হইতে ১২ ডাইলুশনের মধ্যে সকল ডাইলুশনই ব্যবহার্য্য। বুক বা পেটে জ্বালা সম্বলিত শূল বেদনায় মূল আরোক ২। ১ ফোঁটা মাত্রায় বিশেষ উপকারী। এমন কি, ২। ১ মাত্রা সেবনেই শূল বেদনা সারিয়া যাইতে দেখা গিয়াছে।

কলোফিলাম্ থ্যালিক্ট্রয়েড্স্,-কলোফ্

(CAULOPHYLLUM THALICTROIDES,-CAULOPH.)

উত্তর আমেরিকায় এই গাছ জন্মে। ইহার শিকড় যথা নিয়মে প্রুফ্-স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহার গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে। গুঁড়াকে কলোফিলিন্ বলে।

সাধারণ ক্রিয়া। স্ত্রীজননেন্দ্রিয়ের পৈশিক অংশ, জরায়ুর গতি উৎপাদক স্নায়ু এবং ক্ষুদ্র ক্ষুদ্র পেশী ও সন্ধির উপর ইহার কার্য্য অতি প্রবল।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। বাত জনিত বা স্নায়ুশূল জনিত মাথা ধরা, স্ত্রীলোককেই যাহা অধিক আক্রমণ করিয়া থাকে (সিমিসিফ্); জরায়ুর অসুখ জনিত মাথাধরা।

চক্ষু। চক্ষুর পশ্চাৎভাগে চাপাবোধ; চক্ষু দিয়া প্রচুর পরিমাণে জল পড়া।

মুখমণ্ডল। কপালে (স্ত্রীলোকের) একপ্রকার কীটজ (Parasitic) ফুস্কুড়ী এবং উহার সঙ্গে সঙ্গে শ্বেতপ্রদর।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁতে টাটানি এবং উহা যেন লম্বা হইয়াছে এরূপ অনুভূত হয়; জিহ্বা সাদা লেপযুক্ত; মুখগহ্বরে শুষ্ক এবং উষ্ণানুভব। মুখগহ্বরের ঠিক পশ্চাৎদেশে অত্যন্ত কষ্টানুভব, যাহার দরুণ বারম্বার ঢোক গিলিবার ইচ্ছা যায়।

পাকস্থলী এবং উদর। কাঠ উদ্গার উঠা; বারম্বার গলাদিয়া তিক্ত বা টকস্বাদ বিশিষ্ট জল উঠা এবং উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা; জরায়ুর উত্তেজনার সঙ্গে সঙ্গে আক্ষেপিক বমন, পাকস্থলীতে বেদনা, অত্যন্ত বমনোদ্বেগ; অজীর্ণ এবং উহার সঙ্গে সঙ্গে আক্ষেপিক লক্ষণ; জরায়ুর উত্তেজনার দরুণ অজীর্ণ। গতিউৎপাদক স্নায়ুর উত্তেজনা এবং বাতের দরুণ অন্ত্রের পৈশিক অংশের আক্ষেপিক ক্রিয়া।

স্ত্রী-জননেন্দ্রিয়। মনে হয় যেন জরায়ুতে রক্তাবরোধ হইয়াছে

এবং উহার সঙ্গে সঙ্গে তলপেটে পূর্ণ এবং আঁটাবোধ (আলোজ্, বেল্, সিমিসিফ্, পাল্‌স্) ; জরায়ু এবং তলপেটের নানা স্থানে আক্ষেপিক বেদনা ; রজঃস্রাব এবং উহার দরুণ পেটে বেদনা ; জরায়ুর মুখ ও গ্রীবা মোচড়াইয়া পড়া ; রজঃরোধ এবং উহার সঙ্গে সঙ্গে জরায়ুর আক্ষেপ বা উহার জড়তা (সিমিসিফ্); আক্ষেপিক আকারের কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা ; গর্ভস্রাব এবং সে সময়ে তলপেটে বেদনা অত্যন্ত মৃদু, অনিয়মিত এবং আক্ষেপিক আকারের হয় ; মৃদু বা অপ্রচুর আক্ষেপিক প্রসব বেদনা (জেল্‌স্) ; জরায়ুর মুখের আক্ষেপিক কঠিনতার দরুণ মৃদু বা অপ্রচুর প্রসব বেদনা (বেল্, সিমিসিফ্, জেল্‌স্) ; গর্ভস্রাব বা সন্তান প্রসবের পর জরায়ু হইতে রক্তস্রাব (চায়না) ; সন্তান প্রসবের পর জরায়ুর জড়তার দরুণ অনেকদিন ধরিয়া ক্লেদ বা লোকিয়া নিঃসরণ ; জরায়ুর সবিরাম সঙ্কোচন (সিকেল্, কর্ণ্টাম্) ; অনেক কষ্টে সন্তান প্রসবের পর পেটে বেদনা।

শ্বাস যন্ত্র। বুক এবং কণ্ঠনালীর আক্ষেপিক অসুখ।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। ক্ষুদ্র সন্ধিবাতে (আক্‌টিয়া স্পাইক্, লেডাম্) বাহু এবং পায়ের স্থানে স্থানে বেদনা যাহা এক স্থানে অনেকক্ষণ থাকে না ; বাহু, পা, হাত এবং পায়ের পাতার সন্ধিতে কসিয়া ধরার ন্যায় বেদনা। মণিবন্ধ এবং হাতের আঙ্গুলের সন্ধিতে অত্যন্ত প্রবল বেদনা ; হাতের আঙ্গুল অত্যন্ত শক্ত হয় বা উহা নোয়ান যায় না ; মুট করার সময় হাতের আঙ্গুলের সন্ধিতে কর্ত্তনবৎ প্রবল বেদনা।

ব্যবহার। অস্বাভাবিক প্রসববেদনা ; সন্তান প্রসবের পর পেটে বেদনা, ক্লেদ (Lochia) নিঃসরণ ; গর্ভস্রাব ; কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা (Painful menstruation) ; রজঃরোধ ; জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব (Metrorrhagia) ; জরায়ু স্থানভ্রষ্ট হওয়া (Prolapsus uteri) ; নিম্নাঙ্গের পক্ষাঘাত ও উহার সঙ্গে সঙ্গে জরায়ুর গ্রীবা এবং মুখ মোচড়াইয়া পড়া এবং জরায়ুতে রক্তাধিক্য বা রক্তাবরোধ ; স্ত্রীলোকের যৌবন কালে হিষ্টিরিয়া, কসেরুকার উত্তেজনা এবং কোরিয়া (Chorea) ; স্ত্রীলোকের যৌবনাবস্থায় হিষ্টিরিয়া বা মৃগী রোগের আক্রমণ বা আক্ষেপ ; ক্ষুদ্র সন্ধি (লেডাম্), বিশেষতঃ মণিবন্ধ এবং আঙ্গুলের ক্ষুদ্র সন্ধিবাত ; মৃদু

প্রসব বেদনা যাহা আর্গট্ দিয়াও প্রবল হয় না ; কৃত্রিম প্রসব বেদনা ইত্যাদিতে কলোফিলাম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। স্ত্রীলোকের অসুখেই কলোফিলাম্ বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। কলোফিলামের কার্য্যের সঙ্গে সিমিসিফিউগা, পাল্‌সেটিলা এবং সাবাইনার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে সিকেল্ কর্ণুটাম্ এবং সাবাডিলার কার্য্যেরও সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। কলোফিলামের মূল আরোক বা ১ম দশমিক ক্রমের আরোক এবং কলোফিলিনের ১ম হইতে ৬ষ্ঠ দশমিক ক্রমের গুঁড়াই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

সিড্রন্,-সিড্রন্

(CEDRON,-CEDRON)

নিউগ্রানেডা এবং মধ্য আমেরিকায় এই গাছ জন্মে। ফলের বিচি যথা নিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণক্রিয়া। মস্তিষ্ক, কসেরুকা মজ্জা এবং সিম্প্যাথেটিক্ স্নায়ু মণ্ডলের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ হয় এবং তৎপর ভিজা সেঁতসেঁতিয়া, উষ্ণ, নিম্ন জলাভূমীতে যেরূপ হয়, সেরূপ সবিরাম-জ্বর উৎপন্ন হইয়া থাকে। প্রতি দিন ঠিক এক সময়ে রোগের আক্রমণ এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ।

ব্যবহার। যে প্রকার সবিরাম বা পালাজ্বর কোন মতেই সারে না এবং যাহার সঙ্গে সঙ্গে মস্তিষ্কের উত্তেজনা বর্ত্তমান থাকে ও যাহা কোন চিকিৎসাতেই না থামিয়া রোগীকে বারম্বার আক্রমণ করে এবং যাহা ভিজা সেঁত্‌সেঁতিয়া, গ্রীষ্ম প্রধান, জলাশয় বিশিষ্ট স্থানে বাসের দরুণ উৎপন্ন হয়, সে

প্রকার সবিরাম বা পালা জ্বরেই সিড্রন্ বিশেষ উপকারী। ডাক্তার ক্যাসানোবা (Dr. Casanova) বলেন যে, যে সকল রোগী গ্রীষ্ম প্রধান দেশে বাস করে, তাহাদিগের অসুখেই এই ঔষধ অধিক উপকারী। তিনি আরো বলেন যে, কোইনান্ এবং আর্সিনিকের ন্যায় ইহা আন্টিপিরিয়োডিক্ (Anti-periodic) ঔষধের ন্যায় কার্য্য করিয়া থাকে। অতএব স্নায়ুশূল, সবিরাম জ্বর ইত্যাদি যাহা কোন নির্দ্দিষ্ট সময়ে রোগীকে আক্রমণ করিয়া থাকে, সে সকল রোগেই তিনি সিড্রন্ ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়া থাকেন। তিনি আরো বলেন যে, যেসকল স্ত্রীলোকের প্রত্যেকবারই ঠিক এক নির্দ্দিষ্ট সময়ে গর্ভস্রাব হয় তাহাদিগের গর্ভস্রাব নিবারণের পক্ষে সিড্রন্ সর্ব্বোৎকৃষ্ট ঔষধ মধ্যে পরিগণিত। ডাক্তার আলেন্ (Dr. Allen) এবং ডাক্তার নর্টন্ (Dr. Norton) বলেন যে, চক্ষুর আইরিস প্রদাহ (Iritis), চক্ষুর কোরয়েড্ ঝিল্লী প্রদাহ (Choroiditis) এবং চক্ষুর অন্যান্য গভীরতম অংশের যে প্রকার প্রদাহে চক্ষুর উপরিভাগে বেদনা থাকে, তাহার চিকিৎসায় এই ঔষধ দ্বারা তাহারা বিশেষ ফল পাইয়া থাকেন। দক্ষিণ আমেরিকাতে সিড্রন্ বিষাক্ত সর্পের কামড়ের এক অব্যর্থ (Specific) ঔষধ মধ্যে পরিগণিত। ইহার কার্য্যের সঙ্গে আর্নিকা চায়না, জেল্‌সিমিয়াম্ এবং ল্যাকেসিসের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। জ্বর রোগে ২য় এবং ৩য় ডাইলুশনই আমরা সচরাচর ব্যবহার করিয়া থাকি। টেষ্টির (Tasto) মতে ৬ষ্ঠ ক্রমের আরোক অধিক উপকারী। স্নায়ুশূলাদি অসুখ যাহা নির্দ্দিষ্ট সময়ে রোগীকে আক্রমণ করে, তাহাতে ৬ষ্ঠ ক্রম বিশেষ উরকারী।

সিকুটা বিরোসা,-সিকুটা

(Cicuta Virosa,-Cic. V.)

উত্তর এবং মধ্য ইউরোপ, রুসিয়াস্থ আসিয়া এবং উত্তর আমেরিকায় এই গাছের জন্ম। ইংলণ্ড, স্কট্‌লাণ্ড এবং আয়ারলণ্ডেও ইহা প্রচুর পরিমাণে জন্মে। ইহার কাঁচা শিকড় যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মুল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার উত্তেজক স্বরূপ কার্য্য করিয়া থাকে, যাহার দরুণ ধনুষ্টঙ্কার, মৃগীরোগ এবং মৃগীরোগের ন্যায় আক্ষেপ, দাঁতলাগা এবং সর্ব্বাঙ্গেই স্থানিক এমন আক্ষেপের উদ্রেক হয়, যাহার দরুণ আক্রান্ত অঙ্গাদি পর্য্যায়ক্রমে একবার প্রসারিত এবং একবার সঙ্কুচিত হইয়া থাকে। ইহার কার্য্যের সঙ্গে নাক্স্ বমিকার কার্য্যের সাদৃশ্য আছে। তবে নাক্স্ বমিকাতে রোগীর কতক পরিমাণে চেতনা থাকে, সিকুটাতে মস্তিষ্কের পক্ষাঘাত হইয়া চেতনা একবারে থাকে না।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। ক্রন্দন, কোঁথানি বা কোঁকানি এবং চীৎকার করা (বিরেট্ আল্ ব্); মনের বিকৃতি, গানকরা, অঙ্গ ভঙ্গি করিয়া নাচা এবং উচ্চৈঃস্বরে জয়ধ্বনী বা অন্য কোন প্রকারের শব্দ করা (হায়োস্, ষ্ট্রামন্); নিস্তব্ধভাবে থাকার স্বভাব, সর্ব্বদা আপন অবস্থায় সন্তুষ্ট এবং সুখী থাকা; মনের অত্যন্ত জড়ভাব এবং তদ্দরুণ কোন প্রকার মানসিক চিন্তার অশক্তি (হায়োস্, ওপিয়াম্); মনের উদ্বেগ এবং কোন প্রকারের দুঃখের কাহিনি শুনিয়া মন অত্যন্ত ব্যাকুল হওয়া।

মস্তক। মাথাঘোরা; মাথার ঝাকনি এবং স্পন্দন; মাথার পশ্চাৎভাগে ভয়ানক কন্‌কনিয়া বেদনা; মাথায় আঘাত লাগিয়া মস্তিষ্কের কার্য্যাবরোধের দরুণ আক্ষেপ (কুপ্রাম্)।

চক্ষু। কোন বস্তুর পানে একদৃষ্টে তাকাইয়া থাকা; চক্ষুর তারা বিস্তৃত এবং উহাতে আলোক জ্ঞানাদি রহিত হওয়া (বেল্, হায়োস, ওপিয়াম্, ইনাহ্); চক্ষুর তারা প্রথমতঃ সঙ্কুচিত এবং তৎপর বিস্তৃত হয়; এক বস্তু দুই টীর ন্যায় দেখায় (অরাম্, বেল্, ফাইটোল্, ষ্ট্রামন্); সম্মুখস্থিত বস্তুগুলি যেন একবার আগে যায় এবং একবার পাছে যায়।

কর্ণ। কানে কম শুনা।

মুখমণ্ডল। মুখমণ্ডল লালবর্ণ, শিটা, ফিকা বা মলিন, মৃতবৎ (আর্স্, বিরেট্-আল্ ব্); মুখাকৃতি বিকৃত,-হয় ভয় উৎপাদক, নতুবা ঘৃণা উৎপাদক (কুপ্রাম্); মুখমণ্ডলের পেশীর আক্ষেপ (আগারিকাস্, ইগ্‌নেস্, নাক্স্-বম্)।

মুখগহ্বর ও গলার মধ্য। দাঁতে দাঁতে আঁটিয়া যাওয়া বা দাঁত লাগা (আবিসিন্থ্, ইগ্‌নেস্, সিনা, পডোফ্); জিহ্বার ধারে সাদা, বেদনাযুক্ত, জ্বালাযুক্ত ক্ষত; কথা বলিবার সময় হিক্কা হইলে যেরূপ হয়, মাথায় সেরূপ হঠাৎ ঝাকি লাগা; মুখে ফেণা উঠা (ককিউল্, কুপ্রাম্, লরোস্, নেজা)। গিলিতে অশক্তি; গলার মধ্য যেন জুড়িয়া যায়; গলার মধ্যে শুষ্কানুভব।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত পিপাসা (একন্, ব্রাই, ক্যাম্); প্রবল হিক্কা (নাক্স্-বম্, হায়োস্, ষ্ট্রামন্, সিকেল্ কর্ণটাম্); পাকস্থলীতে জ্বালানুভব (আর্স, ক্যাম্ফার, ক্যান্থ্); পাকস্থলীর মধ্যে স্ফীতি এবং দপ্-দপানি; বমন এবং উহার সঙ্গে সঙ্গে আক্ষেপ; পাকস্থলীর গভীরতম অংশে হঠাৎ ধাক্কা লাগা, যাহার দরুণ আক্ষেপ হইয়া শরীর পশ্চাৎদিকে বাঁকিয়া পড়ে। উদরে গড়্ গড়্, কল কল এবং সোঁ সোঁ শব্দ হওয়া; উদর স্ফীত, বিস্তৃত এবং বেদনাযুক্ত হয়।

মল। বারম্বার তরল মলত্যাগ।

মূত্র। অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মূত্রত্যাগ (আর্স, বেল্, হায়োস্, ওপিয়াম্); হয় অতিরিক্ত পরিমাণে মূত্রত্যাগ, নতুবা মূত্র একবারেই নির্গত হয় না।

জননেন্দ্রিয়। পুরুষের অণ্ডকোষ উপরের দিকে আকৃষ্ট; পুরুষাঙ্গের গোড়ায় সূচীবিঁধানের ন্যায় বেদনা এবং রাত্রিতে ঘুমেরঘোরে অনিচ্ছাপূর্ব্বক ধাতু নিঃসরণ (স্বপ্নদোষ); স্ত্রীলোকের গোণে রজঃস্রাব; রজঃস্রাব রুদ্ধ হইলেই আক্ষেপ বা খেঁচনির উদ্রেক হয়; রজঃস্রাবের সময় গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে ছিঁড়িয়া ফেলা বা কসিয়া ধরার ন্যায় বেদনা; সন্তান প্রসবের সময় আক্ষেপ বা খেঁচনি।

শ্বাসযন্ত্র। বুকে কষ্টানুভব এবং শ্বাসরোধ হওয়ার উপক্রম হওয়া, যাহা বুকের পেক্‌টোরেল্ (Pectoral) পেশীর আক্ষেপের দরুণ ঘটিয়া থাকে (কুপ্রাম্); বুকে আঁটাবোধ, যাহার দরুণ নিশ্বাস প্রশ্বাসে অত্যন্ত কষ্টানুভূত হয়; বুকের মধ্যে ঠাণ্ডাবোধ।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশ বাঁকিয়া ধনুকের ন্যায় হয় (নাক্স্-বম্, ওপিয়াম্); গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে ছিঁড়িয়া ফেলা বা চিড়িক্ মারার ন্যায় বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। সমুদয় অঙ্গের কম্পন; বাহু এবং পায়ের দুর্ব্বলতা; অঙ্গ প্রত্যঙ্গের আক্ষেপিক বিকৃতি (সিনা); হঠাৎ ধাক্কা লাগার পর অঙ্গ প্রত্যঙ্গের শক্তি একবারেই না থাকা। বাহু এবং হাতের আঙ্গুলের ঝাকনি বা স্পন্দন (কুপ্রাম্); চলিবার সময় পায় শক্তি না থাকা। অতএব রোগী কাঁপিয়া কাঁপিয়া বা হেলিয়া টলিয়া চলে; এক পায়ের কাঁপনি।

নিদ্রা। বারম্বার ঘুম ভাঙ্গিয়া যায় এবং সমুদয় শরীরে ঘর্ম্ম হয়; রোগী আপনাকে আপনি সুস্থ বোধ করে; পূর্ব্ব দিনের ঘটনাগুলি স্বপ্নে স্পষ্ট দেখা।

চর্ম্ম। মুখমণ্ডল এবং হাতে মটরের দানার ন্যায় ফুস্কুড়ী এবং স্পর্শ করিলে উহাতে জ্বালাযুক্ত বেদনার উদ্রেক হয় ও যাহা কএক দিন পর মিশিয়া একত্রিত হয় (আণ্টি-টার্ট্, ক্রোটন্); গায় জ্বালাযুক্ত পূঁয সম্বলিত ফুস্কুড়ী।

ব্যবহার। সকল প্রকারের আক্ষেপ বা কন্‌বাল্‌সন্‌স্ (Convulsions); মৃগীরোগ; কোরিয়া (Chorea); হিষ্টিরিয়া; উন্মত্ততা; অন্ধতা; মস্তিষ্ক ও কসেরুকা মজ্জার প্রদাহ (Cerebro-spinal Meningitis); মস্তিষ্কে আঘাত লাগিয়া মস্তিষ্কের কার্য্যাবরোধ (Concussion of the brain) হেতু অসুখ; সকল প্রকারের আক্ষেপ বা খেঁচনি সম্বলিত রোগ; ঘুমের ঘোরে স্বপ্ন দেখিয়া আপন কার্য্যাদি করা বা পলায়ন করা; (Somnambulism); ধনুষ্টঙ্কার; পুরুষের টুটীতে বিকচ বা একজিমা (Eczema); আক্ষেপিক রকমের হিক্কা এবং উদ্গার উঠা ইত্যাদি অসুখে সিকুটা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। পেশির সর্ব্বপ্রকারের আক্ষেপ (আগারিকাস্, জিঙ্ক্); আক্ষেপ ও উহার সঙ্গে সঙ্গে চেতনা-রহিততা; সমুদয় অঙ্গ প্রত্যঙ্গের ভয়ানক বিকৃতি; আক্ষেপ এবং তদরুণ শরীর পশ্চাৎদিকে বাঁকিয়া পড়া; ডায়েফ্রাম্ (Diaphragm) নামক পেশীতে প্রবল আক্ষেপ হইলে যেরূপ হয়, মৃগীরোগের সেরূপ আক্রমণ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীর স্ফীতি, হিক্কা, চীৎকার করা, দাঁত লাগা, অচেতন হওয়া এবং অঙ্গ প্রত্যঙ্গের বিকৃতি; সামান্য স্পর্শন, ঘরের দরজা খুলিলে এবং সজোরে কথা বলিলেই আক্ষেপের পুনরাক্রমণ; ঘর্ম্ম, যাহা রাত্রিতেই অধিক হয়; উদরে

ঘর্ম ; শীত ; শীতবোধ এবং তদ্দরুণ উত্তাপ প্রয়োগের ইচ্ছা ইত্যাদি সিকুটার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। সিকুটার কার্য্যের সঙ্গে একোনাইট, হাইড্রোসায়েনিক্ আসিড এবং ষ্ট্রিক্নিয়ার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে বেলাডোনা, কোনায়াম্, ল্যাকেসিস্, হায়োসায়েমাস্, পাল্‌সেটিলা, ষ্ট্রামোনিয়াম্ এবং বিরেট্রাম্ আল্‌বামের কার্য্যেরও সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। আর্ণিকা, ওপিয়াম্। অধিক মাত্রায় সিকুটা খাইয়া বিষাক্ত হইলে তামাকু ব্যবস্থা।

ডাইলুশন বিচার। ৬, ১২ এবং ৩০ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন চিকিৎসক এই ঔষধের ২০০ ক্রমও ব্যবস্থা করিয়া থাকেন।

কলিন্সোনিয়া ক্যানেডেন্সিস্,-কলিন্স্

(COLLINSONIA CANADENSIS,-COLLLNS.)

উত্তর আমেরিকার ভিজা জঙ্গলা ভূমিতে এই গাছ জন্মে। ইহার শিকড় যথানিয়মে গ্রুক্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইতে পারে। গুড়াঁকে কলিন্‌সোনিন্ বলে।

সাধারণ ক্রিয়া। পাকস্থলী এবং অন্ত্রের উপর ইহার কার্য্য অতি প্রবল, বিশেষতঃ গুহ্যের উপর। ইহা হৃৎপিণ্ড এবং জননেন্দ্রিয়কে প্রবলরূপে আক্রমণ করিয়া থাকে। অর্শরোগে ইহা বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। কপালে ঘুশ্‌ঘুশে বেদনা ; অর্শরোগের রক্তস্রাবাদি বন্ধ হইয়া মাথা ধরা।

মুখগহ্বর। জিহ্বার মধ্য ও পশ্চাৎভাগ হরিদ্রার লেপযুক্ত এবং

উহার সঙ্গে সঙ্গে মুখে তিক্তস্বাদ; বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে খিলধরার ন্যায় বেদনা।

উদর। তলপেটে কর্ত্তনবৎ প্রবল বেদনা।

মল। কোষ্ঠবদ্ধ; মল ফিকা রঙ্গ বিশিষ্ট, মোটা নেড় যাহা বহির্গত হইতে অত্যন্ত কোঁথ পাড়িতে হয় এবং মলত্যাগের পর গুহ্যদ্বার এবং তলপেটে ঘুশ্‌ঘুশে বেদনার উদ্রেক হয়; উদরাময়, মল রক্তমিশ্রিত শ্লেষ্মা অথবা তরল হরিদ্রাবর্ণের পদার্থ, বা জলবৎ তরল এবং মলত্যাগের সময় অত্যন্ত কোঁথপাড়া ও অন্ত্রের মধ্যে ভয়ানক কর্ত্তনবৎ বেদনা (মার্ক্); রক্তস্রাবক অর্শ (Bleeding Piles) বা অন্ধ অর্শ (Blind Piles) (ইস্কুলাস্); গুহ্যদ্বারে ভার বোধ; গুহ্যদ্বারের চুলকানি বা কুট্‌কুটানি, যাহার দরুণ মনে হয় যেন গুহ্যদ্বারে বালি বা কাঁকর ইত্যাদি লাগিয়া রহিয়াছে।

জননেন্দ্রিয়। হৃৎপিণ্ডের স্নায়ুব উত্তেজনা; হৃৎপিণ্ডের কার্য্যের অতিরিক্ত চাঞ্চল্য; হৃৎপিণ্ডের কার্য্য সম্বন্ধীয় অসুখ; নাড়ী দ্রুতগামী; বুকের মধ্যে পূর্ণ এবং কষ্টানুভব; শ্বাসকষ্ট এবং অবসন্নবোধ (একন্)।

ব্যবহার। অর্শরোগ এবং তদ্দরুণ যান্ত্রিক কার্য্য সম্বন্ধীয় অসুখ; কোষ্ঠবদ্ধ; উদরাময়; হৃৎপিণ্ডের যান্ত্রিক এবং কার্য্য সম্বন্ধীয় অসুখ; শোথ; কষ্টকর রজঃস্রাব এবং বাধকের বেদনা (Painful Menstruation); যোনিদ্বারের চুলকানি এবং অর্শ জনিত অন্যান্য প্রকারের অসুখ; অণ্ডকোষের শিরার প্রদাহ; স্ত্রীলোকের জরায়ু স্থানভ্রষ্ট হওয়া (Prolapsus Uteri); আমাশয় এবং মলত্যাগের পূর্ব্বে ও পর তলপেটে শূল বেদনার ন্যায় বেদনা এবং বারম্বার কষ্টদায়ক কোঁথ পাড়া; গর্ভাবস্থায় বা সন্তান প্রসবের পর স্ত্রীলোকের অর্শরোগ এবং উহার সঙ্গে সঙ্গে কোষ্ঠবদ্ধ ও জরায়ু স্থান ভ্রষ্ট হইয়া মোচড়াইয়া পড়া ইত্যাদি অসুখে কলিন্সোনিয়া ব্যবস্থা।

সমগুণ বিশিষ্ট ঔষধ। কলিন্সোনিয়ার কার্য্যের সঙ্গে আলোজ, ইস্কুলাস্ হিপোকাষ্টেনাম্ এবং পডোফিলামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে হাইড্রাষ্টিস, নাক্স্-বমিকা, সাল্‌ফার, ডায়োস্কবিয়া এবং ডিজিটালিসের কার্য্যেরও সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ২য় এবং ৩য় ক্রমের আরোকই সচরাচর

অধিক ব্যবহৃত হইয়া থাকে। গর্ভাবস্থায় অর্শরোগ এবং উহার সঙ্গে সঙ্গে অনিবার্য্য কোষ্ঠবদ্ধ থাকিলে এই ঔষধের মূল আরোক,২ফোঁটা মাত্রায়,ব্যবহার করিয়া বিশেষ ফল পাওয়া যায়, আপন চিকিৎসার ফল দেখিয়া লেখক এরূপ স্থির করিয়াছেন।

ক্রোকাশ্ স্যাটাইবাস্,-(যাফ্রাঙ্গ্),-ক্রোকাশ্

(CROCUS SATIVUS,-CROC. SAT.)

আসিয়া মাইনারে এই গাছের জন্ম। স্পেইন্, ফ্রান্স্ এবং ইটালী দেশ হইতেও নানা দেশে ইহার আমদানি হয়। শুকনা যাফ্রাঙ্গ্ যথানিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। যাফ্রাঙ্গ প্রায় সমুদয় পসারি বা বেনের দোকানেই পাওয়া যায়।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা মস্তিষ্কের উত্তেজনা এবং রক্তাবরোধ উৎপাদন করিয়া হিষ্টিরিয়া জনিত উন্মত্ততা উৎপাদন করে। ইহা জরায়ুতে শিরা সম্বন্ধীয় (Venous) রক্তাবরোধ আনয়ন করে এবং তদ্দরুণ জরায়ু হইতে কাল্‌চে লালবর্ণ, চাপ্ চাপ, থানা থানা, রসির ন্যায় রক্তস্রাব হয়। রসির ন্যায় রক্তস্রাব হওয়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা মনের ভাবের পরিবর্ত্তন ; রাগ করিয়া উহার পরক্ষণেই উহার দরুণ অনুতাপ করা ; মনের অবসন্নতা এবং আমোদ বা সুখ ; একবার চটিয়া বা দুঃখিত হইয়া উহার পরক্ষণেই মনের উল্লাস বা সুখভাব (একন্, ইগ্‌নেস্, নাক্স্-মস্ক্, প্লাটিনা) ; মন অসুস্থ, উদ্বেগযুক্ত এবং মনে দুঃখের ভাব ; উন্মত্ততা এবং উহার সঙ্গে সঙ্গে সর্ব্বদা মনের উল্লাস বা খুসি থাকা ; গান করা, ঠাট্টা তামাসা এবং হাসিবার অত্যন্ত প্রবল ইচ্ছা (হায়োস্, ষ্ট্রামন্) ; রোগী সকলের মুখেই চুম্বন করিতে চাহে।

মস্তক। ডাইন কাণের পশ্চাৎভাগে এবং কপালের বাম পার্শ্বের

উন্নত স্থানে মস্তিষ্কের মধ্যে যেন হঠাৎ ধাক্কা লাগে, যাহার দরুণ রোগী হঠাৎ চমকিয়া উঠে।

চক্ষু। কেতুব পড়িলে যেরূপ হয়, চক্ষু সেরূপ টিপান এবং বারম্বার চক্ষু মুছা (আলাম্, পাল্‌স্); চক্ষুর তারা অত্যন্ত বিস্তৃত; ধুম প্রবেশ করিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ জ্বালা এবং কুট্‌কুটানি; একখানি অতি সরু কাপড়ের মধ্য দিয়া তাকাইলে যেরূপ হয়, চক্ষে আলোক সেরূপ ঢিমা বা অস্পষ্ট দেখায় (ব্যারাইটা-কার্ব্ব, কষ্ট্, হায়োস্, পিট্রোল্, পাল্‌স্); চক্ষের মধ্যে জলের সঞ্চার হইলে যেরূপ হয়, চক্ষে অনবরত সেরূপ অনুভূত হয়; অনেকক্ষণ কাশিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ অনুভূত হয়; পুস্তকাদি পাঠের পর চক্ষে জ্বালা এবং টাটানি; চক্ষে ঝাপ্‌সা দেখা, যাহার দরুণ বারম্বার চক্ষু টিপাইতে হয় (ইউফ্রেস্); সময় সময় চক্ষুর পাতা সজোরে চাপিবার ইচ্ছা (ইউফ্রেস্); চক্ষুর উপরের পাতার স্পন্দন।

নাসিকা। নাকদিয়া চট্‌চটিয়া আঠা এবং কাল রক্তস্রাব ও উহার সঙ্গে সঙ্গে কপালে বড় বড় ফোঁটায় ঘর্ম্ম; প্রবল হাঁচি।

গলার মধ্য। গিলিবার সময় এবং উহার আভ্যন্তরিক কালেও জিহ্বা লম্বা হইয়াছে এরূপ অনুভূত হয়।

পাকস্থলী। অত্যন্ত পিপাসা এবং শীতল জলাদিপানের ইচ্ছা (একন্, ব্রাই); উদ্গার উঠা; কোন একটী জীবিত প্রাণী লাফাইয়া বেড়াইলে যেরূপ হয়, পাকস্থলী এবং উদরের মধ্যে সেরূপ অনুভূত হয় (থুজা) এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ ও শরীর কম্পন।

মলদ্বার। সময়ে সময়ে গুহ্যদ্বারের বামপার্শ্বের নিকটবর্ত্তী স্থানে সূচীবিধানের ন্যায় খুস্‌খুসে বেদনা এবং টাটানি; গুহ্যদ্বারের অসহ্য মোচড়াণী; সূত্রবৎকৃমী থাকিলে যেরূপ হয়, গুহ্যদ্বারে হামা দেওয়ার ন্যায় সেরূপ সুড়্‌সুড়ী।

জননেন্দ্রিয়। পুরুষের স্ত্রীসহবাসের ইচ্ছার অতিরিক্ত উত্তেজনা। স্ত্রীলোকের রজঃস্রাব আরম্ভ হইবে এরূপ অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে তলপেটে বেদনা এবং যোনির নিম্নদিকে ঠেলিয়া বাহির হওয়ার ন্যায় অনুভূত হওয়া (সিমিসিফ্, পাল্‌স্, কালোফাই; জরায়ু হইতে অতিরিক্ত

পরিমাণে কাল্‌চে (ক্যালী-নাইট্রিক্), আঁটাল, রসির ন্যায় রক্তস্রাব যাহা কাল চাপে চাপে নির্গত হয় (আমন্‌-কার্ব্ব, সাইক্লেমেন্, ইগ্‌নেস্, প্লাটিনা, সাবাইনা); সামান্য নড়াচড়াতেই জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব।

শ্বাসযন্ত্র। অত্যন্ত অবসন্ন কারক প্রবল শুষ্ক কাশি; শ্বাস প্রশ্বাসে বমনোৎপাদক দুর্গন্ধ বাহির হয় (ক্যাপ্স্, সাঙ্গুনেরিয়া); বুকের বাম পার্শ্বে সূচীবিধানের ন্যায় ঘুশ্‌ঘুশে বেদনা; বুকে অত্যন্ত ভারিবোধ, যাহার দরুণ রোগী বারম্বার দীর্ঘ নিশ্বাস টানিতে বাধ্য হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ। বাহুর হিউমারাস্ (Humerus) নামক অস্থির মাথা চল্‌চলে হইলে যেরূপ হয়, বাহুর উপরিভাগ সঞ্চালনে সেরূপ বেদনার উদ্রেক হয়।

নিদ্রা। ঘুমেরঘোরে এলোমেলো এবং ভয়ানক স্বপ্ন দেখা।

ব্যবহার। কোরিয়া (Chorea); হিষ্টিরিয়া জনিত অসুখ; রক্তস্রাব; জরায়ু হইতে অতিরিক্ত পরিমাণে রক্তস্রাব (Metrorrhagia); নাক দিয়া রক্তস্রাব; অতিরিক্ত বা প্রচুর রজঃস্রাব; চক্ষে ঝাপ্‌সা দেখা; চক্ষুর পেশীর অতিরিক্ত ব্যবহার জনিত চক্ষে ঝাপ্‌সা বা কম দেখা (Asthenopia) ইত্যাদি অসুখে ক্রোকাশ্ ব্যবস্থা।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। পেটে কোন জীবিত প্রাণী লাফাইয়া বেড়াইতেছে, এরূপ অনুভূত হওয়া; নানা যন্ত্র হইতে রক্তস্রাব, (রজঃস্রাবের) রক্ত কাল্‌চে এবং চাপ চাপ, থানা থানা; (ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন আল্‌কাতরার ন্যায় আঁটাল); অত্যন্ত শারীরিক পারশ্রমে যেরূপ হয়, সন্ধ্যার সময় সেরূপ অতিরিক্ত পরিমাণে শ্রান্তিবোধ বা অবসন্নতা এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রার ভাব এবং মনে হয় যেন চক্ষের পাতা ফুলিয়া ভারি হইয়াছে; পুস্তকাদি পাঠে উপদ্রবের উপশম হয়; পেশার আকান; প্রাতঃ-কালে লক্ষণাদির বৃদ্ধি এবং বহির্ব্বায়ুতে উহার উপশম ইত্যাদি ক্রোকাশের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। ক্রোকাশের কার্য্যের সঙ্গে বেলাডোনা, প্লাটিনা, সাবাইনা এবং সর্ব্বাপেক্ষা রুটার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে একোনাইট, ক্যাল্‌কেরিয়া

কার্ব্বোনিকা, ইপিকাকিউএনা, ইগ্‌নেসিয়া, নাক্স-বমিকা; ওপিয়াম; পাল্‌সেটিলা, রাস্‌টক্স, সিপিয়া এবং সাল্‌ফারের কার্য্যেরও সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। একোনাইট্, বেলাডোনা, ওপিয়াম্।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) সচরাচর ২য় ক্রম ব্যবহার করিয়া থাকেন। তাঁহার মতে কখন কখন ১ম ক্রম ২য় ক্রম অপেক্ষা অধিক উপকারী। লেখক স্বয়ং ২য়, ৩য়, এবং ৬ষ্ঠ ক্রমই সচরাচর ব্যবহার করিয়াই যথোচিত ফল পাইয়া থাকেন।

ক্রোটন্ টিগ্লিয়াম্,-ক্রোটন্

(Croton Tiglium,—Crot.)

ভারতবর্ষ, লঙ্কাদ্বীপ, মালাক্কা দ্বীপ এবং আসিয়ার অন্যান্য স্থানে এই গাছের জন্ম। ইহার বিচি আব্‌সোলিউট্ আল্‌কোহালে (Absolute Alcohol) (১ ভাগ ক্রোটন্ এবং ২০ ভাগ আব্‌সোলিউট্ আল্‌কোহল্) ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অন্ত্রের যোজক ঝিল্লী এবং চর্ম্মের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা রক্তের জলীয় পদার্থ পরিবর্ত্তন করিয়া প্রচুর পরিমাণে উদরাময় এবং চর্ম্মের উপর প্রকৃত বিকচ (Eczema) উৎপাদন করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

চক্ষু। চক্ষু দিয়া প্রচুর পরিমাণে জল পড়া (ইউফ্রেস)।

কর্ণ। বামকর্ণের গভীরতম অংশে আক্ষেপিক রকমের কুট্‌কুটানী বা খোঁচা বিঁধার ন্যায় বেদনা।

পাকস্থলী এবং উদর। পাকস্থলীর মধ্যে খালি খালিবোধ (সিপিয়া); পাকস্থলীতে দুর্ব্বলবোধ এবং পেটে পিঠে যেন লাগিয়া যায় (ইগ্‌নেস্)। উদর পূর্ণ, স্ফীত এবং বিস্তৃত ও নাভি প্রদেশে বেদনা বা পেটকামড়ানী (কলোস্); উদরে কষ্টকর খালিবোধ এবং ক্ষুধাবোধ; উদরে

কল কল, গড়্ গড়্ শব্দ হওয়া; কেবল জল ভরা থাকিলে যেরূপ হয়, অন্ত্রে সেরূপ গড়্ গড়্ শব্দ হওয়া (হেলিবোরাস্), যাহা বাম পার্শ্বেই অধিক অনুভূত হয়; জল থাকিলে যেরূপ হয়, অন্ত্রের মধ্যে সেরূপ গড়্ গড়্, কল কল শব্দ হওয়া।

মল এবং মলদ্বার। উদরে দূষিত বায়ুর সঞ্চার (Flatulence) হওয়ার পরই মলত্যাগের অত্যন্ত ইচ্ছা বা বেগ (আলোজ্); মল হঠাৎ সজোরে নির্গত হয় এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বার দিয়া প্রচুর দূষিত বায়ু নিঃসরণ (আলোজ্); গুহ্যদ্বারে অনবরত বহির্দ্দিক পানে চাপাবোধ এবং নাভি-প্রদেশে চাপ দিলে গুহ্যদ্বার পর্য্যন্ত অত্যন্ত কষ্টকর বেদনানুভব; গুহ্যদ্বারে এরূপ অনুভূত হয় যে, উহার দরুণ মনে হয় যেন সহজেই উদরাময় হইবে; একখানি কাঠের টুকরা বহির্দ্দিকে ঠেলিয়া বাহির হইলে যেরূপ হয়, গুহ্যদ্বারে সেরূপ বেদনা; অনবরত বাহ্যের বেগ হইয়া তৎপর দুর্গন্ধযুক্ত, মলিন সবুজ-বর্ণের কাইয়ের ন্যায় মল ভেদ, যাহা গুহ্যদ্বার দিয়া বন্দুকের গোলার ন্যায় হঠাৎ সজোরে বাহির হয় (নেট্রাম্-কার্ব্ব, গ্রাটিওলা); মল অত্যন্ত তরল, হরিদ্রা-বর্ণের জলের ন্যায়, যাহা গুহ্যদ্বার দিয়া সজোরে বাহির হয় (গ্রাটিওলা, থুজা, সেনিগা); বেদনাহীন জলবৎতরল ভেদ (আর্স্, চায়না, পডোফ্)।

জননেন্দ্রিয়। পুরুষের পুরুষাঙ্গের অগ্রভাগ এবং অণ্ডকোষাধারে বারম্বার ক্ষতকারক চুলকানি; অণ্ডকোষাধার ছোট হয়, অত্যন্ত চুলকায়, যাহার দরুণ ঘুম ভাঙ্গিয়া যায় এবং চুলকাইলে যাহার উপশম হয় ও যাহার দরুণ স্ত্রীসহবাসের ইচ্ছার উদ্রেক হয়; অণ্ডকোষাধারে ক্ষতকারক চুলকানি, চলিবার সময় যাহার বৃদ্ধি হয়; আক্রান্ত স্থান লালবর্ণ; অণ্ড-কোষাধার এবং পুরুষাঙ্গে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী (রাস্টক্স্)। স্ত্রীলোকের যোনি ইত্যাদিতে অত্যন্ত চুলকানি, সামান্য চুলকাইলেই যাহার উপশম হয়; স্তন কঠিন এবং স্ফীত ও উহার বোঁটার মধ্য দিয়া স্কন্ধাস্থি পর্য্যন্ত বেদনা; স্তনের বোঁটা স্পর্শ করিলেও টাটানির উদ্রেক হয়; শিশু যে স্তন পান করে সে স্তনের বোঁটার মধ্যদিয়া স্কন্ধাস্থি পর্য্যন্ত বেদনা।

শ্বাসযন্ত্র। বুকের মধ্যে আঁটাবোধ, যাহার দরুণ মনে হয় যেন ফুস্ফুস বিস্তৃত হইবে না (আসফি); বুকের দুই পার্শ্বেই পূর্ণবোধ এবং উহার

সঙ্গে সঙ্গে বুকের বাম পার্শ্বে এবং উপর স্কন্ধের দিকে জ্বালাযুক্ত সূচী বিঁধানের ন্যায় বেদনা।

চর্ম্ম। বাম উরুতে, অণ্ডকোষাধারের বিপরিতদিকে লাল, আর্দ্র ফুস্কুড়ী, যাহা হইতে দুর্গন্ধযুক্ত কস্ তানি পড়ে এবং যাহা স্পর্শ করিলে বা চলিবার সময় অত্যন্ত বেদনাযুক্ত হয় এবং টাটায়; চর্ম্মের চুলকানি এবং জ্বালাযুক্ত বেদনা ও আক্রান্ত স্থান লালবর্ণ; গায় ফোস্কার ন্যায় ফুস্কুড়ী বা ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ যাহা ফাটিয়া ঘা হইয়া কস্ তানি পড়ে এবং ফুস্কুড়ীতে খোসা বা চুমটি জন্মিয়া পড়িয়া যায় (আণ্টি-টার্ট্, সিকুটা, রাস্টক্স্, সাল্ফার); গায় চুলকানি বিশিষ্ট ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ।

জ্বর। পায় ঠাণ্ডাবোধ যাহা পায়ের ডিম পর্য্যন্ত বিস্তৃত হয়।

ব্যবহার। উদরাময়; গ্রীষ্মকালীয় উদরাময় এবং উহার সঙ্গে সঙ্গে বমন; ওলাউঠা; বিকচ (Eczema), বিশেষতঃ মুখমণ্ডল এবং জননেন্দ্রিয়ে; গায় ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী বা ব্রণ; স্ত্রীলোকের শিশুগণকে স্তনদুগ্ধ পান করান সময়ে স্তনের বোঁটা হইতে স্কন্ধ পর্য্যন্ত খোঁচা বিঁধার ন্যায় বেদনা ইত্যাদি অসুখে ক্রোটন্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। গুহ্যদ্বার দিয়া মল বন্দুকের গোলা বা পিচ্ কারীর নালের ন্যায় সজোরে নির্গমন, গায় ফুস্কুড়ী হইলে অত্যন্ত চুলকানি এবং তদ্দরুণ জ্বালা ও কস্ তানি পড়া ক্রোটনের বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। অন্ত্রের উপর ক্রোটনের কার্য্য ইলেটিরিয়াম্, বিরেট্রাম্ আল্বাম্ এবং কল্চিকামের ন্যায়। চর্ম্মের উপর ইহার কার্য্য রাস্টক্স্, এপিস্ এবং মেজিরিয়ামের ন্যায়। এতভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আনাকার্ডিয়াম্, গ্রাটিওলা এবং থুজার কার্য্যেরও সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। রাস্টক্স্।

ডাইলুশন বিচার। ৩য় দশমিক হইতে ৬ষ্ঠ শততমিক ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

ডায়োস্করিয়া বিলোসা,-ডায়োস্ক্

(DIOSCOREA VILLOSA,-DIOSC.)

দক্ষিণ আমেরিকার জঙ্গলা ভূমিতে এই গাছ জন্মে। ইহার শিকড় যথা নিয়মে ক্রক্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহার গুঁড়াও প্রস্তুত হয়। গুঁড়াকে ডায়োস্কারিণ্ বলে।

সাধারণ ক্রিয়া। গ্যাঙ্গ্লিয়োনিক্ স্নায়ুমণ্ডলের (Ganglionic nervous System) মধ্যদিয়া নাভি প্রদেশের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ পেট ও নাভিপ্রদেশে পিত্তাধিক্য জনিত শূল বেদনার (Bilious Colic) ন্যায় বেদনা উৎপন্ন হয়। এই বেদনার দরুণ রোগী হাঁটু গুঁড়াইয়া জড়সড় হইয়া থাকিতে চাহে বটে এবং মনে হয় যেন আক্রান্ত স্থানে চাপ দিলে বেদনার উপশম হইবে; বাস্তবিক তাহা নহে, প্রচাপনে বরং উক্ত প্রকারের বেদনার বৃদ্ধি হয় এবং শরীর বিস্তৃত করিলে বেদনার উপশম হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। এক বস্তুকে উহার প্রকৃত নাম ধরিয়া না বলিয়া অন্য একটী নাম ধরিয়া বলার ইচ্ছা।

মস্তক। মাথাঘোরা এবং মাথা ঝিম্ ঝিম্ করা; মাথা এবং কপালের দুই পার্শ্বে ঘুশ্ঘুশে বেদনা; কপালের দুই পার্শ্বে অত্যন্ত প্রখর বেদনা।

চক্ষু। প্রাতঃকালে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকে।

কর্ণ। কর্ণের সম্মুখ ভাগে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে বেদনা; কর্ণের সম্মুখ এবং পশ্চাৎভাগে প্রখর বেদনা।

নাসিকা। নাকের মধ্যে অত্যন্ত জ্বালানুভব এবং উহার সঙ্গে সঙ্গে অনবরত হাঁচি দেওয়া (একন্, জেল্স্); বাম নাসারন্ধ্র দিয়া উজ্জ্বল লালবর্ণ রক্ত পড়া; নাসারন্ধ্রে জ্বালা এবং টাটানি; নাকে বিশ্রী দুর্গন্ধ।

মুখমণ্ডল। বাম নিম্ন মাড়ির কোণে চর্ব্বনবৎ, কসিয়া ধরা, খনন করা অথবা ছুরি বিঁধানের ন্যায় প্রবল বেদনা।

মুখগহ্বর এবং গলার মধ্য। প্রাতঃকালে জিহ্বা কটাবর্ণের পুরু লেপযুক্ত; পুড়িলে যেরূপ হয়, জিহ্বার ধারে সেরূপ টাটানি এবং জ্বালানুভব (কলোস্, আইরিস্, প্লাটিনা, সাঙ্গুনেরিয়া, বিরেট্-বিরাইড);

জিহ্বার অগ্রভাগে ক্ষত বা টাটানি; প্রাতঃকালে মুখগহ্বর অত্যন্ত শুষ্ক, তিক্ত এবং চট্ চটিয়া আঠা; মুখগহ্বরের তালুতে এবং মাড়িতে টাটানি। মুখগহ্বরের পশ্চাৎভাগ এবং গলার মধ্যে চড়্ চড়ানি, জ্বালা এবং চিড়িক মারা; কর্ণমূলস্থিত গ্রন্থিতে বেদনা এবং টাটানি।

পাকস্থলী এবং উদর। টক বা তিক্ত উদ্গার উঠা; গলাদিয়া অধিক পরিমাণে স্বাদশূন্য উদ্গার উঠা, যাহার দরুণ পাকস্থলীর অসুখের অনেকটা উপশম হয় (কার্ব্বোলিক্-অ্যাস্); বমনোদ্বেগ; পাকস্থলীর মধ্যে ভারি হওয়ার ন্যায় অসুখ বোধ; পাকস্থলীর মধ্যে অনবরত কষ্টানুভব এবং বারম্বার প্রবল বেদনা, যাহার দরুণ রোগী কোমরের কাপড় ঢল্ঢলে করিয়া পরিতে বাধ্য হয়; উদরোর্দ্ধ প্রদেশে অত্যন্ত কষ্টদায়ক বেদনা, উদ্গারে টক বা তিক্ত স্বাদ বিশিষ্ট দূষিত বায়ুনিঃসরণে যাহার উপশম হয়; পাকস্থলীতে জ্বালা বোধ (আর্স্); পাকস্থলীর মধ্যে খিল ধরার ন্যায় প্রবল বেদনা এবং উহার পর উদ্গার ও গলাদিয়া স্বাদশূন্য দূষিত বায়ু নিঃসরণ এবং তৎপর হিক্কা ও গুহ্যদ্বার দিয়া দূষিত বায়ু (Flatulence) নিঃসরণ; উদরোর্দ্ধ প্রদেশে কর্ত্তনবৎ প্রখর বেদনা (কলোস্)। তলপেটের বাম পার্শ্বে প্রখর বেদনা; যকৃত প্রদেশে ভারিবোধ এবং চর্ব্বনবৎ ঘুশ্ ঘুশে বেদনা, সন্ধ্যার সময় যাহার বৃদ্ধি হয়; যকৃত প্রদেশে কর্ত্তনবৎ বেদনা; যকৃতের পিত্তাধার প্রদেশে কঠিন বোধ এবং ঘুশ্ ঘুশে বেদনা; নাভি প্রদেশ এবং তলপেটে অনবরত অসুখ বোধ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলী এবং অন্ত্রের মধ্যে মুহুর্ত্তে মুহুর্ত্তে কর্ত্তনবৎ শূল বেদনার ন্যায় বেদনা (কলোস্); নাভি প্রদেশে খিলধরার ন্যায় বা আক্ষেপিক বেদনা এবং পেট কামড়ানী (কলোস্); অন্ত্রের মধ্যে গড়্ গড়্, কল কল শব্দ হওয়া এবং গুহ্যদ্বার দিয়া প্রচুর দূষিত বায়ু নিঃসরণ; আহারের পর উদরে প্রচুর দূষিত বায়ুর সঞ্চার এবং দূষিত বায়ুর সঞ্চার হেতু শূল বেদনা, কিন্তু উহার সঙ্গে যকৃতের সামান্য অসুখ থাকে, অথবা যকৃতের অসুখ একবারেই থাকে না; গুহ্যদ্বার দিয়া দুর্গন্ধযুক্ত প্রচুর দূষিত বায়ু নিঃসরণ; অন্ত্রের মধ্যে মোচড়ানের ন্যায় বা প্রখর কর্ত্তনবৎ বেদনা; চাপিলে অন্ত্রের মধ্যে বেদনা এবং টাটানির উদ্রেক হয়; কুঁচ্কি প্রদেশে বেদনা যাহা অণ্ডকোষ পর্য্যন্ত বিস্তৃত হয়।

মল এবং মলদ্বার। গুহ্যদ্বারে চুলকানি; গুহ্যদ্বারে লাল, বড় বলী যাহা অতি বেদনাযুক্ত হয় এবং টাটায়; বারম্বার অত্যন্ত বাহ্যের বেগ; অতি প্রত্যূষে উদরাময়, যাহার দরুণ রোগী বিছানা হইতে তাড়াতাড়ি উঠিয়া পায়খানায় যাইতে বাধ্য হয় (আলোজ্, পডোফ্, রুমেক্স্, সাল্ফ্); প্রাতঃকালে প্রচুর পরিমাণে হরিদ্রা বর্ণের তরল ভেদ; তরল ভেদ এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত কোঁথপাড়া, মল চট্‌চটিয়া আঠা, কাল্‌চে, পিত্তযুক্ত, অত্যন্ত দুর্গন্ধযুক্ত, পাতলা রাঁধা সাগুর ন্যায়।

জননেন্দ্রিয়। পুরুষের বারম্বার স্ত্রী সহবাসের ইচ্ছা এবং তদ্দরুণ পুরুষাঙ্গ খাড়া হওয়া; পুরুষাঙ্গাদি শীতল এবং শিথিল (আগ্নাস্, ক্যাম্ফার); অণ্ডকোষাধার এবং উহার নিম্ন দেশে উগ্র গন্ধযুক্ত ঘর্ম্ম; স্ত্রী সহবাসের ইচ্ছার হ্রাস; নিদ্রাবস্থায় ধাতু নিঃসরণ বা স্বপ্নদোষ (চায়না, কস্-আস্)।

শ্বাসযন্ত্র। গলার মধ্যের নিম্নদেশে সুড়্‌সুড়্ বা কুট্‌কুট্ করার দরুণ খুশ্‌খুশে কাশি; উভয় ফুস্ফুসেই খুশ্‌খুশে রকমের কন্‌কনানি অথবা কর্ত্তনবৎ প্রবল বেদনা।

হৃৎপিণ্ড। হৃৎপ্রদেশে প্রখর বেদনা।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবার পশ্চাৎদেশে ঘুশ্‌ঘুশে বেদনা; প্রাতঃকালে পৃষ্ঠদেশে বেদনা, যাহার দরুণ উপুড় হওয়া যায় না; পৃষ্ঠদেশে ভয়ানক বেদনা; পৃষ্ঠদেশে তীক্ষ্ণ বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। বাম স্কন্ধে বেদনা; বাহুর সম্মুখ ভাগ, হাত এবং মণিবন্ধের হাড়ে কঠিন বেদনা। উক্ত সন্ধিতে কঠিন ঘুশ্‌ঘুশে অথবা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; চলিবার সময় অথবা সোজা হইয়া বসিলে ডাইন পায়ের গোড়ালী হইতে পাতা পর্য্যন্ত বেদনা; হাঁটু দুর্ব্বল, কঠিন এবং উহাতে সঞ্চালনের শক্তির অভাব; পায়ের পাতার সন্ধি দুর্ব্বল এবং বেদনাযুক্ত।

চর্ম্ম। পায়ের নখকোণীর প্রারম্ভে যখন নখের মধ্যে কুট্‌কুট্ করে এবং নখ অত্যন্ত বেদনাযুক্ত হয়; নখ মট্‌কা বা সহজে ভাঙ্গিয়া যায়।

ব্যবহার। বিরাম রহিত বা স্বল্প বিরাম বিশিষ্ট শূল বেদনা (সবিরাম

শূল বেদনায় কলোসিন্থ উপকারী) ; উদরাময়; ওলাউঠার ন্যায় প্রবল উদরাময় বা ওলাউঠার পূর্ব্ববর্ত্তী উদরাময় ; পিত্তাধিক্য জনিত অসুখ ; অর্শরোগ ইত্যাদি অসুখে ডায়োস্করিয়া ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অস্থিরতা, শরীর কম্পন, অবসন্নবোধ, ক্লান্তি এবং শ্রান্তি বোধ ; শরীরের নানা স্থান এবং অঙ্গ প্রত্যঙ্গের চুলকানি (কার্ব্বোলিক্-আস্) ; সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে বিছানায় শয়ন করিলে, রাত্রিতে, শয়ন করিয়া থাকিলে, হাঁটু গুটাইয়া জড় সড় হইলে অসুখের বৃদ্ধি এবং বহির্ব্বায়ুতে নড়াচড়াতে, নড়া চড়া, ঘোড়ায় চাপিলে বা চলিয়া বেড়াইলে অথবা সোজা হইয়া দাঁড়াইলে অসুখের উপশম; প্রায় সমুদয় অসুখই, বিশেষতঃ শূল বেদনা, বিরাম রহিত বা স্বল্প বিরাম বিশিষ্ট ইত্যাদি ডায়োস্করিয়ার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ডায়োস্করিয়ার কার্য্যের সঙ্গে ইস্কুলাস্, আলোজ্, ব্রাইওনিয়া, কলোসিন্থ্, নাক্স্‌বমিকা, পডোফিলাম্ এবং সাল্‌-ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ডায়োস্করিয়ার মূল আরোক এবং ১ম দশমিক ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। ডায়োস্কোরিণের ১ম দশমিক ক্রমের গুঁড়া, ১ হইতে ৩ গ্রেইণ মাত্রায় ব্যবহৃত হইয়া থাকে। শূল বেদনার জন্য লেখক ১ম দশমিক ক্রমের গুঁড়া ২।৩ গ্রেইন মাত্রায় ব্যবস্থা করিয়া থাকেন। ১ম দশমিক ক্রম অপেক্ষা উচ্চ ক্রম ব্যবহার করিয়া বিশেষ ফল পাইতে দেখা যায় না।

ইউকেলিপ্‌টাস্ গ্লবিউলাস্,-ইউকেলিপ্‌ট্

(EUCALYPTUS GLOBULUS,-EUCALYPT.)

এই গাছ অষ্ট্রেলিয়াতে জন্মে। ইহার শুকনা পাতা দিয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। পরিপাক কার্য্য সম্বন্ধীয় যন্ত্রের উপর ইহার কার্য্য

অতি প্রবল, যাহার দরুণ অজীর্ণ হইয়া উদরাময় হয় এবং মলে ইউকেলিপ্-টোলের (Eucalyptol) গন্ধ বর্ত্তমান থাকে। ইহা হৃৎপিণ্ডের কার্য্য বৃদ্ধি করে, রক্তের সঞ্চালন ক্রিয়ার জোর বা তেজ কমায় এবং তদ্দরুণ মেলেরিয়া জনিত সবিরাম বা স্বল্পবিরাম জ্বরের ন্যায় লক্ষণাদি বিশিষ্ট জ্বর উৎপন্ন হয়। অতএব এই ঔষধ উক্ত প্রকারের জ্বরে বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। স্নায়বিক এবং অন্যান্য প্রকারের মাথাধরা।

নাসিকা। নাসারন্ধ্র সম্বন্ধীয় সর্দ্দি (হাইড্রাষ্ট্, ক্যালী-বাই)।

চক্ষু। শ্লেষ্মাজনিত চক্ষু প্রদাহ।

মুখগহ্বর। মুখগহ্বরে জ্বালানুভব যাহা মুখগহ্বরের পশ্চাৎভাগ এবং আহারনালী পর্য্যন্ত বিস্তৃত হয় এবং উহার সঙ্গে সঙ্গে পিপাসা; মুখে অতিরিক্ত পরিমাণে লালের সঞ্চার (মার্ক্, আয়োড্, নাইট্রিক্-আস্)।

পাকস্থলী এবং উদর। উগ্র গন্ধবিশিষ্ট উদ্গার উঠা; উদরস্থ আহার দ্রব্যাদি ভাল হজম হয় না; পাকস্থলীতে গরম এবং জ্বালাবোধ; পাকস্থলীতে পূর্ণ, চাপা এবং ভারিবোধ (আর্স্, ব্রাই, নাক্স্-বম্, পাল্স্)। নাভি প্রদেশে অত্যন্ত কষ্টকর চাপা এবং পূর্ণবোধ; মনে হয় যেন উদরাময় হইবে (আলোজ্)।

মল। আমাশয় এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যের মধ্যে গরম বোধ, কষ্টদায়ক কোঁথপাড়া এবং শ্লেষ্মা ভেদ; অত্যন্ত বলক্ষয়; গুহ্যদ্বার দিয়া রক্তস্রাব (হামামেলিস, ইপিকাক্); জলবৎ তরল উদরাময় এবং দাস্তের পূর্ব্বে অন্ত্রের মধ্যে প্রখর কন্কনিয়া বেদনা।

শ্বাসযন্ত্র। শ্বাস প্রশ্বাস ঘন ঘন; হৃৎপিণ্ড সম্বন্ধীয় হাঁপানি (Cardiac Asthma); যদি ধমনির স্ফীতি এবং বিস্তৃতির দরুণ নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ু এবং উহার শাখাতে চাপ পড়ে।

চর্ম্ম। গায় দাদের ন্যায় ফুস্কুড়ী; গ্রন্থির বিবৃদ্ধি; গায় পচাযুক্ত ক্ষত যাহা সহজে শুকায় না।

ব্যবহার। মেলেরিয়া জনিত ঐকাহিক বা ত্র্যাহিক জ্বরে কোইনাইন্

ব্যবহার না করা হইয়া থাকিলে; কোইনাইনের অপব্যবহার জনিত পুরাতন আকারের জ্বর; সর্দ্দি; আমাশয়; উদরাময়; শ্বেত প্রদর; বায়ুনল প্রদাহ; গায় ফুস্কুড়ী এবং ক্ষত; পূঁয সম্বলিত ক্ষত; স্নায়ুশূল; বাতরোগ; জ্বর বিকার বা আন্ত্রিক জ্বর; জরায়ুর যে প্রকার শ্লৈষ্মিক রোগ, নাসিকার প্রদাহ, কর্কট রোগ এবং গলন বিশিষ্ট ঘা হইতে অত্যন্ত দুর্গন্ধযুক্ত ক্লেদ নির্গত হয়, সেপ্রকার অসুখে এই ঔষধ ব্যবহার্য। মেলেরিয়া জনিত জ্বরে ইউকেলিপ্‌টাসের উপকারীতা সম্বন্ধে হেল্‌স্‌ নিউ রেমিডিজ্‌ (Hale's "New Remedies") নামক গ্রন্থে লিখিত আছে "যে সকল স্থানে এই গাছ জন্মে, সে সকল স্থানে মেলেরিয়া জনিত জ্বর হয় না।" "যে জলে এই গাছ জন্মে অথবা যে জলে ইহার পাতা পড়ে, সে জল যে পথিকেরা পান করে, তাহাদিগকে মেলেরিয়া জনিত জ্বর দ্বারা আক্রান্ত হইয়া কষ্ট পাইতে দেখা যায় না।"

সমগুণবিশিষ্ট ঔষধ। ইউকেলিপ্‌টাসের কার্য্যের সঙ্গে আর্স-নিক্, ব্যাপ্‌টিসিয়া, চায়না, সিড্রন্‌ এবং কার্ব্বোলিক্‌ আসিডের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ১ম, ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ক্রমের আরোক বা মূল আরোক এক ফোঁটা মাত্রায় ব্যবহৃত হইয়া থাকে। এই ঔষধ দ্বারা লেখক জ্বরাক্রান্ত যত রোগীর চিকিৎসা করিয়া বিশেষ ফল পাইয়াছেন, উহার সমুদয় রোগীকেই মূল আরোক সেবন করাইতে হইয়াছে। ইহার মিশ্র আরোক দ্বারা তাহাদিগের বিশেষ ফল হয় নাই। ইহার মিশ্র আরোক দ্বারা, বিশেষতঃ জ্বররোগে, কোনও উপকার পাওয়া যায় না লেখক এরূপ বিশ্বাস করেন। যে সকল স্থানে অধিক পচা জলাশয় থাকে এবং উহার বাসীগণ মেলেরিয়া জনিত জ্বরের দরুন অত্যন্ত কষ্ট পায়, সে সকল স্থানে এই গাছ রোপন করিলে অনেক উপকার দর্শে, একথা চিকিৎসা বিষয়ক গ্রন্থে দেখিতে পাওয়া যায়।

ইউপেটরিয়াম্ পার্ফোলিয়েটাম্,-ইউপেট্-পার্ফ্

(EUPATORIUM PERFOLIATUM,-EUPAT.-PERF.)

উত্তর আমেরিকাতে এই গাছ জন্মে। যখন ফুল ফুটে, তখন এই গাছের সমুদয় অংশ সংগ্রহ করিয়া উহা যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত করিতে হয়।

সাধারণ ক্রিয়া। পাকস্থলী এবং যকৃত, শরীরের আশাল অংশ এবং বায়ু নলের শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার কার্য্য অতি প্রবল। মেলেরিয়া জনিত, পিত্তাধিক হেতু অসুখ উৎপাদন করা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথাধরা এবং উহার সঙ্গে সঙ্গে মাথার মধ্যে টাটানি, ঘরের মধ্যে থাকিলে যাহার উপশম হয় এবং প্রথম বহির্বায়ুতে যাওয়ার সময় যাহার বৃদ্ধি হয় ও কথোপকথনে যাহার আরাম বা বিশেষ উপশম হয়; একদিন অন্তর একদিন প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই মাথাধরা এবং বমনোদ্বেগ; শয়ন করিলে মাথার পশ্চাৎভাগে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় ভারিবোধ, যাহার দরুণ মাথা হাত দিয়া না উঠাইলে রোগী মাথা খাড়া করিতে বা তুলিতে পারে না (চেলিডন্)।

চক্ষু। চক্ষুর গোলকে টাটানি (ব্রাই, সিমিসিফ্); চক্ষে আলোক লাগে বা আলোক সহ্য হয় না (একন্, বেল্, মার্ক্)।

নাসিকা। সর্দ্দি এবং নাক দিয়া তরল শ্লেষ্মা নির্গমন এবং উহার সঙ্গে সঙ্গে হাঁচি (একন্, সাঙ্গুনেরিয়া) এবং প্রত্যেক হাড়ে কন্‌কনানি।

পাকস্থলী এবং উদর। পিপাসা এবং শীতল জল পানের ইচ্ছা (একন্, আর্স্, ব্রাই); বমনোদ্বেগ এবং উদরস্থ আহার দ্রব্যাদি বমন (আণ্টি-টার্ট্, ইপিকাক্); কাঠবমী এবং পিত্তবমন (আইরিস্, পডোফ্) এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে কাঁপনি এবং বেদনা ও তদ্দরুণ অত্যন্ত দুর্ব্বলতা এবং প্রায় মূর্চ্ছার ভাব; বমনের পূর্ব্বে পিপাসা; প্রত্যেকবার জল বা জলীয় পদার্থ পানে বমন (ফস্, সাইলিসি)। যকৃত প্রদেশে টাটানি

(এপিস্, ব্রাই, চেলিডন্, মার্ক্, পডোফ্); কোমরে অাঁটা কাপড় পরা সহ্য হয় না (ক্যাল্ক-কার্ব্ব, কার্ব্বো-বেজ)।

মল। মলত্যাগের সময় গুহ্যদ্বারে গরমবোধ, চিড়িক্‌মারা ও জ্বালা।

মূত্রযন্ত্র। কাল্‌চে স্বচ্ছ মূত্রত্যাগ।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ (একন্, কার্ব্বো-বেজ, হিপ্-সাল্‌ফ্, ফস্); সন্ধ্যাকালে খুশ্‌খুশে কাশি (কষ্ট); কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বায়ুনলের মধ্যে গরম এবং জ্বালাবোধ বা টাটানি, মুখমণ্ডল আরক্ত ও টল্‌টলে; চক্ষু জলপূর্ণ; রুদ্ধ সবিরাম জ্বর হেতু বৈকালে কাশি (চায়না); বুকের মধ্যে টাটানি, নিশ্বাসে যাহার বৃদ্ধি হয় (আর্ণিকা)।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড় এবং মাথার পশ্চাৎভাগে দপ্‌দপিয়া বেদনা (চেলিডন্), উঠিয়া দাঁড়াইলে যাহার উপশম হয়; মোচড়াইয়া পড়িলে বা থেঁত্‌লিয়া গেলে যেরূপ হয়, পৃষ্ঠদেশে সেরূপ কন্‌কনানি (আর্ণিকা, ব্রাই); কোমরের পশ্চাৎদেশে দুর্ব্বলবোধ; জ্বরের সময় পৃষ্ঠদেশের কম্পন।

অঙ্গ, প্রত্যঙ্গ। মোচড়াইয়া পড়িলে, থেঁত্‌লিয়া গেলে বা পিটিলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গে সেরূপ বেদনা (আর্ণিকা, চায়না); অস্থি স্থান ভ্রষ্ট হইলে বা ভাঙ্গিলে যেরূপ হয়, মণিবন্ধে সেরূপ বেদনা (একন্, ব্রাই, ক্যাল্ক-কার্ব্ব, রাস্‌টক্স)।

জ্বর। সমস্ত রাত্রি এবং প্রাতঃকালে শীতবোধ; সামান্য নড়াচড়াতেই শরীর কম্পন এবং বমনোদ্বেগ; পৃষ্ঠদেশ এবং হাত, পা ইত্যাদিতে অত্যন্ত বেদনা, কন্‌কনানি এবং টাটানি; যেপরিমাণে শীত হয়, তদপেক্ষা কম্পন অধিক হয়; শীতলাবস্থার পর পিত্তবমন; প্রবল শিরঃপীড়া; শীতলাবস্থার অনেকক্ষণ পূর্ব্ব হইতেই পিপাসা আরম্ভ হইয়া শীতলাবস্থা এবং উষ্ণাবস্থা পর্য্যন্তও ব্যাপিয়া থাকে; জ্বর রাত্রি ১২টার পর বা প্রাতঃকালে আরম্ভ হয় এবং উহার সঙ্গে সঙ্গে শরীরে বেদনা, কম্প, দুর্ব্বলতা এবং টাটানি থাকে, কিন্তু সামান্য পরিমাণে ঘর্ম্ম হয় বা ঘর্ম্ম একবারেই হয় না।

ব্যবহার। সবিরাম এবং স্বল্পবিরাম জ্বর (মেলেরিয়া জনিত হইলেই অধিক উপকারী); পিত্তাধিক এবং পাকস্থলীর অসুখ জনিত অসুখ; সর্দ্দি জনিত জ্বর; বাতরোগ; ডেঙ্গুজ্বর ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবস্থা।

ডেঙ্গুজ্বরে ইউপেটরিয়াম্ পার্ফোলিয়েটাম্ ব্যবহার সম্বন্ধে শ্রীযুক্ত ডাক্তার মহেন্দ্রলাল সরকার, এম্, ডি, মহাশয় বলিয়াছেন "ইহার লক্ষণের সঙ্গে ডেঙ্গুজ্বরের লক্ষণের সাদৃশ্য আছে বটে, কিন্তু কএকটী রোগীর চিকিৎসায় ইহা ব্যবহার করিয়া কোনও ফল না পাওয়াতে ইহা আর ব্যবহার করি নাই এবং ইহা ব্যবহার না করার দরুণ অনুতাপও করিতে হয় নাই। এই ঔষধ ব্যবহার করিয়া কোন কোন রোগীর রোগের লক্ষণাদি বৃদ্ধি পাইয়াছিল এরূপও শুনিতে পাওয়া গিয়াছে।"

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। জ্বররোগে অঙ্গ প্রত্যঙ্গে অত্যন্ত বেদনা, মাথাধরা বা প্রবল শিরঃপীড়া, অত্যন্ত শীতল জল পানের ইচ্ছা এবং জলাদি পান করিলেই উদরস্থ জলাদি বা পিত্ত বমন বা বমনোদ্বেগ, জ্বরের সময় পিত্তবমন এবং সামান্য ঘর্ম্ম বা একবারে ঘর্ম্ম না হওয়া ইত্যাদি ইউপেটরিয়াম্ পার্ফোলিয়েটামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। ইহার কার্য্যের সঙ্গে ব্রাইওনিয়া, আর্ণিকা, ব্যাপ্‌টিসিয়া, ক্যামোমিলা, চেলিডোনিয়াম্, সিমিসিফিউগা, জেল্‌সিমিয়াম্, ইপিকাকিউএনা, মার্কিউরিয়াস্, নাক্স্-বমিকা, পডোফিলাম্, ফাইটোলাকা ইত্যাদি ঔষধের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ১ম, ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ডাইলুশন এবং কখন কখন মূল আরোক, ১ফোঁটা হইতে ৫ফোঁটা পর্য্যন্তও, ব্যবহৃত হইয়া থাকে। জ্বররোগে ১ম দশমিক ডাইলুশন এবং মূল আরোকই অধিক উপকারী।

ইউফর্ব্বিয়াম্ অফিসিনেলি,-ইউফর্ব্ব্-অফিস্

(EUPHORBIUM OFFICINALI,-EUPHORB.-OFF.)

আফ্রিকা দেশে এই গাছ জন্মে। ইহার আঠা রেক্‌টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। পরিপাক কার্য্য সম্বন্ধীয় যন্ত্রের উপর ইহার কার্য্য ক্রোটন্, যাট্রোফা ইত্যাদি উগ্র রেচক ঔষধের ন্যায়, যাহার দরুণ ভেদ, বমন

এবং ওলাউঠার ন্যায় অন্যান্য লক্ষণ প্রকাশ পায়। মস্তিকের উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ মস্তিকে রক্তাধিক্য বা রক্তাবরোধ হইয়া তরুণ প্রবল উন্মত্ততার লক্ষণাদি প্রকাশ পায়। ডাক্তার হেম্পেল্ (Dr. Hempel) বলেন "যদি অন্যান্য লক্ষণের সঙ্গে সঙ্গে মস্তিষ্ক আক্রান্ত হওয়ার প্রাকৃতিক লক্ষণাদি প্রকাশ না পায়, তবে এই ঔষধ ব্যবস্থা করা উচিত নহে। যদি মস্তিষ্ক আক্রান্ত না হয়, মস্তিকে রক্তাধিক্য বা উহার উত্তেজনা না হয়, মস্তিষ্ক আক্রান্ত হওয়ার লক্ষণাদি প্রকাশ না পায়, প্রলাপ না হয়, তবে পাকস্থলী এবং অন্ত্রের অসুখের লক্ষণাদি প্রকাশ পাইলেও এই ঔষধ ব্যবহার্য্য নহে।" চর্ম্মের উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ বিকচ এবং বিসর্পের ন্যায় (Erysipelatous) প্রদাহ প্রকাশ পাইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। শুষ্কবায়ু; মনের উদ্বেগ; ভয়; তরুণ উগ্র উন্মত্ততা (বেল্, হায়োস্, ওপিয়াম্, ষ্ট্রামন্) এবং উহার সঙ্গে সঙ্গে মস্তিকে রক্তাধিক্য বা রক্তাবরোধের লক্ষণাদি প্রকাশ পাওয়া (বেল্) এবং নাড়ী দ্রুতগামী ও অনিয়মিত গতিবিশিষ্ট।

মস্তক। দাঁড়াইলে বা বহির্ব্বায়ুতে চলিয়া বেড়াইলে প্রবল আকাঙ্ক্ষের মাথাঘোরা; মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা।

চক্ষু। চক্ষের মধ্যে কামড়ানী এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু দিয়া জল পড়া, চক্ষে আলোক লাগে বা আলোক সহ্য হয় না (একন্, বেল্, মার্ক, সাল্ফ্)।

কর্ণ। কানে টন্ টন্ শব্দ হওয়া, হাঁচি দিলেও কানে টন্ টন্ শব্দ হয়।

নাসিকা। বারম্বার হাঁচিদেওয়া এবং নাক দিয়া তরল শ্লেষ্মা নির্গমন।

মুখমণ্ডল। গালে বিসর্পের ন্যায় প্রদাহযুক্ত স্ফীতি এবং স্ফীত স্থানে মটরের ন্যায় বড় হরিদ্রা বর্ণের কল্তানি পূর্ণ ফোস্কার ন্যায় ফুস্কুড়ী।

মুখগহ্বর ও গলার মধ্য। ছিদ্র বিশিষ্ট দাঁতের মধ্যে বেদনা

এবং উহাতে চিড়িকমারা, যাহার দরুণ মনে হয় যেন আক্রান্ত স্থান ছিঁড়িয়া যাইবে; মুখে অতিরিক্ত পরিমাণে লালের সঞ্চার (চায়না, মার্ক্, আয়োড্); গলার মধ্যে জ্বালা যাহা পাকস্থলী পর্য্যন্ত বিস্তৃত হয় (আর্স্, ক্যান্থ্, ক্যাপ্স্, মার্ক্-কর)।

পাকস্থলী এবং উদর। শীতল জলাদি পানের ইচ্ছা (একন্, আর্স্, ব্রাই); উদ্গার উঠা; বারম্বার হিক্কা; বমনোদ্বেগ এবং বমন; পাকস্থলীতে জ্বালানুভব (আর্স্, ক্যান্থ্, ক্যাপ্স্, মার্ক্-কর); পাকস্থলীর আক্ষেপিক সঙ্কোচন এবং পেটকামড়ানি, পেটে পিঠে লাগিয়া থাকা; পেটে গড়্গড়্, কল্ কল শব্দ হওয়া এবং তৎপর গুহ্যদ্বার দিয়া দূষিত বায়ু নিঃসরণ (আলোজ্, কলোস্, লাইকোপ্); উদরে অতিরিক্ত পরিমাণে দূষিত বায়ুর সঞ্চার হেতু আক্ষেপিক রকমের প্রবল শূল বেদনা (কলোস্)।

মল। অধিক পরিমাণে ভেদ এবং বমন; মল পরিমাণে অধিক, উদরাময়ের ন্যায় তরল; মল আমাশয়ের ন্যায় শ্লেষ্মা, পচা এবং জলের ন্যায় পাতলা; কাইয়ের ন্যায়, হরিদ্রার আভাযুক্ত বা কাদার ন্যায় মলভেদ (বেল্, ক্যাল্-কার্ব্ব্, হিপ্-সাল্ফ্, পডোফ্); কোষ্ঠবদ্ধ।

শ্বাস যন্ত্র। গলার মধ্যে বা বুকের মধ্যে খুশ্খুশী বা সুড়্সুড়ীর দরুণ শুষ্ক খুশ্খুশে কাশি; শ্বাস কষ্ট; বুকের বাম পার্শ্বে সূচী বিঁধানের ন্যায় বেদনা।

নাড়ী। নাড়ী ক্ষুদ্র, অনিয়মিত গতি বিশিষ্ট এবং দ্রুতগামী।

চর্ম্ম। গায় বিসর্পের ন্যায় (Erysipelatous) প্রদাহ; হরিদ্রাবর্ণের সিরাম পরিপূর্ণ বড় বড় ফোস্কা; গায় সাংঘাতিক আকারের প্রদাহ; গায় ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ; বিকচ (Eczema) এবং পচা পূঁয সম্বলিত ঘা বা ক্ষত (আর্স্, ল্যাক্); গায় ক্ষতকারক চুলকানি।

জ্বর। সমুদয় শরীরে শীতবোধ এবং কম্প; চর্ম্ম শুষ্ক এবং উষ্ণ (একন্, বেল্); গায় শীতল ঘর্ম্ম (ক্যাম্ফার, বিরেট্-আল্)।

ব্যবহার। সামান্য আকারের ওলাউঠা এবং ওলাউঠার পূর্ব্ববর্ত্তী প্রবল উদরাময়; পাকস্থলী এবং অন্ত্রের প্রদাহ; তরুণ আকারের উন্মত্ততা; বিসর্প (Erysipelas); বিকচ ইত্যাদি অসুখে ইউফর্ব্বিয়াম্ অফিসিনেলী ব্যব-

হার্য্য। ডাক্তার চ্যাপ্‌ম্যান্ (Dr. Chapman) বলেন যে, এই ঔষধ ব্যবস্থা করিয়া তিনি একটী আক্ষেপিক কাশি আক্রান্ত রোগীকে আরাম করিয়াছেন। কাশির সঙ্গে সঙ্গে পাকস্থলীর মধ্য হইতে বুকের পার্শ্ব পর্য্যন্ত সূচী বিঁধানের ন্যায় বেদনা ইহার একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ। তাঁহার মতে আক্রান্ত স্থানে জ্বালাযুক্ত উষ্ণানুভব সম্বলিত গালের লাল প্রদাহের পক্ষেও এই ঔষধ বিশেষ উপকারী। আমেরিকাতে ইউফর্বিয়াম্ করোলেটা (Euphorbium Corollata) শিশুগণের ওলাউঠায় বিস্তৃতরূপে ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার হেম্পেল্ (Dr. Hempel) বলেন যে, পোড়া ঘায়ের চিকিৎসায় ইহার বাহ্য প্রয়োগে বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। উরু এবং উরুর সন্ধির হাড়ে রাত্রিতে জ্বালাযুক্ত বেদনা এবং মুর্চ্ছারভাব এই ঔষধের বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। ইহার কার্য্যের সঙ্গে বিরেট্রাম্ আল্‌বাম্, কল্‌চিকাম্, ইলেটেরিয়াম্, টার্টার এমিটিক্, আর্সিনিক, ক্যাম্ফার, ক্রোটন্ ইত্যাদি ঔষধের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ১ম, ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ক্রমের আরোক ব্যবহার্য্য। বাহ্য প্রয়োগের জন্য মূল আরোক, ৫ হইতে ১০ ফোঁটা, ২ কাঁচ্চা পরিষ্কার জলে মিশাইয়া আক্রান্ত স্থানে লাগাইবে। ইহার মাত্রা সম্বন্ধে লেখক স্বয়ং বিশেষ কিছু বলিতে পারেন না, কারণ, তিনি ইহা অধিক ব্যবহার করিয়া দেখেন নাই।

যাট্রোফা কার্কাশ,-যাট্রোফ্

(JATROPHA CARCAS,--JATROPH.)

ব্রেজিল, ওয়েষ্ট্ ইণ্ডিস্ এবং আফ্রিকার পশ্চিম উপকূলে এই গাছ জন্মে। ইহার বিচি যথানিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ইহার আরোকও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা দ্বারা বিষাক্ত হইলে চাউল ধোয়া জলের

ন্যায় ভেদ ও বমন হয়। অতএব ইহা ওলাউঠাতে ব্যবহৃত হইয়া থাকে। চাউল ধোয়া জলের ন্যায় প্রচুর পরিমাণে ভেদ, মল গুহ্যদ্বার দিয়া যেন প্রবল স্রোতের ন্যায় নির্গত হয়; সমুদয় বিষয়ে বৈরাগ্য বা অমনোযোগ এবং বেদনা যন্ত্রণাদিরও যেন জ্ঞান থাকে না; অত্যন্ত অনিবার্য্য পিপাসা; অধিক পরিমাণে ডিমের লালের ন্যায় জলবৎ পদার্থ বমন; পাকস্থলীতে আক্ষেপিক বেদনা; একটী বোতল হইতে জল ঢালিয়া ফেলিবার সময় যেরূপ হয়, দাস্তের পূর্ব্বে পেটের মধ্যে সেরূপ গড়্‌ গড়্‌, কল কল শব্দ হওয়া যাহা দাস্তের পরও থাকে; পা এবং পায়ের পাতায় প্রবল আকারের খিল ধরা; সমুদয় শরীর ঠাণ্ডা; সমুদয় শরীরে ঠাণ্ডা চট্‌চটিয়া ঘর্ম্ম; ঠাণ্ডা জলে হাত দিয়া রাখিলে লক্ষণাদির উপশম ইত্যাদি লক্ষণ বর্ত্তমানে ওলাউঠা রোগে এই ঔষধ ব্যবহার্য্য। পাকস্থলী এবং অন্ত্রের উপর ইহার কার্য্য অনেকটা ক্রোটনের ন্যায়। ডাক্তার হিউজ্‌ (Dr. Hughes) বলেন যে ওলাউঠা রোগে যাট্রোফা দ্বারা বিশেষ উপকার পাওয়া যায় না, কেবল উগ্র রকমের উদরাময়েই ইহা ব্যবহার্য্য। এতদ্দেশে লক্ষণ বিশেষে এই ঔষধ ব্যবহার করিয়া ওলাউঠার চিকিৎসায় অনেক সময় বিশেষ ফল পাওয়া যায়।

ডাইলুশন বিচার। ১ম, ৩য় এবং ৬ষ্ঠ ক্রমের আরোক এবং ৩য় বা ৬ষ্ঠ ক্রমের গুঁড়া ব্যবহৃত হইয়া থাকে।

ক্যাল্‌মিয়া ল্যাটিফোলিয়া,-ক্যাল্‌ম্‌

(KALMIA LATIFOLIA,-KALM.)

এই গাছের পাতা যথা নিয়মে প্রুফ্‌ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহা একটী বিষাক্ত ঔষধ মধ্যে পরিগণিত।

সাধারণ ক্রিয়া। হৃৎপিণ্ডের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ হৃৎপিণ্ডের নিয়মিত কার্য্য করার শক্তি কমিয়া যায় এবং তদ্দরুণ হৃৎপিণ্ড আস্তে আস্তে স্পন্দন করে। পেশীর উপরও ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ শরীরের স্থানে স্থানে বাতের বেদনার ন্যায় বেদনা অনুভূত হয়।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে অঙ্গ প্রত্যঙ্গে বেদনা।

চক্ষু। চক্ষুর সম্মুখে পাখীর ডানা ঝাড়ার ন্যায় ধড়ফড়ানী; চক্ষে বেদনা, চক্ষু ঘুরাইলে যাহার বৃদ্ধি হয় (ব্রাই); চক্ষুর চতুস্পার্শবর্ত্তী স্থান এবং চক্ষুর পাতা শক্ত হয় বা উহা নোয়ান যায় না (রাস্‌টক্স)।

মুখমণ্ডল। মুখমণ্ডলের স্নায়ুশূল, যাহা ডাইন পার্শ্বই অধিক আক্রমণ করিয়া থাকে এবং যাহার দরুণ আক্রান্ত স্থানে অত্যন্ত কষ্টদায়ক বেদনার উদ্রেক হয়; হৃৎপিণ্ডের বাতরোগে মুখাকৃতি অত্যন্ত উদ্বেগযুক্ত।

পাকস্থলী। বমনোদ্বেগ; চক্ষে যেন সমুদয় বস্তুই কাল দেখায় এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে চাপা বোধ; উদরে দূষিত বায়ুর সঞ্চার হেতু শ্বাসকষ্ট এবং অঙ্গ প্রত্যঙ্গে বাতের বেদনার ন্যায় বেদনা; পাকস্থলীর মধ্যে চাপাবোধ, উপুড় হইয়া বাঁকিয়া বসিলে যাহার বৃদ্ধি হয় এবং সোজা হইয়া বসিলে যাহার উপশম হয় ও উহার সঙ্গে সঙ্গে মনে হয় যেন পাকস্থলীর নিম্নদিক দিয়া কোন পদার্থ ঠেলিয়া বাহির হইবে; পাকস্থলীতে খিল ধরার ন্যায় বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে উদ্গার দ্বারা দূষিতবায়ু নিঃসরণ, হৃৎস্পন্দন, পাকস্থলীতে বেদনা এবং বমন ও হৃৎস্নায়ুশূল বা হৃদ্বেদনা।

মূত্রযন্ত্র। মূত্র আল্‌বুমেনযুক্ত এবং উহার সঙ্গে সঙ্গে পা ইত্যাদি নিম্নাঙ্গে বেদনা।

শ্বাসযন্ত্র। বায়ুনলের মধ্যে সুড় সুড় করা; শ্বাসকষ্ট; বুকের নিম্ন ভাগে সূচী বিঁধানের ন্যায় বেদনা; বুকের মধ্যে হৃৎপিণ্ডের উপরিভাগ দিয়া স্কন্ধাস্থি পর্য্যন্ত খোঁচাবিঁধার ন্যায় বেদনা (ক্যাল্‌কী-কার্ব্ব) এবং উহার সঙ্গে সঙ্গে বাহুতে বেদনা (একন্, রাস্‌টক্স); শ্বাসকষ্ট এবং বুকে বেদনা; হৃৎস্নায়ুশূল বা হৃদ্বেদনা (Angina Pectoris)।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎস্পন্দন এবং উহার সঙ্গে সঙ্গে মনের উদ্বেগ ও শ্বাসকষ্ট (একন্, আর্স); হৃৎপ্রদেশে বাতের বেদনার ন্যায় বেদনা (রাস্‌টক্স, স্পাইজেলি); নাড়ী মৃদুগতি বিশিষ্ট এবং দুর্ব্বল, অনিয়মিত গতিবিশিষ্ট, দ্রুতগামী, কিন্তু দুর্ব্বল; হৃৎপিণ্ডের বিবৃদ্ধি, হৃৎকপাটের অপ্রচুরতা

অথবা বাত রোগের পর উহা শুরু হওয়া; হৃৎপিণ্ড হইতে বাম স্কন্ধ পর্য্যন্ত খোঁচাবিঁধার ন্যায় বেদনা, যাহার দরুণ হৃৎপিণ্ডে ভয়ানক দপ্‌দপানির উদ্রেক হয়; হৃৎপিণ্ডের বাতরোগ।

অঙ্গ, প্রত্যঙ্গ। বাম বাহুতে বেদনা (একন্‌, রাস্‌টক্স্‌); বাম-বাহুতে চাপাবোধ; সন্ধিগুলি উষ্ণ, লালবর্ণ এবং স্ফীত; অঙ্গ প্রত্যঙ্গে বাতের বেদনা; কুঁচ্‌কির নিকটবর্ত্তী সন্ধি হইতে পায়ের পাতা পর্য্যন্ত স্নায়ু-শূলের ন্যায় বেদনা।

ব্যবহার। হৃৎপিণ্ডের অসুখ; বাতরোগ; হৃদন্তাবরক ঝিল্লীপ্রদাহ (Endocarditis); হৃৎপিণ্ডের বিবৃদ্ধি; হৃৎকপাটের অসুখ; পেশীবাত; স্নায়ুশূল ইত্যাদি অসুখে ক্যালমিয়া ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরে বাতের বেদনার ন্যায় বেদনা; উপুড় হইয়া বসিয়া থাকিলে বেদনাদির বৃদ্ধি, অথচ ঐ অবস্থায়ই থাকিতে ইচ্ছা হয়; সোজা হইয়া বসিলে বেদনাদির উপশম; প্রথম রাত্রিতে শয়ন করার পর বেদনাদির বৃদ্ধি; বেদনাদি অনিশ্চিত সময়ের জন্য ব্যাপিয়া থাকে এবং কখন যে উহার উপশম হয় তাহারও নিশ্চয়তা থাকে না; স্নায়ুশূলের পর আক্রান্ত স্থানে অবশবোধ; বাতের বেদনা তরুণ হইলেও উহার সঙ্গে জ্বর বর্ত্তমান থাকে না ইত্যাদি ক্যালমিয়ার কতকগুলি বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। একোনাইট, বেলাডোনা, ডিজিটালিস্‌, হিপার সাল্‌ফিউরিস্‌, স্পাইজেলিয়া, রাস্‌টক্স্‌ ইত্যাদির কার্য্যের সঙ্গে ক্যালমিয়ার কার্য্যের সাদৃশ্য আছে। ডাক্তার হেরিং (Dr. Hering) বলেন যে, হৃৎপিণ্ডের অসুখে স্পাইজেলিয়ার পর ক্যালমিয়া ব্যবহারে বিশেষ উপকার দর্শে।

প্রতিষেধক ঔষধ। একোনাইট, বেলাডোনা।

ডাইলুশন বিচার। ডাক্তার বেজ্‌ (Dr. Bayes) ৩য় দশমিক ক্রমের আরোক ব্যবহারের ব্যবস্থা দিয়া গিয়াছেন। বাত জনিত হৃদন্তাবরক ঝিল্লী প্রদাহে (Rheumatic Endocarditis) লেখক এই ঔষধের মূল আরোক, ½ ফোঁটা মাত্রায় ব্যবহার করিয়া একটী রোগীর চিকিৎসায় বিশেষ

ফল পাইয়াছেন। ২য় এবং ৩য় ক্রমের আরোক দ্বারা কোনও উপকার না পাওয়াতেই মূল আরোক উক্ত মাত্রায় ব্যবহার করা হইযাছিল।

ল্যাক্ন্যান্থিস, টিঙ্ক্টোরিয়া,—ল্যাক্ন্যান্থ্‌

(LACHNANTHES TINCTORIA,-LACHNANTH.)

আমেরিকার জলা বা কাদাবিশিষ্ট স্থানে এই গাছ জন্মে। কাঁচা গাছ দিয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার উপর ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়। মস্তিষ্কের জ্ঞান উৎপাদনের সহায়কারী অংশ (Sensorium) এবং পেশীতেই ইহার কার্য্য অধিক প্রবল, যাহার দরুণ রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং প্রদাহ উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সামান্ত কারণেই চটিয়া যাওয়া; প্রলাপ এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু উজ্জ্বল (বেল্‌, ষ্ট্রামন্‌)।

মস্তক। মাথায়, বিশেষতঃ কপালে, ঘুশ্‌ঘুশে বেদনা; কপালে ছিঁড়িয়া ফেলার স্থায় বেদনা যাহা বামদিক হইতে আরম্ভ হইয়া ডাইনদিকে বিস্তৃত হয়; মাথার হাড় স্পর্শ করিলেই বেদনার উদ্রেক হয়; মাথার উপরিভাগ যেন স্বাভাবিক অপেক্ষা অনেক বড় হইয়াছে এবং উপরের দিকে বৃদ্ধি হইতেছে এরূপ অনুভূত হয়।

চক্ষু। চক্ষুর সম্মুখে যেন হরিদ্রাবর্ণের বা সাদা দাগ ভাসে; চক্ষু উজ্জ্বল এবং উহার সঙ্গে সঙ্গে প্রলাপ (বেল্‌, ষ্ট্রামন্‌); বালির কণাদি প্রবিষ্ট হইলে যেরূপ হয়, চক্ষে সেরূপ চাপাবোধ এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে সাদা শ্লেষ্মার সঞ্চার; চক্ষুর উপরের পাতার স্পন্দন (আগারিকাশ্‌), চক্ষু শক্ত করিয়া বুজিলে যাহার বৃদ্ধি হয়; চক্ষে ঝাপ্‌সা দেখা।

কর্ণ। কানের মধ্যে চুল্‌কানি বা কুট্‌কুটানি বা সুড়্‌সুড়ী, হাতের আঙ্গুল কানের মধ্যে প্রবেশ করাইয়া দিলে যাহার উপশম হয় এবং আঙ্গুল

বাহির করিয়া আনিলে যাহার পুনরায় বৃদ্ধি হয়; কানের মধ্যে গানের ন্যায় শব্দ হওয়া।

মুখমণ্ডল। মুখমণ্ডলের স্থানে স্থানে চক্রাকারে লাল দাগ পড়ে (সাঙ্গুনেরিয়া) এবং উহার সঙ্গে সঙ্গে প্রলাপ ও চক্ষু উজ্জ্বল (বেল্)।

মুখগহ্বর এবং গলার মধ্য। সমুদয় দাঁতের গোড়ায় বেদনা, উষ্ণ প্রয়োগে যাহার বৃদ্ধি হয়। গলার মধ্যে বেদনা বা টাটানি এবং উহার সঙ্গে সঙ্গে ক্ষণস্থায়ী কাশি; আহারবহা গলনালীর উপরিভাগে স্ফীত হওয়ার ন্যায় অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে ঘাড় শক্ত হয় বা উহা নোয়ান যায় না ও মাথা একদিকে বাঁকিয়া পড়ে; ডিপ্থিরিয়া (Diphtheria); গলার মধ্যে শুষ্কবোধ এবং তৎপর উহাতে টাটানি বা বেদনা।

পাকস্থলী এবং উদর। মাংসে অরুচি (আর্ণিকা, কার্ব্বো-বেজ্, গ্রাফ্, পাল্স্)। দূষিত বায়ুর সঞ্চার হইলে যেরূপ হয়, উদরে অনবরত সেরূপ গড়্ গড়্, কল কল শব্দ হওয়া ও পেট গুলিয়া উঠা (আলোজ্, লাইকোপ্)।

মল এবং মলদ্বার। বারম্বার মলত্যাগ এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বার দিয়া প্রচুর পরিমাণে দূষিত বায়ু নিঃসরণ।

শ্বাসযন্ত্র। শুষ্ককাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে বেদনা; বুকে ডাইন স্তন এবং কণ্ঠাস্থির নীচে সূচীবিঁধানের ন্যায় বেদনা; বুকে উষ্ণানুভব (একন্, আর্স্, সাঙ্গুনেরিয়া)।

হৃৎপিণ্ড এবং নাড়ী। নাড়ী মৃদু এবং অনিয়মিত গতিবিশিষ্ট (ডিজিট্); হৃৎপ্রদেশে উষ্ণানুভব।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবা শক্ত হয় বা উহা নোয়ান যায় না (রাস্টক্স্); অস্থি স্থান ভ্রষ্ট হইলে যেরূপ হয়, ঘাড়ে সেরূপ বেদনা বোধ; কোমর এবং গুহ্য দ্বারের ঠিক উপরিভাগে জ্বালানুভব।

চর্ম্ম। শরীরের নানা স্থানে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী (গ্রাফ্); উরুদেশ, পা, পায়ের পাতা, বাহু ইত্যাদিতে চুলকানি, কুট্কুটানি এবং হুল ফুটানের ন্যায় অনুভূত হয় (একন্, আর্স্, আর্টিকা ইউরেন্স্)।

নিদ্রা। নিদ্রাশূন্যতা, অস্থির বা ভগ্ন নিদ্রা এবং উহার সঙ্গে সঙ্গে কষ্টদায়ক স্বপ্ন দেখা; সহজে ঘুম না হওয়া।

জ্বর। গায় একবার গরমবোধ এবং উহার পরক্ষণই শীতবোধ; পায়ের পাতা এবং হাতের তালুতে জ্বালাবোধ (সাল্‌ফ্‌); শরীর গরম এবং উহার সঙ্গে সঙ্গে মুখমণ্ডল লালবর্ণ; উষ্ণাবস্থার পর উভয় গাল চক্রাকারে লালবর্ণ হয়, ডাইন গালেই যাহা অধিক অনুভূত হয় (সাঙ্গুনেরিয়া); প্রচুর পরিমাণে ঘর্ম্ম, বিশেষতঃ রাত্রি দুই প্রহরের পর; শীতলাবস্থায় চর্ম্ম আর্দ্র এবং চট্‌চটিয়া আঠা।

ব্যবহার। ডিপ্‌থিরিয়া; মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জাপ্রদাহ; গ্রীবাতে বেদনা বা শক্ত গ্রীবা (Wry-neck) ইত্যাদি অসুখে ল্যাক্‌ন্যান্থিস্‌ ব্যবহার্য্য। লণ্ডন নিবাসী ডাক্তার আলাবোন্‌ (Dr. Alabone) এই ঔষধ ব্যবহার করিয়া যক্ষাকাশের চিকিৎসায় বিশেষ ফল পাইয়াছেন এবং ডাক্তার এইচ্‌, নান্‌কিবেল্‌ (Dr. H. Nankivell) তাঁহার উক্ত মতের পোষকতা করিয়াছেন। ডাক্তার নান্‌কিবেল্‌ বলেন "যে প্রকার যক্ষাকাশের দ্বিতীয় এবং তৃতীয়াবস্থায় ফুস্ফুস অধিক পরিমাণে ধ্বংস প্রাপ্ত হইয়া ধ্বংসকার্য্য কিছুকালের জন্য স্থগিত থাকে, এবং বৈকালে বা সন্ধ্যার সময় শরীরের সন্তাপ ১০০$\frac{1}{2}$° ফারণ্‌হিট্‌ ডিগ্রীর অধিক না হয়, সে প্রকার যক্ষাকাশে এই ঔষধ সেবনে বিশেষ উপকার দর্শে।" তিনি এই ঔষধের মূল আরোক ৩ হইতে ৫ ফোঁটা পর্য্যন্ত ব্যবহার করিয়া দেখিয়াছেন।

সমগুণবিশিষ্ট ঔষধ। আগারিকাশ্‌, বেলাডোনা, সিকুটা, সিমিসিফিউগা, ক্যাম্ফার, হায়োসায়েমাস্‌, ল্যাকেসিস্‌, ষ্ট্রামোনিয়াম্‌ ইত্যাদি ঔষধের কার্য্যের সঙ্গে ল্যাক্নান্থিসের কার্য্যের সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ইহার মূল আরোকই ১ হইতে ৫ ফোঁটা মাত্রায় ব্যবহৃত হইয়া থাকে। এই ঔষধের মাত্রা সম্বন্ধে লেখকের কোনও অভিজ্ঞতা নাই, কারণ, তিনি উহা ব্যবহার করিয়া দেখেন নাই।

ল্যাক্টুকা বিরোসা।

(LACTUCA VIROSA,–LACT.-VIR.)

এই গাছের সমুদয় অংশ কাঁচা অবস্থায় সংগ্রহ করিয়া যথা নিয়মে ২০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং স্নায়ু মণ্ডলীর উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা নাড়ীর গতি হ্রাস করে এবং তদ্দরুণ ঘুম হয়। আফিমের ন্যায় ইহা মস্তিষ্ক কিম্বা রক্ত সঞ্চালন ক্রিয়াকে উত্তেজিত করে না। শরীরের অন্যান্য অংশেও ইহার কার্য্য আছে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা চটিয়া থাকা; চিড়্ চিড়্, খিট্ খিট্ করা; কোন প্রকার মানসিক পরিশ্রমে অনিচ্ছা; মন গোলমেলে হইয়া যায়; কোন বিষয়ে চিন্তা করিতে অশক্তি (জেল্স্, নাক্স্-বম্, ফস্-আস্)।

মস্তক। মাথায় গোলমেলে বোধ; মাথাঘোরা; ঘুশ্ ঘুশে মাথাধরা।

চক্ষু। চক্ষুর তারা অত্যন্ত বিস্তৃত (বেল্, হায়োস্, ষ্ট্রামন্)।

পাকস্থলী এবং উদর। পাকস্থলী যেন পশ্চাৎদিকে আকৃষ্ট এবং তদ্দরুণ পাকস্থলীতে সামান্য বেদনা, যাহা প্রচাপনে বৃদ্ধি হয়; পাকস্থলীতে উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ এবং গলার মধ্যে জল উঠা, জিহ্বার গোড়ায় কোন প্রকারের স্বাদের অভাব, যাহার পর পাকস্থলীতে এবং গলার মধ্যে বরফের ন্যায় ঠাণ্ডাবোধ হয়; পাকস্থলীর মধ্যে আঁটাবোধ এবং তৎপর হৃৎপ্রদেশে অত্যন্ত উদ্বেগ। উদরে পূর্ণবোধ, বিশেষতঃ ডাইন দিকে, যাহার দরুণ নিশ্বাস প্রশ্বাসের ব্যাঘাত জন্মে এবং উদ্গারে বা গুহ্যদ্বার দিয়া দূষিত বায়ু নিঃসরণে যাহার উপশম হয়।

মূত্রযন্ত্র। মূত্রের অতিরিক্ত সঞ্চার (আম্ব্রা, ফস্-আস্)।

শ্বাসযন্ত্র। অনবরত আক্ষেপিক কাশি, যাহার দরুণ মনে হয় যেন বুক ফাটিয়া যাইবে, মুখগহ্বরের পশ্চাৎভাগে সুড়্সুড়ীর দরুণ যাহার উদ্রেক হয় এবং গলার মধ্যে কাঁপড় করার ন্যায় বোধ হওয়ার দরুণ যাহার উদ্রেক হয়; মধ্যে মধ্যে ক্ষণস্থায়ী শুষ্ককাশি, যাহার দরুণ মাথার পশ্চাৎভাগ এবং

বুক ঝাকিয়া উঠে; বুকে আঁটাবোধ হওয়ার দরুণ ঘুম ভাঙ্গিয়া যায় এবং তদ্দরুণ অত্যন্ত কষ্টানুভূত হয় (একন্); বুকের নানা স্থানে খিলধরা বা চাপিয়া ধরার ন্যায় বেদনা; বুকের বাম পার্শ্বের উপরিভাগে চিন্‌চিনে, ঘুশ্‌ঘুশে এবং বাটিয়া ধরার ন্যায় বেদনা; বাম পার্শ্বের খাট পাঁজরার হাড়ের নীচে সূচী বিঁধানের ন্যায় প্রখর বেদনা।

নিদ্রা। নিদ্রাবেশ; তৃপ্তি জনক নিদ্রা; রাত্রিতে অজ্ঞানবৎ নিদ্রা; রাত্রিতে অস্থির নিদ্রা।

ব্যবহার। ইহা হোমিওপ্যাথিক মতে রোগ চিকিৎসায় কম ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার আলেন্ (Dr. Allen) বলেন, অনবরত আক্ষেপিক কাশি, যাহার দরুণ মনে হয় যেন বুক ফাটিয়া যাইবে; মুখগহ্বরের পশ্চাৎভাগে সুড়্‌সুড়ী বা কুট্‌কুটানি বা গলার মধ্যে ফাঁপড় করার ন্যায় অনুভূত হওয়ার দরুণ এই কাশির উদ্রেক হইলে ল্যাক্‌টুকা বিরোসা বিশেষ উপকারী। ডাক্তার হিউজের (Dr. Hughes) মতে ইহা যকৃত এবং ফুস্ফুসের কোন কোন প্রকার রক্তাধিক্য বা রক্তাবরোধ, মস্তিষ্কের দুর্ব্বলতা এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রাবেশ বা ঘুমের অত্যন্ত ইচ্ছা ইত্যাদি অসুখে ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত শ্রান্তিবোধ; শরীরে অস্বাভাবিক রকমের হাল্‌কাবোধ; সামান্য কম্প ইত্যাদি এই ঔষধের বিশেষ প্রাকৃতিক লক্ষণ মধ্যে পরিগণিত।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ওপিয়াম্, কফিয়া।

ডাইলুশন বিচার। এই ঔষধের মাত্রা সম্বন্ধে এপর্য্যন্ত কিছুই স্থিরিকৃত হয় নাই।

লরোসিরেসাস্ প্রুনাস,-লরোস্

(LAUROCERASUS PRUNUS,-LAUROC.)

পারস্য দেশ এবং আসিয়া মাইনরে এই গাছ জন্মে। পরিপক্ক কাঁচা পাতা যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জার উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা হাইড্রোসায়েনিক্ আসিডের ন্যায় মস্তিষ্কের পক্ষাঘাত উৎপাদন করে।

সাধারণ প্রাকৃতির লক্ষণ।

মন। অচেতনতা এবং স্পর্শ জ্ঞানের সম্পূর্ণ বিনাশ (ওপিয়াম্)।

মস্তক। অবসন্নতা এবং উহার সঙ্গে সঙ্গে মাথাঘোরা; মাথার সমুদয় অংশেই অবসন্নকারক বেদনা; কপালে ঠাণ্ডা বোধ (আর্নিকা); মাথার উপরিভাগে ঠাণ্ডাবোধ (ক্যাল্ক্-কার্ব্ব্, ফস্), যাহার দরুণ মনে হয় যেন মাথায় ঠাণ্ডা বাতাস বহিতেছে এবং যাহা গ্রীবার মধ্য দিয়া নিম্নদিকে পৃষ্ঠদেশে যেন নামিতেছে বলিয়া অনুভূত হয়।

চক্ষু। একখানি অত্যন্ত পাতলা কাপড়ের মধ্য দিয়া তাকাইলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্সা দেখা (কষ্ট্, হায়োস্, ফস্, মার্ক্, পিট্রোল্, সাল্ফ্); চক্ষু ঘোলা এবং স্থির ভাব বিশিষ্ট, বিকৃত (বেল্, হায়োস্, ষ্ট্রামন্)।

মুখমণ্ডল। মুখমণ্ডল নীলের আভাযুক্ত, ধূসরের আভাযুক্ত হরিদ্রা বর্ণ এবং যেন বসিয়া যায়; মুখমণ্ডলের পেশীর স্পন্দন এবং আক্ষেপ (সিকুটা)।

মুখগহ্বর এবং গলার মধ্য। দাঁতলাগা (বেল্, সিকুটা, হায়োস্, ইগ্নেস্, নাক্স্-বম্, ইনাস্থ্); মুখে ফেণাউঠা (সিকুটা, ককিউল্, কুপ্রাম্, হায়োস্, নেজা); বাকরোধ (ডাল্ক্, জেল্স্, কষ্ট্, নেজা)। কোন দ্রব্য গিলিতে অশক্তি (বেল্, হায়োস্, ষ্ট্রামন্); গলার মধ্য এবং আহার বহা গলনালীতে আক্ষেপিক সঙ্কোচন (বেল্, হায়োস্, ষ্ট্রামন্)।

পাকস্থলী এবং উদর। উদরস্থ আহার দ্রব্যাদি বমন এবং উহার সঙ্গে সঙ্গে কাশি। নাভি হইতে কোমরের পশ্চাৎদেশে ডেলার ন্যায় কোন একটী ভারি পদার্থ হঠাৎ পড়ার ন্যায় অনুভূত হয়, কথাবলা বা কোন প্রকার শারীরিক পরিশ্রমের দরুণ যাহা উৎপন্ন হয়।

শ্বাসযন্ত্র। বুকের আক্ষেপিক রকমের অসুখ (ইগ্নেস্); শ্বাসকষ্ট এবং উহার সঙ্গে সঙ্গে মনে হয় যেন নিশ্বাসে ফুস্ফুস যথোচিতরূপে বিস্তৃত হইবে না (আসাফিটিডা, ক্রোটন্); নিশ্বাস প্রশ্বাসে অত্যন্ত কষ্টানুভব এবং

তদ্দরুণ কাঁপড়বোধ ; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে বুকের মধ্যস্থিত পর্দা সমূহ শুকাইয়া গেলে যেরূপ হয়, বুকের মধ্যে সেরূপ খশ্‌খশ্‌ শব্দ হওয়া ; হৃৎপ্রদেশে সূচীবিঁধানের ন্যায় বেদনা (ক্যাল্‌ম্‌, ক্যালী-কার্ব্ব্‌)।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ডের অনিয়মিত স্পন্দন এবং উহার সঙ্গে সঙ্গে নাড়ী মৃদুগতি বিশিষ্ট (ডিজিট্‌, ল্যাক্যাস্থ)।

নিদ্রা। নাকে গোঁ গোঁ শব্দ করিয়া ঘোরনিদ্রা ; নিদ্রালুতা (আর্স্‌, ওপিয়াম্‌, সাল্‌ফ্‌)।

ব্যবহার। সংন্যাশ রোগ ; বিশেষ বিশেষ ইন্দ্রিয়ের পক্ষাঘাত ; জননেন্দ্রিয়ের পক্ষাঘাত ; ফুস্ফুসের পক্ষাঘাত ; হাত পায়ের পক্ষাঘাত ; কোরিয়ার (Chorea) ন্যায় আক্ষেপ ; আক্ষেপের দরুণ আক্রান্ত অঙ্গের পর্য্যায় ক্রমে সঙ্কোচন এবং বিস্তৃতি (Clonic spasms) ; মৃগীরোগ ইত্যাদি অসুখে লরোসিরেসাস্‌ ব্যবহার্য্য। যে প্রকার ওলাউঠাতে রোগীর শরীর নীল বর্ণ হয়, শ্বাস কৃচ্ছ্র হয় এবং পক্ষাঘাতের লক্ষণাদি দৃষ্ট হয়, ডাক্তার যারের (Dr. Jahr) মতে সে প্রকার ওলাউঠাতে লরোসিরেসাস্‌ ব্যবহারে বিশেষ উপকার পাওয়া যায়।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। জীবনীশক্তির হ্রাস এবং প্রতিক্রিয়ার অভাব (ক্যাম্ফ্‌, কার্ব্বো-বেজ) ; অসুখের বেদনা, যন্ত্রণাদি রোগী বড় টের পায় না ; সমুদয় শক্তির অতি শীঘ্র শীঘ্র হ্রাস (আর্স্‌, ক্যাম্ফার, সিকেল্‌ কর্ণুটাম্‌) ইত্যাদি এই ঔষধের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন, শৈশবাবস্থার অসুখে সামান্য নড়াচড়াতেই রোগীর শরীর নীল বর্ণ হওয়া বা নীলবর্ণের ভাব বৃদ্ধি হওয়া, অথবা পাকস্থলী এবং অন্ত্রের অসুখে গিলিবার সময় আহারবহা গলনালীতে গড়্‌ গড়্‌ শব্দ হওয়া লরোসিরেসাসের কতকগুলি বিশেষ প্রাকৃতিক নির্দিষ্ট লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ব্যারাইটা কার্ব্বোনিকা, ব্রাইওনিয়া, ক্যাল্‌কেরিয়া কার্ব্বোনিকা, হাইড্রোসায়েনিক্‌ আসিড্‌, লাইকোপডিয়াম্‌, নাক্স্‌-বমিকা, বেলাডোনা, ওপিয়াম্‌, ফস্ফরাস্‌, পাল্‌সেটিলা, রাস্‌টক্স্‌, সিপিয়া, সাল্‌ফার, বিরেট্রাম্‌ আল্‌বাম্‌ ইত্যাদি ঔষধের কার্য্যের সঙ্গে লরোসিরেসাসের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, কফিয়া, ইপিকাক, ওপিয়াম্। অধিক মাত্রায় লরোসিরেসাস্ দ্বারা বিষাক্ত হইলে আমোনিয়াম্ এবং কফির গাঢ় কাত সেব্য।

ডাইলুশন বিচার। ৩য়, ৬ষ্ঠ বা ১২ ক্রমই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

লেপ্টাণ্ড্রা,-লেপ্ট্

(LEPTANDRA,-LEPT.)

আমেরিকার ইউনাইটেড্ ষ্টেট্সের সমুদয় স্থানেই এই গাছ জন্মে। কাঁচা শিকড় যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহার গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে। গুঁড়াকে লেপ্টাণ্ড্রিন্ (Leptandrin) বলে। যথা নিয়মে সুগার অব্ মিল্‌কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ডাক্তার হেল্ (Dr Hale) বলেন কাঁচা শিকড়ে গাছের সমুদয় অংশের গুণই থাকে।

সাধারণ ক্রিয়া। যকৃত এবং অন্ত্রের উপরই ইহার বিশেষ কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ উহার নিঃসরণ শক্তির কার্য্যের বৃদ্ধি হয়। প্রচুর পরিমাণে অত্যন্ত দুর্গন্ধযুক্ত আল্‌কাতরার ন্যায় কাল গোলানীর ন্যায় ভেদ এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত। পিত্তাধিক্য হেতু শিরঃপীড়া এবং পিত্তের বিকৃতাবস্থার দরুণ যে প্রকার অসুখ হয়, তাহাতে যদি উক্ত প্রকারের কাল্‌চে ভেদ হয়, তবে এই ঔষধ বিশেষ উপকারী। এজন্যই পুরাতন আকারের উদরাময় এবং আমাশয় রোগে এই ঔষধ প্রয়োগে কখন কখন উপকার পাওয়া যায়। ব্রাইওনিয়া, আইরিস্, পডোফিলাম্, চায়না এবং আর্সিনিকের কার্য্যের সঙ্গে লেপ্টাণ্ড্রার কার্য্যের সাদৃশ্য আছে। ১ম, ৩য় এবং ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন সময় লেপ্টাণ্ড্রিনের ১ম, ২য় বা ৩য় ক্রমের গুঁড়াও ব্যবহৃত হইয়া থাকে।

লিলিয়াম্ টাইগ্রিনাম্,-লিলিয়াম্

(LILIUM TIGRINUM,-LIL.-TIG.)

চিন এবং জাপান দেশে এই গাছ জন্মে। অনেক সময় বাগানেও এই গাছ রোপন করা হয়। ইহার ফুল এবং বিচি যথা নিয়মে ২০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। স্ত্রী-জননেন্দ্রিয় এবং হৃৎপিণ্ডের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ জরায়ুর উত্তেজনা, উহাতে রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহাতে কতক পরিমাণে পুরাতন আকারের (Sub-acute) প্রদাহ উৎপন্ন হইয়া থাকে। উহার সঙ্গে সঙ্গে জরায়ু নানা প্রকারে স্থান ভ্রষ্ট হয়। গৌণ কার্য্য (Reflex action) দ্বারা ইহা হৃৎপিণ্ডের কার্য্যের অবসন্নতা উৎপাদন করিয়া হৃৎপিণ্ডের উত্তেজনার লক্ষণ, হৃৎস্পন্দন ইত্যাদি অসুখ উৎপাদন করিয়া থাকে। জরায়ু যেন নীচের দিকে যোনিদ্বার দিয়া ঠেলিয়া বাহির হইয়া পড়িবে জরায়ুতে এরূপ অনুভূত হওয়া এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মানসিক অবসন্নতা; কাঁদিবার ইচ্ছা, ভীরুতা এবং সমুদয় বিষয়েই আশঙ্কা (নাক্স-মস্ক, পালস্, ফস্); রোগী (স্ত্রীলোক) তাহার মুক্তির বিষয় অনবরত ভাবিয়া সর্ব্বদা অস্থির থাকে এবং উহার সঙ্গে সঙ্গে জরায়ুর অসুখ; কোন বিশেষ কর্ত্তব্য কর্ম্ম করিতে হইলে যেরূপ হয়, সর্ব্বদা সেরূপ তাড়াতাড়ি করা এবং উক্ত কার্য্য করিতে অক্ষম হওয়া; সর্ব্বদা অভিশাপ দেওয়া, মারা এবং অশ্লীল বিষয়ে চিন্তা করার ইচ্ছা ও এই প্রকার মানসিক অবস্থা হইলেই জরায়ুর উত্তেজনা কমিয়া যায়।

মস্তক। মাথা ধরা, বিশেষতঃ উহা যদি জরায়ুর অসুখ জনিত হয় (কলোফ্, সিমিসিফ্); কপালে, চক্ষুর ঠিক উপরিভাগে ঘুণ্ ঘুণে বেদনা।

চক্ষু। নিকটবর্ত্তী বস্তু দেখিবার শক্তির হ্রাস বা অভাব; চক্ষুর হাইপার মিট্রোপিয়া (Hypermetropia) নামক রোগ।

পাকস্থলী এবং উদর। বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে

ঢেয়াক তুলিবার সময় গলা দিয়া শ্লেষ্মা নির্গমন; ক্ষুধা শূন্যতা (আলাম্, আর্স্, ক্যাক্-কার্ব্ব্, চায়না, নাক্স্-মক্); মাংস খাওয়ার অত্যন্ত ইচ্ছা; পাকস্থলী এবং অন্ত্রের মধ্যে খালি খালি বোধ (ইগ্নেস্, হাইড্রাষ্টি, সিপিয়া)। উদর স্ফীত এবং বিস্তৃত (ক্যাক্-কার্ব্ব্, চায়না, লাইকোপ্, নাক্স্-বম্); উদরের মধ্যস্থিত সমুদয় যন্ত্র যেন নিম্নের দিকে টানিয়া বা কসিয়া ধরিয়াছে এরূপ অনুভূত হয়, যাহা বুকের মধ্যের যন্ত্রাদি পর্য্যন্তও যেন বিস্তৃত হয় এবং যাহার দরুণ রোগী তাহার উদর উপরের দিকে ঠেলিয়া ধরিয়া রাখিতে বাধ্য হয় (বেল্, প্লাটিনা, সিপিয়া); যেন উদরাময় হইবে এরূপ অনুভূত হয় (আলোজ্); প্রস্রাব করার সময়ও অনেক সময় গুহ্যদ্বার দিয়া মল বাহির হইয়া পড়ে।

মল এবং মলদ্বার। মলদ্বারে অত্যন্ত চাপাবোধ এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার বাহে যাওয়ার ইচ্ছা; প্রাতঃকালে উদরাময় (আলোজ্, রুমেক্স্, সাল্ফ্); মল তরল, পিত্তযুক্ত (পডোফ্); মল কাল্চে, দুর্গন্ধযুক্ত এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত বাহ্যের বেগ, যাহার দরুণ রোগী এক মিনিটও বাহ্যে না যাইয়া থাকিতে পারে না; দাস্তের পূর্ব্বে পেট কামড়ানী এবং কষ্টদায়ক কোঁথপাড়া ও উহার সঙ্গে সঙ্গে গুহে চাপাবোধ; দাস্তের পর গুহ্যদ্বারে জ্বালা এবং চিড়িকমারা (আর্স্, ক্যান্থ্); কোষ্ঠবদ্ধ।

মূত্রযন্ত্র। দিনের বেলা বারম্বার প্রস্রাব করা এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রনালীতে অত্যন্ত জ্বালা এবং চিড়িকমারা (ক্যান্থ্, ক্যানাবিস্-স্যাট্); মূত্রাধারে অনবরত চাপাবোধ; অনবরত মূত্রত্যাগের ইচ্ছা, কিন্তু বেগ দিলে মাত্র কএক ফোঁটা মূত্র নির্গত হয়; মূত্রত্যাগের পর মূত্রনালীতে জ্বালা এবং চিড়িকমারা (একন্, ক্যান্থ্)।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের জরায়ু প্রদেশে ভারি এবং চাপা বোধ, যাহার দরুণ মনে হয় জরায়ুর মধ্যে যাহা কিছু আছে তাহা যেন সমুদয়ই যোনিদ্বার দিয়া নিম্ন দিকে ঠেলিয়া বাহির হইয়া পড়িবে (বেল্, নাক্স্-মক্, প্লাটিনা, সিপিয়া), হাত দিয়া যোনি চাপিয়া ধরিলে যাহার উপশম হয়; ডিম্বকোষ প্রদেশে অত্যন্ত প্রখর বা তীক্ষ্ণ বেদনা (বেল্, সিমিসিফ্); জরায়ুতে স্নায়ুশূলের ন্যায় বেদনা, যাহার দরুণ রোগী তলপেট স্পর্শও করিতে দেয়

না এবং যাহার দরুণ পেটের উপর গায়ের কাপড়ের ভার বা সামান্য ঝাঁকানিও সহ্য হয় না; জরায়ু সম্মুখপানে সরিয়া বা বাঁকিয়া পড়ে; নিম্নদিকে সজোরে ঠেলিয়া নামিলে যেরূপ হয়, জরায়ুতে সেরূপ অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে বাম ডিম্বকোষ এবং বাম স্তনে বেদনা; যোনিদ্বারে অত্যন্ত চুলকানি এবং উহার সঙ্গে সঙ্গে ঐ স্থানে পূর্ণবোধ; বাম ডিম্বকোষ প্রদেশে হুল ফুটানের ন্যায় বেদনা বা যাতনা; শ্বেতপ্রদর এবং তদ্দরুণ উজ্জ্বল হরিদ্রা, জ্বালা উৎপাদক এবং ক্ষতকারক ক্লেদ নিঃসরণ (আলাম্, আর্স, ক্রিয়াজ্) যাহা কাপড়ে লাগিয়া শুকাইলে কটাবর্ণ হয়।

বক্ষ এবং হৃৎপিণ্ড। হৃৎপ্রদেশে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ ঘুশে বেদনা (আয়োড্, ক্যাক্‌ট্); বুকের বাম পার্শ্বে অত্যন্ত তীক্ষ্ন বা প্রখর বেদনা (ক্রিয়াজ্) এবং উহার সঙ্গে সঙ্গে হৃৎপিণ্ডের ধড়্‌ফড়ানী (স্পাইজেল্); হৃৎপিণ্ডের মধ্যে মোচড়াইয়া ধরার ন্যায় বেদনা (আর্ণিকা, ক্যাক্‌ট্); অথবা হৃৎপিণ্ডে একবার ঘাটিয়া ধরা এবং একবার শিথিল হওয়ার ন্যায় যাতনা; হৃৎপিণ্ডের ধড়্‌ফড়ানি বা হৃৎস্পন্দন (নেট্রাম্-মিউর)।

পৃষ্ঠদেশ। গুহ্য দ্বারের ঠিক উপরিভাগের হাড়ে ঘুশ্ ঘুশে বেদনা (ইস্কুলাস্); গুহ্য দ্বারের ঠিক উপরিভাগে যেন উপর দিকে ঠেলিয়া উঠার ন্যায় অনুভূত হয়।

অঙ্গ প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গ ঠাণ্ডা এবং চট্‌চটিয়া আঠা যাহা মন উত্তেজিত হইলেই অধিক হয়; হাত পায়ের পাতার তালুতে জ্বালাবোধ; ডাইন কুঁচ্‌কি বা উরুর সন্ধিতে বেদনা যাহা উরুদেশ পর্য্যন্ত বিস্তৃত হয়; পক্ষাঘাতে যেরূপ হয়, হাত এবং হাতের আঙ্গুলে সেরূপ কুট্‌কুটানি।

ব্যবহার। স্ত্রীলোকের ডিম্বকোষের উত্তেজনা, প্রদাহ অথবা উহাতে স্নায়ুশূলের ন্যায় বেদনা; হিষ্টিরিয়া; জরায়ুর কতক পরিমাণে পুরাতন (Sub-acute) প্রদাহ; জরায়ু স্থান ভ্রষ্ট হওয়া বা সরিয়া পড়া; জরায়ু সম্মুখ পানে সরিয়া বা বাঁকিয়া পড়া; জরায়ু পশ্চাৎ দিকে বাঁকিয়া বা সরিয়া ও মোচড়াইয়া পড়া; শ্বেতপ্রদর; হৃৎপিণ্ডের স্নায়বিক অসুখ; উদরাময়; চক্ষুর পাতার স্পন্দন ইত্যাদি অসুখে লিলিয়াম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। দুর্ব্বলতা, শরীর কম্পন; চলিলে

বেদনার বৃদ্ধি, অথচ চলা বন্ধ করিলে বেদনা এত অসহ্য হইয়া পড়ে যে উহার দরুণ রোগী (পুরুষ) পুনরায় চলিয়া বেড়াইতে বাধ্য হয়; শরীরের কোন কোন স্থানে বেদনা; শরীরের স্থানে স্থানে স্থান পরিবর্ত্তক বেদনা (পাল্‌স্‌); শরীরের স্থানে স্থানে দপ্‌দপানি, যাহার দরুণ মনে হয় যেন সমুদয় রক্তবহা নালীতেই দপ্‌ দপ্‌ করিতেছে; যন্ত্রাদির স্বেচ্ছাপূর্ব্বক কার্য্য করার শক্তিহীন হওয়ার দরুণ রাত্রিতে যাতনাদির বৃদ্ধি এবং দিনের বেলা, বিশুদ্ধ বায়ুতে, সর্ব্বদা কাজ কর্ম্মে নিযুক্ত থাকিলে এবং উষ্ণ ঘরে অসুখের উপশম; জরায়ু নিম্নদিকে যোনি দ্বার দিয়া ঠেলিয়া নামিতেছে এরূপ অনুভূত হওয়া এবং তদ্দরুণ যোনি চাপিয়া ধরিতে বাধ্য হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে ডিম্বকোষ, জরায়ু এবং যোনি দ্বারাদির স্ফীতি ও বেদনা লিলিয়ামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। লিলিয়ামের মানসিক লক্ষণের সঙ্গে প্লাটিনার লক্ষণের বিশেষ সাদৃশ্য আছে এবং জরায়ুর উপর ইহার কার্য্যের সঙ্গে হেলোনিয়াসের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে ক্যাক্‌টাস্‌, ক্যান্থারিস্‌, সিমিসিফিউগা, নাক্স্‌-বমিকা, পডোফিলাম্‌, পাল্‌সেটিলা, সিপিয়া এবং স্পাইজেলিয়ার্‌ কার্য্যেও অনেক সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। হেলোনিয়াস্‌, নাক্স্‌-বমিকা।

ডাইলুশন বিচার। ১ম এবং ২য় দশমিক ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। কোন কোন চিকিৎসক এই ঔষধের মূল আরোকও ১ ফোঁটা মাত্রায়, ব্যবস্থা করিয়া থাকেন।

লোবিলিয়া ইন্‌ফ্লেটা,-(ভারতবর্ষীয় তামাকু,-লোবিলিয়া

(LOBELIA INFLATA,-(INDIAN TOBACCO),-LOB-INF.)

এই গাছের সমুদয় অংশ যথানিয়মে প্রুফ্‌ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। আবার কেহ কেহ ইহার শুকনা গাছ যথানিয়মে ইথারে (Ether) ভিজাইয়া মূল আরোক প্রস্তুত করিবার ব্যবস্থা

দিয়া থাকেন। আবার কেহ কেহ শুকনা গাছের গুঁড়ার সঙ্গে যথা নিয়মে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ইহার মিশ্র গুঁড়াও প্রস্তুত করিতে ব্যবস্থা দিয়া থাকেন।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ু, বিশেষতঃ নিউমোগ্যাষ্ট্রিক্ স্নায়ুর উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ স্নায়ুগুলি অবসন্ন এবং শিথিল হয় এবং তদ্দরুণ বুকে কষ্টবোধ হয়, শ্বাসপ্রশ্বাস এবং গিলিবার ব্যাঘাত জন্মে ও উহার সঙ্গে সঙ্গে উদরোর্দ্ধ প্রদেশে কষ্টবোধ, বমনোদ্বেগ এবং বমন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অত্যন্ত মানসিক অবসন্নতা (ইগ্নেস্, লাইকোপ্, পাল্স্); মৃত্যুভয় এবং উহার সঙ্গে সঙ্গে শ্বাসকষ্ট (আর্স্)।

মস্তক। মাথাঘোরা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ (আলাম্, আণ্টি-ক্রুড্); কপালের চতুষ্পার্শ্বেই চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে বেদনা বা ভারিবোধ যাহা কপালের এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত ব্যাপিয়া থাকে; মাথার পশ্চাৎদেশের বামদিকে চাপিয়া ধরার ন্যায় বেদনা, রাত্রিতে এবং নড়াচড়াতে যাহার বৃদ্ধি হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখদিয়া প্রচুর পরিমাণে লাল পড়া (আয়োড্, আইরিস্, মার্ক্); মুখে বিশ্রী স্বাদ, জিহ্বার অগ্রভাগ এবং গলার মধ্যের পশ্চাৎভাগেই যাহা অধিক অনুভূত হয়। মনে হয় যেন আহার বহা গলনালী নিম্নদিক হইতে উপরদিকে সঙ্কুচিত হইয়া রহিয়াছে; মনে হয় যেন পাকস্থলীর মধ্যে ডেলার ন্যায় কোন পদার্থ লাগিয়া বা চাপিয়া রহিয়াছে (বেল্, ল্যাক্)।

পাকস্থলী। ক্ষুধাশূন্যতা এবং উহার সঙ্গে সঙ্গে মুখে জ্বালাযুক্ত স্বাদ (আর্স্); পাকস্থলীর অম্লরোগ এবং পাকস্থলীর মধ্যের সঙ্কোচন; উদ্গার দ্বারা বায়ু নিঃসরণ (কার্ব্বো-বেজ্, চায়না, ফস্); অনবরত প্রবল বমনোদ্বেগ (আণ্টি-টার্ট্, ইপিকাক্, ডিজিট্); প্রাতঃকালে বমনোদ্বেগ যাহা এক ঢোক জল গিলিলেই দূরীভূত হয়; বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে পাকস্থলীতে অকথ্য বেদনা, কষ্টানুভব; বুক জ্বালা এবং উহার

সঙ্গে সঙ্গে মুখ দিয়া জল উঠা ও পাকস্থলীতে কষ্টানুভব (আর্স্‌); উদরোর্দ্ধ প্রদেশে দুর্ব্বলবোধ এবং উহার সঙ্গে সঙ্গে বুকে আঁটা এবং কষ্টবোধ (আর্স্‌); পাকস্থলীতে জ্বালাবোধ (আর্স্‌, ক্যাল্ক-কার্ব্ব, ক্যাম্ফ, মেজিরিয়াম্‌)।

শ্বাসযন্ত্র। অত্যন্ত শ্বাসকষ্ট, বুকে আঁটাবোধ হওয়ার দরুণ যাহার উদ্রেক হয় (আর্স্‌, কস্‌); শ্বাস কষ্ট।

মূত্রযন্ত্র। মূত্রে গোলাপের ন্যায় লাল তলানী পড়ে এবং তলানীতে ইউরিক্‌ আসিডের ক্রিষ্টাল্‌ (Uric Acid Crystals) থাকে।

ব্যবহার। অনেকানেক অসুখের সঙ্গে সঙ্গে, বিশেষতঃ শ্বাস যন্ত্রের অসুখের সঙ্গে, বমনোদ্বেগ এবং বমন; অজীর্ণ; পাকস্থলীতে বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমন; অন্ত্রের এক অংশ অন্য অংশে প্রবিষ্ট হইয়া লাগিয়া বা বদ্ধ হইয়া থাকা (Intussusception of the bowels); রুদ্ধ অন্ত্র বৃদ্ধি (Incarcerated Hernia); গুহ্যদ্বার এবং যোনিদ্বারের মধ্যবর্ত্তী স্থান (Perineum) এবং জরায়ুর মুখের কঠিনতা; হুপিংকফ বা কাশি; বায়ুনল প্রদাহ; আক্ষেপিক কাশি; ঘুংড়ী কাশি; হাঁপানী কাশি; হৃৎস্নায়ুশূল বা হৃদ্বেদনা (Angina Pectoris); হিষ্টিরিয়া; বাতরোগ; সবিরাম বা পালা-জ্বর; বুক জ্বালা; অম্লরোগ; ফুস্ফুসের ক্ষুদ্র বায়ুনলীর বিস্তৃতি (Emphysema of the lungs) ইত্যাদি অসুখে লোবিলিয়া ইন্‌ফ্লেটা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত বলক্ষয় এবং শ্রান্তিবোধ; মাথায় গরম এবং পূর্ণবোধ ও উহাতে কখন কখন কন্‌কনানি; অনবরত কষ্ট-দায়ক স্বপ্ন দেখা; চক্ষে এক বস্তুর সমুদয় অংশ দৃষ্ট না হইয়া কেবল কতক অংশ দৃষ্ট হয়; গলার মধ্যে চুলকানি, জ্বালা এবং শুষ্কবোধ; একটী কাঁটা মারিয়া রাখিলে যেরূপ হয়, পাকস্থলীর মধ্য দিয়া মেরুদণ্ড পর্য্যন্ত সেরূপ অনুভূত হয়, যাহা ডাইন এবং বামদিকে বিস্তৃত হয় এবং উহার সঙ্গে সঙ্গে মোচড়া-নের ন্যায় অনুভূত হয়; ডাইন পার্শ্বের কৃত্রিম পাঁজরার হাড়ের ধারে কোন এক নির্দ্দিষ্ট স্থানে বেদনা, যাহা উদরোর্দ্ধ প্রদেশের মধ্য দিয়া বাম স্কন্ধাস্থির চতুর্দ্দিক পর্য্যন্ত বিস্তৃত হয় এবং বেদনার আক্রমণের পর আক্রান্ত স্থান যেন অসাড় হইয়া যায়; উদরের স্ফীতি এবং বিস্তৃতি, যাহার দরুণ শ্বাস প্রশ্বাসের ব্যাঘাত জন্মে; অতিরিক্ত পরিমাণে মূত্রত্যাগ; পুরুষের জননেন্দ্রিয়ে অত্যন্ত

কষ্টদায়ক ভারিবোধ; সমুদয় শরীরে কুট্‌কুটানি যাহা হাত পায়ের আঙ্গুল পর্য্যন্তও বিস্তৃত হয়; ঠাণ্ডা লাগিলে, বিশেষতঃ ঠাণ্ডা জলে স্নান করিলে, অসুখের বৃদ্ধি: শেষ বেলা বা সন্ধ্যার সময় অসুখের বৃদ্ধি ইত্যাদি লোবিলিয়া ইন্‌ফ্লেটার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। লোবিলিয়া ইন্‌ফ্লেটার কার্য্যের সঙ্গে আণ্টিমোনিয়াম্ টার্টারিকাম্, ডিজিটালিস্, ইপিকাকিউএনা এবং টেবেকামের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে আর্সিনিক্ এবং বিরেট্রাম্ আল্‌বামের কার্য্যেরও সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ইপিকাকিউএনা।

ডাইলুশন বিচার। ১ম, ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। হাঁপানি কাশিতে মূল আরোক এক ফোঁটা মাত্রায় ব্যবহার করিয়া বিশেষ উপকার দর্শিতে দেখা যায়। ২১৩টী রোগীর হাঁপানি কাশির চিকিৎসায় এই ঔষধের মূল আরোক ১ফোঁটা মাত্রায় ব্যবহার করিয়া আশাতিরিক্ত ফল পাওয়া গিয়াছে। গা বমী বমী করা, অনবরত শ্বাসরোধ হওয়া, ঠাণ্ডা লাগিলে বা সামান্য শারীরিক পরিশ্রমে হাঁপানির বৃদ্ধি ইত্যাদি লক্ষণ উক্ত কএকটি রোগীতেই বর্ত্তমান ছিল। হাঁপানি কাশিতে লেখক এই ঔষধের মূল আরোক ১ ফোঁটা মাত্রায় সচরাচর ব্যবহার করিয়া বিশেষ ফল পাইয়া থাকেন।

ম্যাগ্‌নেসিয়া কার্ব্বোনিকা,-কার্ব্বোনেট্ অব্ ম্যাগ্‌নেসিয়া,-ম্যাগ্-কার্ব্ব্

(MAGNESIA CARBONICA,-CARBONATE OF MAGNESIA,-MAG.-CARB.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত কার্ব্বোনেট্ অব্ ম্যাগ্‌নেসিয়া ক্রয় করিয়া উহা যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ৩য় শততমিক ক্রম পর্য্যন্ত গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ৩য় শততমিক ক্রমের গুঁড়া হইতে যথা নিয়মে ইহার ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী এবং স্ত্রী-জননেন্দ্রিয়ের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ অন্ত্রের উত্তেজনা এবং শ্লৈষ্মিক প্রদাহ ও স্ত্রীলোকের রজঃস্রাব সম্বন্ধীয় অসুখ উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় চাপিয়া ধরার ন্যায় বেদনা; মাথায় রক্তাধিক্য; মাথার চুল পড়িয়া যাওয়া (গ্রাফ্, মার্ক্, নাইট্রিক্-অ্যাস্, নেট্রাম্-মিউর, ফস্, সিপিয়া); মাথায় শুষ্ক রকমের ফুস্কুড়ী বা টেটার (Totter), ভিজিলে এবং বৃষ্টির দিনে যাহা চুলকায়।

চক্ষু। প্রাতঃকালে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকে (ক্যাক্-কার্ব্ব্, লাইকোপ্, মার্ক্, পাল্স্, সাল্ফ্)।

কর্ণ। কানে কম শুনা।

মুখমণ্ডল। রাত্রিতে গালের হাড়ে ছিঁড়িয়া ফেলা, খনন করা বা ছিদ্র করার ন্যায় বেদনা, বিশ্রাম কালীন যাহার বৃদ্ধি হয় এবং যাহার দরুণ রোগী ছুটাছুটী করিয়া বেড়াইতে বাধ্য হয়।

মুখগহ্বর। রাত্রিতে দাঁতের গোড়ায় বেদনা, যাহার দরুণ রোগী বিছানা হইতে উঠিয়া ছুটাছুটী করিয়া বেড়াইতে বাধ্য হয়; বিশ্রাম কালীন দাঁতের গোড়ায় বেদনা অসহ্য হইয়া পড়ে; ঠাণ্ডাতে দাঁতের গোড়ায় বেদনার বৃদ্ধি; গর্ভাবস্থায় দাঁতের গোড়ায় বেদনা; মুখদিয়া রক্তমিশ্রিত থুথু উঠে; মুখে তিক্ত বা টক স্বাদ (চায়না, নাক্স্-বম্।

পাকস্থলী এবং উদর। ফল এবং টক দ্রব্যাদি খাওয়ার ইচ্ছা (অ্যান্টি ক্রুড্, অ্যান্টি-টার্ট, চায়না, হিপ্-সাল্ফ্, ফস্, আর্স্, বিরেট্-আল্ব্); মাংস খাওয়ার ইচ্ছা (এবিস্-ক্যান্); কাঁচা দ্রব্য খাওয়ার অনিচ্ছা; অত্যন্ত প্রবল পিপাসা, সন্ধ্যাকালেই পিপাসার বৃদ্ধি হয়; পাকস্থলীতে সঙ্কোচক বেদনা। উদর স্ফীত এবং বিস্তৃত ও উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বার দিয়া প্রচুর পরিমাণে দূষিত বায়ু নিঃসরণ এবং দূষিত বায়ু নিঃসরণের দরুণ উদরের স্ফীতি এবং বিস্তৃতির অনেক উপশম হয়; উদরের সমুদয় অংশেই কামড়ানী, কর্ত্তনবৎ বেদনা এবং গড়্ গড়্, কল কল শব্দ হওয়া ও তৎপর সবুজ রঙ্গের তরল ভেদ, কিন্তু কোঁথপাড়া বর্ত্তমান থাকে না।

মল এবং মলদ্বার। সূচীবিদ্ধিবৎ থাকিলে যেরূপ হয়, গুহ্যদ্বারে সেরূপ বেদনা বা যাতনা (আলোজ); মল সবুজবর্ণের ফেণার ন্যায় অথবা জমাট মোমের ন্যায় ডেলা ডেলা সাদা পদার্থ বিশিষ্ট; কোষ্ঠবদ্ধ (আমন্‌-মিউর, আলাম্‌, ব্রাই, নাক্স্‌-বম্‌, ওপিয়াম্‌)।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পর এবং অতি অল্প পরিমাণে রজঃস্রাব; দিনের বেলা অপেক্ষা রাত্রিতে রজঃস্রাব অধিক হয়; গাঢ়, চট্‌চটিয়া আঠা, জ্বালা উৎপাদক আলকাতরার ন্যায় কাল রজঃস্রাব।

নিদ্রা। শেষ রাত্রি ২ বা ৩ টার পর ঘুম ভাঙ্গিয়া যায় এবং তৎপর আর ঘুম হয় না।

চর্ম্ম। সমুদয় শরীরে চুলকানি।

জ্বর। রাত্রিতে অত্যন্ত আভ্যন্তরিক উষ্ণতা এবং ঘর্ম্ম; গায়ের কাপড় ফেলিতে অনিচ্ছা।

ব্যবহার। উদরাময়, বিশেষতঃ শিশু এবং ছোট বালক বালিকা-গণের; অজীর্ণ; কোষ্ঠবদ্ধ; শূল বেদনা; রজঃস্রাব ঘটিত অসুখ (অর্থাৎ স্বল্প রজঃস্রাব বা গৌণে রজঃস্রাব); অতিরিক্ত রজঃস্রাব যাহা রাত্রিতে বিছানায় শয়ন করিলেই অধিক হয়; গর্ভাবস্থায় দন্তশূল; চক্ষে ছানি পড়া (Cataract) ইত্যাদি অসুখে ম্যাগ্‌নেসিয়া কার্ব্বোনিকা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরে বাতের বেদনার ন্যায় বেদনা; অঙ্গ প্রত্যঙ্গে ক্লান্তিবোধ, বিশেষতঃ বসিয়া থাকা সময়ে পায়ের পাতায়; অনেকক্ষণ বসিয়া থাকিলে, বিশেষতঃ সন্ধ্যার সময়, অঙ্গ প্রত্যঙ্গে অসুখবোধ; বিশ্রাম কালীন বা বিছানায় শয়ন করিলে, (দাঁতের বেদনাদির), রাত্রিতে, বসিয়া থাকা কালীন, ঠাণ্ডা বাতাসে অসুখের বৃদ্ধি এবং নড়াচড়াতে অসুখের উপশম ইত্যাদি ম্যাগ্‌নেসিয়া কার্ব্বোনিকার কতক গুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। ম্যাগ্‌নেসিয়া কার্ব্বোনিকার কার্য্যের সঙ্গে আর্সিনিক, আর্জেন্‌, ক্যাল্‌কেরিয়া কার্ব্বোনিকা, ক্যামোমিলা, গ্রাফা-ইটিস্‌, লাইকোপডিয়াম্‌, নাইট্রিক্‌ আসিড্‌, নাক্স্‌ মস্কাটা, ফস্ফরাস্‌, সিপিয়া, সাইলিসিয়ার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যামোমিলা, পাল্সেটিলা, মার্কিউরিয়াস, নাক্স-বম্, রুস্।

ডাইলুশন বিচার। হানিম্যানের মতে ইহার ৬ষ্ঠ শততমিক ক্রমের আরোক ব্যবহার্য্য। আমরাও ৬ষ্ঠ ক্রম সচরাচর অধিক ব্যবহার করিয়া থাকি।

ম্যাগনেসিয়া মিউরিয়াটিকা,-মিউরিয়েট্ অব্ ম্যাগ্নেসিয়া,-ম্যাগ - মিউর

(MAGNESIA MURIATICA,-MURIATE OF MAGNESIA,-MAG.-MUR.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনীত মিউরিয়েট্ অব্ ম্যাগ্নেসিয়া ক্রয় করিয়া যথা নিয়মে ২০° ডিগ্রী ওবারপ্রুফ্ স্পিরিটে মিশাইয়া ইহার ১ম দশমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে। ২য় এবং ততোধিক ক্রমের আরোক যথা নিয়মে রেক্টিফাইড্ স্পিরিটে প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। গ্যাংলিয়োনিক্ স্নায়ুমণ্ডলের (Ganglionic System of nerves) উপর ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়। শ্লৈষ্মিক ঝিল্লীর উপরও ইহার স্থানিক কার্য্য করার ক্ষমতা আছে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। *সর্ব্বদা চিড়্চিড়্, খিট্খিট্ করা এবং বিমর্ষভাব।*

মস্তক। মাথায় ভারিবোধ এবং উহার সঙ্গে সঙ্গে গা টলা, যাহার দরুণ রোগী টলিয়া পড়িবার উপক্রম হয়; কপালে আঁটা এবং চাপাবোধ; সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে শয়ন করিলে কপালের দুই পার্শ্বে কামড়াণ বা মোচড়াইয়া ধরা বা নিঙড়াণের ন্যায় বেদনা, যাহার দরুণ মনে হয় যেন মাথাঘোরা এবং অচেতনতা শীঘ্রই আরম্ভ হইবে, হাত দিয়া প্রবল প্রচাপনে যাহার উপশম হয়; কপালের ডাইন পার্শ্বে ছিঁড়িয়া ফেলা

বা সূচী বিঁধানের ন্যায় বেদনা, যাহা চক্ষু পর্য্যন্ত বিস্তৃত হয় এবং চাপিয়া ধরিলে যাহার উপশম হয়; মাথা ঢাকিয়া বাঁধিয়া রাখিলে মাথা বেদনার উপশম হয় (সাইলিসি)।

চক্ষু। চক্ষু প্রদাহযুক্ত এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষুর শ্বেতাংশ লাল বর্ণ হওয়া ও উহাতে ভয়ানক জ্বালা বোধ এবং রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকা (ক্যাল্ক-কার্ব্ব, লাইকোপ, মার্ক, রাস্ টক্স, পাল্‌স, সাল্‌ফ)।

কর্ণ। কানের মধ্যে চিড়িকমারা বা দপ্‌দপানি।

নাসিকা। সর্দ্দি, যাহার দরুণ কখন কখন নাসারন্ধ্র রুদ্ধ হইয়া থাকে, কখন বা নাকদিয়া প্রচুর পরিমাণে জলবৎ শ্লেষ্মা নির্গত হয় এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় ঢিমাবোধ ও স্বাদ এবং আঘ্রাণ শক্তির সম্পূর্ণ বিনাশ হয়; নাক এবং নাসারন্ধ্রের মধ্যবর্ত্তী উপাস্থির আবরক চর্ম্ম লালবর্ণ এবং স্ফীত হয়; নাসারন্ধ্রে টাটানি বা জ্বালাযুক্ত বেদনা; নাকের মধ্যে মামড়ী (চুমটী) পড়ে, যাহার দরুণ নাক স্পর্শ করিলে বেদনার উদ্রেক হয়; নাসারন্ধ্রের মধ্যে ক্ষত।

মুখমণ্ডল। মুখ মণ্ডল পিটা, হরিদ্রার আভাযুক্ত; মুখমণ্ডলে ফুস্কুড়ী (বায়োলা-ট্রিক)।

মুখগহ্বর এবং গলার মধ্য। মনে হয় যেন উপরের মাড়ীর ঠিক মধ্য ভাগস্থিত ইন্‌সিজার্স্ (Incissors) নামক দাঁত স্বাভাবিক অপেক্ষা লম্বা হইয়াছে; দন্তমাড়ি স্ফীত হয় এবং উহা হইতে সহজেই রক্ত পড়ে; মুখের মধ্যে অনবরত সাদা ফেণার ন্যায় থুথু উঠে। গলার মধ্যে শুষ্ক এবং ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে স্বরভঙ্গ; গলায় খেকুর দিতে দিতে গলাদিয়া গাঢ় চট্‌চটিয়া আঠা এবং উহার সঙ্গে সঙ্গে কখন কখন রক্ত মিশ্রিত শ্লেষ্মা নির্গত হয়।

পাকস্থলী এবং উদর। ক্ষুধা থাকে বটে, কিন্তু রোগীর কোন নির্দ্দিষ্ট দ্রব্য খাওয়ার ইচ্ছা থাকে না; প্রবল পিপাসা (একন্, আর্স, ব্রাই, বেল, রাস্টক্স); পাকস্থলী হইতে মুখের মধ্যে জল উঠে এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই বমনোদ্বেগ (ক্যাল্কেরা, নাক্স-বম, পিট্রোল, পাল্‌স); পাকস্থলী হইতে আহারবহা গলনালীতে

যেন গোলার ন্যায় কোন পদার্থ ঠেলিয়া উঠিতেছে এরূপ অনুভূত হয় (আসাফ্‌), উদ্‌গার উঠিলে যাহার উপশম হয়; ক্ষত হইলে বা মোচড়াইয়া পড়িলে বা থেঁত্‌লিয়া গেলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ বেদনা। স্পর্শনে বা চলিয়া বেড়াইলে যকৃতে বেদনা, ডাইন পার্শ্বে শয়ন করিলে যাহার বৃদ্ধি হয়; যকৃত কঠিন এবং বড় হয়; রাত্রিতে উদরে কসিয়া ধরার ন্যায় বেদনা; উদরে খিল ধরার ন্যায় বেদনা।

মল। মল অপ্রচুর, কঠিন এবং অতি কষ্টে আস্তে আস্তে মলদ্বার দিয়া নির্গত হয়; মল ভেড়ার মলের ন্যায়, গুটলে (আলাম্‌, ক্যাল্‌সী-কার্ব্ব্‌, ওপিয়াম্‌); নেড়মল গুহ্যদ্বারের বাহির হইলেই ভাঙ্গিয়া খণ্ড খণ্ড হইয়া যায়; পুরাতন আকারের উদরাময়ের বারম্বার আক্রমণ।

মূত্রযন্ত্র। উদরের পেশীগুলি নীচের দিকে চাপিয়া ধরিলেই কেবল মূত্র নির্গত হয়; ফোঁটায় ফোঁটায় মূত্র নির্গত হয় এবং মূত্রত্যাগের পর মনে হয় যেন মূত্রাধারে আরো মূত্র সঞ্চিত রহিয়াছে।

জননেন্দ্রিয়। নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে স্ত্রীলোকের প্রচুর রজঃস্রাব (ক্যাল্ক্‌-কার্ব্ব্‌, নাক্স্‌-বম্‌); রজঃস্রাবের সময় মুখমণ্ডল শিটা বা ফিকা এবং উহার সঙ্গে সঙ্গে কোমরে বেদনা এবং মানসিক অবসন্নতা; জরায়ুতে খিলধরা, যাহা উরুদেশ পর্য্যন্তও বিস্তৃত হয়; মলত্যাগের পর, বা জরায়ুতে খিলধরার পরই শ্বেতপ্রদর নিঃসরণ।

শ্বাস যন্ত্র। প্রাতঃকালে এবং সন্ধ্যার সময় শুষ্ককাশি এবং উহার সঙ্গে সঙ্গে বুকের মধ্যে জ্বালা এবং টাটানি; রাত্রিতে আক্ষেপিক কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে সুড়্‌সুড়ী (হায়োস্‌); বুকের মধ্যে আঁটা এবং কসিয়া ধরার ন্যায় অনুভূত হয়।

হৃৎপিণ্ড। বসিয়া থাকিলে হৃৎস্পন্দন, চলিলে বা নড়া চড়াতে যাহা থাকে না।

অঙ্গ, প্রত্যঙ্গ। প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলেই বাহুতে অবশবোধ; পায়ের পাতায় ঘর্ম্ম।

নিদ্রা। দিনের বেলা অত্যন্ত ঘুম পায়; অনেক রাত্রি না হইলে ঘুম পায় না; গরমবোধ হওয়া এবং পিপাসার দরুণ ঘুম হয় না; চক্ষু

বুজিলেই অস্থিরতা ; ঘুম দ্বারা কোন প্রকারের তুষ্টি অনুভূত হয় না ; অতএব প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে রোগী অত্যন্ত শ্রান্তি অনুভব করে।

জ্বর। প্রতিদিন সন্ধ্যার সময় শীতবোধ, যাহা বিছানায় শয়ন করিলেই দূরীভূত হয়।

ব্যবহার। আক্ষেপিক এবং হিষ্টিরিয়া রোগ জনিত অসুখ ; মাথা ধরা ; স্নায়ুশূল ; শিশুগণের দাঁত উঠিবার সময় অসুখ ; পাকস্থলী এবং যকৃতের অসুখ ; যকৃতের বিবৃদ্ধি এবং কঠিনতা ; জরায়ুতে খিলধরা ; কোষ্ঠবদ্ধ ; শ্বেতপ্রদর ; অতিরিক্ত রজঃস্রাব ইত্যাদি অসুখে ম্যাগ্নেসিয়া মিউরিয়াটিকা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। বারম্বার আক্ষেপের আক্রমণ এবং হিষ্টিরিয়া জনিত দুর্ব্বলতা (অ্যানাফিটিডা) ; সন্ধ্যার সময় বা প্রথম রাত্রিতে বিছানায় শয়ন করিয়া চক্ষু বুজিলে সমুদয় শরীরের দুর্ব্বলতা, যাহা মনে হয় যেন পাকস্থলী হইতে আরম্ভ হয় ; বসিলেই লক্ষণাদি আরম্ভ হয় এবং নড়াচড়াতে বা শারীরিক পরিশ্রমে এবং বহির্ব্বায়ুতে অসুখের উপশম ইত্যাদি ম্যাগ্নেসিয়া মিউরিয়াটিকার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ। স্ত্রীলোক, বিশেষতঃ যাহাদিগের হিষ্টিরিয়া এবং জরায়ুর অসুখ আছে, তাহাদিগের পক্ষে এবং শিশুগণের দাঁত উঠার সময় অসুখে এই ঔষধ বিশেষ উপকারী।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ব্যারাইটা কার্ব্বোনিকা, ব্রাইওনিয়া, ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, ক্যামোমিলা, গ্রাফাইটিস্, ক্যালি কার্ব্বোনিকা, লাইকোপডিয়াম্, নাইট্রিক্ অ্যাসিড্, নাক্স্-বমিকা, পাল্সেটিলা, সাল্ফার।

প্রতিষেধক ঔষধ। ক্যামোমিলা।

ডাইলুশন বিচার। ডাক্তার বেজের (Dr. Bayes) মতে এই ঔষধের ৩য় এবং ৬ষ্ঠ ডাইলুশন ব্যবহার্য্য। লেখকও উক্ত দুই ক্রমই সচরাচর অধিক ব্যবহার করিয়া যথোচিত ফল পাইয়া থাকেন।

মার্কিউরিয়াস্ বিনায়োডেটাস্,-বিনায়োডাইড্ অব্ মার্কারি,-মার্ক্-বিন্

(MERCURIUS BINIODATUS,-BINIODIDE OF MERCURY,-MERC.-BIN.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে রেড্ আয়োডাইড্ অব্ মার্কারি (Red Iodide of Mercury) ক্রয় করিয়া যথানিয়মে উহাতে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ৩য় শততমিক ক্রম পর্য্যন্ত ইহার গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ৩য় শততমিক ক্রমের গুঁড়া হইতে যথানিয়মে ৪র্থ শততমিক ক্রমের আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অন্যান্য প্রকারের পারা বা পারা ঘটিত ঔষধের ন্যায় ইহাও গলার মধ্যের গ্রন্থি এবং শ্লৈষ্মিক ঝিল্লী আক্রমণ করিয়া থাকে। ইহার কার্য্যের সঙ্গে আয়োডিনের কার্য্যের অনেকটা সাদৃশ্য আছে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা মনের অবসন্নতা এবং কাঁদিবার ইচ্ছা (ইগ্নেস্, নেট্রাম্-মিউর, নাক্স্-মস্ক্, পাল্স্, রাস্-টক্স্)।

মস্তক। মনে হয় যেন একগাছি রসি দিয়া কপাল কসিয়া বাঁধিয়া রাখা হইয়াছে (মার্ক্); মাথার ঠিক উপরিভাগে উষ্ণানুভব এবং চিড়িক্-মারা বা দপ্দপানি।

কর্ণ। উভয় কানের মধ্যে চুলকানি (ব্যারাইটা-কার্ব্ব্, হিপ্-সাল্ফ্, সাল্ফ্); কর্ণমূল এবং উহার নিকটবর্ত্তীস্থ অন্যান্য গ্রন্থির স্ফীতি (আয়োড্)।

নাসিকা। সর্দ্দিলাগা; নাক উষ্ণ এবং স্ফীত; অত্যন্ত হাঁচি এবং নাক দিয়া প্রচুর পরিমাণে তরল শ্লেষ্মা নির্গমন (একন্, মার্ক্, সাঙ্গুনেরিয়া); নাকদিয়া হরিদ্রাবর্ণের বা রক্তমিশ্রিত শ্লেষ্মা নির্গমন; নাকের পশ্চাৎভাগের অসুখ এবং উহার সঙ্গে সঙ্গে উক্তাংশে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালানুভব; নাকের হাড়ের অসুখ; টার্বিনেটেড্ নামক হাড় (Turbinated Bones) স্ফীত; গলায় স্কেকুর দিলে নাসিকার পশ্চাৎদেশ হইতে শ্লেষ্মা নির্গত হয়; নাকের পাতায় মাঁমৃড়ী (চুমটী) পড়ার ন্যায় সুড়সুড়ী।

মুখগহ্বর এবং গলার মধ্য। ঘুম ভাঙ্গিলে ওষ্ঠে চট্‌চটিয়া আঠাবোধ; মুখে প্রচুর পরিমাণে লাল উঠা এবং নিম্নমাড়ির দাঁতে কন্‌কনানি(মার্ক)। গলার মধ্য এবং নাকে শ্লেষ্মার সঞ্চার, গলায় কেঁকুর দিলেই যাহা নির্গত হয়; ডেলার ন্যায় কোন একটী পদার্থ লাগিয়া থাকিলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ অনুভূত হয় (বেল্) এবং বারম্বার গলায় কেঁকুর দিয়া উহা বাহির করিবার ইচ্ছা; গলায় কেঁকুর দিলে গলা দিয়া সবুজের আভাযুক্ত কঠিন শ্লেষ্মা নির্গত হয়; টন্‌সিল্ (Tonsils) এবং হন্বাস্থির নিম্নস্থিত লাল নিঃসারক গ্রন্থির স্ফাতি এবং উহাতে অত্যন্ত বেদনা; গলার মধ্যে ভাসান রকমের ক্ষত এবং ডিপ্‌থিরিয়ার ন্যায় পর্দ্দাবিশিষ্ট পদার্থের সঞ্চার (নাইট্রিক্-আস্)।

মূত্রযন্ত্র। অতিরিক্ত পরিমাণে প্রস্রাব হওয়া (এপিস্, আপোসাইনাম্); পুরুষাঙ্গের অগ্রভাগের আবরক চর্ম্মের (Prepuce.) সম্মুখ ভাগের কঠিন স্ফাতি এবং উহার ঠিক মধ্যভাগে বেদনাহীন গরমীর ঘা; বাম অণ্ডকোষের মাংস বিশিষ্ট স্ফাতি বা আব (Sarcocele); গরমীর ব্যারাম; বাগী, যাহা হইতে অনেক কাল, এমন কি অনেক বৎসর পর্য্যন্তও কস্‌তানি পড়ে; গরমীর ঘা, যাহা সহজে শুকায় না।

শ্বাসযন্ত্র। বুকের মধ্যদিয়া একপার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত আঁটা বোধ; ডাইন স্তনের নীচে আকড়াইয়া ধরার ন্যায় বেদনা।

চর্ম্ম। গায় ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী, যাহার তলা প্রদাহযুক্ত হয় এবং স্পর্শনে অত্যন্ত বেদনাযুক্ত হয়; গায় চুলকানি বিশিষ্ট ফুস্কুড়ী, যাহাতে মামড়ী (চুমটী) পড়ে, কিন্তু উহা হইতে পুঁয বহিয়া পড়ে; গরমীর ঘা (মার্ক্, নাইট্রিক্ আস্); পুরুষাঙ্গে কঠিন আকারের গরমীর ঘা।

ব্যবহার। সর্দ্দি; টন্‌সিল্ প্রদাহ (Tonsillitis); ডিপ্‌থিরিয়া; গরমীর ব্যারাম জনিত অসুখ, বাগী; কঠিন আকারের গরমীর ঘা; ক্ষত এবং কঠিনতা; গ্রন্থির স্ফাতি; বায়ুনল সম্বন্ধীয় সর্দ্দি বা শ্লেষ্মা; ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী বিশিষ্ট প্রদাহ; গণ্ডমালা জনিত চক্ষু প্রদাহ; চক্ষুর যোজক ঝিল্লী প্রদাহ; পুরাতন আকারের গৌণ উপদংশ জনিত হাড়ে হাড়ে বেদনা ইত্যাদি অসুখে বিনায়োডাইড্ অব্ মার্কারি ব্যবহার্য্য। ডাক্তার

হার্টম্যান্ এবং ডাক্তার যার (Drs. Hartmann and Jahr) বলেন যে, প্রাথমিক আকারের (Primary) হউক, বা গৌণ আকারের (Secondary) গরমীর ব্যারামই হউক, যাহাতে মার্কিউরিয়াস্ সলিউবিলিস্ বা মার্কিউরিয়াস্ বাইবাস্ দ্বারা উপকার না দর্শে, সেপ্রকার গরমীর ব্যারামে বিনায়োডাইড্ অব্ মার্কারি সেবনে বিশেষ উপকার দর্শে।

সমগুণবিশিষ্ট ঔষধ। বেলাডোনা, ল্যাকেসিস, মার্কিউরিয়াস্, মেজিরিয়াম্, নাইট্রিক্ আসিড্, ক্যালী বাইক্রমিকাম্, আয়োডিয়াম্,।

প্রতিষেধক ঔষধ। আন্টিমোনিয়াম্ টার্টার, আর্সিনিক, বেলাডোনা, ক্যাম্ফার, চায়না, কফিয়া, হিপার সাল্‌ফার, ওপিয়াম্, ফক্ফরাস্, স্পাজিয়া, সাল্‌ফার, নাইট্রিক্ আসিড্, মেজিরিয়াম্, আয়োডিয়াম্, ল্যাকেসিস্।

ডাইলুশন বিচার। গরমীর ব্যারাম বা গরমীর ব্যারাম জনিত অসুখে ইংলণ্ড এবং আমেরিকা নিবাসী হোমিওপ্যাথিক চিকিৎসকগণ এই ঔষধের ১ম, ২য় এবং ৩য় দশমিক ক্রমের গুঁড়া ১ বা ২ গ্রেইণ্ মাত্রায় ব্যবস্থা করিয়া থাকেন। উক্ত রোগে লেখকও ২য় এবং ৩য় দশমিক ক্রমের গুঁড়া, ১ গ্রেইণ মাত্রায় ব্যবহার করিয়া থাকেন। ইহার ৬ষ্ঠ, ১২ এবং ৩০ ক্রমের আরোকও ব্যবহৃত হইয়া থাকে।

মার্কিউরিয়াস্ করোসাইবাস্,-ক্লোরাইড্ অব্ মার্কারি,-করোসিব্ সাবলিমেট্,- মার্ক্-কর

(MERCURIUS CORROSIVUS,-CHLORIDE OF MERCURY,-CORROSIVE SUBLIMATE,-MERC.-CORR.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত করোসিব্ সাব্লিমেট্ ক্রয় করিয়া যথানিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে মিশাইয়া ইহার মূল আরোক বা নিম্ন মিশ্র আরোক প্রস্তুত হইয়া থাকে। ইহার সঙ্গে যথা নিয়মে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ইহার গুঁড়াও প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহার কার্য্যও প্রায় অন্যান্য প্রকারের পারার

কার্য্যের ন্যায় বটে; কিন্তু করোসিব্ সাব্লিমেটের কতকগুলি বিশেষ প্রাকৃতিক গুণ আছে যাহা অন্যান্য প্রকারের পারার নাই। ইহা একপ্রকার ক্ষতকারক উত্তেজক বিষ বিশেষ। শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল ধ্বংশকারক, যাহার দরুণ উক্ত ঝিল্লীগুলি প্রদাহযুক্ত হইয়া পচিয়া বিনাশ প্রাপ্ত হয়। মাস্তক ঝিল্লী (Serous Membranes), বিশেষতঃ অন্ত্রাবরক ঝিল্লীই (Peritoneum) ইহা দ্বারা অধিক আক্রান্ত হইয়া থাকে। ইহা দ্বারা বিষাক্ত হইয়া যে প্রকারের প্রদাহ, ঘা বা ক্ষত হয়, উহাকে পচান এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক গুণ বা শক্তি মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। মনের অবসন্নতা এবং নিরুৎসাহের ভাব (ইগ্নেস্, পাল্স) ; সর্ব্বদা খিট্ খিট্, চিড়্ চিড়্ করা (ব্রাই, ক্যাম্, নাক্স্-বম্) ; জ্ঞানের হ্রাস ; কোন ব্যক্তি কথা বলিলে রোগী বক্তার পানে তাকাইয়া থাকে এবং বক্তা যাহা বলে সে উহার কিছুই বুঝিতে পারেনা; নিদ্রালুতা এবং প্রলাপ (বেল্, ওপিয়াম্)।

মস্তক। মাথা এবং মুখ মণ্ডলে রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার সঙ্গে সঙ্গে গালে জ্বালানুভব (একন্, বেল্) ; কপালে প্রবল বেদনা (পাল্স্, সাঙ্গুনেরিয়া) ; মাথার হাড়ের আবরক কঠিন পর্দ্দায় কসিয়া ধরার ন্যায় বেদনা।

চক্ষু। চক্ষুর তারা সঙ্কুচিত (ফাইসষ্ট্) এবং উহাতে কোন প্রকারের স্পর্শ বা আলোক জ্ঞান থাকে না (ওপিয়াম্); চক্ষে আলোক একবারেই সহ্য হয়না এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু দিয়া উগ্র জ্বালা উৎপাদক জল পড়ে (আর্স্, ইউফ্রেস্, লেডাম্); চক্ষুর যোজক ঝিল্লি লাল বর্ণ হয় ; চক্ষুর গোলকের পশ্চাৎ ভাগে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন চক্ষুর গোলক ঠেলিয়া বাহির হইয়া পড়িবে ; চক্ষুর পাতা উপরের দিকে উল্টান, স্ফীত লালবর্ণ, ক্ষতযুক্ত এবং উহাতে চিড়িকমারা ; চক্ষুর পাতার প্রান্তে মাম্ড়ি (চুমটী) পড়ে বা উহাতে ফোস্কার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুড়ী বাহির হয় (মার্ক্, সাল্ফ্) ; স্বচ্ছ তরল পদার্থ পূর্ণ ফোস্কার ন্যায় ফুস্কুড়ী সম্বলিত চক্ষুর যোজক

ঝিল্লীর গণ্ডমালা জনিত প্রদাহ (Phlyctenulæ); কর্ণিয়াতে গভীর ক্ষত; চক্ষুর আইরিসের প্রদাহ, বিশেষতঃ গরমীর ব্যারাম জনিত (Syphilitic Iritis), যাহার দরুণ রাত্রিতে বেদনা যাতনাদির বৃদ্ধি হয়; চক্ষুর রেটিনা প্রদাহ (Retinitis Albuminuria) এবং উহার সঙ্গে সঙ্গে ভ্রূতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা ও চক্ষুর কোটরের চতুষ্পার্শ্বস্থিত হাড়ে বেদনা; কর্ণিয়ার ফোড়া এবং আইরিস্ প্রদাহে পূঁয নিঃসরণ; আতুড়ের শিশুগণের চক্ষু-প্রদাহ এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষু দিয়া ক্ষতকারক ক্লেদ নিঃসরণ, যাহা শিশুর মাতার গরমীর ব্যারাম জনিত শ্বেত প্রদরের দরুণ উৎপন্ন হয়।

কর্ণ। কানের মধ্যে ভয়ানক দপ্‌দপানি বা চিড়িকমারা।

নাসিকা। নাসিকা লালবর্ণ এবং স্ফীত (বেল্, মার্ক্); সর্দ্দি এবং তদ্দরুণ নাকদিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নিঃসরণ; নাসারন্ধ্রের মধ্যে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালা এবং চিড়িকমারা (আরন্-মিউর, সিপা, হাইড্রাষ্ট্)।

মুখমণ্ডল। মুখাকৃতি শিটা এবং উদ্বেগ যুক্ত; মুখমণ্ডল স্ফীত, লাল-বর্ণ, টল্‌টলে; ওষ্ঠ কাল, অত্যন্ত স্ফীত এবং অত্যন্ত বেদনাযুক্ত, শুষ্ক এবং ফাটাযুক্ত (আর্স্); মাড়ি শক্ত হয় বা উহা নোয়ান যায় না এবং উহা টাটায়; মুখমণ্ডল শোথের ন্যায় স্ফীত, মলিন বা শিটা এবং মূত্র কোষের ব্রাইট্‌স্ ডিজিজ্ (Bright's Disease)।

মুখগহ্বর ও গলার মধ্য। দাঁত নড়ে, উহাতে বেদনার উদ্রেক হয় এবং উহা পড়িয়া যায় (মার্ক্); মাড়ি এবং দাঁতে টাটানি; মাড়ি স্ফীত এবং তল্‌তলে ও উহা হইতে সহজে রক্ত পড়ে এবং যেন দাঁতের গোড়া হইতে আল্‌গা হইয়া যায় (কার্ব্বো-বেজ, সিষ্টাস্, মার্ক্, নাইট্রিক্-আস্); জিহ্বা সাদা গাঢ় শ্লেষ্মা দ্বারা লেপযুক্ত (আণ্টি-ক্রুড্), অথবা শুষ্ক এবং লালবর্ণ (বেল্, রাস্‌টক্স্), অত্যন্ত স্ফীত (বেল্); পুড়িয়া গেলে যেরূপ হয়, মুখগহ্বর সেরূপ শুষ্ক, জ্বালাযুক্ত এবং উষ্ণ (এপিস্); মুখগহ্বর এবং গলার মধ্যের শ্লৈষ্মিক ঝিল্লীতে দূষিত পদার্থের সঞ্চার এবং উহাতে ক্ষত; মুখে অত্যন্ত চট্‌চটিয়া আঠা লালের সঞ্চার যাহা অতি কষ্টে নির্গত হয় (ক্যালী-বাই); মুখ দিয়া প্রচুর পরিমাণে লাল পড়ে; লোনতা স্বাদবিশিষ্ট লাল পড়া (আণ্টি-ক্রুড্,

সাল্‌ফ্‌), অথবা অত্যন্ত তিক্ত স্বাদ বিশিষ্ট লাল পড়া; জিহ্বা নিচু করিলে যত বেদনার উদ্রেক হয়, গিলিতে বেদনার তত উদ্রেক হয় না। গলার মধ্য অত্যন্ত স্ফীত এবং প্রদাহযুক্ত, যাহার দরুণ গিলিতে অত্যন্ত কষ্ট হয় এবং রোগী হাঁপড় হওয়ার উপক্রম হয় (বেল্‌); গলার মধ্য এবং আহারবহা গলনালীতে জ্বালাযুক্ত প্রবল বেদনা (আর্স্‌, ক্যান্থ্‌, ক্যাপ্‌স্‌), বাহ্যিক সামান্য চাপ পড়িলেই যাহার বৃদ্ধি হয়; আল্‌জিহ্বা স্ফীত এবং লম্বা (মার্ক্‌) এবং কাল্‌চে লালবর্ণ হয়; গলার মধ্যের বহির্দ্দেশ এবং উহার গ্রন্থি অত্যন্ত স্ফীত।

পাকস্থলী এবং উদর। অত্যন্ত প্রবল পিপাসা এবং উহার সঙ্গে সঙ্গে শীতল জল পানের ইচ্ছা (একন্‌, আর্স্‌, ব্রাই); জলাদি পান বা জলাদি গিলিবার সময় উহা নাক দিয়া বারম্বার বাহির হইয়া পড়ে; অত্যন্ত কষ্টদায়ক কণ্ঠবমী এবং বমন; অনবরত সবুজ বর্ণের পিত্ত বমন (আইরিস্‌); রক্তের ছিটযুক্ত পদার্থ বমন; উদরোর্দ্ধ প্রদেশ অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত (আর্স্‌, বেল্‌, ব্রাই, নাক্স-বম্‌, লাইকোপ্‌), যাহা সামান্য স্পর্শন এবং প্রচাপনেই অত্যন্ত বেদনাযুক্ত হয় বা টাটায়। যকৃত প্রদেশে সূচীবিধানের ন্যায় অনুভূত হয় (একন্‌, আর্স্‌, ক্যাল্ক-কার্ব্ব্‌, চায়না, কোনায়াম্‌, চেলিডন্‌, মার্ক্‌, ক্যালী-কার্ব্ব্‌, নেট্রাম্‌-মিউর, নাক্স-বম্‌, সিপিয়া, সাল্‌ফ্‌); উদর অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত ও সামান্য স্পর্শনেও অত্যন্ত বেদনাযুক্ত হয় বা টাটায় (একন্‌, বেল্‌, কুপ্রাম্‌); মোচড়াইয়া পড়িলে বা থেঁত্‌লিয়া গেলে যেরূপ হয়, উদরে সেরূপ বেদনা (মার্ক্‌, ফেরাম্‌), সিকাম্‌ প্রদেশে (Cœcal Region) এবং সরলান্ত্রেই যাহা অধিক অনুভূত হয়।

মল এবং মলদ্বার। গুহ্য এবং গুহ্যদ্বারে অনবরত জ্বালা (আর্স্‌, ক্যান্থ্‌); গুহ্যদ্বার দিয়া ছেক্‌ড়া ছেক্‌ড়া পদার্থ বহিয়া পড়ে, যাহার দরুণ গুহ্যদ্বার ক্ষত হয় (কার্ব্বো-বেজ্‌); ক্রমাগত অত্যন্ত কষ্টদায়ক কোঁথপাড়া এবং উহার সঙ্গে উদরে শূল বেদনার ন্যায় কর্ত্তনবৎ বেদনা; দাস্তের পর গুহ্যদ্বারে এবং মূত্রাধারে অত্যন্ত কষ্টদায়ক জ্বালানুভব এবং শূল, যাহার দরুণ বারম্বার কোঁথ পাড়িতে ইচ্ছা যায়; বারম্বার মলত্যাগ, মল কেবল

রক্তমিশ্রিত শ্লেষ্মা (ক্যান্থ্); মল কাইয়ের ন্যায়, মলিন সবুজবর্ণ, পিত্তযুক্ত এবং দুর্গন্ধযুক্ত (আর্স্), চট্চটিয়া আঠা।

মূত্রযন্ত্র। মূত্রাধারের শূল এবং তদ্দরুণ বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা (ক্যান্থ্, ক্যাপ্স্, কল্চ্); মূত্রাঘাত (একন্, হায়োস্, ষ্ট্রামন্); বারম্বার প্রস্রাব করা; মূত্র ফোঁটায় ফোঁটায় নির্গত হয় এবং মূত্র নির্গত হওয়ার সময় অত্যন্ত যাতনা (একন্, বেল্, ক্যান্থ্); মূত্র পরিমাণে অল্প এবং রক্ত-মিশ্রিত; মূত্র আল্বুমেন্ মিশ্রিত (অস্মিয়াম্, ফস্, ফাইটোল্, প্লাম্বাম্) সাদা কোমল সূতার ন্যায় পদার্থ, শ্লেষ্মার ন্যায় পদার্থ, অথবা কাল্চে মাংসের ন্যায় শ্লেষ্মার অংশ বিশিষ্ট; প্রমেহ রোগ এবং মূত্রনালী দিয়া প্রথমতঃ পাতলা এবং তৎপর গাঢ় সবুজের আভাযুক্ত ক্লেদ নিঃসরণ, রাত্রিতে যাহার বৃদ্ধি হয় (মার্ক্) এবং প্রস্রাব করার সময় মূত্রনালীতে জ্বালা এবং চিড়িক মারা (ক্যানাবিস্-স্যাট্)।

জননেন্দ্রিয়। পুরুষাঙ্গ এবং অণ্ডকোষ অত্যন্ত স্ফীত (আর্স্); পুরুষাঙ্গে পচাযুক্ত গরমীর ঘা, যাহা হইতে পাত্লা পর্দার ন্যায় ছেকড়া ছেকড়া পদার্থ বিশিষ্ট পূঁয নির্গত হয়। স্ত্রীলোকের যোনির ভয়ানক প্রবল প্রদাহ; স্তনের বোঁটার চতুর্দ্দিকের গ্রন্থির স্ফীতি।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ বা স্বরশূন্যতা; বায়ুনলের মধ্যে জ্বালা, কর্ত্তন-বৎ এবং হুলফুটানের ন্যায় বেদনা; বুকের মধ্য দিয়া আঁটাবোধ; হাপা-নির লক্ষণ সম্বলিত সর্দ্দি (অস্মিয়াম্), শ্বাসকষ্ট; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলা দিয়া রক্তের ছিট সম্বলিত শ্লেষ্মা নির্গমন; বুকের মধ্য দিয়া সূচী বা খোঁচা বিঁধার ন্যায় বেদনা (ডাইন পার্শ্বে)।

নাড়ী। নাড়ী ক্ষুদ্র, অসম (Intermittent) এবং অনিয়মিতরূপে স্পন্দন করে (ক্যালী-কার্ব্ব্, নেট্রাম্-মিউর)।

অঙ্গ, প্রত্যঙ্গ। সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে অলসবোধ; অঙ্গ প্রত্যঙ্গের কম্পন; উরু বা কুঁচ্কির সন্ধিতে সূচী বিঁধানের ন্যায় বেদনা।

নিদ্রা। বারম্বার হাঁইতোলা এবং গা ভাঙ্গা; রাত্রিতে নিদ্রা-শূন্যতা; ঘুমেরঘোরে চমকিয়া উঠা (আর্স্, বেল্, হায়োস্, ষ্ট্রামন্)।

জ্বর। সামান্য শারীরিক পরিশ্রমেই শীতবোধ (ক্যাল্ক-কার্ব্ব্,

হিপ্-সাল্ফ্, লাইকোপ্, ফস্, সাইলিসি); শরীর ঠাণ্ডা এবং উহাতে প্রচুর পরিমাণে ঘর্ম্ম হওয়া, বিশেষতঃ কপালে (ক্যাম্ফার্, বিরেট্-আল্ব্); চর্ম্ম অত্যন্ত উষ্ণ (একন্, আর্স্, বেল্, ব্রাই); গায় চট্‌চটিয়া আঠা ঠাণ্ডা ঘর্ম্ম (আর্স্, ক্যাম্ফার, মার্ক্)।

ব্যবহার। গরমীর ব্যারাম বা প্রমেহ রোগ জনিত চক্ষুপ্রদাহ (Syphilitic or Gonorrhœal Opthalmia); শিশুগণের চক্ষু-প্রদাহ; চক্ষুর আইরিস্ প্রদাহ (Iritis); চক্ষুর রেটিনার প্রদাহ (Retinitis); সর্দ্দি এবং নাক দিয়া শ্লেষ্মা নির্গমন; মুখ দিয়া লাল পড়া; দাঁতের গোড়া এবং ঠোঁটে ঘা; মুখের মধ্যে ঘা; টন্‌সিল্ প্রদাহ (Tonsillitis); গাল গহ্বরের প্রদাহ; শরীরের স্থানে স্থানে পচাযুক্ত ক্ষত বা ঘা; যকৃত প্রদাহ; রক্তামাশয় যাহাতে কেবল রক্তযুক্ত শ্লেষ্মাই ভেদ হয় ও যাহাতে স্বাভাবিক মলের লেশ মাত্র থাকে না; মূত্রাধারে শূল, যাহার দরুণ বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা হয়; মূত্র কোষের ব্রাইট্‌স্ ডিজিজ্ (Bright's Disease); প্রমেহ রোগ; পুরুষাঙ্গে গরমীর ঘা; বাগী; হাঁপানির লক্ষণ সম্বলিত সর্দ্দি; বায়ুনল প্রদাহ; গ্রন্থির স্ফীতি; আক্ষেপ বা কন্‌বাল্‌সন্‌স্ (Convulsions); শোথ; কোন কোন প্রকার পুরাতন আকারের পালাজ্বর যাহাতে রাত্রিতে হাড়ের মধ্যে বেদনা থাকে; পিতামাতার গরমীর ব্যারাম জনিত শিশুগণের গরমীর ব্যারাম (Heriditory Syphilis); রক্ত মিশ্রিত তরল ভেদ; মূত্রকৃচ্ছ্র; অণ্ডকোষাধারের স্ফীতি; স্ত্রীলোকের যোনির প্রদাহ এবং উহাতে পচালাগা; গর্ভাবস্থায় স্ত্রীলোকের মূত্রে আল্‌বুমেন্ থাকা জনিত অসুখ; অন্ত্রাবরক ঝিল্লীপ্রদাহ (Peritonitis); অস্থির সন্ধির উপাস্থিতে ক্ষত; গরমীর ব্যারাম জনিত অস্থি বৃদ্ধি; শিশুগণের গণ্ডমালা জনিত মাথায় ফুস্কুড়ী এবং শরীরের স্থানে স্থানে বিকচ (Eczema) ইত্যাদি অসুখে মার্কিউরিয়াস্ করোসাইবাস্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। চীৎ হইয়া হাঁটু গুটাইয়া শয়ন করা; অত্যন্ত দুর্ব্বলতা এবং শরীরের কাঁপনি (ক্যাল্ক্-কার্ব্ব্, চায়না); শরীরের স্থানে স্থানে স্পন্দন এবং সঙ্কোচন (সিকুটা, ইগ্‌নেস্); গ্রন্থির স্ফীতি (ব্যারাইটা-কার্ব্ব্, ক্যাল্‌ক্-কার্ব্ব্, গ্রাফ্, আয়োড্); অস্থির আবরক কঠিন পর্দ্দায় (Periosteum) কসিয়া ধরার ন্যায় বেদনা (নাইট্রিক্-আস্);

সার্ব্বাঙ্গিক শোথ (আর্স্, এপিস্, আপোসাইনাম্); বাহ্য সচরাচর পচা ধরে, বা আক্রান্ত স্থানে ছিদ্র হয় (আর্স্); আমাশয়ের মলে কেবল আম এবং রক্ত থাকা, উহাতে স্বাভাবিক মলের লেশও না থাকা ও উহার সঙ্গে সঙ্গে মূত্রকৃচ্ছ্র বর্ত্তমান থাকা, মূত্র লালবর্ণ এবং মূত্রত্যাগের সময় মূত্রনালীতে অত্যন্ত জ্বালার উদ্রেক হওয়া মার্কিউরিয়াস্ করোসাইবাসের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। একোনাইট্, আর্সিনিক্, বেলাডোনা, ব্রাইওনিয়া, সিপা, নাইট্রিক্ আসিড্, নেট্রাম্ মিউরিয়াটিকাম্, সাল্ফার।

প্রতিষেধক ঔষধ। হিপার সাল্ফিউরিস্, নাইট্রিক্ আসিড্, সাইলিসিয়া। এতদ্ভিন্ন অধিক মাত্রায় বিষাক্ত হইলে ডিমের লাল ব্যবস্থা।

ডাইলুশন বিচার। ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। পিতা মাতার গরমীর ব্যারাম জনিত শিশুগণের অসুখে ২য় বা ৩য় ক্রমের গুঁড়া, ½ গ্রেইণ মাত্রায়, বিশেষ উপকারী। কোন কোন চিকিৎসক বলেন যে, রক্তামাশয়ে কোন কোন রোগীর পক্ষে ৩য় বা ৬ষ্ঠ দশমিক ক্রমের গুঁড়া, ১ গ্রেইণ মাত্রায়, ৩য় বা ৬ষ্ঠ ক্রমের আরোক অপেক্ষা অধিক উপকারী। লেখক স্বয়ংও অনেক রক্তামাশয়াক্রান্ত রোগীর চিকিৎসায় এই ঔষধের গুঁড়া ব্যবস্থা করিয়া আরোক অপেক্ষা অধিক উপকার পাইয়া থাকেন। এই ঔষধের ১২, ১৫, ১৮, ৩০, ১০০ এবং ২০০ ডাইলুশনও ব্যবহৃত হইয়া থাকে। এই ঔষধের ২০০ ডাইলুশন, ½ ফোঁটা মাত্রায়, ১ মাত্রা সেবন করাইয়া লেখক তিন বৎসরের পুরাতন আকারের রক্তামাশয়াক্রান্ত ৬ বৎসর বয়স্ক একটী বালককে আরাম করিয়াছিলেন। রোগীর পিতা হোমিওপ্যাথিক চিকিৎসা প্রণালীর ভয়ানক বিরোধী ছিলেন। তাঁহার পুত্র এরূপ আরোগ্যলাভ করার দরুণ তিনি হোমিওপ্যাথির এত পক্ষপাতি হইয়া পড়িয়াছেন যে, তাঁহার পরিবারের মধ্যে কাহারো ব্যারাম হইলে তিনি হোমিওপ্যাথিক চিকিৎসক ভিন্ন আলোপ্যাথিক চিকিৎসককে কখনও ডাকেন না এবং তাঁহার আত্মীয় বন্ধুগণকেও হোমিওপ্যাথিক মতে রোগ চিকিৎসা করাইতে বিশেষ অনুরোধ করিয়া থাকেন।

মিলিফোলিয়াম্‌,-মিলিফ্‌

(MILLEFOLIUM,-MILLEF.)

ইউরোপ এবং উত্তর আমেরিকার বাগান এবং মাঠময়দানে এই গাছ জন্মে। ইংলণ্ডে ইহা সচরাচরই দেখিতে পাওয়া যায়। এই গাছের সমুদয় অংশ যথানিয়মে প্রুফ্‌ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। কসেরুকা মর্জ্জা সম্বন্ধীয় স্নায়ু দিয়া কৈশিক শিরার (Venous Capillaries) উপরই ইহার কার্য্য অধিক দেখিতে পাওয়া যায়। আবার বস্তি কোটরস্থিত কৈশিক শিরার উপরই ইহার কার্য্য অত্যন্ত প্রবল, যাহার দরুণ বস্তিকোটরস্থিত যন্ত্র সমূহ হইতে রক্তস্রাব হয়। ইহা যে কেবল বস্তিকোটরস্থিত যন্ত্র হইতে রক্তস্রাব নিবারণ করে এমত নহে, ইহা নাসিকা এবং ফুস্‌ফুস হইতে রক্তস্রাবও নিবারণ করিয়া থাকে। ইহার রক্তস্রাব হামামেলিসের রক্তস্রাব হইতে অধিক প্রবল। ইহা শ্লৈষ্মিক ঝিল্লীও আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ আক্রান্ত শ্লৈষ্মিক ঝিল্লীতে সামান্য প্রকারের রক্তাধিক্য বা রক্তাবরোধ, পাকস্থলী এবং উদরে বেদনা, উদরাময় এবং মূত্র ধারণে অশক্তি বা অসাড়ে বা অনিচ্ছা পূর্ব্বক মূত্র নির্গমন ইত্যাদি রোগ উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় রক্তাধিক্য বা রক্তাবরোধ (একন্‌, বেল্‌); মাথায় গোলমেলে বোধ এবং ঘুশ্‌ ঘুশে মাথা বেদনা; মাথা এবং মুখ মণ্ডলের ধমনীতে সামান্য রকমের দপ্‌দপানি; মাথার ঠিক উপরিভাগে ঘুশ্‌ ঘুশে বেদনা; একটী স্ক্রু আঁটিয়া মারিয়া রাখিলে যেরূপ হয়, কপালের ডাইন পার্শ্বে সেরূপ অসুখ অনুভূত হয়।

চক্ষু। মনে হয় যেন চক্ষের মধ্যে অতিরিক্ত পরিমাণ রক্ত সঞ্চিত হইয়া রহিয়াছে; চক্ষের মধ্যদেশে নাকের গোড়া বা কপালের পার্শ্বে পর্য্যন্ত ছুরিবিঁধানের ন্যায় চাপ পড়া।

কর্ণ। কান যেন বন্ধ হইয়া রহিয়াছে এরূপ অনুভূত হয়।

নাসিকা। নাক দিয়া রক্ত পড়া (একন্, বেল্, ব্রাই, হামামেলিস্), এবং উহার সঙ্গে সঙ্গে মাথা বা বুকে রক্তাধিক্য বা রক্তাবরোধ।

মুখমণ্ডল। মুখমণ্ডলে গরমবোধ, যাহার দরুণ মনে হয় যেন মাথায় রক্ত উঠিতেছে। নিম্নমাড়িতে ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা।

মুখগহ্বর। বাত জনিত দন্তশূল এবং উহার সঙ্গে সঙ্গে মাড়িতে অসুখ; পিপাসা; মুখ শুকাইয়া যাওয়া।

পাকস্থলী এবং উদর। উদ্গার উঠা; ক্ষুধা পাইলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ চর্ব্বনবৎ বা খনন করার ন্যায় অনুভূত হয় (ইগ্নেস্, পাল্স্, সাল্ফ); পাকস্থলীতে পূর্ণবোধ: পাকস্থলীতে জ্বালাবোধ (আর্স্, ক্যান্থ্, আইরিস্, সাল্ফ), যকৃত প্রদেশে বেদনা; দূষিত বায়ু সঞ্চিত বা রুদ্ধ হইয়া থাকিলে যেরূপ হয়, উদরে সেরূপ পূর্ণবোধ; উদর স্ফীত এবং বিস্তৃত; গুহ্যদ্বার দিয়া দুর্গন্ধযুক্ত দূষিত বায়ু (Flatus) নিঃসরণ।

মল। গুহ্যদ্বার দিয়া রক্তস্রাব বা রক্ত মিশ্রিত মলাদি ভেদ; কোঁথ পাড়া; উদরাময়; প্রবল শূল বেদনা; অর্শরোগ এবং তদ্দরুণ গুহ্যদ্বার দিয়া প্রচুর রক্তস্রাব (ইরিজারণ, ইউকেলিপ্‌ট্, হামামেলিস্)।

মূত্রযন্ত্র। রক্ত মূত্রত্যাগ (আর্স্, ক্যান্থ্, কস্, টিরিবিন্থ্); বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা; অসাড়ে বা অনিচ্ছা পূর্ব্বক মূত্রত্যাগ; মূত্রাধারের জড়তার দরুণ মূত্রাধারের শ্লৈষ্মিক রোগ।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের হয় রজঃরোধ, নতুবা প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাব; জরায়ু হইতে রক্ত স্রাব (একন্, বেল্, ইরিজারণ, হামামেলিস্, সিকেল্); শারীরিক পরিশ্রমের পর জরায়ু হইতে রক্তস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে মস্তিষ্কে রক্তাধিক্য বা রক্তাবরোধ হেতু শিরঃপীড়া; শ্বেত প্রদর; সন্তান প্রসবের পর জরায়ু হইতে হয় অতিরিক্ত ক্লেদ (লোকিয়া,-Lochia) নিঃসরণ, নতুবা লোকিয়া নিঃসরণ একবারে বন্ধ হয়।

শ্বাসযন্ত্র। কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গলা দিয়া উজ্জ্বল লালবর্ণ রক্ত মিশ্রিত শ্লেষ্মা নির্গমন (ফেরাম্, হামামেলিস্); বুকে কষ্টানুভব; যক্ষ্মা কাশে হৃৎস্পন্দন (একন্); অর্শের রক্তস্রাব বন্ধ হইয়া বুকে বেদনা বা কষ্টানুভব; রজঃরোধ হইয়া বুকে বেদনা বা কষ্টানুভব (ব্রাই, হামামেলিস্,

পাল্স্); বায়ু উপনলে শ্লেষ্মার অতিরিক্ত সঞ্চার; ফুস্ফুসে ছুরি বিঁধানের ন্যায় বেদনা এবং উহাতে হুল ফুটান, মোচড়াইয়া পড়া বা থেঁত্‌লিয়া যাওয়ার ন্যায় বেদনা।

হৃৎপিণ্ড এবং নাড়ী। অত্যন্ত হৃৎস্পন্দন এবং গলা দিয়া রক্ত মিশ্রিত শ্লেষ্মা নির্গমন; কাশিলে হৃৎপিণ্ড এবং নাড়ীর ভয়ানক আন্দোলন, নাড়ী দ্রুতগামী এবং সঙ্কুচিত হওয়া।

নিদ্রা। ক্লান্তিবোধ না হইলেও বারম্বার হাই উঠা।

ব্যবহার। নাসিকা, ফুস্ফুস, অন্ত্র এবং স্ত্রীলোকের জননেন্দ্রিয় দিয়া প্রবল রক্তস্রাব; প্রবল শারীরিক পরিশ্রম অথবা যন্ত্রাদির জড়তার দরুণ যদি উক্ত প্রকারের রক্তস্রাব হয় তবে; যক্ষাকাশ; যন্ত্রাদির জড়তার দরুণ শ্লৈষ্মিক রোগ ইত্যাদিতে মিলিফোলিয়াম্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অঙ্গ প্রত্যঙ্গে ছুরিবিঁধান, কসিয়া ধরা এবং ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা; রক্তাবরোধ; রক্তস্রাব; যন্ত্রের জড়তার দরুণ শ্লেষ্মা নিঃসরণ (হেলোনিয়াস্); পড়িয়া যাইয়া ঘা বা অন্য কোন কারণে ঘা হইলে উক্ত ঘা হইতে সহজেই প্রচুর রক্ত পড়া; অধিক ভারি দ্রব্য উঠাইলে বা অতিরিক্ত শারীরিক পরিশ্রমে রক্তস্রাব, সন্ধ্যার সময় এবং রাত্রিতে যাহার বৃদ্ধি হয় এবং দিনের বেলায় যাহার উপশম হয় ইত্যাদি মিলিফোলিয়ামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। হামামেলিস্, ইপিকাকিউএনা, ট্রিলিয়াম্, সেনিসিয়ো অরিয়াস্।

প্রতিষেধক ঔষধ। এরাম্ ম্যাকুলেটাম্।

ডাইলুশন বিচার। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) ১ম দশমিক ডাইলুশন সচরাচর ব্যবহার করিয়া থাকেন। রক্ত মূত্রের পক্ষে মূল আরোক ½ ফোঁটা মাত্রায় বিশেষ উপকারী। লেখক এই ঔষধের ১ম, ২য়, ৩য় এবং ৬ষ্ঠ ক্রমই সচরাচর অধিক ব্যবহার করিয়া থাকেন। পড়িয়া যাইয়া জরায়ু হইতে রক্তস্রাবে মূল আরোক, ১ ফোঁটা মাত্রায় ব্যবহার করিয়া ২।৩টী রোগীর চিকিৎসায় আশাতিরিক্ত ফল পাওয়া গিয়াছে।

মস্কাশ,-(মৃগনাভি,-কস্তূরী),-মস্ক

(MOSCHUS,-MUSK,-MOSCH.)

মৃগনাভি (কস্তূরী) কাহাকে বলে তাহা বোধ হয় এতদ্দেশে সকলেই জানেন। ভোটান হইতে এতদ্দেশে ইহার আমদানি হইয়া থাকে। ইহা কৃত্রিম কি অকৃত্রিম তাহা নির্ণয় করা কতকটা কঠিন ব্যাপার। অতএব ইহা কোন এক বিশ্বস্ত লোক বা ঔষধালয় হইতে ক্রয় করা উচিত। যথা নিয়মে ইহার সঙ্গে সুগার অব্ মিল্ক্ মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে। ১ ভাগ কস্তূরী, ২০ ভাগ রেক্টিফাইড্ স্পিরিটে মিশাইয়া ইহার মূলআরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া, ব্যবহার ইত্যাদি। অনেক কাল হইতেই কস্তূরী স্নায়বিক মণ্ডলীর প্রবল উত্তেজক বলিয়া ব্যবহৃত হইয়া আসিতেছে। রক্ত সঞ্চালন ক্রিয়া এবং জননেন্দ্রিয়ের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ শিরঃপীড়া এবং উহার সঙ্গে সঙ্গে মাথায় পূর্ণবোধ ও নিদ্রার ভাব হইয়া থাকে। ইহার ঘ্রাণের দরুণই রোগের অনেকটা আশু উপশম হয়। হিষ্টিরিয়ার আক্রমণ এবং স্নায়বিক হৃৎস্পন্দনের আক্রমণের পক্ষে ইহা বিশেষ উপকারী। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, হিষ্টিরিয়া রোগের আক্রমণের সময় রোগী একবারে চেতনাশূন্য হইয়া পড়িলে ইহা সেবনে রোগের আক্রমণ একবারে সারিয়া যায়। যে সকল ব্যক্তির হিষ্টিরিয়া রোগ রহিয়াছে, কস্তূরীর গন্ধে তাহাদিগের রোগের আক্রমণ হইতে দেখা গিয়াছে। অতএব হোমিওপ্যাথিক মতে ঔষধ ব্যবস্থা করিতে হইলে হিষ্টিরিয়া রোগের আক্রমণের পক্ষে যে কস্তূরী একটী অত্যন্ত উপকারী ঔষধ তাহা বোধ হয় অস্বীকার করা যাইতে পারে না। যে প্রকার হৃৎপিণ্ডের অসুখ যান্ত্রিক (Organic) নহে, কেবল স্নায়বিক মাত্র, হৃৎপিণ্ডের সেরূপ অসুখে কস্তূরী দ্বারা বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা। স্নায়বিক শিশু বা ছোট বালক বালিকাগণের আক্ষেপিক ঘুংড়ী কাশি, হিষ্টিরিয়া জনিত হাঁপানি এবং হিক্কাতেও ইহা উপকারী। ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন যে, রোগের আক্রমণের সময় হাত পা ইত্যাদি ঠাণ্ডা হওয়া এই ঔষধের একটী

বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত। হিষ্টিরিয়া রোগের আক্রমণের সময় অনেক রোগীর হাত পা ঠাণ্ডা হয়; জ্বর বিকারাদি রোগের পতনাবস্থায়ও (Collapse stage) রোগীর হাত পা ঠাণ্ডা হয়। অতএব উক্ত অবস্থা গুলিতে কস্তূরী বিশেষ উপকারী। এজন্য আলোপ্যাথিক চিকিৎসকগণও উক্তাবস্থায় অন্যান্য উত্তেজক ঔষধের সঙ্গে কস্তূরী ব্যবস্থা করিয়া থাকেন। আয়ুর্ব্বেদিক চিকিৎসা প্রণালীতেও উক্তাবস্থায় কস্তূরী ব্যবহার করিতে দেখা যায়। ইহার কার্য্যের সঙ্গে আম্ব্রা, আসাফিটিডা, ক্যাষ্টরিয়াম্, বেলেরিয়ান্, ক্যাম্ফার এবং নাক্স্ মস্কাটার কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, ইহার গন্ধেই উপকার পাওয়া যায়। অতএব ইহার ২য় বা ৩য় ক্রম অপেক্ষা উচ্চ ক্রমের আরোক বা গুঁড়া, অর্থাৎ যাহাতে কস্তূরীর গন্ধ না থাকে, সে সকল ক্রম, ব্যবহারে বিশেষ ফল না পাওয়ারই অধিক সম্ভাবনা। লেখকও ডাক্তার হিউজের উক্ত মতের পোষকতা করিতে অনিচ্ছুক নহেন, কারণ, তিনিও এরূপ বিশ্বাস করেন।

মিরিকা সেরিফেরা,-মিরিকা

(MYRICA CERIFERA,—MYRICA)

এই গাছের শিকড়ের ছাল দিয়া যথা নিয়মে মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন "ম্যাসাচুসেট্স্ হোমিওপ্যাথিক সমিতির (Massachusetts Homœopathic society) ৭ জন সভ্য এবং ডাক্তার জি, এস্, ওয়াকার (Dr. G. S. Walker) সুস্থ শরীরে এই ঔষধ পরীক্ষা করিয়া দেখিয়াছেন। উক্ত সমিতির সভ্যগণ এই ঔষধ খাইয়া বিশেষ কিছু অনুভব করেন নাই। ডাক্তার ওয়াকার বিশেষ সাহস সহকারে এই ঔষধ খাইয়া দেখিয়াছেন। ইহা খাইয়া তিনি দুইবার ভয়ানক আকারের কামল রোগের লক্ষণাক্রান্ত হইয়াছিলেন।

তাঁহার চর্ম্ম পিত্তলের ন্যায় হরিদ্রা বর্ণ; যকৃত এবং উদর প্রদেশে পূর্ণবোধ; মূত্র হরিদ্রাবর্ণ, ফেণাযুক্ত, পরিমাণে অল্প; মল তরল, দুর্গন্ধযুক্ত, কাদার রঙবিশিষ্ট, পিত্তশূন্য; অত্যন্ত দুর্ব্বলতা এবং নিদ্রালুতা,-প্রায় অর্দ্ধ অচেতনার ন্যায়' ইত্যাদি লক্ষণ প্রকাশ পাইয়াছিল। এই অবস্থায় পডোফিলাম্, লেপ্টাণ্ড্রা, নাক্স্-বমিকা এবং মার্কিউরিয়াস্ সেবনে কোনও উপকার দর্শে নাই। অবশেষে ডিজিটালিস্ দ্বারা উপকার দর্শিয়াছিল। এই ঘটনায় ইহাই প্রতীত হয় যে, মিরিকা দ্বারা বিষাক্ত হইলে যকৃতের পিত্তনিঃসারক নালীর (Bile-duct) শ্লৈষ্মিক রোগ হয়। অল্প মাত্রায় সেবনে অধিক মাত্রায় সেবনের বিপরীত ফল হয় কি না তাহা পরীক্ষা করিয়া দেখিবার জন্য ডাক্তার সার্প্ (Dr. Sharp) তাঁহার একটী বন্ধুকে ইহার ১ম দশমিক ক্রমের আরোক, ১ ফোঁটা মাত্রায়, প্রাতে এক মাত্রা এবং রাত্রিতে এক মাত্রা, এরূপ করিয়া ১ সপ্তাহ কাল খাওয়াইলেন। এই ঔষধ যিনি খাইয়াছিলেন, ঔষধ খাওয়া কালীন এক সপ্তাহ কাল তাঁহার স্বাভাবিক অপেক্ষা অধিক ভেদ হইয়াছিল। তাঁহার মল স্বাভাবিক অপেক্ষা অধিক কিম্বা উজ্জ্বল হরিদ্রাবর্ণ হইয়াছিল। ক্যামোমিলা সেবনেও উক্ত প্রকারের অবস্থা ঘটিয়া থাকে। অতএব কামল রোগে উক্ত লক্ষণগুলি প্রকাশ পাইলে মিরিকা সেবনে বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা।"

শ্লৈষ্মিক ঝিল্লী, প্রধানতঃ পরিপাক সম্বন্ধীয় শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ উক্ত শ্লৈষ্মিক ঝিল্লীর শ্লেষ্মা জনিত অসুখ উৎপন্ন হইয়া থাকে। যকৃতের উপর ইহার কার্য্য সর্ব্বাপেক্ষা প্রবল, যাহার দরুণ যকৃতের নিঃসরণের সঞ্চার স্থগিত থাকে এবং তদ্দরুণ কামল রোগ (নেবা,-Jaundice) এবং তজ্জনিত অন্যান্য অসুখও উৎপন্ন হইয়া থাকে।

সাধারণ প্রাকৃতির লক্ষণ।

মন। নিরুৎসাহ; মানসিক অবসন্নতা; সর্ব্বদা খিট্ খিট্, চিড়্ চিড়্ করা; কোন বিষয়ে মন নিবিষ্ট না হওয়া; সর্ব্বদা মন কেমন কেমন করা এবং উহার সঙ্গে সঙ্গে নিদ্রাবেশ।

মস্তক। মাথাঘোরা, উহার সঙ্গে সঙ্গে নিদ্রার ভাব, মাথায়

টিপাবোধ ও মাথা হেট করিয়া উপুড় হইলে মাথা এবং মুখ মণ্ডলে রক্তাধিক্য বা রক্তাবরোধ ও উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ; কপাল, কপালের দুই পার্শ্ব এবং ঘাড়ে বেদনার উদ্রেক হইয়া ঘুম ভাঙ্গিয়া যায়; চক্ষুর মধ্য এবং উপরে ভারিবোধ।

চক্ষু। চক্ষু হরিদ্রা বর্ণ এবং উহাতে রক্তাধিক্য বা রক্তাবরোধ; চক্ষে ভারিবোধ; ঘুম ভাঙ্গিলেও চক্ষুর উক্ত প্রকারের অবস্থা; পুস্তকাদি পাঠ করার সময় চক্ষু সহজে ক্লান্ত হয় এবং জ্বালা করে (ফস্, রুটা, সিপিয়া); চক্ষুর পাতায় ভারিবোধ (কোনায়াম্, জেল্স্)।

মুখমণ্ডল। মুখ মণ্ডল হরিদ্রা বর্ণ, কামল রোগের ন্যায় (চেলিডন্, চায়না); মুখ মণ্ডলে পূর্ণবোধ এবং উহার সঙ্গে সঙ্গে উষ্ণবোধ ও দপ্দপানি, বহির্বায়ুতে বেড়াইবার পরই যাহা অধিক হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা পুরু, হরিদ্রার আভাযুক্ত কাল্চে, শুষ্ক মামড়ির (চুনগীর) ন্যায় লেপযুক্ত, যাহার দরুণ জিহ্বা সঞ্চালন প্রায় অসম্ভব হইয়া পড়ে; মুখে পচা বিশ্রী স্বাদ, যাহার দরুণ রোগী খাইতে পারে না; মুখে তিক্ত, বমনোৎপাদক স্বাদ; গাল গহ্বরের ঝিল্লী এক প্রকার চট্চটিয়া আঠা পদার্থ দ্বারা আবৃত; মুখ গহ্বরের উপবিভাগে (তালুতে) শুষ্ক মামড়ি পড়ে, যাহা জলে ভিজে না এবং বিগলিত করিতে পারা যায় না; মুখগহ্বর শুষ্ক; পিপাসা, জল পানে যাহার ক্ষণিক হ্রাস বা উপশম হয়। গলার মধ্যে রশির ন্যায় শ্লেষ্মার সঞ্চার, যাহা সহজে উঠে না বা নির্গত হয় না; গলার মধ্য এবং নাসিকার মধ্য এক প্রকার দুর্গন্ধযুক্ত চট্চটিয়া আঠা পদার্থ দ্বারা পরিপূর্ণ, যাহা সহজে উঠে না বা পড়ে না (আমন্-কার্ব, নাইট্রিক্-আস্, ফাইটোল্); আহারবহা গলনালীর উপরিভাগে শুষ্ক বোধ এবং টাটানি, যাহার দরুণ মনে হয় যেন গলার মধ্য ফাটিয়া যাইবে এবং কোন দ্রব্য গিলিতে পারা যাইবে না ও অবশেষে গিলিতে অশক্তি হইয়া পড়ে; আহারবহা গলনালীর উপরিভাগে চট্চটিয়া আঠা ফেণাযুক্ত শ্লেষ্মার সঞ্চার, সজোরে গলায় খেকুর দিলেও যাহা নির্গত হয় না এবং যাহার দরুণ মুখে বিশ্রী স্বাদ হয় ও তদ্দরুণ আহারের ব্যাঘাত জন্মে।

পাকস্থলী এবং উদর। তাড়াতাড়ি আহার করিলে যেরূপ হয়,

পাকস্থলীতে সেরূপ পূর্ণ বোধ, অথচ ক্ষুধা থাকে (চায়না, লাইকোপ); ক্ষুধা বা রুচি থাকে না; আহারে অরুচি বা অনিচ্ছা; পাকস্থলীতে পূর্ণ, চাপা, দুর্ব্বল এবং পড়িয়া যাওয়া বা পেটে পিঠে লাগার ন্যায় অনুভূত হওয়া। যকৃত প্রদেশে ঘুশ্ ঘুশে বেদনা এবং পূর্ণ বোধ; নিদ্রাবেশ; দুর্ব্বলতা; মল ছাইয়া বা কাদার রঙ্গ বিশিষ্ট; কামল রোগ; পেট কামড়ানি; উদরে গড় গড়, কল কল শব্দ হওয়া; বারম্বার বাহ্যের বেগ, কিন্তু বেগ দিলে মল নির্গত না হইয়া কেবল কতক পরিমাণে দূষিত বায়ু নির্গত হয়; পেটে এক প্রকারের অসুখ বোধ, যাহার দরুণ মনে হয় যেন উদরাময় আরম্ভ হইবে।

মল। গুহ্যদ্বার দিয়া প্রচুর দূষিত বায়ু নিঃসরণ; মল তরল, গোলানির ন্যায় এবং উহার সঙ্গে সঙ্গে কোঁথপাড়া এবং নাভি প্রদেশে খিল ধরার ন্যায় অনুভূত হওয়া (কলোস্); মল ফিকা হরিদ্রা বর্ণ, ছাইয়া বা কাদার রঙ্গ বিশিষ্ট (ক্যাল্ক্-কার্ব্ব্, ডলিকস্, হিপ্-সাল্ফ্, পডোফ্); কামলরোগ।

মূত্র। মূত্র বিয়ার (Beer) নামক সুরার রঙ্গ বিশিষ্ট, ফেণাযুক্ত; মূত্রে গোলাপীর আভাযুক্ত কটাবর্ণের তলানি পড়ে; মূত্র পরিমাণে অল্প।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ডের কার্য্য করার শক্তি বৃদ্ধি হয় বটে, কিন্তু নাড়ী প্রতি মিনিটে ৬০ বারের অধিক স্পন্দন করে না; নাড়ী দুর্ব্বল এবং অনিয়মিত গতি বিশিষ্ট।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। গ্রীবা এবং পৃষ্ঠদেশে ঘুশ্ঘুশে রকমের কন্কনানি এবং কসিয়া ধরার ন্যায় বেদনা, অলসবোধ এবং উহার সঙ্গে সঙ্গে মাথাধরা।

নিদ্রা। নিদ্রার ভাব; মাথাঘোরা; অর্দ্ধ চেতনা; অস্থির নিদ্রা, অথবা প্রাতঃকাল পর্য্যন্ত ভাল ঘুম হয় এবং ঘুম ভাঙ্গিলেই যেন সমুদয় অসুখের বৃদ্ধি হয়।

জ্বর। ঘরের বাহিরে গেলে শীতবোধ; কোমরের স্থানে স্থানে সামান্য রকমের কন্কনানি; শরীরের সামান্য উত্তেজনার অবস্থা এবং জ্বরবোধ ও উহার সঙ্গে সঙ্গে পর্য্যায়ক্রমে শীতবোধ; মেরুদণ্ডের মধ্য দিয়া

আগা গোড়া উষ্ণানুভব এবং তৎপর শীতবোধ ও সামান্য ঘর্ম্ম; মুখমণ্ডল উষ্ণ, লালবর্ণ এবং টল্‌টলে।

চর্ম্ম। শরীর কামল রোগের ন্যায় হরিদ্রাবর্ণ; পোকায় কামড়াইলে যেরূপ হয়, শরীর সেরূপ চুলকায়।

ব্যবহার। শ্লৈষ্মিক ঝিল্লী, মুখগহ্বর, আহারবহা গলনালী, যকৃতের পিত্তনিঃসারক নালী ইত্যাদির শ্লেষ্মাজনিত অসুখ; যকৃতের অসুখ; কামল রোগ ইত্যাদিতে মিরিকা সেরিফেরা ব্যবহার্য্য। ডাক্তার ফ্যারিংটান্ (Dr. Farrington) বলেন যে, ইহা সমুদয় শরীরকে ভয়ানকরূপে আক্রমণ করে এবং শরীরের অত্যন্ত দুর্ব্বল বা বিকারের অবস্থায়, কামলরোগ থাকুক, আর না থাকুক, শরীরের দুর্ব্বলতার সঙ্গে সঙ্গে শ্লৈষ্মিক ঝিল্লী বিকৃতাবস্থা প্রাপ্ত হইয়া জিহ্বা, মুখগহ্বর এবং আহারবহা গলনালীর উপরিভাগে অল্পপরিমাণ চট্‌চটিয়া আঠা মামড়ী উৎপাদক পদার্থের সঞ্চার হইলে, এই ঔষধ বিশেষ উপকারী। লেখকের ১৬ দিবস বয়স্ক আতুড়ের একটী পুত্র সন্তানের কামল রোগ হয়। কামল রোগের যত রকম ঔষধ আছে শ্রীযুক্ত ডাক্তার মহেন্দ্র লাল সরকার, এম্, ডি, মহাশয় তাহার সমুদয়ই ব্যবস্থা করিয়া কোনও ফল না পাইয়া তিনি অবশেষে মিরিকা সেরিফেরা ব্যবস্থা করিলেন। ইহা দ্বারাও কোনও ফল দর্শিল না। এরূপ লেখকও ৫।৬টী রোগীর চিকিৎসায় এই ঔষধ দ্বারা বিশেষ ফল পান নাই। কিন্তু ভৈষজ্য তত্ত্বে যেরূপ পাঠ করা যায়, তাহাতে কামল রোগে এই ঔষধ ব্যবহারে বিশেষ উপকার দর্শিবারই অধিক সম্ভাবনা।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সামান্য রকমের স্নায়বিক উত্তেজনা এবং অস্থিরতা ও উহার পরক্ষণেই গা বমীবমী করা এবং দুর্ব্বলবোধ; সমুদয় পেশীতে বেদনা ও টাটানি এবং তদ্দরুণ উহা সঞ্চালনে অশক্তি; অলসবোধ এবং মানসিক অবসন্নতা ইত্যাদি এই ঔষধের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। ডিজিটালিস্, চেলিডোনিয়াম্, পডোফিলাম্।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় ক্রমের আরোক ব্যবহার্য্য।

কোন কোন চিকিৎসক ইহার মূল আরোকও ব্যবস্থা করিয়া থাকেন। লেখক ইহার ১ম হইতে ৬ষ্ঠ ক্রম এবং মূল আরোকও ব্যবহার করিয়া দেখিয়াছেন। তাঁহার মতে মূল আরোকে রোগের লক্ষণাদি বৃদ্ধি পায়।

ইনান্থি ক্রোকেটা,-ইনান্থ্.

(ŒNANTHE CROCATA,-ŒNANTH.)

এই গাছের শিকড় যথানিয়মে এক্ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। মস্তিষ্ক এবং কসেরুকা মজ্জা সম্বন্ধীয় স্নায়ুমণ্ডলীতে ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ মৃগীরোগের ন্যায় আক্ষেপ এবং মেডালা অবলঙ্গেটা (Medulla Oblongata) ও উহার নিকটবর্ত্তী অংশের প্রদাহ এবং কোমলতা উৎপন্ন হইয়া থাকে। ইহা এক প্রবল বিষাক্ত ঔষধ মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। উগ্র প্রলাপ (বেল্., ক্যান্থ্., ষ্ট্রামন্), যাহার দরুণ মনে হয় যেন রোগী মদ্যপান করিয়াছে (ওপিয়াম্); উন্মত্ততা; হঠাৎ চেতনা রহিত হওয়া (বেল্., ওপিয়াম্)।

মস্তক। প্রবল মাথাঘোরা এবং তদ্দরুণ পড়িয়া যাওয়া ও উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ, বমন, অজ্ঞানবৎ মূর্চ্ছা এবং আক্ষেপ বা কন্‌ভাল্‌সন্‌স্; মাথায় প্রবল বেদনা; সংন্যাস রোগের ন্যায় অবস্থা; বাকরোধ এবং অচেতনতা; মুখমণ্ডল স্ফীত এবং টলটলে ও নীলের আভাযুক্ত; চক্ষুর তারা বিস্তৃত; শ্বাস প্রশ্বাস কষ্টকর; অঙ্গ প্রত্যঙ্গ সঙ্কুচিত; দাঁত লাগা (বেল্); আক্ষেপের পর ঘোর অচেতনতা।

চক্ষু। চক্ষুর তারা বিস্তৃত (বেল্., হায়োস্, ওপিয়াম্, ষ্ট্রামন্); চক্ষু উপর এবং মধ্যদিকে উল্টান।

নাসিকা। নাক দিয়া রক্তস্রাব।

মুখমণ্ডল। মুখমণ্ডলের পেশীর তাড়াতাড়ি আক্ষেপিক স্পন্দন (আগারিকাশ্, বেল্, সিকুটা, নাক্স্-বম্ ইগ্নেস্); মুখমণ্ডল নীলবর্ণ এবং উহার শিরাদির স্ফীতি, শিটা এবং শীতল, ভয় উৎপাদক এবং উদ্বেগযুক্ত; দাঁতলাগা, যাহার দরুণ মাড়িতে মাড়িতে অত্যন্ত শক্তভাবে আঁটিয়া থাকে (আবিসিন্থ্, সিকুটা, ইগ্নেস্, হায়োস্, লরোস্, নৈজা, নাক্স্-বম্); মুখমণ্ডলে গোলাপী রঙ্গের ফুস্কুড়ী।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা স্ফীত এবং মুখের বাহির হইয়া পড়ে এবং সামান্য ক্লেদযুক্ত (Furred; মুখে ফেণাউঠা (সিকুটা, কুপ্রাম্, হায়োস্, লরোস্); মুখে রক্তমিশ্রিত শ্লেষ্মার সঞ্চার; মুখগহ্বর শুষ্ক এবং উষ্ণ; বাকরোধ। গলার মধ্যে ভয়ানক আঁটাবোধ এবং জ্বালা।

পাকস্থলী এবং উদর। হিক্কা; পাকস্থলীর হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী অংশের বেদনা এবং উহার সঙ্গে বমন বা বমনোদ্বেগ; উদর অত্যন্ত স্ফীত এবং বিস্তৃত ও উহার সঙ্গে সঙ্গে শূল বেদনার ন্যায় বেদনা।

মল। অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মল নির্গমন; উদরাময়।

শ্বাসযন্ত্র। নিশ্বাস প্রশ্বাস আক্ষেপিক; নিশ্বাস প্রশ্বাস কষ্টকর, ঘন ঘন, গোঁ গোঁ, ঘড়্ ঘড়্ শব্দ বিশিষ্ট; অনবরত দীর্ঘনিশ্বাস, আক্ষেপিক কাশির দরুণ যাহার ব্যাঘাত জন্মে; নিশ্বাস প্রশ্বাস অনেক সময় অনুভূতও হয় না।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপ্রদেশে বেদনা; নাড়ী ক্ষুদ্র, দুর্ব্বল, অনিয়মিত গতিবিশিষ্ট এবং লুপ্তপ্রায়।

জ্বর। শরীর অত্যন্ত শীতল এবং শরীরের স্বাভাবিক সন্তাপের অভাব। প্রচুর ঘর্ম্ম; দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম।

ব্যবহার। মৃগী রোগের আক্ষেপ; শৈশবাবস্থা এবং গর্ভাবস্থায় মৃগীরোগের আকার বিশিষ্ট আক্ষেপের পক্ষে এই ঔষধ বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। মৃগীরোগের ন্যায় আক্ষেপ; ভয়ানক আকারের আক্ষেপ হইয়া তৎপর ঘোর অচেতনতা এবং ঘোর নিদ্রা; আক্ষেপের সঙ্গে সঙ্গে মাথাঘোরা, পাগলামি, বমনোদ্বেগ বা বমন, অচেতনতা, চক্ষুর তারা বিস্তৃত, চক্ষুর গোলক উপরদিকে উল্টান; হঠাৎ আক্ষেপের

আক্রমণ, দাঁতলাগা, জিহ্বায় কামড় পড়া এবং তৎপর সম্পূর্ণ অচেতনতা; আক্ষেপের সঙ্গে সঙ্গে মুখমণ্ডল স্ফীত এবং টল্‌টলে ও নীলের আভাযুক্ত; নাক মুখ দিয়া রক্তমিশ্রিত ফেণা নির্গমন; নিশ্বাস প্রশ্বাস আক্ষেপিক; স্পর্শ-জ্ঞান রহিতত্তা; নাড়ী দুর্ব্বল এবং অত্যন্ত বলক্ষয়; জলে সমুদয় লক্ষণাদির বৃদ্ধি ইত্যাদি ইনাস্থি ক্রোকেটার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। আগারিকাশ্, সিকুটা, এথুজা, ষ্ট্রামো-নিয়াম্, হাইড্রোসায়েনিক্ আসিড্।

ডাইলুশন বিচার। ৩য় ডাইলুশন ব্যবহার্য্য।

পিট্রোলিয়াম্,-পিট্রোল্

(PETROLEUM,-PETROL.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আদত পিট্রোলি-য়াম্ ক্রয় করিয়া যথানিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে মিশাইয়া ইহার মিশ্র আরোক প্রস্তুত করিতে হয়।

সাধারণ ক্রিয়া। চর্ম্ম এবং শ্লৈষ্মিক ঝিল্লীর উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা চর্ম্ম ও শ্লৈষ্মিক ঝিল্লীকে উত্তেজিত করে, যাহার বিষয় নিম্নে বিশেষরূপে বিবৃত হইতেছে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। রোগী অত্যন্ত উগ্র, চটা, খিট্‌খিটে এবং সহজেই বিরক্ত হয় (ক্যাম্ফ, নাক্স্-বম্); অত্যন্ত ভয়াতুর এবং তদ্দরুণ সামান্য কারণেই ভয় খাওয়া (নাক্স্-বম্, ওপিয়াম্); চেতনাশূন্য হওয়া; সর্ব্বদা চিড়্ চিড়্, বক্ বক্ করা এবং কোন বিষয়ে চিন্তা করিতে অনিচ্ছা; প্রলাপ; রোগী মনে করে যেন কোন এক ব্যক্তি তাহার পার্শ্বে শয়ন করিয়া রহিয়াছে, অথবা সে যেন দ্বিগুণ হইয়াছে, অথবা তাহার একটী অঙ্গ যেন দ্বিগুণ হইয়াছে।

মস্তক। মাথা হেট করিয়া উপুড় হইলে বা বসা অবস্থা হইতে

দাঁড়াইলে মাথাঘোরা (বেল্) ; মাথায় টিমা এবং ভারিবোধ ; রাগের দরুণ শিরঃপীড়া, অথবা উপবাসের পর প্রাতঃকালে মাথাধরা ; কপালে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ঘুশে বেদনা ; একখানি সীসা চাপাইয়া রাখিলে যেরূপ হয়, মাথার পশ্চাৎদেশে সেরূপ চাপা এবং ভারিবোধ ; মাথার পশ্চাৎদেশে ঘুশ্ঘুশে রকমের দপ্দপিয়া বেদনা ; মাথার চুল পড়িয়া যায় (গ্রাফ্, নাইট্রিক্-আস্, ফস্, সিপিয়া) ; মাথায় কল্তানি-বিশিষ্ট বিকচ (Eczema), মাথার পশ্চাৎদেশেই যাহা অধিক হয় (লাইকোপ্, সিপিয়া) ; মাথায় আর্দ্র, চুলকানি বিশিষ্ট বিকচ, চুলকাইলে যাহা অত্যন্ত জ্বালা করে এবং টাটায় (গ্রাফ্, লাইকোপ্, মার্ক্)।

চক্ষু। চক্ষু সঞ্চালনে চক্ষে জ্বালা এবং চাপাবোধ (রুটা) ; চক্ষু প্রদাহ এবং উহার সঙ্গে সঙ্গে চুলকানি ও সূচী বিঁধানের ন্যায় যাতনা ; দৃষ্টি হীনতা ; মনে হয় যেন চক্ষু একখানি পাত্লা কাপড় দ্বারা ঢাকা রহিয়াছে (কষ্ট্, পাল্স্) ; চক্ষুর পাতায় চুলকানি, যাহার দরুণ রোগী চক্ষুর পাতা রগ্ড়াইতে বাধ্য হয়।

কর্ণ। কানের মধ্যের প্রদাহ এবং বেদনাযুক্ত স্ফীতি ; কানে কম শুনা ; কানে সোঁ সোঁ, টন্টন্ এবং কেড়্ কেড়্ শব্দ হওয়া (বেল্, চায়না) ; কানের পশ্চাৎভাগে কল্তানি বিশিষ্ট ক্ষত (ক্যাল্ক্-কার্ব্ব্, গ্রাফ্)।

নাসিকা। নাকদিয়া রক্তপড়া (একন্, বেল্, ব্রাই, হামামেলিস্) ; নাকের মধ্যে অধিক পরিমাণে শ্লেষ্মার সঞ্চার ; নাসিকার অগ্রভাগের চুলকানি।

মুখগহ্বর এবং গলার মধ্য। মাড়ির স্ফীতি ; জিহ্বা সাদা লেপযুক্ত (আণ্টি-ক্রুড্, ব্রাই, নাক্স্-বম্, পাল্স্) ; মুখে দুর্গন্ধ (হিপ্-সাল্ফ্, আয়োড্, নাইট্রিক্-আস্, মার্ক্, নাক্স্-বম্) ; মুখে চট্চটিয়া টক, তিক্ত স্বাদ (আর্স্, ব্রাই, পাল্স্) ; মুখে শ্লেষ্মার সঞ্চার (আয়োড্, মার্ক্) ; ওষ্ঠের কোণে ক্ষুদ্র ক্ষুদ্র দানার ন্যায় ফুস্কুড়ী। হন্বাস্থির নিম্নস্থিত গ্রন্থির (Submaxillary glands) স্ফীতি (ব্যারাইটা-কার্ব্ব্, ক্যাল্ক্-কার্ব্ব্, নেট্রাম্-কার্ব্ব্, রাস্টক্স্)।

পাকস্থলী এবং উদর। মলত্যাগের পর দুষ্টক্ষুধা ; পিপাসা

এবং উহার সঙ্গে সঙ্গে বিয়ার (Beer) নামক মদ্য পানের স্পৃহা (ককিউলস্, পাল্‌স্); উষ্ণ এবং টক উদ্‌গার উঠা; অপরাহ্ন বা সন্ধ্যাকালে বুক জ্বালা; প্রাতঃকালে অনবরত বমনোদ্বেগ এবং গা বমী বমী করা ও উহার সঙ্গে সঙ্গে মুখে জল উঠা; নৌকা বা গাড়ীতে যাতায়াতে নৌকাদির আন্দোলনে বমন বা বমনোদ্বেগ (ককিউলস্, নাক্স্-মস্ক্); প্রবল বমন (অ্যান্টি-টার্ট্, ইপিকাক্); পাকস্থলীতে ভারি এবং চাপাবোধ (নাক্স্-মস্ক্)। উদরে কর্ত্তনবৎ প্রবল বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ ও উদরাময়।

মল। দিনের বেলা উদরাময় এবং দাস্তের পূর্ব্বে উদরে বেদনা; মল কঠিন যাহা অতি কষ্টে নির্গত হয়; চট্‌চটিয়া আঠা মল ভেদ।

মূত্রযন্ত্র। মূত্রত্যাগের পর অনবরত মূত্র গড়াইয়া পড়া (কষ্টি, ষ্ট্রামন্); বারম্বার অল্প পরিমাণে মূত্রত্যাগ; মূত্র নালীতে জ্বালানুভব।

জননেন্দ্রিয়। অণ্ডকোষাধারে চুলকানি এবং ভিজাবোধ (সাইলিসি)। স্ত্রীলোকের যোনির বহির্দ্দেশ ভিজা এবং উহাতে জ্বালা, টাটানি এবং চুলকানি; নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে রজঃস্রাব; রজঃস্রাবের দরুণ যোনিদ্বার চুলকায়; স্তনের বোঁটা চুলকায় এবং মনে হয় যেন উহাতে ভাতের ফেণের ন্যায় কোন পদার্থ লাগিয়া রহিয়াছে।

শ্বাসযন্ত্র। স্বরভঙ্গ (কার্ব্বো-বেজ্, কষ্টি, ফস্, সাল্‌ফ্); রাত্রিতে শুষ্ককাশি (কোনায়াম, হায়োস্, পাল্‌স্, সাল্‌ফ্); রাত্রিতে বুকে কষ্টানুভব।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড়ে ভারিবোধ এবং বেদনা; পৃষ্ঠদেশ এবং কোমরে বেদনা; বসিয়া থাকিলে গুহ্যদ্বারের ঠিক উপরিভাগের হাড়ে বেদনা।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। বাহুর অত্যন্ত দুর্ব্বলতা; স্পর্শ করিলে হাতের নখে থেঁতলিয়া যাওয়ার ন্যায় বেদনা; আঙ্গুলের আগা খস্‌খসে, ফাটাযুক্ত এবং উহাতে ঘাটিয়া ধরার ন্যায় বা কর্ত্তনবৎ বেদনা এবং উহা লালবর্ণ, ছাল উঠিয়া যাওয়ার ন্যায় জ্বালাযুক্ত হয়, সর্ব্বদা ভিজা থাকে ও উহাতে সর্ব্বদা পুরু মাম্‌ড়ী (চুমটী) পড়ে। পায় চুলকানি, জ্বালা এবং কনকনানি বিশিষ্ট কুস্কুড়ী; পায়ের গোড়ালী অত্যন্ত স্ফীত, লালবর্ণ,

বেদনাযুক্ত এবং উহাতে সূচী বিঁধানের ন্যায় অনুভূত হয় ও ফোস্কা পড়ে; পায়ের আঙ্গুলের ফাঁকে ফাঁকে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ক্ষত (আগারিকাশ্, নাইট্রিক্-আস্, জিঙ্কাম্); পায়ের কড়ায় জ্বালা এবং সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয়; পায়ের আঙ্গুলের মধ্যবর্ত্তী স্থানে ফুস্কুড়ী (ক্যাল্ক্-কার্ব্, ক্যাম্ফার, নাক্স্-বম্, নাইট্রিক্-আস্, সিপিয়া); পায়ের পাতায় প্রচুর ঘর্ম্ম (সাইলিসি); রাত্রিতে পায়ের পাতার তলায় খিলধরা (সাল্ফ্)।

চর্ম্ম। চর্ম্ম অসুস্থ; সামান্য আঘাতেই ক্ষত এবং বিস্তৃত হয় (বোরাক্স্, ক্যাম্, হিপ্-সাল্ফ্, গ্রাফ্, সাইলিসি, সাল্ফ্); পুরাতন আকারের কল্তানি বিশিষ্ট বিকচ (Eczema), যাহার দরুণ আক্রান্ত স্থানে ক্ষত হওয়া বা ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (গ্রাফ্); সমুদয় শরীরের চর্ম্মই টাটায়, যাহার দরুণ গায়ের কাপড়ও অসহ্য হয় এবং উহার দরুণ যাতনার উদ্রেক হয় (বেল্); গায় ক্ষত এবং ক্ষতে হুল ফুটানের ন্যায় বেদনা ও উহাতে অতিরিক্ত মাংস বৃদ্ধি (Proud Flesh) হয় (কার্ব্বো-বেজ্, নাইট্রিক্ আস্); অনেক সময় গায় গভীর ক্ষত হয় যাহার প্রান্ত উচ্চ থাকে।

ব্যবহার। ক্রোধ এবং বিরক্তি জনিত অসুখ; বিকচ (Eczema); দাদের ন্যায় ফুস্কুড়ী (হার্পিস্-Herpes); লোনা জল ব্যবহার করার দরুণ গায় ফুস্কুড়ী; হাত পায়ের আঙ্গুলের ফাঁকে ফাঁকে ছাল উঠিয়া যাওয়ার ন্যায় ঘা; পাকস্থলীর অসুখ; জলপথে নৌকা জাহাজাদিতে চাপবার সময় বমন বা বমনোদ্বেগ (Sea-sickness); গর্ভাবস্থায় বমন বা বমনোদ্বেগ (Morning sickness); গর্ভাবস্থায় চর্ব্বিযুক্ত আহার দ্রব্যে অরুচি; বোগলে দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম; পায়ের পাতায় দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম, যাহার দরুণ অনেক সময় ক্ষতও হইয়া থাকে; বধিরতা এবং উহার সঙ্গে সঙ্গে কানে শব্দ হওয়া; মূত্রনালী, জরায়ু, অন্ত্র এবং বায়ু উপনলের শ্লেষ্মা জনিত রোগ ইত্যাদি অসুখে পিট্রোলিয়াম্ ব্যবহার্য্য। টেষ্টির (Teste) মতে, শিশু বা বালক বালিকাগণের আমাশয় রোগে এই ঔষধ ইপিকাকিউএনার সঙ্গে পর্য্যায়ক্রমে ব্যবহারে বিশেষ উপকার দর্শে। ডাক্তার গারেন্সি (Dr. Guerensy) বলেন যে, গর্ভবতী স্ত্রীলোকের পেটের অসুখে এই ঔষধ বিশেষ উপকারী। তিনি

আরো বলেন যে, কেবল দিনের বেলা উদরাময় এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অঙ্গ প্রত্যঙ্গ যেন অসাড় এবং তৎপর শক্ত হয়; সন্ধির বাতজনিত কঠিনতা এবং চলিবার সময় উহাতে কেড়্‌ কেড়্‌ শব্দ হওয়া; বহির্ব্বায়ু ভাল লাগে না; সামান্য কারণেই সর্দ্দি লাগে; গর্ভাবস্থায় চর্ব্বিযুক্ত দ্রব্যে অরুচি, পেটের অসুখ এবং তদ্দরুণ কেবল দিনের বেলাই উদরাময় ইত্যাদি পিট্রোলিয়ামের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। বেলাডোনা, ব্রাইওনিয়া, ক্যাল্‌কেরিয়া কার্ব্ব, ক্যামোমিলা, ককিউলাস্‌, গ্রাফাইটিস্‌, ইগ্‌নেশিয়া, লাইকোপডিয়াম্‌, নাক্স্‌ বমিকা, ফস্‌ফরাস্‌, পাল্‌সেটিলা, রাস্‌টক্স্‌, সিপিয়া, সাইলিসিয়া, সাল্‌ফার।

প্রতিষেধক ঔষধ। ককিউলাস্‌, নাক্স্‌ বমিকা।

ডাইলুশন বিচার। নৌকা বা জাহাজাদিতে যাতায়াতের সময় বমন বা বমনোদ্বেগ, গর্ভাবস্থায় বমন বা বমনোদ্বেগ ইত্যাদি অসুখে ডাক্তার বেজের (Dr. Bayes) মতে ৩য় দশমিক ক্রমের আরোক ব্যবস্থা। ৩য় এবং ৬ষ্ট ক্রমের আরোক সচরাচর ব্যবহার করিয়া আমরা যথোচিত ফল পাইয়া থাকি।

রেনান্‌কুলাস্‌ বাল্বোসাস্‌,- রেনান্‌কুল্‌

(RANUNCULUS BULBOSUS,-RANUNC.-BULB.)

ইউরোপের অনেক স্থানেই মাঠে ময়দানে এই গাছ জন্মে। গাছের সমুদয় অংশ যথা নিয়মে গ্রেক্‌ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। চর্ম্ম এবং পৈশিক অংশের উপর ইহার কার্য্য অতি প্রবল। বুকের প্রাচির আক্রমণ করা এই ঔষধের একটী বিশেষ প্রকৃতি

মধ্যে পরিগণিত। ইহা বুকের মধ্যে প্লুরোডিনিয়ার (Pleurodynia) ন্যায় অসুখ উৎপাদন করে। অতএব উক্ত অসুখে এই ঔষধ বিশেষ উপকারী।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। কোন বিষয়ে চিন্তা করিতে করিতে চিন্তার বিষয়টী একবারেই স্মরণ থাকে না; স্থূল বুদ্ধি অথবা রোগী কোন বিষয় বুঝিতে পারে না; সর্ব্বদা চিড়্ চিড়্ করা এবং ঝগড়া করার স্বভাব।

মস্তক। ঘরের ভিতর হইতে বহির্ব্বায়ুতে গেলে মাথাঘোরা এবং তৎক্ষণ টলিয়া পড়িয়া যাওয়ার ভয়; মনে হয় যেন মাথা স্বাভাবিক অপেক্ষা অনেক বড় এবং বিস্তৃত (ম্যাগ্-কার্ব্ব্); মাথায় রক্তাধিক্য বা রক্তাবরোধ (একন্, বেল্); ডাইন চক্ষুর উপরিভাগে বেদনা, শয়ন করিয়া থাকিলে যাহার বৃদ্ধি হয় এবং চলিয়া বেড়াইলে বা দাঁড়াইয়া থাকিলে যাহার উপশম হয়; কপালে চাপিয়া ধরার ন্যায় বেদনা, যাহা বহির্দ্দেশ হইতে আরম্ভ হইয়া মধ্যদেশ পানে বিস্তৃত হয়; প্রায়ই উষ্ণ স্থান হইতে শীতলস্থানে এবং শীতল স্থান হইতে উষ্ণ স্থানে গেলে শিরঃপীড়ার উদ্রেক বা বৃদ্ধি হয়।

চক্ষু। চক্ষুর গোলকে চাপাবোধ; চক্ষুর পাতায় জ্বালা এবং চিড়িক মারা; চক্ষু এবং চক্ষুর কোণে জ্বালা, টাটানি এবং চিড়িকমারা; চক্ষুর সম্মুখে কুয়াশার ন্যায় দেখায়।

কর্ণ। কানের মধ্যে সূচীবিঁধানের ন্যায় অনুভূত হয় এবং যাহা সন্ধ্যার সময়ই অধিক অনুভূত হয়।

নাসিকা। নাসিকা লালবর্ণ, প্রদাহযুক্ত, স্ফীত এবং উহাতে কসিয়া ধরার ন্যায় বেদনা।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখে সাদা লাল উঠা এবং উহার সঙ্গে সঙ্গে মুখে তামার ন্যায় স্বাদ। গলার মধ্যে অধিক পরিমাণ আঁটাল শ্লেষ্মার সঞ্চার; গলার মধ্য এবং তালুকায় প্রদাহ জনিত জ্বালাযুক্ত বেদনা।

পাকস্থলী এবং উদর। অপরাহ্নে পিপাসার বৃদ্ধি; বারম্বার উদ্গার উঠা; আক্ষেপিক হিক্কা (হায়োস্, ইগ্নেস্); অপরাহ্নে বমনোদ্বেগ এবং উহার সঙ্গে সঙ্গে কখন কখন মাথাধরা; পাকস্থলীর মধ্যে চাপাবোধ

(আর্স, ব্রাই, পাল্স); পাকস্থলী এবং হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী পাকস্থলীর মুখে এবং পাকস্থলীতে জ্বালানুভব। মোচড়াইয়া পড়িলে বা থেঁত্‌লিয়া গেলে যেরূপ হয়, উদরের দুই পার্শ্বে সেরূপ বেদনা; যকৃত প্রদেশে সূচীবিঁধানের ন্যায় যাতনা, যাহার দরুণ শ্বাসরোধ হয় এবং উহার সঙ্গে সঙ্গে ডাইন স্কন্ধের উপরিভাগে সূচীবিঁধানের ন্যায় যাতনা; উদরে চিন্ চিনে বা কর্ত্তনবৎ বেদনা; থেঁত্‌লিয়া গিয়া ক্ষত হইলে যেরূপ হয়, চাপিলে উদরে সেরূপ টাটানি।

শ্বাসযন্ত্র। নিশ্বাস প্রশ্বাস ঘন ঘন এবং শ্বাস কষ্ট ও উহার সঙ্গে সঙ্গে বুকে জ্বালাযুক্ত এবং সূচীবিঁধানের ন্যায় তীক্ষ্ণ বেদনা ও দীর্ঘনিশ্বাসের ইচ্ছা এবং অত্যন্ত ক্রন্দন; বুকে সূচীবিঁধানের ন্যায় যাতনা, নড়া চড়া, মাথা হেট করিয়া উপুড় হইলে, অথবা নিশ্বাসে যাহার বৃদ্ধি হয় (ব্রাই); চামড়ার নীচে ক্ষত হইলে যেরূপ হয়, বুকে সেরূপ টাটানি (আর্ণিকা), আঘাত লাগিলে বা নড়া চড়াতে যাহার বৃদ্ধি হয় (সেনিগা)।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশে বেদনা; ক্ষুদ্র পাঁজরা প্রদেশে অবশবোধ এবং উহাতে মোচড়াইয়া পড়া বা থেঁত্‌লিয়া যাওয়ার ন্যায় বেদনা; চলিবার সময় কোমর প্রদেশের ডাইন পার্শ্বে সূচীবিঁধানের ন্যায় যাতনা এবং উহাতে সামান্য রকমের জ্বালানুভব।

অঙ্গ, প্রত্যঙ্গ, হাত, পা ইত্যাদি। বাহুতে বাতের বেদনার আকার বিশিষ্ট আক্ষেপিক বেদনা; বাহু, হাত এবং হাতের আঙ্গুলে সূচী বিঁধানের ন্যায় যাতনা; আঙ্গুলের কোন কোন অংশে ঝন্ ঝনানি; হাতের পাতা এবং আঙ্গুলে ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; উরুর মধ্য দিয়া আগাগোড়া কসিয়া ধরার ন্যায় বেদনা; পূর্ব্বাহ্ণে চলিবার সময় পা ইত্যাদিতে অত্যন্ত দুর্ব্বলতা; দাঁড়াইয়া থাকিলে পায়ের গোড়ালীতে সূচীবিঁধানের ন্যায় দপ্‌দপানি।

চর্ম্ম। অনেক রাত্রিতে ঘুম হয় এবং রাত্রিতে বারম্বার ঘুম ভাঙ্গিয়া যায়; ঘুম ভাল হয় না।

ব্যবহার। পেশী এবং সন্ধিবাত রোগ, বিশেষতঃ পাঁজরার হাড়ের মধ্যবর্ত্তী স্থানের পেশীবাত; ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ (Pleurisy); কৃত্রিম ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ বা প্লুরোডিনিয়া (Pleurodynia); আমবাত;

টেটার (Tetter); পেম্‌ফাইগাস্ (Pemphigus); সাংঘাতিক রকমের ক্ষত যাহা শীঘ্র শীঘ্র বিস্তৃত হয় ইত্যাদি অসুখে এই ঔষধ ব্যবস্থা। ডাক্তার হিউস্ (Dr. Hughes) বলেন যে, কটিবাত (Sciatica), দাদের ন্যায় ফুস্কুড়ী, বাতজনিত স্নায়ুশূল, বিকচ (Eczema), পাঁজরার হাড়ের মধ্যবর্ত্তী অংশের স্নায়ুশূল ইত্যাদিতে ইহা বিশেষ উপকারী। ডাক্তার আলেন্ এবং নর্টানের (Drs. Allen and Norton) মতে চক্ষুর কোটরের উপরিভাগের স্নায়ুশূলে এই ঔষধ বিশেষ উপকারী। ডাক্তার বেজ্ (Dr. Bayes) বলেন যে, যে প্রকার ফুস্ফুসাবরক ঝিল্লী প্রদাহ (Pleurisy) এবং বক্ষশোথ (Hydrothorax) ডাইন পার্শ্ব আক্রমণ করে, তাহাতে এই ঔষধ উপকারী। আবার ডাক্তার গ্যারেন্সি (Dr. Guerensy) বলেন যে, যে প্রকার শ্বেত প্রদর প্রথমতঃ অতি সামান্য আকারের থাকে এবং তৎপর উগ্র জ্বালা উৎপাদক ও ক্ষত কারক হয়, তাহাতে রেনান্‌কুলাস্ বাল্বোসাস্ বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় শরীরে অবশ এবং ভারি বোধ; মোচড়াইয়া পড়িলে বা থেঁৎলিয়া গেলে যেরূপ হয়, সমুদয় শরীরে সেরূপ বেদনা; অঙ্গ প্রত্যঙ্গ এবং পেশীতে খোঁচাবিঁধা, ছিঁড়িয়া ফেলা এবং পেশীবাত বা সন্ধিবাতের ন্যায় বেদনা; বহির্বায়ুর পরিবর্ত্তনে, প্রাতঃকালে, সন্ধ্যার সময়, স্পর্শনে, নড়াচড়াতে, পাশ পরিবর্ত্তনে এবং মদ্য পানে অসুখের বৃদ্ধি ইত্যাদি রেনান্‌কুলাস্ বাল্বোসাসের কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। রাস্‌টক্স্, ক্লিমেটিস্, ইউফোর্ব্বিয়াম্, ক্রোটন্, মেজিরিয়াম্, সাবাডিলা, ষ্টাফিসেগ্রিয়া, ব্রাইওনিয়া, পাল্‌সেটিলা।

প্রতিষেধক ঔষধ। ব্রাইওনিয়া, ক্যাম্ফার, পাল্‌সেটিলা, রাস্‌টক্স্।

ডাইলুশন বিচার। ১ম, ২য় এবং ৩য় ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

রুম্ পাল্মেটাম্,-রুবার্ব্ব্,-রুম্

(RHEUM PALMATUM,-RHEUBARB,-RHEUM)

চীনদেশ, চাইনিস্ টার্টারি এবং তিব্বৎ দেশে এই গাছ জন্মে। ইহার শুকনা শিকড় যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। যকৃত এবং অন্ত্রনালীর (Intestinal Canal) উপর ইহার কার্য্য দেখিতে পাওয়া যায়, যাহার দরুণ পিত্তের সঞ্চারের বৃদ্ধি হয় এবং অন্ত্রের পেশীর কার্য্যের চাঞ্চল্য বৃদ্ধি হওয়ার দরুণ স্বাভাবিক মল ভেদ হয়, কিন্তু উহার দরুণ অন্ত্রে কোন প্রকারের প্রদাহ উৎপন্ন হয় না। মলে অত্যন্ত টক গন্ধ থাকা এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক চিহ্ন মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। শিশু বা বালক বালিকাগণ নানা দ্রব্য চাহে এবং উহার সঙ্গে সঙ্গে কাঁদে।

মস্তক। ঘুশ্ঘুশে রকমের অবসন্নকারক শিরঃপীড়া; মাথায় ভারিবোধ।

মুখমণ্ডল। মুখমণ্ডলে শীতল ঘর্ম্ম (বিরেট্-আল্ব্), নাক ও ওষ্ঠের চতুষ্পার্শ্বেই যাহা অধিক দেখিতে পাওয়া যায়।

পাকস্থলী এবং উদর। অনেক প্রকার দ্রব্য খাওয়ার ইচ্ছা হয় বটে, কিন্তু যাচিত দ্রব্য দিলে তাহা খাইতে রোগীর রুচি হয় না (ক্যাম্, সিনা, ব্রাই); বমনোদ্বেগ যেন পাকস্থলী কিম্বা উদর হইতে আরম্ভ হয় এরূপ অনুভূত হয় এবং উহার সঙ্গে সঙ্গে শূল বেদনার ন্যায় বেদনা; অতিরিক্ত পরিমাণে খাইলে যেরূপ হয়, পাকস্থলীতে সেরূপ পূর্ণবোধ (চায়না, লাইকোপ্, নাক্স্-বম্, পাল্স্)। উদরে ভয়ানক আকারের কর্ত্তনবৎ শূল বেদনার ন্যায় বেদনা, যাহার দরুণ রোগী হাঁটু গুটাইয়া জড়সড় হইয়া থাকিতে বাধ্য হয় (আলোজ্, কষ্ট্, কলোস্, আইরিস্); পেট্ কামড়ানী এবং উহার সঙ্গে সঙ্গে বাহ্যের বেগ্।

মল এবং মলদ্বার। বারম্বার বাহ্যের বেগ, কিন্তু বেগ দিলে মল নির্গত হয় না (আম্বা, কোনায়াম্, নেট্রাম্ কার্ব্ব, নাক্স-বম্), নড়া চড়া এবং চলিবার সময় যাহার বৃদ্ধি হয়; প্রত্যেকবার দাস্তের পূর্ব্বে উদরে শূল বেদনার ন্যায় বেদনা (কলোস্, মার্ক); আহারের পর বাহ্যে যাওয়ার ইচ্ছা; তরল, কাইয়ের ন্যায়, টকগন্ধযুক্ত মলভেদ (আর্ণিকা, হিপ্-সাল্ফ, পডোফ, সাল্ফ) এবং উহার সঙ্গে সঙ্গে দাস্তের পূর্ব্বে কোঁথপাড়া, দাস্তের পর শূল বেদনার ন্যায় আঁটিয়া ধরা বা কর্ত্তনবৎ বেদনা এবং দাস্তের পর শীতকম্প (মার্ক); শ্লেষ্মা মিশ্রিত কটাবর্ণের মলভেদ ও তৎপর অত্যন্ত কষ্টদায়ক কোঁথপাড়া এবং গুহ্য ও গুহ্যদ্বারে ভয়ানক জ্বালানুভব (আর্স, সাল্ফ)।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশে ভয়ানক আকারের কর্ত্তনবৎ বেদনা, যাহার দরুণ মনে হয় যেন প্রত্যেকবার মলত্যাগের সময় কোমর প্রদেশস্থ মেরুদণ্ডের হাড়ের বৃদ্ধি হইয়াছে।

অঙ্গ, প্রত্যঙ্গ। নড়া চড়ার সময় সমুদয় সন্ধিতে বেদনা; যে পাশে শোয়া যায়, সে পার্শ্বের অঙ্গ একবারে অবশ বা অসাড় হইয়া যায়; অনেকক্ষণ ধরিয়া বা অতিরিক্ত শারীরিক পরিশ্রম করিলে যেরূপ হয়, উরুদেশে সেরূপ ক্লান্তিবোধ; বাম হাঁটুর পশ্চাৎদেশে চাপিয়া বা কসিয়া ধরার ন্যায় বেদনা, পায়ের গোড়ালী পর্য্যন্ত যাহা বিস্তৃত হয়।

নিদ্রা। অস্থির নিদ্রা বা নিদ্রা ভাল হয় না এবং তদ্দরুণ বারম্বার বিছানায় এপাশ ওপাশ করিয়া ছট্ফট্ করা (একন্, রাস্টক্স); দুঃখ উৎপাদক বিষয়ে স্পষ্ট স্বপ্ন দেখা; ঘুমের অবস্থায় নিশ্বাসে গোঁ গোঁ শব্দ হওয়া।

ব্যবহার। শিশু বা ছোট বালক বালিকাগণের এবং স্ত্রীলোকের সূতিকাগারে টকগন্ধ বিশিষ্ট উদরাময়েই কম্ অধিক ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। শিশুগণের টকগন্ধযুক্ত উদরাময় এবং মল স্বাভাবিক মলের ন্যায় আকার বিশিষ্ট, কিন্তু তরল বা অর্দ্ধতরল; শিশুগণের গায় সর্ব্বদা টক গন্ধ যাহা প্রতিদিন ভাল করিয়া স্নান করিলেও দূরীভূত হয় না ইত্যাদি এই ঔষধের বিশেষ প্রাকৃতিক লক্ষণ। আবার ডাক্তার আলেন্ (Dr. Allen) বলেন যে, আহারে বীতস্পৃহা বা অরুচি

ক্রমের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ। গায়ের কাপড় ফেলিয়া দিলে, ঠাণ্ডাতে অসুখের বৃদ্ধি এবং গায় কাপড় দিলে বা উষ্ণতাতে অসুখের উপ-শম। স্তন্যপায়ী শিশুগণের দাঁত উঠার সময় অসুখে ইহা বিশেষ উপযোগী

সমগুণবিশিষ্ট ঔষধ। আর্সিনিক, বেলাডোনা, ক্যামোমিলা কলোসিন্থ্, মার্কিউরিয়াস্, নাক্স্-বমিকা, পাল্সেটিলা।

ডাইলুশন বিচার। ২য়, ৩য় এবং ৬ষ্ঠ ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে।

রডোডেণ্ড্রন্ ক্রিশান্থাম্,-রডোড্

(RHODODENDRON CHRYSANTHUM,-RHOD.)

এই গাছের শুকনা পাতা এবং ফুলের কুঁড়ি যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। পেশী এবং শরীরের আঁশাল অংশের উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল, যাহার দরুণ আক্রান্ত অংশের পেশী এবং সন্ধি বাতের অবস্থা প্রাপ্ত হয় এবং অণ্ডকোষ ও অণ্ডকোষাধারের উপর ইহার কার্য্য থাকা হেতু, অণ্ডকোষ এবং অণ্ডকোষাধারের প্রদাহ, স্ফীতি এবং কঠিনতা উৎপাদন করিয়া থাকে। ঠাণ্ডা, ঝড়, বৃষ্টি এবং বজ্রপাতের সময় এবং উহার পূর্ব্বে অসুখের আক্রমণ বা বৃদ্ধি এই ঔষধের একটী বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। প্রাতঃকালে বিছানায় শয়ন করিয়া থাকা কালীন কপাল এবং কপালের দুই পার্শ্বে বেদনা, মদ্যপানে (নাক্স্-বম্, জিঙ্ক্) এবং আর্দ্র ঠাণ্ডা বাতাসাদিতে যাহার বৃদ্ধি হয় ও বিছানা হইতে উঠিলে বা এদিক ওদিক চলিয়া বেড়াইলে যাহার উপশম হয়; বাম কর্ণের পশ্চাৎভাগে ছিঁড়িয়া ফেলা বা ছিদ্র করার ন্যায় বেদনা।

চক্ষু। চক্ষে শুষ্ক এবং জ্বালাবোধ, দিনের বেলা উজ্জ্বল আলোকে ও একভাবে অনেকক্ষণ কট্মট্ করিয়া তাকাইয়া থাকিলে যাহার বৃদ্ধি হয়।

কর্ণ। ডাইন কর্ণের বহির্দ্দেশে প্রবল বেদনা যাহা প্রাতঃকালে আরম্ভ হইয়া সমস্ত দিন অবস্থিতি করে ।

নাসিকা। বাম নাসারন্ধ্র রুদ্ধ হয় এবং কখন কখন উহার সঙ্গে সঙ্গে পর্য্যায়ক্রমে ডাইন নাসারন্ধ্রও রুদ্ধ হইয়া থাকে, বহির্ব্বায়ুতে যাহার অনেক উপশম হয়; দাঁতের গোড়ায় কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, ঝড় বৃষ্টিতে বা ঝড় বৃষ্টির পূর্ব্বে যাহার বৃদ্ধি হয় (রাস্‌টক্স্) ।

গলার মধ্য। গলার মধ্যে চাঁচিয়া ফেলা বা ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয়, যাহার দরুণ মনে হয় যেন গলার মধ্য শ্লেষ্মা দ্বারা আবৃত হইয়া রহিয়াছে।

মল। মল কোমল যাহা আস্তে আস্তে নির্গত হয় এবং উহার সঙ্গে সঙ্গে অত্যন্ত বাহ্যের বেগ বা কোঁথপাড়া বর্ত্তমান থাকে (কার্ব্বো-বেজ্, চায়না)।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্রত্যাগের ইচ্ছা এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রাধারে কসিয়া ধরা; চামড়ার নীচে ক্ষত হইলে যেরূপ হয়, মূত্রনালীতে সেরূপ যাতনা।

জননেন্দ্রিয়। পুরুষের গুহ্যদ্বার হইতে অণ্ডকোষ পর্য্যন্ত কসিয়া ধরার ন্যায় বেদনা; অণ্ডকোষ উপরের দিকে আকৃষ্ট, স্ফীত এবং বেদনাযুক্ত (ক্লিমেটিস্); অণ্ডকোষ এবং অণ্ডকোষাধার এত বেদনাযুক্ত হয় বা টাটায় যে, উহাতে সামান্য স্পর্শও সহ্য হয় না; থেঁৎলিয়া গেলে যেরূপ হয়, অণ্ড-কোষে সেরূপ বেদনা (আর্জেণ্ট্-নাইট্রিক্, স্পঞ্জ্) এবং উহার সঙ্গে সঙ্গে পর্য্যায়ক্রমে কসিয়া ধরার ন্যায় যাতনা; অণ্ডকোষের স্ফীতি এবং কঠিনতা (একন্, আর্জেণ্ট্, কষ্ট্), বিশেষতঃ বাম অণ্ডকোষের এবং উহার সঙ্গে সঙ্গে উহাতে কসিয়া ধরার ন্যায় প্রবল বেদনা যাহা উরুদেশ ও উদর পর্য্যন্তও বিস্তৃত হইয়া থাকে; ডাইন অণ্ডকোষে বাটিয়া ধরা বা সূচীবিঁধানের ন্যায় যাতনা; অণ্ডকোষের চুলকানি এবং উহাতে ঘর্ম্মের বৃদ্ধি (সাইলিসি); অণ্ডকোষাধারের শোথ সম্বলিত প্রদাহ (Hydrocele)। স্ত্রীলোকের ডিম্বকোষে বেদনা, বায়ুর পরিবর্ত্তনে যাহার বৃদ্ধি হয়; যোনিদ্বারের স্থানে স্থানে জলপূর্ণ থলিয়ার ন্যায় স্ফীতি।

শ্বাসযন্ত্র। প্রাতঃকাল এবং সন্ধ্যার সময় অবসন্ন কারক শুষ্ক কাশি

এবং উহার সঙ্গে সঙ্গে বুকে কষ্টানুভব ও গলার মধ্যে খশ্‌খশে বোধ; তাড়াতাড়ি চলিবার সময় বুক হইতে উদরের বাম পার্শ্ব পর্য্যন্ত ক্ষণস্থায়ী ঘুশ্‌ঘুশে বেদনা।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। অতি প্রত্যূষে বিছানায় থাকিতে থাকিতে অথবা বিছানা হইতে উঠিলেই ঘাড় এবং পৃষ্ঠদেশে বাতের বেদনা; কোমরের পশ্চাৎ দেশে থেঁত্‌লিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা, বিশ্রাম কালীন এবং বৃষ্টিতে যাহার বৃদ্ধি হয় (রাস্-টক্স্)।

অঙ্গ, প্রত্যঙ্গ। সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে বাতের ন্যায় কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা (একন্, কলোস্, লেডাম্, পাল্‌স্), জলবৃষ্টি এবং বিশ্রাম কালীন যাহার বৃদ্ধি হয় (রাস্-টক্স্); আঘাত লাগিয়া থেঁৎ-লিয়া গেলে যেরূপ হয়, সন্ধিতে সেরূপ বেদনা এবং উক্ত সন্ধিতে ছিঁড়িয়া ফেলা বা কসিয়া ধরার ন্যায় বেদনা; অস্থির আবরক কঠিন পর্দ্দায় (Perios-teum) কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, হাত এবং পায়েই যাহা অধিক অনুভূত হয়; অঙ্গপ্রত্যঙ্গের স্থানে স্থানে উক্ত প্রকারের বেদনা, রাত্রিতে, বিশ্রামকালীন এবং বায়ুর পরিবর্ত্তনে যাহার বৃদ্ধি হয় (রাস্-টক্স্)।

ব্যবহার। পেশী এবং বৃহৎ ও ক্ষুদ্র সন্ধিবাত জনিত অসুখ; অণ্ডকোষ এবং অণ্ডকোষাধারের পুরাতন আকারের শোথ সম্বলিত প্রদাহ; অণ্ড-কোষের কঠিনতা; গ্রীবা এবং বুকের পেশীবাত; হাত পায়ের বাতজনিত স্নায়ুশূল, আহারের সময় এবং উহার পর যাহার বৃদ্ধি হয়; চক্ষুর গ্লকোমা (Glaucoma) নামক অসুখ ইত্যাদি অসুখে রডোডেণ্ড্রন্ ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। প্রাতঃকালে বিশ্রাম কালীন; ঝড় বৃষ্টি এবং বজ্রাঘাতের পূর্ব্বে, ঠাণ্ডা আর্দ্র বাতাসে অসুখের বৃদ্ধি এবং আহা-রের সময় এবং উহার পর অসুখের উপশম।

সমগুণ বিশিষ্ট ঔষধ। রাস্-টক্স্, ক্লিমেটিস্, রেনান্‌কুলাস্, ব্রাইওনিয়া, ক্যাল্‌কেরিয়া কার্ব্বোনিকা, কোনায়াম্, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, নাক্স্-বমিকা, পাল্‌সেটিলা, সিপিয়া, সাইলিসিয়া, সাল্‌ফার।

প্রতিষেধক ঔষধ। ব্রাইওনিয়া, ক্যাম্ফার, ক্লিমেটিস্, রাস্-টক্স্।

ডাইলুশন বিচার। বাতরোগ বা মুখমণ্ডলের বাতজনিত বেদনা

বা ম্যায়ুশূলে জার্ম্মেনী দেশীয় চিকিৎসকগণ ১ম এবং ২য় দশমিক ক্রমের আরোকই সচরাচর অধিক ব্যবহার করিয়া থাকেন। আমরাও এতদ্দেশে ১ম হইতে ৬ষ্ঠ ক্রমের আরোক সচরাচর ব্যবহার করিয়া থাকি। ইহার ১২ এবং ৩০ ক্রমও ব্যবহৃত হইয়া থাকে। অণ্ডকোষ এবং অণ্ডকোষাধারের পুরাতন আকারের বিবৃদ্ধি এবং কঠিনতায় শ্রীযুক্ত ডাক্তার মহেন্দ্র লাল সরকার, এম্, ডি, মহাশয় সচরাচর ৪র্থ দশমিক ক্রমের আরোক ব্যবস্থা করিয়া থাকেন।

রুমেক্স্ ক্রিস্পাস্,-রুমেক্স্

(RUMEX CRISPUS,-RUMEX.)

এই গাছের কাঁচা শিকড় যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লী, লিম্ফাটিক্স্ (Lymphatics) এবং চর্ম্মের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ উক্ত যন্ত্রদ্বয়ের স্বাভাবিক নিঃসরণ কম হয় এবং উহার স্পর্শজ্ঞান শক্তির অতিরিক্ত চাঞ্চল্য হইয়া উহার অতিরিক্ত বিকৃত রকমের উত্তেজনা উৎপন্ন হয়, অথচ উক্ত যন্ত্রাদির প্রকৃত প্রদাহ উৎপন্ন হয় না।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। ঘুশ্ঘুশে মাথাধরা এবং মোচড়াইয়া পড়িলে বা পেঁচ্লিয়া গেলে যেরূপ হয়, কপালে সেরূপ বেদনা।

নাসিকা। নাসিকা হইতে রক্তস্রাব; প্রবল হাঁচি এবং নাসারন্ধ্রে অত্যন্ত কষ্টদায়ক জ্বালা বা চড়্চড়ানো; নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎ তরল শ্লেষ্মা নিঃসরণ এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার হাঁচি দেওয়া (একন্, সিপা, স্যাঙ্গুনেরিয়া), সন্ধ্যার সময় এবং রাত্রিতে যাহার বৃদ্ধি হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। জিহ্বা হরিদ্রা লেপযুক্ত (চেলি-

ডন্, চায়না, আয়োড)। গলার মধ্যে ছাল উঠিয়া যাওয়া বা চাঁচিয়া ফেলার ন্যায় অনুভূত হয় (আমন্-কার্ব্ব, কার্ব্বো-বেজ, কষ্ট, ফস্, পাল্‌স্) এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যের উপরিভাগে শ্লেষ্মার সঞ্চার।

পাকস্থলী। আহারের পরই উদরোর্দ্ধ প্রদেশে ভারিবোধ (ব্রাই, নাক্স্-বম্, পাল্‌স্); চাপদিলে পাকস্থলীর মধ্যে পূর্ণবোধ যাহা গলার মধ্য পর্য্যন্ত বিস্তৃত হয়; পাকস্থলীর মধ্য হইতে বুক পর্য্যন্ত খোঁচা বিঁধার ন্যায় যাতনা।

মল। প্রাতঃকালে উদরাময় (আলোজ, পডোফ, সাল্‌ফ); মল কটাবর্ণ এবং জলবৎতরল (আর্স, ক্যালী-বাই); দাস্তের পূর্ব্বে কোঁথ পাড়া এবং উদরে বেদনা; কোষ্ঠবদ্ধ (আলাম্, ব্রাই, নাক্স্-বম্, ওপিয়াম্, ফস্, সাল্‌ফ)।

শ্বাসযন্ত্র। কণ্ঠনালীতে চট্‌চটিয়া আঠা শ্লেষ্মার সঞ্চার (ক্যালী বাই, নাক্স্-বম্) এবং উহার সঙ্গে সঙ্গে বারম্বার গলায় ক্ষেকুর দেওয়ার ইচ্ছা ও গলায় ক্ষেকুর দিলেও যাহার উপশম হয় না; কণ্ঠনালীতে বেদনা (ফস্); স্বরভঙ্গ (কার্ব্বো-বেজ, কষ্ট); রোগী (স্ত্রীলোক) মনে করে যেন সে আর নিশ্বাস ফেলিতে পারিবে না এবং তাহার বুকের মধ্যে যেন আর বাতাস প্রবেশ করিবে না; অনবরত শ্রান্তিজনক শুষ্ক কাশি (নাক্স্-বম্), পাকস্থলীর মধ্যে সুড়্‌সুড়্ করার দরুণ যাহার উদ্রেক হয় (হিপ্-সাল্‌ফ, ফস্, সাঙ্গুনেরিয়া, সিপিয়া), চাপ পড়িলে, কথা বলিলে, প্রধানতঃ নিশ্বাসে বুকের মধ্যে ঠাণ্ডা বাতাস প্রবেশ করিলে এবং সন্ধ্যার সময়, বিছানায় শয়ন করিলে যাহার বৃদ্ধি হয় (কোনায়াম্, ড্রসিরা, হায়োস, মেজিরিয়াম্, নাক্স্-বম্, পাল্‌স্); কণ্ঠনালীতে এবং বক্ষাস্থির নীচে টাটানি ও ছাল উঠিয়া যাওয়ার ন্যায় অনুভূত হয় (আম্ব্রা, আমোনিয়া, ফস্, রাস্‌টক্স); উভয় ফুস্ফুসের সম্মুখ ভাগে কন্‌কনানি; বুকের বাম পার্শ্বে হৃৎপিণ্ডের নিকটবর্ত্তী স্থানে সূচীবিঁধানের ন্যায় জ্বালাযুক্ত এবং হুলফুটানের ন্যায় প্রখর বেদনা; দীর্ঘনিশ্বাসে, এবং রাত্রিতে বিছানায় শয়ন করিলে, যাহার বৃদ্ধি হয়; বুকের বাতরোগ (ব্রাই)।

অঙ্গ, প্রত্যঙ্গ। পায় প্রচুর লাল বা গোলাপী রঙের ঘন ঘন ফুস্কুড়ী।

চর্ম্ম। শরীরের স্থানে স্থানে চুলকানি (গ্রাফ, রাস্‌টক্স, সাল্‌ফ), নিম্নাঙ্গে বা গায়ের কাপড় ফেলিয়া দিলেই যাহা অধিক অনুভূত হয়; গায় হুল ফুটান বা কাঁটা বিঁধানের ন্যায় চুলকানি বা কুট্‌কুটানী; গায় ক্ষুদ্র ক্ষুদ্র ফোস্কার ন্যায় ফুস্কুড়ী; গায়ের কাপড় ফেলিলে বা গায় ঠাণ্ডা বাতাস লাগিলে শরীর চুলকায়।

ব্যবহার। অনবরত কণ্ঠনালী এবং বায়ুনলীর শ্রান্তিজনক প্রবল কাশি, যাহাতে গলাদিয়া কোন প্রকারের শ্লেষ্মাই নির্গত হয় না, গলায় চাপ পড়িলে, কথা বলিলে, ঠাণ্ডা বাতাস টানিলে যাহার বৃদ্ধি হয়; প্রাতঃকালীয় উদরাময়; শরীর চুলকানি ইত্যাদি অসুখে রুমেক্স ব্যবহার্য্য।

সমগুণবিশিষ্ট ঔষধ। ডাক্তার ক্যারল্‌ ডান্‌হাম্‌ (Dr. Carroll Dunham) বলেন যে, শ্বাসযন্ত্রে রুমেক্সের কার্য্য ল্যাকেসিস্‌, বেলাডোনা, কষ্টিকাম্‌ এবং ফস্ফরাসের ন্যায়। শ্বাস যন্ত্রের উপর ইহার কার্য্যের সঙ্গে স্পঞ্জিয়ারও অনেক সাদৃশ্য আছে। প্রাতঃকালে উদরাময় সম্বন্ধে ইহার কার্য্য অনেকটা এপিস্‌, সুফর, পডোফিলাম্‌ এবং সাল্‌ফারের ন্যায়। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে হিপার সাল্‌ফারের কার্য্যেরও সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। ৬, ১২ এবং ৩০ ডাইলুশনই ব্যবহার্য্য।

রুটা গ্রাবিয়োলেন্স,-রুটা

(RUTA GRAVEOLENS,-RUTA.)

এই গাছ কাঁচা অবস্থায় সংগ্রহ করিয়া যথানিয়মে প্রুফ স্পিরিটে ভিজাইয়া ইহার মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অস্থির আবরক কঠিন পর্দ্দা (Periosteum), অস্থি সন্ধি এবং উপাস্থির উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল, যাহার দরুণ উক্ত অংশে বাতরোগের লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। চক্ষুর উপরও প্রায় উক্ত প্রকারের কার্য্য দেখিতে পাওয়া যায়। স্ত্রীলোকের জরায়ুর উপরও ইহার কার্য্য অত্যন্ত প্রবল। ইহা জরায়ুতে রক্তাধিক্য এবং জরায়ুর পৈশিক

অংশের সঙ্কোচন উৎপাদন করে। অতএব ইহা জরায়ু হইতে রক্তস্রাব এবং গর্ভস্রাব নিবারণ করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। মাথায় দপ্‌দপিয়া বা চাপিয়া ধরার ন্যায় বেদনা; কপালের হাড়ে সূচী বিঁধান বা কুসিয়া ধরার ন্যায় যাতনা যাহা কর্ণের পশ্চাৎভাগের হাড় পর্য্যন্তও বিস্তৃত হয়; মাথার হাড়ের আবরক কঠিন পর্দ্দা থেঁৎলিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা, যাহা কর্ণের পশ্চাৎভাগের হাড় হইতে মাথার পশ্চাৎভাগের হাড় পর্য্যন্ত বিস্তৃত হয়।

চক্ষু। রগ্‌ড়াইলে নাসিকার নিকটবর্ত্তী চক্ষুর কোণে এবং চক্ষুর নিম্ন পাতায় জ্বালা এবং চিড়িকমারা; চক্ষু জলপূর্ণ; চক্ষুর নিম্ন পাতায় খিলধরা এবং তৎপর চক্ষু দিয়া প্রচুর পরিমাণে জল পড়া; চক্ষে জ্বালা এবং কন্‌কনানী; চক্ষে ঝাপ্সা দেখা; অনেকক্ষণ ধরিয়া অত্যন্ত মনোযোগের সহিত পুস্তকাদি পাঠ বা সরু কাপড়াদি সেলাই করার পর বা অন্য কোন প্রকারে চক্ষুর অতিরিক্ত ব্যবহারের পর চক্ষে উক্ত প্রকার দেখা, সন্ধ্যার সময়ই যাহা অধিক অনুভূত হয় (মিরিকা, নেট্রাম্, আর্স্, নেট্রাম্-মিউর, সিপিয়া, ফস্)।

পাকস্থলী এবং উদর। বারম্বার গন্ধহীন উদ্গার উঠা; পাকস্থলীতে জ্বালা বা চর্ব্বনবৎ যাতনা। যকৃত প্রদেশে চাপিয়া ধরার ন্যায় বা চর্ব্বনবৎ বেদনা।

শ্বাসযন্ত্র। শ্বাসরোধক কাশি, যাহার দরুণ রাত্রি দুই প্রহরের সময় ঘুমভাঙ্গিয়া যায়; বক্ষাস্থিতে চাপাবোধ; বুকে চর্ব্বনবৎ বেদনা।

গুহ্য এবং গুহ্যদ্বার। প্রস্রাব করার সময় গুহ্যের মধ্যে ছিঁড়িয়া ফেলা বা সূচী বিঁধানের ন্যায় বেদনা, বারম্বার বেগ দেওয়া বা কোঁথপাড়া, কিন্তু বেগ দিলে মল নির্গত হয় না এবং গুহ্যদ্বার বাহির হইয়া পড়ে; মলত্যাগ করার চেষ্টা করিলেই গুহ্য বাহির হইয়া পড়ে।

মূত্রযন্ত্র। মূত্রে পরিপূর্ণ থাকিলে যেরূপ হয়, মূত্রাধারে সেরূপ পূর্ণবোধ এবং তদ্দরুণ বারম্বার মূত্র ত্যাগের ইচ্ছা ও মনে হয় যেন তৎক্ষণই

অসাড়ে মূত্র নির্গত হইবে, অথচ বেগ দিলে অতি সামান্ত পরিমাণ মূত্র নির্গত হয়।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, ঘাড় এবং স্কন্ধে সেরূপ বেদনা; পৃষ্টদেশে বেদনা এবং মেরুদণ্ডে অত্যন্ত দুর্ব্বল বোধ; থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, পৃষ্ঠদেশ এবং গুহ্যদ্বারের ঠিক উপরিভাগে সেরূপ বেদনা; মেরুদণ্ডের মধ্য দিয়া নিম্ন দিকে শীতল বোধ।

অঙ্গ, প্রত্যঙ্গ। মারিলে, পড়িয়া গেলে বা আঘাত লাগিলে যেরূপ হয়, অঙ্গ, প্রত্যঙ্গ, সন্ধি এবং হাড়ে সেরূপ বেদনা (আর্নিকা); স্থানভ্রষ্ট হইলে বা থেঁৎলিয়া গেলে যেরূপ হয়, পায়ের গাঁটের সন্ধিতে সেরূপ বেদনা; পায়ের হাড়ে বেদনা, যাহার দরুণ সজোরে চলিবার ক্ষমতা থাকে না।

নিদ্রা। দিনের বেলা নিদ্রাবেশ এবং উহার সঙ্গে সঙ্গে গা ভাঙ্গিয়া রাত্রিতে বারম্বার ঘুম ভাঙ্গিয়া যায়; ঘুমেরঘোরে এলোমেলো স্বপ্ন দেখা।

চর্ম্ম। সমুদয় শরীরে চুলকানি (গ্রাফ্, রাস্-টক্স্), চুলকাইলে যাহার উপশম হয় (সাল্ফ্)।

ব্যবহার। থেঁত্‌লিয়া যাওয়া, মোচড়াইয়া পড়া বা অন্যকোন প্রকারের আঘাতজনিত অস্থি বা অস্থির আবরক কঠিন পর্দ্দার (Periosteum) অসুখ; অস্থির আবরক কঠিন পর্দ্দার প্রদাহ (Periostitis); বাতরোগ; চক্ষুর অতিরিক্ত ব্যবহার জনিত চক্ষুরোগ বা দৃষ্টিহীনতা; (Asthenopia); জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব; গর্ভস্রাব; অতিরিক্ত রজঃস্রাব; অস্থি, অস্থির আবরক কঠিন পর্দ্দা এবং উপাস্থিতে থেঁৎলিয়া যাওয়া বা মোচড়াইয়া পড়ার ন্যায় বেদনা; গুহ্য বাহির হইয়া পড়া (Prolapsus ani); কোষ্ঠবদ্ধ এবং মলত্যাগের সময় গুহ্য বাহির হইয়া পড়া ইত্যাদিতে রুটা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। চলিয়া বেড়ানের পর অত্যন্ত দুর্ব্বল বোধ এবং থেঁৎলিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, অঙ্গ প্রত্যঙ্গে সেরূপ যাতনা (আর্নিকা); কোমরের পশ্চাৎভাগ এবং কোমরে বেদনা; যে পাশে শয়ন করা যায়, সে পাশের সমুদয় অংশেই মোচড়াইয়া পড়া বা

থেঁত্লিয়া যাওয়ার ন্যায় বেদনা (আর্ণিকা, ব্যাপ্‌ট্‌); বিশ্রামকালীন, বসিয়া থাকা কালীন; ঠাণ্ডাতে এবং আর্দ্র বায়ুতে অসুখের বৃদ্ধি ও নড়া চড়াতে অসুখের উপশম ইত্যাদি রুটার বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণ বিশিষ্ট ঔষধ। জরায়ুর উপর রুটার কার্য্য ক্রোকাশ্ এবং সাবাইনার ন্যায়। অস্থির সন্ধি এবং শরীরের নানা অংশ পরিচালনার সহায়কারী যন্ত্রের উপর ইহার কার্য্য অনেকটা মেজেরিয়াম্ এবং ফাইটোলা-কার ন্যায়; চক্ষুর উপর ইহার কার্য্য অনেকটা ইউফ্রেসিয়ার কার্য্যের ন্যায়। এতদ্ভিন্ন কোন কোন বিষয়ে ইহার কার্য্যের সঙ্গে আমোনিয়াম্ কার্ব্বোনি-কাম্, আর্ণিকা, ব্রাইওনিয়া, ক্যাল্‌কেরিয়া কার্ব্ব্, লাইকোপডিয়াম্, মার্কিউরিয়াস্, ফস্ফরিক্ আসিড্, পাল্‌সেটিলা, রাস্-টক্স্, সিপিয়া, সাইলি-সিয়া এবং সাল্‌ফারের কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার।

ডাইলুশন বিচার। হানিমান ২য় ডাইলুশন ব্যবহার করিতেন। এই ঔষধের ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ডাইলুশনই লেখক সচরাচর ব্যবহার করিয়াই যথোচিত ফল পাইয়া থাকেন। কোন কোন চিকিৎসক ১২ এবং ৩০ ক্রমও ব্যবহার করিয়া থাকেন।

সাবাইনা,-সাবাইনা

(SABINA,-SABIN.)

এই গাছের কাঁচা পাতা এবং কুঁড়ির অগ্রভাগ যথানিয়মে ৪০° ডিগ্রী ওবার প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা প্রধানতঃ স্ত্রীলোকের জননেন্দ্রিয়ই অধিক আক্রমণ করিয়া থাকে। ইহা মূত্রযন্ত্র, পাকস্থলী এবং অন্ত্রও স্পষ্টরূপে আক্রমণ করিয়া থাকে, যাহার দরুণ উক্ত যন্ত্রাদি উত্তেজিত হইয়া উহাতে রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং প্রদাহ উৎপন্ন হইয়া, জরায়ু হইতে রক্তস্রাব এবং গর্ভস্রাব, মূত্রকৃচ্ছ্র ও ভেদ হয় এবং মলে রক্তমিশ্রিত থাকে।

সাধারণ প্রাকৃতির লক্ষণ ;

মন। সর্ব্বদা আপন বিষয়ে মন্দ চিন্তা করা, মনোন্মত্ততা বা মনো-রোগ (Hypochondriasis) (নাক্স্-বম্); মনের অত্যন্ত উদ্বেগ এবং আশঙ্কা (একন্, আর্স); বাদ্য অত্যন্ত অসহ্য হয়।

মস্তক। দাঁড়াইয়া থাকা কালীন মাথাঘোরা, যাহার দরুণ রোগী মনে করে যেন সে টলিয়া পড়িবে এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষে অন্ধকার দেখা; চাপিয়া ধরার ন্যায় মাথা বেদনা যাহা কর্ণের পশ্চাৎ ভাগেই অধিক অনুভূত হয় এবং যাহা হঠাৎ আরম্ভ হয় ও আস্তে আস্তে সারিয়া যায়; কপালে চাপিয়া ধরার ন্যায় ঘুশ্ ঘুশে বেদনা।

নাসিকা। সর্দ্দি এবং নাক দিয়া শুষ্ক শ্লেষ্মা নির্গমন।

মুখগহ্বর। মুখগহ্বর এবং গলার মধ্যে শুষ্কবোধ (এপিস্, নাক্স্-মস্ক্); সন্ধ্যার সময় এবং রাত্রিতে দাঁতে দপ্ দপিয়া বেদনা।

পাকস্থলী এবং উদর। টক দ্রব্য খাওয়ার ইচ্ছা (আণ্টি-টার্ট্, চায়না, হিপ্-সাল্ফ্, ফস্, পডোফ্, বিরেট্-আল্ব্); লিমোনেড্ (Lemonade) খাওয়ার অত্যন্ত ইচ্ছা; বুক জ্বালা এবং উদ্গার উঠা (নাক্স্-বম্, লাইকোপ্); উদর হইতে কুচ্কি পর্য্যন্ত কামড়াণ, মোচড়াণ বা প্রসব বেদনার ন্যায় বেদনা।

মল। রক্তমিশ্রিত শ্লেষ্মা ভেদ, অথবা উদরাময়।

মূত্রযন্ত্র। বারম্বার মূত্র ত্যাগের প্রবল ইচ্ছা বা বেগ এবং প্রচুর পরিমাণে মূত্র ত্যাগ (এপিস্, আপোসিনাম্, আর্জেন্ট্-মেট্); মূত্রাবরোধ; ফোঁটায় ফোঁটায় মূত্র নির্গমন এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রনালীতে জ্বালা (বেল্, ক্যান্থ্, ক্যানাবিস্-স্যাট্); ক্ষুদ্র সান্ধিবাতে মূত্রনালীর গোড়ায় অত্যন্ত উত্তেজনা।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের নিয়মিত সময়ের অনেক পূর্ব্বে অতিরিক্ত [illegible]মাণে এবং অনেক দিন ধরিয়া রজঃস্রাব (বেল্, ক্যাল্ক্-কার্ব্ব্, ক্যালী-[illegible], নাক্স্-বম্); পুরুষ সহবাসের অনিবার্য্য ইচ্ছা এবং ক্রমাগত পুরুষ সহবাসেও উক্ত ইচ্ছা পরিতৃপ্ত না হওয়া; জরায়ু হইতে থাকিয়া থাকিয়া রক্ত-

স্রাব, নড়াচড়াতে যাহার বৃদ্ধি হয়; কাল্‌চে (ক্যালী-নাইট্রিক্‌), থানা থানা, চাপ চাপ রক্তস্রাব (ক্রোকাশ্‌); জরায়ুর শক্তিহীনতা বা জড়তার দরুণ রক্তস্রাব (কলোফিলাম্‌); গর্ভস্রাব বা সন্তান প্রসবের পর রক্তস্রাব এবং উহার সঙ্গে সঙ্গে পৃষ্ঠদেশ হইতে গুহ্যদ্বারের ঠিক উপরিভাগ পর্য্যন্ত বেদনা; গর্ভস্রাব (প্রধানতঃ তৃতীয় মাসে) (সিকেল্‌); গাঢ় হরিদ্রাবর্ণের, দুর্গন্ধযুক্ত শ্বেতপ্রদর নিঃসরণ; রজঃরোধের পর শ্বেতপ্রদর; ঋতুর সময় রক্তস্রাব না হইয়া তৎপরিবর্ত্তে শ্বেত প্রদর নিঃসরণ।

শ্বাসযন্ত্র। কোন প্রাণী হামা দিয়া যাইলে যেরূপ হয়, কণ্ঠনালীতে সেরূপ অনুভূত হয় বা উহাতে সুড়্‌সুড়ী, যাহার দরুণ কাশির উদ্রেক হয় এবং গলা দিয়া চট্‌চটিয়া আঠা শ্লেষ্মা নির্গত হয়; শুষ্ক খুশ্‌খুশে কাশি এবং বায়ু-নলের মধ্যে সুড়্‌সুড়ী; গলা দিয়া শ্লেষ্মার সঙ্গে রক্ত পড়া (একন্‌, চায়না, ফেরাম্‌, হামামেলিস্‌); বক্ষাস্থিতে চাপিয়া ধরার ন্যায় বেদনা, নিশ্বাস প্রশ্বাসে যাহার হ্রাস বা বৃদ্ধি হয় না।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। কোমরের পশ্চাংভাগ হইতে টানিয়া বা কসিয়া ধরার ন্যায় বেদনা আরম্ভ হইয়া গুহ্যদ্বারের ঠিক উপরিভাগ পর্য্যন্ত বিস্তৃত হয়।

অঙ্গ, প্রত্যঙ্গ। অঙ্গ প্রত্যঙ্গে কসিয়া ধরা বা ছিঁড়িয়া ফেলার ন্যায় বেদনা, বিশেষতঃ রাত্রিতে, যাহা মণিবন্ধ এবং পায়ের আঙ্গুলেই অধিক অনুভূত হয় ও আক্রান্ত স্থানের উজ্জ্বল লালবর্ণের স্ফীতি; সন্ধিবাত; থেঁত্‌লিয়া গেলে বা মোচড়াইয়া পড়িলে যেরূপ হয়, ঊরুদেশের সম্মুখ ভাগে সেরূপ বেদনা।

নিদ্রা। অস্থির এবং ভগ্ন নিদ্রা বা ঘুম ভাল না হওয়া।

ব্যবহার। অতিরিক্ত বা প্রচুর রজঃস্রাব; জরায়ু হইতে অতিরিক্ত রক্তস্রাব; গর্ভস্রাব, (তৃতীয় মাসে গর্ভস্রাবের পক্ষে বিশেষ উপকারী); শ্বেতপ্রদর; জরায়ু প্রদাহ; মৃত্তিকা পাণ্ডুরোগ (Chlorosis); হিষ্টিরিয়া; সন্ধিবাতজনিত অসুখ; শরীরের স্থানে স্থানে গ্রন্থির ন্যায় স্ফীতি; ডিম্বকোষের উত্তেজনা; গর্ভস্রাব হওয়ার আশঙ্কা এবং তদ্দরুণ কতক তরল এবং কতক চাপ চাপ, থানা থানা রক্তস্রাব; রজঃস্রাবের নির্দ্দিষ্ট সময়ে রক্তস্রাব

না হইয়া তৎপরিবর্ত্তে প্রচুর শ্বেত প্রদর নিঃসরণ; উদরাময়; রক্তামাশয় ইত্যাদি অসুখে সাবাইনা ব্যবহার্য্য। স্ত্রীলোকের যোনিদ্বারে বা জরায়ুর মুখের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানে ফুলকফির ন্যায় শ্লৈষ্মিক স্ফোটকে (Condylomata) সাবাইনার বাহ্যপ্রয়োগে বিশেষ উপকার দর্শে।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। সমুদয় অঙ্গ প্রত্যঙ্গে দুর্ব্বল এবং শ্রান্তিবোধ এবং উহার সঙ্গে সঙ্গে হতাশের ভাব; সমুদয় শরীরে ভারিবোধ এবং তদ্দরুণ অলসবোধ ও শয়ন করিয়া থাকার ইচ্ছা; রক্তবহা নালী সমূহে দপ্ দপানি; রজঃস্রাবের নির্দ্দিষ্ট সময়ে রক্তস্রাব না হইয়া তৎপরিবর্ত্তে শ্বেতপ্রদর নিঃসরণ ইত্যাদি সাবাইনার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। বেলাডোনা, ক্রোকাশ্, পাল্‌সেটিলা, ট্রিলিয়াম্, আর্ণিকা, ককিউলাস্, রাস্‌টক্স্, সাল্‌ফার।

প্রতিষেধক ঔষধ। ক্যাম্ফার, পাল্‌সেটিলা।

ডাইলুশন বিচার। ১ম হইতে ৩০ ডাইলুশন ব্যবহার করিয়া অনেক চিকিৎসক বিশেষ ফল পাইয়াছেন এরূপ চিকিৎসা বিষয়ক গ্রন্থে পাঠ করা যায়। অনেকে ইহার আদত গুঁড়া বা তৈল ব্যবহার করিয়াও বিশেষ ফল পাইয়া থাকেন। লেখক স্বয়ং ৩য় এবং ৬ষ্ঠ দশমিক ক্রমের গুঁড়াই সচরাচর অধিক ব্যবহার করিয়া যথোচিত ফল পাইয়া থাকেন। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, তিনি ২য় এবং ৩য় দশমিক ক্রম ব্যবহার করিয়াই যথোচিত ফল পাইয়া থাকেন। সাবাইনার গুঁড়া, ৫ হইতে ২০ গ্রেইণ, ২ কাঁচ্চা পরিষ্কার জলে বা ওলিব্ অএল (Olive-oil) মিশাইয়া বাহ্য প্রয়োগে ব্যবহৃত হইয়া থাকে।

সাঙ্গুনেরিয়া ক্যানেডেন্‌সিস্,-সাঙ্গুনের

(SANGUINARIA CANADENSIS,-SANG.)

এই গাছের শিকড় বা শিকড় হইতে যে ডাঁটার ন্যায় শিকড় বাহির হয়, (রিজোম্,-Rhizome), তাহা যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল

আরোক প্রস্তুত হইয়া থাকে। সাঙ্গুনেরিণ্‌ যথানিয়মে সুগার অব্‌ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহা শ্বাসযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লী আক্রমণ করিয়া উহাতে উত্তেজনা এবং শ্লেষ্মা জনিত প্রদাহ উৎপাদন করে। নিউমোগ্যাস্ট্রিক্ স্নায়ুর (Pneumogastric nerve) উপর ইহার কার্য্য অতি প্রবল। উক্ত স্নায়ু দিয়া ইহা যকৃত এবং পরিপাক সম্বন্ধীয় যন্ত্রের অসুখ উৎপাদন করে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মস্তক। বসা অবস্থা বা মাথা হেট করিয়া উপুড় হইয়া থাকার অবস্থা হইতে সোজা হইয়া দাঁড়াইলে মাথাঘোরা (ব্রাই); তাড়াতাড়ি মাথা ঘুরাইলে মাথাঘোরা (ক্যাল্ক্‌-কার্ব্ব), অথবা উপরের দিকে তাকাইলে মাথা ঘোরা (ক্যাল্ক্‌-কার্ব্ব্‌, কুপ্রাম্‌): মাথার রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার সঙ্গে সঙ্গে কানে সাঁই সাঁই শব্দ এবং দমকা রকমের উষ্ণানুভব (একন্‌); কপালে চাপিয়া ধরার ন্যায় ঘুণ্‌ঘুণে বেদনা (ইউফ্রেস্‌, মার্ক্‌-কর); মাথাধরা, থাকিয়া থাকিয়া যাহার আক্রমণ হয় (চায়না); মাথা বেদনা মাথার পশ্চাৎভাগ হইতে আরম্ভ হইয়া (বিরেট্‌-বিরাইড্‌) উপরের দিকে বিস্তৃত হয় এবং তৎপর ডাইন চক্ষুর উপরিভাগে স্থিত হয়; শিরঃপীড়া, যাহার দরুণ মনে হয় যেন মাথা ফাটিয়া যাইবে (ব্রাই, ক্যাপ্স্‌, চায়না, পাল্‌স্‌, নেট্রাম্‌-মিউর); কপাল এবং কপালের দুই পার্শ্বে বেদনা, ডাইন অংশে যাহা অধিক অনুভূত হয় ও বহির্ব্বায়ুতে যাহার উপশম হয় (পাল্‌স্‌, সিপিয়া); শিরঃপীড়া, উহার সঙ্গে সঙ্গে বমনোদ্বেগ এবং শীতবোধ ও তৎপর দমকা উষ্ণানুভব, যাহা মাথা হইতে পাকস্থলী পর্য্যন্ত বিস্তৃত হয়।

চক্ষু। চক্ষুরতারা বিস্তৃত (এইলান্থ্‌, বেল্‌, সিকুটা, হায়োস্‌); চক্ষে জ্বালার সহিত শুষ্কতা এবং তৎপর চক্ষু দিয়া প্রচুর জল পড়া (আর্স, ইউফ্রেসি)।

কর্ণ। কানে জ্বালানুভব; গাল লালবর্ণ; কর্ণশূল এবং উহার সঙ্গে সঙ্গে কানের মধ্যে হুল ফুটানের ন্যায় বেদনা এবং মাথাঘোরা।

নাসিকা। সর্দ্দি এবং তদ্দরুণ নাক দিয়া প্রচুর পরিমাণে জলবৎ-

তরল শ্লেষ্মা নির্গমন (একন্, আর্স, সিপা, জেলস্, আইরিস্, রুমেক্স) যাহা ডাইন নাসারন্ধ্রেই অধিক হয়।

মুখমণ্ডল। এক বা উভয় গালের স্থানে স্থানে চক্রাকারে লালবর্ণ হওয়া (ক্রিয়াজ); বিকারের লক্ষণাক্রান্ত ফুস্ফুস প্রদাহে (Typhoid Pneumonia) গাল নীলবর্ণ হওয়া; মুখমণ্ডল শিটা এবং উহার সঙ্গে সঙ্গে বমন; ওষ্ঠে শুষ্কবোধ; উপরের মাড়িতে স্নায়ুশূলের ন্যায় বেদনা, যাহা নাক, চক্ষু, কান, গ্রীবা এবং মাথার একপার্শ্ব পর্য্যন্তও বিস্তৃত হয়; আক্রান্ত স্থানে খোঁচাবিঁধার ন্যায় বা জ্বালাযুক্ত বেদনা, যাহার দরুণ রোগী মেজ্যাতে হাঁটু গাড়িয়া মাথা কসিয়া ধরিয়া থাকিতে বাধ্য হয়।

মুখগহ্বর এবং গলার মধ্য। মুখে স্বাদ শূন্যতা এবং পুড়িয়া গেলে যেরূপ হয়, জিহ্বায় সেরূপ অনুভূত হওয়া (পাল্স্); মাড়ি এবং তালুকাতে ক্ষত। গিলিবার সময় মনে হয় যেন গলা অত্যন্ত ফুলিয়াছে এবং যাহার দরুণ শ্বাসরোধ হওয়ার উপক্রম হয়; গলার মধ্যে শুষ্কবোধ, জলাদি পান করিলেও যাহার উপশম হয় না; ছাল উঠিয়া গেলে যেরূপ হয়, গলার মধ্যে সেরূপ জ্বালা এবং টাটানি (এরাম্, আর্জেণ্ট-নাইট্রিক্); গলার মধ্যে ক্ষত সম্বলিত টাটানি (হাইড্রাষ্ট্, মার্ক্, নাইট্রিক্-আস্, ফাইটোল্); তালুকা এবং মুখগহ্বরের পশ্চাৎভাগ সাগুদানার ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটক দ্বারা আবৃত।

পাকস্থলী। কি খাইতে যে ইচ্ছা যায় তাহা রোগী স্থির করিতে পারে না; মসলাযুক্ত দ্রব্যাদি খাওয়ার ইচ্ছা (ফস্); ভয়ানক বমনোদ্বেগ, থাকিয়া থাকিয়া যাহার উদ্রেক হয় (আণ্টি-টার্ট্) এবং উহার সঙ্গে সঙ্গে মুখে প্রচুর লাল উঠা, মাথাধরা, শীত এবং উষ্ণানুভব; বমনোদ্বেগ, বমন দ্বারাও যাহার উপশম হয় না; তিক্ত জল বমন; টক, জ্বালা উৎপাদক, উগ্র জলবৎ টক পদার্থ বমন; উদরস্থ আহার দ্রব্যাদি বমন (ইপিকাক্, ফস্, বিরেট্-আল্ব); কৃমি বমন (একন্); পাকস্থলীতে খালি খালিবোধ এবং উহার সঙ্গে সঙ্গে মূর্চ্ছার ভাব বা অবসন্নতা ও জ্বরভাব; উদরোর্দ্ধ প্রদেশে চাপা বোধ এবং টাটানি, আহারের পর যাহার বৃদ্ধি হয়; পাকস্থলীতে জ্বালা (আর্স, ক্যাম্ফ্, আইরিস্, বিরেট-আল্ব)।

মল। উদরাময়ের ন্যায় তরলভেদ এবং উহার সঙ্গে সঙ্গে গুহ্যদ্বার দিয়া প্রচুর দূষিত বায়ু নিঃসরণ (আলোজ্); সর্দ্দির পর উদরাময়; বুকে বেদনা এবং কাশি।

মূত্রযন্ত্র। রাত্রিতে প্রচুর পরিমাণে বারম্বার, জলের ন্যায় পরিষ্কার মূত্রত্যাগ (নেট্রাম্-মিউর, ফস্-অ্যাস্)।

জননেন্দ্রিয়। স্ত্রীলোকের শেষ রজঃরোধের সময় অসুখ, বিশেষতঃ বারম্বার দমকা উষ্ণানুভব এবং শ্বেতপ্রদর নিঃসরণ (ল্যাক্); তলপেটে বেদনা, যাহার দরুণ মনে হয় যেন রজঃস্রাব আরম্ভ হইবে (আলোজ্, কলোফিলাম্, সিমিসিফ্, পাল্স্); জরায়ুর মুখ ক্ষতযুক্ত; দুর্গন্ধযুক্ত ক্ষতকারক শ্বেতপ্রদর নিঃসরণ; উভয় স্তনের বোঁটায়ই সূচী বিধানের ন্যায় যাতনা; স্তনের বোঁটায় টাটানি।

শ্বাসযন্ত্র। গলার মধ্যের গভীরতম অংশে সুড়্সুড়ীর দরুণ শুষ্ক খুশ্খুশে কাশি (হিপ্-সাল্ফ্, ফস্, রুমেক্স্, সিপিয়া) এবং উহার সঙ্গে সঙ্গে গলার মধ্যে শুষ্কবোধ; বক্ষাস্থির পশ্চাৎভাগে কোন প্রাণী হামা দিয়া যাইতেছে এরূপ অনুভূত হয়; শুষ্ককাশি, যাহার দরুণ ঘুম ভাঙ্গিয়া যায় এবং বিছানায় সোজা হইয়া না বসিলে বা গুহ্যদ্বার দিয়া ও উদ্গার দ্বারা দূষিত বায়ু নিঃসৃত না হইলে যাহার উপশম হয় না; কাশি এবং উহার সঙ্গে সঙ্গে গালের স্থানে স্থানে চক্রাকারের লাল দাগ পড়া; বুকে বেদনা, সর্দ্দি এবং তদ্দরুণ নাক দিয়া শ্লেষ্মা নির্গমন; অত্যন্ত শ্বাসকষ্ট এবং বুকে আঁটাবোধ ও তদ্দরুণ দীর্ঘনিশ্বাস টানিবার ইচ্ছা; বুকের উপরিভাগে অনবরত চাপা এবং ভারিবোধ ও উহার সঙ্গে সঙ্গে শ্বাসকষ্ট; বক্ষাস্থি এবং ডাইন স্তনের বোঁটার মধ্যবর্ত্তী স্থানে তীক্ষ্ণ, চিন্‌চিনে বেদনা; বক্ষাস্থির নীচে এবং বুকের ডাইন পার্শ্বে প্রবল বেদনা ও জ্বালা; বুকের ডাইন পার্শ্বে, স্তনের বোঁটার নিকটবর্ত্তী স্থানে সূচীবিধানের ন্যায় অত্যন্ত যাতনা; যক্ষ্মা-কাশির ভোগ কালীন গলা দিয়া রক্ত উঠা; গলা দিয়া কঠিন এবং মরিচার রঙ্গবিশিষ্ট শ্লেষ্মা নির্গমন (Rusty Sputa); অত্যন্ত শ্বাসকষ্ট; ফুস্ফুস প্রদাহ এবং ফুস্ফুস যকৃতবৎ হওয়া (Hepatized); বুকের ডাইন পার্শ্ব হইতে স্কন্ধ পর্য্যন্ত বেদনা, যাহার দরুণ অতি কষ্টে রোগী মাথার তালুতে হাত রাখিতে

পারে ; শ্বাস প্রশ্বাসে অত্যন্ত দুর্গন্ধ (ক্যাপ্স্, ক্রোকাশ্); গলাদিয়া অত্যন্ত দুর্গন্ধযুক্ত শ্লেষ্মা নির্গমন।

হৃৎপিণ্ড এবং নাড়ী। হৃৎপিণ্ড এবং নাড়ী অনিয়মিতরূপে স্পন্দন করে এবং উহার সঙ্গে সঙ্গে সমুদয় শরীর ঠাণ্ডা হয় এবং জ্ঞান থাকে না।

গ্রীবা এবং পৃষ্ঠদেশ। ঘাড়, স্কন্ধ এবং বাহুতে বাতের বেদনা।

জ্বর। শরীরে জ্বালাযুক্ত উষ্ণানুভব এবং উহার সঙ্গে সঙ্গে পর্য্যায়-ক্রমে শীত এবং কম্প; উষ্ণতা যেন মাথা হইতে পাকস্থলীতে বিস্তৃত হয়; গায় দমকা উষ্ণানুভব; গা দিয়া উত্তাপ যেন বাষ্পের ন্যায় বাহির হয় বলিয়া অনুভূত হয় (ক্যাল্ক্-কার্ব্ব্)।

ব্যবহার। সর্দ্দি; ঘুংড়ী কাশি; হৃৎপি কফ বা কাশি; হাঁপানি কাশি; ফুস্ফুস-প্রদাহ; বিকারের লক্ষণাক্রান্ত ফুস্ফুস-প্রদাহ (Typhoid Pneumo-nia); গলাদিয়া ফুস্ফুস হইতে রক্ত উঠা; বক্ষশোথ (Hydrothorax); ফুস্ফুস সম্বন্ধীয় যক্ষাকাশ (Pulmonary Consumption); কামল রোগ; উদরাময়; বাতরোগ; বমন সম্বলিত শিরঃপীড়া (Sick-headache); অজীর্ণরোগ; রক্ত, পূঁয ইত্যাদি নিঃসরণহেতু জ্বর বা হেক্টিক্ ফিবার (Hectic Fever) ইত্যাদি অসুখে সাঙ্গুনেরিয়া ব্যবহার্য্য। ডাক্তার জুসেট্ (Dr. Jousset) বলেন যে, যে প্রকার আধকপালিয়া মাথা ব্যাথা (Hemicrania) শয়ন করিয়া থাকিলে বা ঘুমাইলে উপশম হয় এবং যাহার সঙ্গে সঙ্গে পিত্ত বমন, দন্তশূল, কর্ণশূল, অঙ্গ প্রত্যঙ্গে বেদনা, মাথায় যেন বিদ্যুতের ন্যায় ধাক্কা লাগে এবং শীতকম্প হয়, তাহাতে এই ঔষধ বিশেষ উপকারী। যে প্রকার আধ্কপালিয়া মাথাব্যাথা রজঃস্রাবের সময় (বিশে-ষতঃ যাহাদের অতিরিক্ত রজঃস্রাব হয়) হয়, তাহাতেই সাঙ্গুনেরিয়া অধিক উপকারী। ডাক্তার মিল্স্ (Dr. Mills) বলেন যে, যে প্রকার শিরঃপীড়া সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গে আরম্ভ হইয়া দুই প্রহরের সময় অত্যন্ত বৃদ্ধি হয় এবং সূর্য্যাস্তের সঙ্গে সঙ্গে কমিয়া যায়, সেপ্রকার শিরঃপীড়ায় এই ঔষধ বিশেষ উপকারী। ডাক্তার হেরিংও (Dr. Hering) উক্ত মতের পোষ-কতা করেন। ডাক্তার মিল্স্ আরো বলেন যে, উক্ত প্রকারের মাথা ব্যাথা আরম্ভ হওয়ার পূর্ব্বে মূত্রের পরিমাণ অত্যন্ত কমিয়া যাওয়া এবং প্রচুর

পরিমাণে মূত্র নিঃসরণের পর মাথাব্যাথা সারিয়া যাওয়া এই ঔষধ ব্যবহারের একটী বিশেষ প্রাকৃতিক নির্দ্দিষ্ট লক্ষণ মধ্যে পরিগণিত। তাঁহার মতে স্ত্রীলোকের শেষ রজঃরোধের সময় উক্ত অসুখে ইহা বিশেষ উপকারী।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। অত্যন্ত দুর্ব্বলতা এবং বলক্ষয়; সমুদয় শরীরের জড়তা এবং অলসবোধ; উষ্ণতা যেন মাথা হইতে পাকস্থলীতে বিস্তৃত হয়; উষ্ণ জল ঢালিয়া দিলে যেরূপ হয়, বুক বা স্তন হইতে উদরে সেরূপ অনুভূত হয়; সমুদয় শরীরে কুট্‌কুটানি এবং উষ্ণানুভব; প্রাতঃকাল এবং সন্ধ্যার সময়, আলোকে, গোলমালে ও নড়াচড়াতে অসুখের বৃদ্ধি এবং নিস্তব্ধভাবে শয়ন করিয়া থাকিলে, অন্ধকার ঘরে ও বমনের পর অসুখের উপশম ইত্যাদি সাঙ্গুনেরিয়ার কতকগুলি বিশেষ প্রাকৃতিক লক্ষণ।

সমগুণবিশিষ্ট ঔষধ। ডাক্তার হেলের (Dr. Hale) মতে সাঙ্গু-নেরিয়ার কার্য্যের সঙ্গে ফস্ফরাসের কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। ডাক্তার হিউজ্ (Dr. Hughes) বলেন যে, সিলার (Scilla) কার্য্যের সঙ্গেই অন্যান্য ঔষধ অপেক্ষা সাঙ্গুনেরিয়ার কার্য্যের অধিক সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে আর্ণ্টিমোনিয়াম্ টার্টারিকাম্, বেলাডোনা, ব্রাইওনিয়া, চেলিডোনিয়াম্, হিপার সাল্‌ফিউরিস্, আইরিস্, মার্কিউরিয়াস্, রুমেক্স্, স্পঞ্জিয়ার কার্য্যের সাদৃশ্য আছে।

প্রতিষেধক ঔষধ। ওপিয়াম্, রাস্ রাডিকান্স্।

ডাইলুশন বিচার। ৩য়, ৬ষ্ঠ, ১২ এবং ৩০ ডাইলুশন সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। ডাক্তার জুসেটের (Dr. Jousset) মতে মাথাব্যাথায় ১২ এবং ৩০ ডাইলুশন অধিক উপকারী।

স্যাণ্টোনাইন্,-স্যাণ্টোন্

(SANTONINE,-SANTON.)

কোন এক বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনীত স্যাণ্টোনাইন্ ক্রয় করিয়া যথানিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। ইহার কার্য্য অনেকটা সিনার (Cina) কার্য্যের ন্যায়। কিন্তু ইহা স্বতন্ত্ররূপে ব্যবহার করিলে ইহার কার্য্য বিশেষ স্পষ্টরূপে দেখিতে পাওয়া যায়। ইহা সেবনে অসাড়ে বা অনিচ্ছাপূর্ব্বক মূত্র নির্গত হয়। অতএব মূত্রধারণে অশক্তি হইলে ইহা (বিশেষতঃ শিশু বা ছোট বালক, বালিকাগণের অন্ত্রে কৃমী থাকার দরুন হইলে) বিশেষ উপকারী। চক্ষের উপরও ইহার কার্য্য অতি প্রবল। প্রথমতঃ চক্ষে কোনও রঙ্গ দেখিতে পাওয়া যায় না; দ্বিতীয়তঃ রঙ্গ চিনিতে গোলমেলে বোধ হয়। অতএব চক্ষুর যে প্রকার অসুখে চক্ষে রঙ্গ সম্বন্ধে উক্ত প্রকারের গোলযোগ দেখিতে পাওয়া যায়, তাহাতে স্যাণ্টোনাইন্ ব্যবহার্য্য। মস্তিষ্কের উপরও ইহার কার্য্য অতি প্রবল। কারণ, কৃমী বিনাশ করার জন্য শিশু বা ছোট বালক বালিকাদিগকে অধিক মাত্রায় স্যাণ্টোনাইন্ সেবন করাইলে তাহাদিগের আক্ষেপ হইতে দেখা যায়। ইহা চক্ষুর কোরোয়ডাইটিস্ (Choroiditis), রেটিনাইটিস্ (Retinitis), দৃষ্টিহীনতা, চক্ষে ছানি পড়া (Cataract) এবং চক্ষুর কর্ণিয়ার অস্বচ্ছতার (Opacity of the Cornea) পক্ষে বিশেষ উপকারী। চক্ষুর আইরিস্ প্রদাহেও (Iritis) উপকারী। চক্ষুর উপর ইহার কার্য্যের সঙ্গে আট্রোপিয়া এবং ডিজিটালিসের অনেক সাদৃশ্য আছে। ১ম হইতে ৩য় দশমিক ক্রমের গুঁড়াই সচরাচর ব্যবহৃত হইয়া থাকে। (৪৩১ পৃষ্ঠার সিনা (Cina) নামক ঔষধের বিবরণ দ্রষ্টব্য)।

সারাসেনিয়া পার্প্যুরিয়া,-সারাসেন্

(SARRACENIA PURPUREA,-SARRACEN)

এই গাছের সমুদয় অংশ যথা নিয়মে উষ্ণ পরিষ্কার জলে ভিজাইয়া ইহার ইনফিউশন্ (Infusion) বা কাথ, অথবা শুকনা গাছের সমুদয় অংশ যথা-নিয়মে সুগার অব্ মিল্কে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া এবং ইহার শিকড় দ্বারা মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। অল্প কএক বৎসর হইতে ইহা আমেরিকাতে বসন্ত রোগের চিকিৎসায় ব্যবহৃত হইয়া আসিতেছে। বসন্ত রোগের

চিকিৎসায় ইহা এক বিশেষ উপকারী ঔষধ বলিয়া ইংলণ্ড এবং আমেরিকাস্থ চিকিৎসকগণ প্রশংসা করিয়াছেন। ইহা সেবনে প্রথম ফুস্কুড়ী গুলি বিকাশ প্রাপ্ত হইয়া প্রকাশ পায় এবং গুটিগুলিতে অতিরিক্ত পরিমাণে পুঁয উৎপাদন নিবারিত হয়। সুস্থ শরীরে সেবনে ইহা দ্বারা জ্বরভাব এবং উহার সঙ্গে সঙ্গে অস্থিতে বেদনা এবং অঙ্গ প্রত্যঙ্গে টাটানি ইত্যাদি কতকগুলি বসন্ত রোগের লক্ষণাদি প্রকাশ পাইয়া থাকে। অতএব বসন্ত রোগে এই ঔষধ উপকারী। ইহার ১ম দশমিক হইতে ৩য় শততমিক ক্রমের গুঁড়া বা আরোক ব্যবহার্য্য।

সার্সাপেরিলা,-সার্সা

(SARSAPARILLA,-SARSA.)

জেমেকাতে এই গাছ জন্মে। ইহার শুকনা শিকড় যথানিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। রক্তের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা রক্তকে দূষিত করে এবং তদ্দরুণ গায় দাদের ন্যায় চক্রাকারের ও অন্যান্য রকমের ফুস্কুড়ী প্রকাশ পায়। মূত্র যন্ত্রের উপরও ইহার বিশেষ কার্য্য আছে, যাহার দরুণ মূত্রাধারাদিতে পাথরীর (Gravel) লক্ষণাদি প্রকাশ পায়। অতএব উক্ত রোগে সার্সাপেরিলা এক অত্যন্ত উপকারী ঔষধ মধ্যে পরিগণিত।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। যাতনাদির সঙ্গে সঙ্গে এবং ধাতু নিঃসরণের পর মনের উদ্বেগ।

মস্তক। মাথায় ভারিবোধ; মাথার বাম পার্শ্বে চাপিয়া ধরা বা সূচীবিঁধানের ন্যায় যাতনা; মাথায় দপ্‌দপিয়া বেদনা।

চক্ষু। চক্ষুর মধ্যে খোঁচাবিধার ন্যায় বেদনা; চক্ষুর সম্মুখে কুয়াশা থাকিলে যেরূপ হয়, চক্ষে সেরূপ ঝাপ্সা দেখা (কষ্টি, ফস্, রালান্‌কুলাস্, সাল্‌ফ্)।

মুখমণ্ডল। মুখমণ্ডলে ফুস্কুড়ী; স্তনদুগ্ধপোষ্য শিশুগণের মুখে ফুস্কুড়ীর (Milk-crust) ন্যায় ফুস্কুড়ী (বায়োলা ট্রিকালার); মাড়ির সন্ধি এবং উহার সঞ্চালনের সহায়কারী পেশীতে শক্ত এবং আঁটা বোধ।

মুখগহ্বর। প্রাতঃকালে মুখে তিক্তস্বাদ (ব্রাই, নাক্স-বম, পাল্স)।

পাকস্থলী এবং উদর। আহারের পর তিক্ত উদ্গার উঠা। উদরে গড়্ গড়্, কল কল শব্দ হওয়া এবং উহার সঙ্গে সঙ্গে উদরে খালিবোধ, উদরের বাম পার্শ্বে সূচীবিধানের ন্যায় যাতনা।

মল। মল অতি কষ্টে নির্গত হয়, যাহার দরুণ অত্যন্ত যাতনার উদ্রেক হয়।

মূত্রযন্ত্র। বারম্বার প্রস্রাব করার ইচ্ছা এবং একবারে অতি কম পরিমাণে মূত্র নির্গত হওয়া ও উহার সঙ্গে সঙ্গে মূত্র নালীতে অত্যন্ত জ্বালা বোধ (একন্, ক্যান্থ্); দিবা রাত্রি বারম্বার প্রচুর পরিমাণে ফিকা মূত্র নিঃসরণ (এপিস্, আপোসিনাম্, বার্ব্বেরিস্); মূত্রে ক্ষুদ্র ক্ষুদ্র পাথরী (Gravel) থাকে; মূত্র কাদার জলের ন্যায় ঘোলাটিয়া; মূত্র ত্যাগ সমাপ্ত হওয়া হওয়া সময়ে অত্যন্ত যাতনা।

শ্বাসযন্ত্র। বুকে আক্ষেপিক রকমের যাতনা।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশ হইতে শুক্র নিঃসারক সূত্র (Spermatic Cord) পর্য্যন্ত বেদনা; ধাতুনিঃসরণের পর উক্ত প্রকারের যাতনা।

অঙ্গ, প্রত্যঙ্গ। বাহু, হাত এবং আঙ্গুলের সন্ধিতে সূচীবিধানের ন্যায় যাতনা; হাতের আঙ্গুলে গভীর আব্ড়ু খাব্ড়ু ফাটা এবং উহাতে অত্যন্ত জ্বালানুভব; মনে হয় যেন হাতের আঙ্গুলের আগায় ক্ষত হইয়াছে। উরু, হাঁটু এবং পায় সূচী বিধানের ন্যায় যাতনা।

চর্ম্ম। শরীরের প্রায় সমুদয় স্থানেই দাদের ন্যায় ফুস্কুড়ী; শরীরের স্থানে স্থানে গভীর জ্বালাযুক্ত এবং বেদনাযুক্ত ফাটার ন্যায় ক্ষত (গ্রাফ্); কখন কখন সমুদয় শরীরে চুলকানি; সন্ধ্যার সময় বিছানায় এবং প্রাতঃকালে ঘুম ভাঙ্গার পর বিছানা হইতে উঠিলে শরীর চুলানি; শরীরের স্থানে স্থানে শুষ্ক, লালবর্ণের ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণের ন্যায় ফুস্কুড়ী, উত্তাপ লাগিলে যাহা চুলকায়; চামড়া কোঁচ্কাইয়া যায়।

জ্বর। বারম্বার শীত কম্প, শরীরের নিম্নভাগ হইতে যাহা উপরি-ভাগে বিস্তৃত হয়; সন্ধ্যার সময় বিছানায় শয়ন করিলে শরীর উষ্ণ হয়; বৈকালে বা সন্ধ্যার সময় শরীরের উত্তাপের সঙ্গে সঙ্গে ঘর্ম্ম।

ব্যবহার। বৃহৎ এবং ক্ষুদ্র সন্নিবাত জনিত অসুখ; ক্ষত; দাদের ন্যায় চক্রাকারের ফুস্কুড়ী; মূত্রাধারাদিতে পাথরী (Gravel); হাঁপানি কাশি; বাতরোগ; প্রমেহ রোগ; গরমীর ব্যারাম বা পারার অপব্যবহার জনিত শরীরের স্থানে স্থানে চক্রাকারের ফুস্কুড়ী ইত্যাদি অসুখে সার্সা পেরিলা ব্যবহার্য্য।

বিশেষ প্রাকৃতিক লক্ষণ। গরমীর ব্যারাম, প্রমেহ রোগ বা পারার ব্যবহার বা অপব্যবহারের পর ইহা বিশেষ উপকারী।

সমগুণবিশিষ্ট ঔষধ। আমোনিয়াম্ কার্ব্বোনিকাম্, বেলাডোনা, ক্যামোমিলা, মার্কিউরিয়াস্, সিপিয়া, সাল্ফার।

প্রতিষেধক ঔষধ। বেলাডোনা, মার্কিউরিয়াস্।

ডাইলুশন বিচার। ৬ষ্ঠ, ১২, এবং ৩০ ডাইলুশনই সচরাচর অধিক ব্যবহৃত হইয়া থাকে। গরমীর ব্যারাম, প্রমেহ রোগ এবং পারার অপব্যবহার জনিত অসুখে, বিশেষতঃ গায় চক্রাকারের ফুস্কুড়ীতে, মূল আরোক, ২।৩ ফোঁটা মাত্রায়, সেবনে মিশ্র আরোক অপেক্ষা অধিক উপকার দর্শিতে দেখা যায়।

সেনিসিয়ো অরিয়াস্,-সেনিসিয়ো

(SENECIO AUREUS,–SENECIO.)

আমেরিকাস্থ ইউনাইটেড্ ষ্টেট্সের খাল নালার নিকটবর্ত্তী যে পচা জলাশয় থাকে, তাহার ধারে এই গাছ জন্মে। এই গাছের সমুদয় অংশ যথা নিয়মে প্রুফ্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে। সেনিসিন্ যথা নিয়মে সুগার অব্ মিল্কের সঙ্গে মিশাইয়া ইহার মিশ্র গুঁড়া প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লীর উপরের অংশের উপর ইহার কার্য্য অতি প্রবল, যাহার দরুণ শ্লৈষ্মিক ঝিল্লী উত্তেজিত হইয়া শ্লেষ্মা নিঃসরণের পরিমাণ অনেক বৃদ্ধি হইয়া থাকে। জননেন্দ্রিয় ও মূত্র যন্ত্রের সঙ্গে এই ঔষধের বিশেষ সম্বন্ধ আছে এবং বায়ুনল ও অন্ত্রের সঙ্গেও ইহার সম্বন্ধ আছে। স্ত্রীলোকের হিষ্টিরিয়া রোগ এবং জননেন্দ্রিয়ের অসুখের দরুণ স্নায়ুমণ্ডলীতে যে প্রকার উত্তেজনা এবং উহার নিস্তেজতা দেখিতে পাওয়া যায়, এই ঔষধেও স্নায়ুমণ্ডলীর সেরূপ অবস্থা উৎপাদন করে। ইহাকে আমেরিকার লোকেরা সাধারণতঃ যথানিয়মে স্ত্রী পরিচালক (Female Regulator) বলিয়া উল্লেখ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। অতি অল্প সময়ের জন্যও কোন বিষয়ে মন নিবিষ্ট হইয়া থাকে না।

মস্তক। মাথায় অবসন্নকারক ঘুশ্ ঘুশে বেদনা; সর্দ্দির শ্লেষ্মার নিঃসরণ রুদ্ধ হইয়া মাথাধরা।

চক্ষু। বাম চক্ষু এবং কপালের বাম পার্শ্বে ছুরিদিয়া কাটার ন্যায় তীক্ষ্ণ বেদনা; চক্ষুর স্বাভাবিক নিঃসরণ রুদ্ধ হইয়া চক্ষুর শ্লেষ্মা জনিত প্রদাহ।

নাসিকা। হাঁচি দেওয়া এবং নাসারন্ধ্রে জ্বালা এবং পূর্ণবোধ।

মুখগহ্বর। মুখগহ্বর এবং উহার পশ্চাৎভাগে শুষ্কবোধ।

পাকস্থলী এবং উদর। প্রাতঃকালে ঘুম ভাঙ্গিলে বমনোদ্বেগ (গ্রাফ্, নাক্স-মক্, পাল্স, সিপিয়া)। পেটকামড়ানী বা শূল বেদনার ন্যায় বেদনা, সম্মুখ পানে বাঁকিয়া পড়িয়া জড় সড় হইয়া থাকিলে যাহার উপশম হয় (কলোস্)।

মল। মল জলবৎ তরল, কাল্‌চে এবং কঠিন মল বা নেড় মিশ্রিত।

মূত্রযন্ত্র। মূত্রাধারে শূল এবং উহাতে উষ্ণানুভব ও বারম্বার মূত্র ত্যাগের ইচ্ছা; অত্যন্ত মূত্রের বেগ হইয়া তৎপর শীতবোধ; মূত্র রক্তের ছিটসংযুক্ত; বারম্বার প্রচুর পরিমাণে মূত্রত্যাগ; মূত্রকোষ প্রদেশে সামান্য বেদনা।

জননেন্দ্রিয় । পুরুষের শুক্র নিঃসারক বামসূত্রে (Left Spermatic Cord) পূর্ণ ও ভারিবোধ এবং বেদনা, যাহা অণ্ডকোষ পর্য্যন্ত বিস্তৃত হয় ; প্রষ্টেট্ গ্রন্থির (Prostate gland) বিবৃদ্ধি ও স্পর্শ করিলে উহা কঠিন ও স্ফীত বলিয়া অনুভূত হয়। স্ত্রীলোকের ঠাণ্ডা লাগিয়া রজঃরোধ (সিমিসিফ); কষ্টকর রজঃ স্রাব এবং বাধকের বেদনা এবং উহার সঙ্গে সঙ্গে মূত্র কৃচ্ছ্র বা মূত্রযন্ত্রের অন্যান্য প্রকারের পীড়া ; অকালে এবং প্রচুর বা অতিরিক্ত রজঃস্রাব (ক্যাল্ক্-কার্ব্ব); গৌণে এবং স্বল্প রজঃস্রাব (সিপিয়া); অনিয়মিতরূপে রজঃস্রাব, অর্থাৎ কখন নিয়মিত সময়ের পূর্ব্বে, কখন বা নিয়মিত সময়ের অনেক পর, রজঃস্রাব ; রজঃস্রাবের সময় বা উহার মধ্যবর্ত্তী সময়ে শরীরে বেদনা ; রজঃস্রাব না হইয়া তৎপরিবর্ত্তে নিয়মিত সময়ে কেবল শ্বেতপ্রদর নিঃসরণ বা উহার সঙ্গে সঙ্গে মূত্রযন্ত্রের অসুখ।

শ্বাসযন্ত্র। সর্দ্দিজনিত তরল কাশি এবং উহার সঙ্গে সঙ্গে রজঃস্রাব সম্বন্ধীয় কোন গোলযোগ থাকিলে বা অনিয়মিতরূপে রজঃস্রাব হইলে এই ঔষধ বিশেষ উপকারী; *বায়ু উপনলের শ্লৈষ্মিক ঝিল্লী হইতে অধিক* পরিমাণে শ্লেষ্মা নির্গমন।

পৃষ্ঠদেশ। পৃষ্ঠদেশ এবং কোমরে বেদনা; কটিদেশের বাম পার্শ্বে ঘুণ্ ঘুণে বেদনা।

ব্যবহার। শ্লেষ্মা জনিত অসুখ; মৌত্রিক যন্ত্র এবং অণ্ডকোষাধার সম্বন্ধীয় অসুখ এবং উহার সঙ্গে সঙ্গে মূত্রকৃচ্ছ্র ; মূত্রের সঙ্গে রক্ত নির্গমন এবং উহার সঙ্গে সঙ্গে কোমরে বেদনা ; মূত্রকোষের অসুখজনিত শোথ; মূত্রকোষে রক্তাবরোধ এবং প্রদাহ ; মূত্রকোষের গ্রীবার পুরাতন আকারের প্রদাহ; রজঃস্রাব সম্বন্ধীয় অসুখের সঙ্গে সঙ্গে ফুস্ফুসের অসুখ; অনিয়মিতরূপে রজঃস্রাব এবং কষ্টকর রজঃস্রাব ও বাধকের বেদনা ; শ্বেতপ্রদর ; মৌত্রিক যন্ত্রের অসুখ জনিত শোথ ; মূত্রকোষে রক্তাধিক্য বা রক্তাবরোধ এবং উহার প্রদাহ ; মূত্রাধারের গ্রীবার পুরাতন আকারের প্রদাহ ; কোন কোন প্রকারের রজঃরোধ ইত্যাদি অসুখে সেলিনিয়ো ব্যবহার্য্য। একটী ভদ্র মহিলা অনেক বৎসর যাবত প্রচুর রজঃস্রাব এবং বাধকের বেদনা দ্বারা অত্যন্ত কষ্ট পাইয়া আসিতেছিলেন। অ্যালোপ্যাথিক মতে উঁহার চিকিৎ-

সার কোন প্রকারে ত্রুটী হয় নাই। কিন্তু উহাতে কোনও ফল হয় নাই। চিকিৎসা বিষয়ে বহুদর্শী এবং স্ত্রী ও শিশুরোগ চিকিৎসা বিষয়ে বিশেষ পারদর্শী সুবিজ্ঞ আলোপ্যাথিক চিকিৎসক শ্রীযুক্ত ডাক্তার করুণাকুমার সেন মহাশয় একদিন আমাকে উক্ত রোগীটির রোগের বিবরণ বলেন এবং উক্ত রোগীটীকে চিকিৎসা করিতে অনুরোধ করেন। আমি লক্ষণানুসারে ঔষধ মনোনীত করিয়া প্রায় ২।৩ মাস চিকিৎসা করিলাম; কিন্তু উহাতে বিশেষ ফল দর্শিল না। তৎপর করুণা বাবু রোগীকে ২।৩ মাস পুনরায় চিকিৎসা করিলেন। কিন্তু তাহাতেও কোন ফল না দর্শিয়া ক্রমে রোগ বৃদ্ধি পাইতে লাগিল। ঘটনা ক্রমে আমি এক দিবস করুণা বাবুর নিকট যাই। যখন আমি তাঁহার বাড়ীতে পৌঁছিলাম তখন উক্ত রোগীর স্বামী করুণা বাবুর নিকট বসিয়াছিলেন। তিনি আমাকে দেখিয়া বলিলেন যে "আমার স্ত্রীর রোগেরতো আপনারা কিছুই করিতে পারিলেন না, এখন উপায় কি? রোগী মারা যাইবে?" অনেক ভাবিয়া ভাবিয়া এবং অনুসন্ধানের পর সেনিসিযো মূল আরোক, ২ ফোঁটা মাত্রায়, প্রতিদিন ৩ মাত্রা করিয়া ৮।১০ দিবস সেবন করাইলে তাহার রোগটী সারিয়া গিয়াছে। এস্থলে বলা আবশ্যক যে, রজঃস্রাবের সময় অতিরিক্ত রক্তস্রাব, তলপেটে ভয়ানক অবসন্ন কারক বেদনা, শরীরে, বিশেষতঃ কোমরে, বেদনা, মূত্র কৃচ্ছ্র, ইত্যাদি লক্ষণগুলি উক্তরোগীর বর্ত্তমান ছিল। প্রায় ১৩।১৪ বৎসর গত হইল কলিকাতায় কোন একটী হোমিওপ্যাথিক ঔষধালয়ের ম্যানেজারের স্ত্রীর উক্ত প্রকারের কষ্টকর রজঃস্রাব ও বাধকের বেদনা এবং তজ্জনিত অসুখ সেনিসিয়ো দ্বারা ৫।৬ দিবসের মধ্যে আরাম করা গিয়াছিল। এস্থলে বলা আবশ্যক যে, কলিকাতায় সুবিজ্ঞ হোমিপ্যাথিক চিকিৎসক ডাক্তার বিহারীলাল ভাদুড়ী এবং ডাক্তার সাল্জার (Dr. Salzer) সাহেবও এই রোগীর চিকিৎসা করিয়া বিশেষ কিছু করিতে পারেন নাই।

সমগুণবিশিষ্ট ঔষধ। হেলোনিয়াস্, পাল্সেটিলা এবং সাঙ্গুনেরিয়ার কার্য্যের সঙ্গে সেনিসিয়োর কার্য্যের বিশেষ সাদৃশ্য আছে। এতদ্ভিন্ন ইহার কার্য্যের সঙ্গে ক্যাল্কেরিয়া কার্ব্বোনিকা, ফস্ফরাস্ এবং সিপিয়ার কার্য্যেরও সাদৃশ্য আছে।

ডাইলুশন বিচার। লেখক এই ঔষধের মূল আরোক ২।৩ ফোঁটা মাত্রায় সচরাচর ব্যবহার করিয়া থাকেন। মিশ্র আরোক ব্যবহার করিয়া অনেক রোগীর চিকিৎসায় বিশেষ ফল না পাইয়াই লেখক মূল আরোক উক্ত মাত্রায় ব্যবহার করেন এবং তদ্দরুণ সুফলও পাইয়া থাকেন।

ষ্টাফিসেগ্রিয়া,-ষ্টাফিস্

(STAPHISAGRIA,-STAPH.)

দক্ষিণ ইউরোপে এই গাছ জন্মে। ইহার ফলের বিচি যথানিয়মে রেক্‌টিফাইড্ স্পিরিটে ভিজাইয়া মূল আরোক প্রস্তুত হইয়া থাকে।

সাধারণ ক্রিয়া। জননেন্দ্রিয় এবং মূত্র যন্ত্রের উপর ইহার কার্য্য অতি প্রবল। ইহা মূত্রনালীর প্রষ্টেট্ গ্রন্থির (Prostate gland) নিকটবর্ত্তী স্থানের শ্লৈষ্মিক ঝিল্লীই অধিক আক্রমণ করে, যাহার দরুণ উক্ত স্থান উত্তেজিত এবং পুরাতন আকারে প্রদাহযুক্ত হয় ও যদ্দ্বারা কখন কখন শুক্র নিঃসারক নালী এবং শুক্রনিঃসরণের সহায়কারী নালীও আক্রান্ত হইয়া থাকে, যাহার দরুণ শুক্রক্ষরণের লক্ষণাদি প্রকাশ পায়। অতএব শুক্র ক্ষরণে এই ঔষধ সেবনে বিশেষ উপকার পাওয়া যায়। ইহা বৃহৎ মস্তিষ্ক (Cerebrum), পরিপাক সম্বন্ধীয় যন্ত্র এবং চর্ম্মও আক্রমণ করিয়া থাকে।

সাধারণ প্রাকৃতিক লক্ষণ।

মন। সর্ব্বদা চিড়্ চিড়্ করা; রোগী দ্রব্যাদি অত্যন্ত রাগের সহিত এদিক ওদিক ছুড়িয়া ফেলিয়া দেয় (ক্যাম্, সিনা); মনের সামান্য আন্দোলনেই অস্থির হইয়া পড়া; অন্যায় কোন রকমের কথা শুনিলেই রোগীর (স্ত্রীলোক) মনে যেন অত্যন্ত আঘাত লাগে (নাক্স-বম্, প্লাটিনা); অন্য লোকের এবং রোগীর আপন কার্য্যে চটিয়া যাওয়া এবং কার্য্যের যে কি কুফল হইবে তাহা ভাবিয়াই রোগী অত্যন্ত ক্ষোভান্বিত হয়; স্মরণশক্তির দুর্ব্বলতা বা হ্রাস (আনাকার্ড্, ক্রিয়াজ্, ল্যাকেসিস্, মার্ক্, নাক্স-মস্ক্), স্ত্রী বা পুরুষ সহবাস বা হস্তমৈথুনের পরই যাহা অধিক অনুভূত হয় (চায়না,

ফস্-আস্); মাথায় ভারিবোধ, হাতের উপর মাথা রাখিলে যাহার উপশম হয়।

মস্তক। মনে হয় যেন কপালে গোলাকারের গোলার ন্যায় কোন পদার্থ দৃঢ়ভাবে লাগিয়া রহিয়াছে যাহা মাথা ঝাকিলেও দূরীভূত হয় না; মস্তিষ্ক চতুর্দ্দিকে দৃঢ়ভাবে চাপিয়া ধরিলে যেরূপ হয়, মাথায় সেরূপ বেদনা, কপালেই যাহা অধিক অনুভূত হয়; কপালের ঠিক মধ্যভাগে কোন এক নির্দ্দিষ্ট স্থানে ঢিমাবোধ; প্রাতঃকালে কপালের বাম অর্দ্ধাংশে চাপিয়া ধরা, ছিদ্র করা, বা সূচীবিধানের ন্যায় যাতনা, যাহা মধ্যদেশ হইতে বহির্দ্দেশে বিস্তৃত হয়; মাথার ঠিক উপরিভাগের উপরে তীক্ষ্ণ সূচী বিধানের ন্যায় যাতনা; বহির্দ্দেশ ও ভিতর হইতে চাপিয়া ধরিলে যেরূপ হয়, মাথার পশ্চাৎভাগে সেরূপ যাতনা; মাথার পশ্চাৎভাগ, মাথার পার্শ্ব এবং কর্ণের পশ্চাৎভাগে আর্দ্র, চুলকানি বিশিষ্ট দুর্গন্ধযুক্ত মামড়ী বিশিষ্ট ফুস্কুড়ী (গ্রাফ্, লাইকোপ্, সাইলিসি, সাল্ফ্)।

চক্ষু। চক্ষুর গোলক এবং পাতায় শুষ্ক ও চাপাবোধ; চক্ষুর পাতার প্রান্তে চুলকানি (সিপিয়া, সাল্ফ্); চক্ষুর পাতার প্রান্তের প্রদাহ এবং রাত্রিতে চক্ষুর পাতায় পাতায় লাগিয়া থাকা (ক্যাল্-কার্ব্ব, গ্রাফ্, সিপিয়া, সাল্ফ্); চক্ষুর পাতার প্রদাহ; আঞ্জনী (পাল্স্, লাইকোপ্); চক্ষুর পাতার উপর কঠিন আবের ন্যায় স্ফীতি এবং কঠিনতা (গ্রাফ্) যাহা একটা পাতা আক্রমণের পর অপর পাতা আক্রমণ করিয়া থাকে এবং কখন কখন চক্ষুর পাতায় ক্ষতও হইয়া থাকে; গরমীর ব্যারাম জনিত চক্ষুর আইরিস্ নামক অংশের প্রদাহ (Syphilitic Iritis) এবং উহার সঙ্গে সঙ্গে চক্ষুর গোলক, কপালের পার্শ্ব এবং মুখমণ্ডলের পার্শ্বে কাটিয়া যাওয়ার ন্যায় বেদনা; সন্ধি-বাত জনিত চক্ষুপ্রদাহ, যাহার যাতনাদি দাঁত পর্য্যন্তও বিস্তৃত হয়; চক্ষের সামান্য সঞ্চালনেই চক্ষে জ্বালার উদ্রেক হয়, যাহার দরুণ মনে হয় যেন চক্ষু শুষ্ক, অথচ চক্ষু দিয়া অনবরত প্রচুর পরিমাণে জল পড়ে; নাসিকার নিকট-বর্ত্তী চক্ষুর কোণের মধ্যে নেত্রনালীর পূর্ব্ববর্ত্তী ফোড়ার ন্যায় স্ফীতি (Anchylops), যাহার যাতনাদি কমিয়া গেলেও স্ফীতি এবং কঠিনতা থাকিয়া যায়; চক্ষুর যোজক ঝিল্লীতে চর্ব্বিপূর্ণ আব; চক্ষুর যোজক ঝিল্লীতে পলি-